দ্রোণস্তু তদ্বচঃ শ্রুত্বা পুত্রস্য তব দুর্ম্মনাঃ।
মুহূর্ত্তমিব তু ধ্যাত্বা ভৃশমার্ত্তোঽভ্যভাষত ॥৩৯॥

দ্রোণ উবাচ।

দুর্য্যোধন! কিমেবং মাং বাক্‌শরৈরভিকৃন্তসি।
অজয্যং সততং সংখ্যে ব্রুবাণং সব্যসাচিনম্ ॥৪০॥
এতেনৈবার্জ্জুনং জ্ঞাতুমলং কৌরব্য! সংযুগে।
যচ্ছিখণ্ড্যবধীদ্ভীষ্মং পাল্যমানঃ কিরীটিনা ॥৪১॥
অবধ্যং নিহতং দৃষ্ট্বা সংযুগে দেবদানবৈঃ।
তদৈবাজ্ঞাসিষমহং নেয়মস্তীতি ভারতী ॥৪২॥
যং পুংসাং ত্রিষু লোকেষু সর্ব্বে শূরমমংস্মহি।
তস্মিন্ নিপতিতে ভীষ্মে কং শেষং পর্য্যুপাস্মহে ॥৪৩॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। দুর্ম্মনা দুঃখিতচিত্তঃ। ধ্যাত্বা বিচিন্ত্য ॥৩৯॥
দুর্য্যোধনেতি। অভিকৃন্তসি সর্ব্বতো মর্ম্মাণি ছিনৎসি। অজয্যং জেতুমশক্যম্ ॥৪০॥
এতেনেতি। অলং ত্বং সমর্থঃ। কিরীটিনা অর্জ্জুনেন ॥৪১॥
অবধ্যমিতি। ইয়ং ভারতী কৌরবী সেনা, নাস্তি পাণ্ডবৈর্নিহতত্বাৎ ॥৪২॥
যমিতি। অমংস্মহি বয়মঙ্গীকৃতবন্তঃ। পর্য্যুপাস্মহে রক্ষকত্বেনাশ্রয়ামঃ ॥৪৩॥

ক্রমে যে মন্ত্রণার দোষে শত শত ক্ষত্রিয়শ্রেষ্ঠ নিহত হইলেন, আপনার পুত্রের সেই সকল মন্ত্রণার তাহারা নিন্দা করিতে থাকিল ॥৩৮॥

কিন্তু দ্রোণ আপনার পুত্রের সেই সকল কথা শুনিয়া দুঃখিতচিত্ত হইয়া কিছুকাল যেন চিন্তা করিয়া অত্যন্ত কষ্টে বলিতে লাগিলেন ॥৩৯॥

দ্রোণ বলিলেন—'দুর্য্যোধন! তুমি বাক্যবাণদ্বারা এইভাবে আমাকে কেন পীড়ন করিতেছ? আমি ত সর্ব্বদাই বলিয়া থাকি যে, যুদ্ধে অর্জ্জুনকে জয় করা অসম্ভব ॥৪০॥

কৌরবনন্দন! অর্জ্জুনকর্ত্তৃক রক্ষিত হইতে থাকিয়া শিখণ্ডী যুদ্ধে যে ভীষ্মকে বধ করিয়াছে, ইহাতেই ত অর্জ্জুনের শক্তি বুঝিতে পারিয়াছ ॥৪১॥

দেব ও দানবগণের অবধ্য ভীষ্মকে যুদ্ধে নিহত দেখিয়া তখনই আমি বুঝিয়াছিলাম যে, এ কৌরবসৈন্য নাই ॥৪২॥

(৪০)…বাক্‌শরৈরপি কৃন্তসি…বা,…বাক্‌শরৈরুপকৃন্তসি…নি। (৪২)…দেবমানুষৈঃ…পি বঙ্গ বর্দ্ধ। (৪৩)…সর্বশূরমমংস্মহি… বা নি,…নিপতিতে শূরে…পি বঙ্গ বর্দ্ধ।

যান্ স্ম তান্ গ্লহতে তাত ! শকুনিঃ কুরুসংসদি ।
অক্ষান্ ন তেঽক্ষা নিশিতা বাণাস্তে শত্রুতাপনাঃ ॥৪৪॥
ত এতে ঘ্নন্তি নস্তাত ! বিশিখাঃ পার্থচোদিতাঃ ।
যাংস্তদাখ্যায়মানস্ত্বং বিদুরেণ ন বুদ্ধবান্ ॥৪৫॥
যাস্তা বিলপতশ্চাপি বিদুরস্য মহাত্মনঃ ।
ধীরস্য বাচো নাশ্রৌষীঃ ক্ষেমায় বদতঃ শিবাঃ ॥৪৬॥
তদিদং বর্ত্ততে ঘোরমাগতং বৈশসং মহৎ ।
তস্যাবমানাদ্বাক্যস্য দুর্য্যোধন ! কৃতে তব ॥৪৭॥ (যুগ্মকম্)
যোঽবমন্য বচঃ পথ্যং সুহৃদামাপ্তকারিণাম্ ।
স্বমতং কুরুতে মূঢ়ঃ স শোচ্যো নচিরাদিব ॥৪৮॥

ভারতকৌমুদী

যানিতি। গ্লহতে নিক্ষিপতি স্ম। অক্ষাঃ পাশকাঃ, বাণা ইদানীং বাণাবির্ভাবনাৎ ॥৪৪॥

ত ইতি। পার্থচোদিতা অর্জ্জুনক্ষিপ্তাঃ। আখ্যায়মান উচ্যমানঃ ॥৪৫॥

যা ইতি। বিলপতো রুদত এব বদতঃ। শিবা উভয়পক্ষয়োরেব শুভকারিণীঃ। মহদ্বৈশসং মহামারী। তব কৃতে হেতোঃ ॥৪৬—৪৭॥

য ইতি। পথ্যং হিতকারি, আপ্তকারিণাং বিশ্বস্তভাবেন কার্য্যসম্পাদকানাম্ ॥৪৮॥

আমরা সকলে ত্রিভুবনের পুরুষদের মধ্যে যাঁহাকে বীর বলিয়া মনে করিতাম, সেই ভীষ্ম নিপতিত হইয়াছেন ; এখন অবশিষ্ট কোন্ ব্যক্তিকে আশ্রয় করিব ? ॥৪৩॥

বৎস! কৌরবসভায় শকুনি সেই যে পাশক নিক্ষেপ করিয়াছিলেন, সেগুলি পাশক ছিল না ; সেগুলি শত্রুসন্তাপক সুধার বাণ ছিল ॥৪৪॥

বৎস! আর বিদুর তোমার নিকট যেগুলির কথা বলিলেও তুমি তখন বুঝিতে পার নাই, সেইগুলিই এই অর্জ্জুননিক্ষিপ্ত বাণ এখন আমাদিগকে আঘাত করিতেছে ॥৪৫॥

দুর্য্যোধন! মহাত্মা ও বুদ্ধিমান্ বিদুর রোদন করিতে করিতে তোমার মঙ্গলের জন্য যে সকল হিতজনক বাক্য বলিয়াছিলেন, তুমি তাহা শোন নাই। সুতরাং সেই বাক্যগুলির অবমাননা করায় তোমার জন্যই এখন এই ভয়ঙ্কর মহামারী উপস্থিত হইয়াছে ॥৪৬—৪৭॥

যে মূঢ় লোক বিশ্বস্ত বন্ধুগণের হিতকর বাক্য অগ্রাহ্য করিয়া আপন মতানুসারে কার্য্য করে, সে লোক অচিরকালমধ্যেই শোকের বিষয় হয় ॥৪৮॥

(৪৫)···তাংস্তদা···বা নি।

যচ্চ নঃ প্রেক্ষমাণানাং কৃষ্ণামানায়য়ঃ সভাম্।
অনর্হতীং কুলে জাতাং সর্বধর্ম্মানুচারিণীম্ ॥৪৯॥
তস্যাধর্ম্মস্য গান্ধারে! ফলং প্রাপ্তমিদং মহৎ।
নো চেৎ পাপং পরে লোকে ত্বমচ্ছে'থাস্ততোঽধিকম্ ॥৫০॥
যচ্চ তান্ পাণ্ডবান্ দ্যূতে বিষমেণ বিজিত্য হ।
প্রাব্রাজয়স্তদারণ্যে রৌরবাজিনবাসসঃ ॥৫১॥ (বিশেষকম্)
পুত্রাণামিব চৈতেষাং ধর্ম্মমাচরতাং সদা।
দ্রুহ্যেৎ কো নু নরো লোকে মদন্যো ব্রাহ্মণব্রুবঃ ॥৫২॥
পাণ্ডবানাময়ং কোপস্ত্বয়া শকুনিনা সহ।
আহৃতো ধৃতরাষ্ট্রস্য সম্মতে কুরুসংসদি ॥৫৩॥

ভারতকৌমুদী

যদিতি। কৃষ্ণাং দ্রৌপদীম্। অনর্হতীং তদযোগ্যাম্। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতীনি সম্বোধনম্। নো চেৎ ইহ লোকে ইদং ফলং প্রাপ্তং ন যদি, তদা ত্বং পরে লোকে তত ইতঃ অধিকং ফলং নরকযাতনাম্, অচ্ছেথাঃ প্রাপ্স্যাঃ। বিষমেণ অন্যায়েন। রুরূণাং মৃগাণামিমানীতি রৌরবাণি অজিনানি চর্ম্মাণি বাসাংসি যেষাং তান্ ॥৪৯—৫১॥

আত্মানমপ্যধিক্ষিপতি পুত্রাণামিতি। এতেষাং পাণ্ডবানাম্। ব্রাহ্মণমাত্মানং ব্রবীতীতি ব্রাহ্মণব্রুবঃ। মূলবিভুজাদিত্বাৎ কঃ। ব্রাহ্মণব্রুবং লক্ষয়ত্যঙ্গিরাঃ—"গর্ভাধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ॥" নিকৃষ্টো ব্রাহ্মণ ইত্যর্থঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

সৈন্ধব ইতি ॥১—১৫॥ ধর্ম্মাপচায়িনো ধর্ম্মবিলোপকস্য ॥১৬॥ পতিতবৃত্তস্য বিগতশীলস্য ॥১৭—২৬॥ অনুপস্কৃতাঃ অনুপজপ্তাঃ ॥২৭—৪৯॥ নো চেৎ যদ্যেবং নাভবিষ্যত্তেব ॥৫০॥

গান্ধারীনন্দন! দ্রৌপদী সভায় আনয়নের অযোগ্যা, সৎকুলজাতা এবং সর্ব্বধর্ম্মাচরণশীলা, তথাপি তুমি আমাদের সমক্ষে তাঁহাকে যে দ্যূতসভায় আনাইয়াছিলে; আর অন্যায়রূপে পাণ্ডবগণকে দ্যূতক্রীড়ায় জয় করিয়া মৃগ-চর্ম্ম পরিধান করাইয়া তাঁহাদিগকে যে বনে পাঠাইয়াছিলে, সেই পাপের এই দারুণ ফল উপস্থিত হইয়াছে। তুমি যদি ইহলোকে এইরূপ পাপের ফল না পাইতে, তবে পরলোকে ইহা অপেক্ষাও অধিক ফল ভোগ করিতে ॥৪৯—৫১॥

তা'র পর পাণ্ডবেরা আমার পুত্রতুল্য এবং সর্ব্বদা ধর্ম্মাচরণ করে। সুতরাং জগতে আমি ভিন্ন অন্য কোন্ মানুষ বা ব্রাহ্মণ উঁহাদের হিংসা করে? ॥৫২॥

(৪৯)···কৃষ্ণামানায্য তৎসত্যং···বা নি। (৫১)···বিজিত্য চ···পি বঙ্গ বর্দ্ধ।

দুঃশাসনেন সংযুক্তঃ কর্ণেন পরিবর্দ্ধিতঃ।
ক্ষত্তুর্বাক্যমনাদৃত্য ত্বয়াভ্যস্তঃ পুনঃ পুনঃ ॥৫৪॥
যত্তাঃ সর্ব্বে পরাভূতাঃ পর্য্যবারয়তার্জ্জুনম্।
সিন্ধুরাজানমাশ্রিত্য স বো মধ্যে কথং হতঃ ॥৫৫॥
কথং ত্বয়ি চ কর্ণে চ কৃপে শল্যে চ জীবতি।
অশ্বত্থাম্নি চ কৌরব্য! নিধনং সৈন্ধবো গতঃ ॥৫৬॥
যুধ্যন্তঃ সর্বরাজানস্তেজস্তিগ্মমুপাসতে।
সিন্ধুরাজং পরিত্রাতুং স বো মধ্যে কথং হতঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি। আহৃতঃ স্বপক্ষোপরি আনীতঃ ॥৫৩॥

দুরিতি। সংযুক্তো দ্রৌপদ্যাঃ সভায়ামানয়নাৎ সম্বদ্ধঃ। পরিপদ্ধিতঃ কটুবাক্যপ্রয়োগাৎ। ক্ষত্তুর্বিদুরস্য। অভ্যস্তঃ সন্ধুক্ষিতঃ, প্রব্রাজনাদিকরণাৎ। সর্ব্বত্র পাণ্ডবানাময়ং কোপঃ ইত্যনুবৃত্তিঃ ॥৫৪॥

দুর্য্যোধনাদীনধিক্ষিপতি যত্তা ইতি। সর্ব্বে যূয়ং পরাভূতা অপি, সিন্ধুরাজানমাশ্রিত্য যত্নবন্তঃ সন্তঃ, অর্জ্জুনং পর্য্যবারয়ত পরিবেষ্টিতবন্তঃ। তথাপি স সিন্ধুরাজঃ, বো যুষ্মাকম্ ॥৫৫॥

কথমিতি। সৈন্ধবো জয়দ্রথঃ। অতো যুষ্মানপি ধিগিতি ভাবঃ ॥৫৬॥

যুধ্যন্ত ইতি। যুধ্যন্তো যুধ্যমানাঃ, তিগ্মং তেজো মহদ্বলম্, উপাসতে আশ্রয়ন্তি স্ম ॥৫৭॥

সে যাহা হউক, প্রথমে তুমি শকুনির সহিত মিলিত হইয়া ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে কৌরবসভায় পাণ্ডবগণের এই ক্রোধ আহরণ করিয়াছিলে ॥৫৩॥

তাহার পর দুঃশাসন উহাতে যোগ দিয়াছিলেন, কর্ণ উহা পরিবর্দ্ধিত করিয়াছিলেন এবং তুমি বিদুরের বাক্য অগ্রাহ্য করিয়া বার বার উহা সন্ধুক্ষিত করিয়াছ ॥৫৪॥

(সে সব কথা যা'ক্, আমি জিজ্ঞাসা করি—) তোমরা সকলে পরাভূত হইয়াও জয়দ্রথকে মধ্যে রাখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য যত্নবান্ হইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়াছিলে; তথাপি জয়দ্রথ তোমাদের মধ্যে থাকিয়া নিহত হইলেন কেন? ॥৫৫॥

কৌরবনন্দন! তুমি, কর্ণ, কৃপ, শল্য ও অশ্বত্থামা জীবিত থাকিতে জয়দ্রথ মৃত্যুমুখে পতিত হইলেন কেন? ॥৫৬॥

যুধ্যমান সমস্ত রাজাই জয়দ্রথকে রক্ষা করিবার জন্য প্রবল তেজ অবলম্বন

(৫৭)···তেজস্বিন উপাসতে···নি।

ময্যেব হি বিশেষেণ তথা দুর্য্যোধন ! ত্বয়ি।
আশংসত পরিত্রাণমর্জ্জুনাৎ স মহীপতিঃ ॥৫৮॥
ততস্তস্মিন্ পরিত্রাণমলব্ধবতি ফাল্গুনাৎ।
ন কিঞ্চিদনুপশ্যামি জীবিতত্রাণমাত্মনঃ ॥৫৯॥
মজ্জন্তমিব চাত্মানং ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে।
পশ্যাম্যহত্বা পাঞ্চালান্ সহ তেন শিখণ্ডিনা ॥৬০॥
তস্মাৎ কিমভিতপ্যন্তং বাক্‌শরৈরভিকৃন্তসি।
অশক্তঃ সিন্ধুরাজস্য ভূত্বা ত্রাণায় ভারত ! ॥৬১॥
সৌবর্ণং সত্যসন্ধস্য ধ্বজমক্লিষ্টকর্ম্মণঃ।
অপশ্যন্ যুধি ভীষ্মস্য কথমাশংসসে জয়ম্ ॥৬২॥

ভারতকৌমুদী

ময়ীতি। আশংসত আশাবিষয়মকরোৎ। স মহীপতির্জয়দ্রথঃ ॥৫৮॥
তত ইতি। ফাল্গুনাদর্জ্জুনাৎ। জীবিতত্রাণং জীবনরক্ষণোপায়ম্ ॥৫৯॥
মজ্জন্তমিতি। মজ্জন্তং লীয়মানমিব পশ্যামি, তদর্থমেব তস্যোৎপত্তেঃ ॥৬০॥
তদিতি। অভিতপ্যন্তম্ উদ্বেগেন শোকেন চ, অভিকৃন্তসি পীড়য়সি ॥৬১॥
সৌবর্ণমিতি। ইদানীং স্বপক্ষে তাদৃশবীরাভাবাদিতি ভাবঃ ॥৬২॥

করিয়াছিলেন; তথাপি জয়দ্রথ তোমাদের মধ্যে থাকিয়া নিহত হইলেন কেন? ॥৫৭॥

দুর্য্যোধন! সেই রাজা (জয়দ্রথ) বিশেষভাবে আমার উপরে ও তোমার উপরে অর্জ্জুন হইতে আত্মরক্ষার আশা করিতেন ॥৫৮॥

তা'র পর তিনি অর্জ্জুন হইতে পরিত্রাণ না পাওয়ায় আমি আমার জীবনরক্ষার কোন উপায় দেখিতেছি না ॥৫৯॥

অদ্যাপি সেই শিখণ্ডীর সহিত পাঞ্চালগণকে বিনাশ করিতে না পারিয়া আমি যেন ধৃষ্টদ্যুম্নের যুদ্ধে আপনাকে নিমগ্ন বলিয়া মনে করিতেছি ॥৬০॥

অতএব ভরতনন্দন! আমি সর্ব্বতোভাবে সন্তপ্ত হইতেছি; তথাপি তুমি জয়দ্রথকে রক্ষা করিতে না পারিয়া বাক্যবাণদ্বারা আমাকে পীড়ন করিতেছ কেন? ॥৬১॥

দুর্য্যোধন! সত্যপ্রতিজ্ঞ ও অক্লিষ্টকর্ম্মা ভীষ্মের সুবর্ণময় ধ্বজ না দেখিতে পাইয়া তুমি কি করিয়া যুদ্ধে জয়ের আশা কর ॥৬২॥

(৫৯)···জীবিতস্থানমাত্মনঃ—বা নি। (৬০)···ধৃষ্টদ্যুম্নস্য কিল্বিষে···পি বঙ্গ বর্দ্ধ। (৬১)···বাক্‌শরৈরেব কৃন্তসি·· বা নি।

মধ্যে মহারথানাঞ্চ যত্রাহন্যত সৈন্ধবঃ।
হতো ভূরিশ্রবাশ্চৈব কিং শেষং তত্র মন্যসে ॥৬৩॥
কৃপমেব চ দুর্দ্ধর্ষং যদি জীবতি পার্থিব !।
যো নাগাৎ সিন্ধুরাজস্য বর্ত্ম তং পূজয়াম্যহম্ ॥৬৪॥
যদাপশ্যং হতং ভীষ্মং পশ্যতস্তেঽনুজস্য বৈ।
দুঃশাসনস্য কৌরব্য ! কুর্ব্বাণং কর্ম্ম দারুণম্ ॥৬৫॥
অবধ্যকল্পং সংগ্রামে দেবৈরপি সবাসবৈঃ।
ন তে বসুন্ধরাস্তীতি তদাহং চিন্তয়ে নৃপ ! ॥৬৬॥ (যুগ্মকম্)
ইমানি পাণ্ডবানাঞ্চ সৃঞ্জয়ানাঞ্চ ভারত !।
অনীকান্যাদ্রবন্তে মাং সহিতান্যদ্য ভারত ! ॥৬৭॥
নাহত্বা সর্ব্বপাঞ্চালান্ কবচস্য বিমোক্ষণম্।
কর্ত্তাস্মি সমরে কর্ম্ম ধার্ত্তরাষ্ট্র ! হিতং তব ॥৬৮॥

ভারতকৌমুদী

মধ্য ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। সর্বমেব বিনঙ্ক্ষ্যতীত্যাশয়ঃ ॥৬৩॥

কৃপমিতি। হে পার্থিব ! যঃ কৃপঃ সিন্ধুরাজস্য বর্ত্ম পন্থানং নাগাৎ অর্জ্জুনপ্রহারেঽপি তদানীং ন মৃতবান্, স যদি জীবতি, তদা তং দুর্দ্ধর্ষং কৃপমেব চাহং পূজয়ামি প্রশংসামি ॥৬৪॥

যদেতি। কর্ম্ম শত্রুসংহারকার্য্যম্। বসুন্ধরা আয়ত্তা ভূমিঃ ॥৬৫—৬৬॥

ইমানীতি। অনীকানি সৈন্যানি, আদ্রবন্তে অভিধাবন্তি, সহিতানি মিলিতানি ॥৬৭॥

যেখানে মহারথগণের মধ্যে জয়দ্রথ ও ভূরিশ্রবা নিহত হইলেন, সেখানে কি অবশিষ্ট থাকিবে বলিয়া মনে কর ॥৬৩॥

রাজা ! যিনি অর্জ্জুনকর্ত্তৃক প্রহৃত হইয়াও জয়দ্রথের পথে যান নাই, সেই কৃপ যদি জীবিত থাকেন, তাহা হইলে আমি সেই দুর্দ্ধর্ষ কৃপেরই প্রশংসা করি ॥৬৪॥

কৌরবনন্দন রাজা ! ভীষ্ম যুদ্ধে ইন্দ্রের সহিত দেবগণেরও অবধ্যকল্প ছিলেন এবং তিনি এই যুদ্ধে ভয়ঙ্কর কার্য্য করিতেছিলেন, সেই অবস্থায় তোমার কনিষ্ঠ সহোদর দুঃশাসনের সমক্ষে যখন তাঁহাকে নিহত দেখিলাম, তখনই আমি চিন্তা করিলাম যে, তোমার রাজত্ব গিয়াছে ॥৬৫—৬৬॥

সে যাহা হউক, ভরতনন্দন ! এই পাণ্ডবসৈন্য ও সৃঞ্জয়সৈন্য মিলিত হইয়া আমার দিকে আসিতেছে ॥৬৭॥

(৬৪) কৃপ এব চ দুর্দ্ধর্ষঃ·· বা নি। (৬৫) যত্রাপশ্যম্·· কর্ম্ম দুষ্করম্—বা নি।

রাজন্! ব্রূয়াঃ সুতং মে ত্বমশ্বত্থামানমাহবে।
ন সোমকাঃ প্রমোক্তব্যা জীবিতং পরিরক্ষতা ॥৬৯॥
যচ্চ পিত্রানুশিষ্টোঽসি তদ্বচঃ পরিপালয়।
আনৃশংস্যে দমে সত্যে চার্জবে চ স্থিরো ভব ॥৭০॥
ধর্ম্মার্থকামকুশলো ধর্ম্মার্থাবপ্যপীড়য়ন্।
ধর্ম্মপ্রধানকার্য্যাণি কুর্য্যাশ্চেতি পুনঃ পুনঃ ॥৭১॥

ভারতকৌমুদী

নেতি। কর্ত্তাস্মি করিষ্যামি, তব হিতং কর্ম্ম চ কর্ত্তাস্মীতি প্রতিজ্ঞা ॥৬৮॥

রাজন্নিতি। আহবে সোমকা ন প্রমোক্তব্যা ন পরিত্যক্তব্যাঃ, অপি তু হন্তব্যা এব ॥৬৯॥

আত্মনো মৃত্যুমাশঙ্ক্যাহ যদিতি। অনুশিষ্টশ্চিরমুপদিষ্টঃ। আনৃশংস্যে সর্ব্বভূতদয়ায়াম্, দমে ইন্দ্রিয়দমনে, আর্জবে সারল্যে ॥৭০॥

ধর্ম্মেতি। ধর্ম্মার্থকামকুশলঃ ধর্ম্মার্থকামানাং ত্রয়াণামেব পরস্পরব্যাঘাতাভাবেনানুষ্ঠাননিপুণঃ, কেবলৌ ধর্ম্মার্থৌ দ্বাবপি অপীড়য়ন্ পরস্পরক্ষত্যভাবেনানুতিষ্ঠন্, ধর্ম্ম এব প্রধানো যেষাং তানি চ তানি কার্য্যাণি চেতি তানি কুর্য্যাশ্চ, ইত্যপি পুনঃ পুনর্ব্রূয়া ইত্যনুবৃত্তিঃ ॥৭১॥

ভারতভাবদীপঃ

বিষমেণান্যায়েন ॥৫১—৫২॥ আহৃত উপস্থাপিতঃ ॥৫৩॥ সংযুক্তো বর্দ্ধিতঃ, অভ্যস্তো দৃঢ়ীকৃতঃ ॥৫৪—৫৯॥ কিল্বিষং দৌর্জন্যম্ ॥৬০—৬৭॥ কর্ত্তাস্মীতি কাকাক্ষিবদুভয়ত্র সম্বধ্যতে ॥৬৮—৭০॥ ধর্ম্মার্থকামকুশল ইতি ত্রয়াণামবিরোধেনেত্যর্থঃ। তেষাঞ্চ বিরোধে কামঃ পীড্যমানঃ কমপি দোষমাবহতীত্যাহ ধর্ম্মার্থাবিতি। তয়োরপি ধর্ম্ম এব প্রধান ইত্যাহ ধর্ম্মেতি ॥৭১—৭৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩১॥

অতএব ধৃতরাষ্ট্রনন্দন! আমি সমস্ত পাঞ্চাল সংহার না করিয়া কবচ ত্যাগ করিব না এবং তোমারও হিত সাধন করিতে থাকিব ॥৬৮॥

রাজা! তুমি যাইয়া আমার পুত্র অশ্বত্থামাকে বলিও—সে যেন যুদ্ধে আপনার জীবন রক্ষা করিতে থাকিয়া সোমকদিগকে ত্যাগ না করে ॥৬৯॥

অশ্বত্থামা! তোমার পিতা তোমাকে চিরদিন যে উপদেশ দিয়া আসিতেছেন, তুমি তাঁহার সেই উপদেশ রক্ষা করিয়া চলিও, এবং দয়া, ইন্দ্রিয়দমন, সত্য ও সরলতায় স্থির থাকিও ॥৭০॥

দুর্য্যোধন! তুমি এই কথাটা বার বার অশ্বত্থামাকে বলিও—'অশ্বত্থামা! তুমি চিরদিনই পরস্পর ব্যাঘাত না করিয়া ধর্ম্ম, অর্থ ও কামের অনুষ্ঠান

(৭১)…ধর্ম্মপ্রধানঃ কার্য্যাণি‥ বঙ্গ বর্দ্ধ।

চক্ষুর্মনোভ্যাং সন্তোষ্যা বিপ্রাঃ পূজ্যাশ্চ শক্তিতঃ ।
ন চৈষাং বিপ্রিয়ং কার্য্যং তে হি বহ্নিশিখোপমাঃ ॥৭২॥
এষ ত্বহমনীকানি প্রবিশাম্যরিসূদন ! ।
রণায় মহতে রাজংস্ত্বয়া বাক্‌শল্যপীড়িতঃ ॥৭৩॥
ত্বঞ্চ দুর্য্যোধন ! বলং যদি শক্তোঽসি পালয় ।
রাত্রাবপি হি যোৎস্যন্তে সংরব্ধাঃ কুরুসৃঞ্জয়াঃ ॥৭৪॥
এবমুক্ত্বা ততঃ প্রায়াদ্‌দ্রোণঃ পাণ্ডবসৃঞ্জয়ান্ ।
মুষ্ণন্ ক্ষত্রিয়তেজাংসি নক্ষত্রাণামিবাংশুমান্ ॥৭৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্রোণদুর্য্যোধনসংবাদে একত্রিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

চক্ষুরিতি। অত্র চক্ষুঃপদং বহিরিন্দ্রিয়মাত্রপরম্। হি যস্মাৎ ॥৭২॥
এষ ইতি। অনীকানি বিপক্ষসৈন্যানি ॥৭৩॥
ত্বমিতি। বলং স্বসৈন্যম্। সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৭৪॥
এবমিতি। মুষ্ণন্ হরন্। অংশুমান্ প্রভাতসূর্য্যঃ ॥৭৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

করিতে নিপুণ। সুতরাং কেবল ধর্ম্ম ও অর্থ এই দুইটারও পরস্পর ব্যাঘাত না করিয়াই ধর্ম্মপ্রধান কার্য্য করিও ॥৭১॥

আর, তুমি মন ও অপর ইন্দ্রিয়দ্বারা শক্তি অনুসারে ব্রাহ্মণগণের সন্তোষ ও পূজা করিও; কিন্তু তাঁহাদের অপ্রিয় কার্য্য করিও না। কারণ, তাঁহারা অগ্নিশিখার তুল্য' ॥৭২॥

শত্রুদমন রাজা! তোমার বাক্যবাণে পীড়িত হইয়া এই আমি মহাযুদ্ধ করিবার জন্য শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি ॥৭৩॥

দুর্য্যোধন! তুমি যদি সমর্থ হও, তবে কৌরবসৈন্য রক্ষা করিও। কারণ, কৌরব ও সৃঞ্জয়সৈন্যেরা উৎসাহী হইয়া রাত্রিতেও যুদ্ধ করিবে' ॥৭৪॥

* '...একোনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা দ্রোণেনৈবং প্রচোদিতঃ।
অমর্ষবশমাপন্নো যুদ্ধায়ৈব মনো দধে।
অব্রবীচ্চ তদা কর্ণং পুত্রো দুর্য্যোধনস্তব ॥১॥
পশ্য কৃষ্ণসহায়েন পাণ্ডবেন কিরীটিনা।
আচার্য্যবিহিতং ব্যূহং ভিত্ত্বা দেবৈঃ সুদুর্ভিদম্ ॥২॥
তব ব্যায়চ্ছমানস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
মিষতাং যোধমুখ্যানাং সৈন্ধবো বিনিপাতিতঃ ॥৩॥ (যুগ্মকম্)
পশ্য রাধেয়! পৃথ্বীশাঃ পৃথিব্যাং প্রবরা যুধি।
পার্থেনৈকেন নিহতাঃ সিংহেনেবেতরে মৃগাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রচোদিতো যুদ্ধায় প্রেরিতঃ। অমর্ষবশং ক্রোধাধীনতাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

পশ্যেতি। আচার্য্যবিহিতং দ্রোণকৃতম্। ব্যায়চ্ছমানস্য যুদ্ধব্যায়ামং কুর্বতঃ। মিষতাং পশ্যতাম্, পশ্যতো যোধমুখ্যাননাদৃত্যেত্যর্থঃ। অনাদরে ষষ্ঠী। সৈন্ধবো জয়দ্রথঃ ॥২—৩॥

মহারাজ! তাহার পর, প্রভাতকালের সূর্য্য যেমন নক্ষত্রসমূহের তেজ হরণ করিতে থাকিয়া আকাশের উপরের দিকে ধাবিত হন, সেইরূপ দ্রোণাচার্য্য এইরূপ বলিয়া ক্ষত্রিয়গণের তেজ হরণ করিতে থাকিয়া পাণ্ডব ও সৃঞ্জয়গণের দিকে ধাবিত হইলেন' ॥৭৫॥

———ঃ০ঃ———

সঞ্জয় কহিলেন—'মহারাজ! দ্রোণ এইরূপে প্রণোদিত করিলে, রাজা দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া যুদ্ধেই মনোনিবেশ করিলেন এবং আপনার পুত্র দুর্য্যোধন তখন কর্ণকে বলিলেন—॥১॥

'কর্ণ! দেখ—কৃষ্ণের সহিত পাণ্ডুনন্দন অর্জ্জুন দেবগণেরও দুর্ভেদ্য দ্রোণকৃত ব্যূহ ভেদ করিয়া যাইয়া তুমি ও মহাত্মা দ্রোণ যুদ্ধ করিতেছিলে সেই অবস্থায় অন্য যোদ্ধৃশ্রেষ্ঠগণের সমক্ষে জয়দ্রথকে বধ করিয়াছে! ॥২—৩॥

(২)···ভিন্নং দেবৈঃ সুদুর্ভিদম্—বঙ্গ বর্দ্ধ।

মম ব্যায়চ্ছমানস্য সমরে শত্রুসূদন ! ।
অল্পাবশেষং সৈন্যং মে কৃতং শক্রাত্মজেন হ ॥৫॥
কথং নিয়চ্ছমানস্য দ্রোণস্য যুধি ফাল্গুনঃ ।
ভিন্দ্যাৎ সুদুর্ভিদং সৈন্যং যতমানোঽপি সংযুগে ॥৬॥
প্রতিজ্ঞায়া গতঃ পারং হত্বা সৈন্ধবমর্জ্জুনঃ ।
পশ্য রাধেয় ! পৃথ্বীশান্ পৃথিব্যাং পতিতান্ বহূন্ ।
পার্থেন নিহতান্ সংখ্যে মহেন্দ্রোপমবিক্রমান্ ॥৭॥
অনিচ্ছতঃ কথং বীর ! দ্রোণস্য যুধি পাণ্ডবঃ ।
ভিন্দ্যাৎ সুদুর্ভিদং ব্যূহং যতমানস্য শুষ্মিণঃ ॥৮॥

ভারতকৌমুদী

পশ্যেতি। হে রাধেয়! কর্ণ! পৃথ্বীশা রাজানঃ। মৃগাঃ পশবঃ ॥৪॥

মমেতি। ব্যায়চ্ছমানস্য যুদ্ধেন ব্যায়ামং কুর্বতঃ। শক্রাত্মজেনার্জ্জুনেন ॥৫॥

কথমিতি। নিয়চ্ছমানস্য নিয়তং কুর্বতঃ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৬॥

প্রেতি। সৈন্ধবং জয়দ্রথম্। পৃথ্বীশান্ ক্ষত্রিয়ান্। পার্থেনার্জ্জুনেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

অনিচ্ছত ইতি। অনিচ্ছতঃ অর্জ্জুনায় দ্বারং দাতুম্। শুষ্মিণস্তেজস্বিনঃ ॥৮॥

রাধানন্দন! দর্শন কর—এক সিংহ যেমন অপর পশুগণকে বধ করে, সেইরূপ এক অর্জ্জুন পৃথিবীর শ্রেষ্ঠ রাজগণকে যুদ্ধে বধ করিয়াছে! ॥৪॥

শত্রুদমন! আমিও ত যুদ্ধ করিতেছিলাম; সেই অবস্থাতেই অর্জ্জুন আমার সৈন্য অল্পমাত্র অবশিষ্ট করিয়া ফেলিয়াছে ॥৫॥

দেখ কর্ণ! দ্রোণ যদি বস্তুতই সৈন্যগণকে নিয়মিত করিতেন, তবে অর্জ্জুন যত্ন করিয়াও সেই দুর্ভেদ্য সৈন্য ভেদ করিতে পারিবে কেন? ॥৬॥

অর্জ্জুন জয়দ্রথকে বধ করিয়া প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইয়াছে। কর্ণ! দেখ—ইন্দ্রের তুল্য বিক্রমশালী বহু ক্ষত্রিয় অর্জ্জুনকর্ত্তৃক নিহত হইয়া পতিত রহিয়াছেন ॥৭॥

বীর কর্ণ! তেজস্বী দ্রোণ যদি অর্জ্জুনকে দ্বার দিবার ইচ্ছা না করিতেন, কিংবা তিনি যদি দ্বাররক্ষায় যত্নবান্ থাকিতেন, তবে অর্জ্জুন কি করিয়া দুর্ভেদ্য ব্যূহ ভেদ করিত ॥৮॥

---

(৫) তব ব্যায়চ্ছমানস্য···পি। (৬)···ভিন্দ্যাৎ সুদুর্ভিদং ব্যূহম্··বা নি।

দয়িতঃ ফাল্গুনো নিত্যমাচার্য্যস্য মহাত্মনঃ।
ততোঽস্য দত্তবান্ দ্বারমযুদ্ধেনৈব শক্রহন্! ॥৯॥
অভয়ং সিন্ধুরাজায় দত্ত্বা দ্রোণঃ পরন্তপঃ।
প্রাদাৎ কিরীটিনে দ্বারং পশ্যন্ নির্গুণতাং ময়ি ॥১০॥
অদাস্যচ্চেদনুজ্ঞাং বৈ পূর্বমেব গৃহান্ প্রতি।
সিন্ধুরাজস্য সমরে নাভবিষ্যজ্জনক্ষয়ঃ ॥১১॥
জয়দ্রথো জীবিতার্থী গচ্ছমানো গৃহান্ প্রতি।
ময়ানার্য্যেণ সংরুদ্ধো দ্রোণাৎ প্রাপ্যাভয়ং রণে ॥১২॥
অদ্য মে ভ্রাতরঃ ক্ষীণাশ্চিত্রসেনাদয়ো রণে।
ভীমসেনং সমাসাদ্য পশ্যতাং নো দুরাত্মনাম্ ॥১৩॥

ভারতকৌমুদী

দয়িত ইতি। দয়িতঃ প্রিয়ঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ। হে শক্রহন্! কর্ণ! ॥৯॥
অভয়মিতি। নির্গুণতাং ন্যায়াদিগুণশূন্যতাম্ ॥১০॥
অদাস্যদিতি। অদাস্যৎ দ্রোণ ইত্যনুবৃত্তিঃ। গৃহান্ প্রতি গমনায়েতি শেষঃ ॥১১॥
জয়দ্রথ ইতি। গচ্ছমানো গচ্ছন্। অনার্য্যেণ অসজ্জনেন ॥১২॥
অদ্যেতি। ক্ষীণা নষ্টাঃ। নঃ অস্মাকম্ ॥১৩॥

শক্রহন্তা কর্ণ! অর্জ্জুন চিরদিনই মহাত্মা দ্রোণের প্রিয়। সেই জন্য দ্রোণ যুদ্ধ না করিয়াই অর্জ্জুনকে দ্বার ছাড়িয়া দিয়াছেন ॥৯॥

শক্রসন্তাপক দ্রোণ জয়দ্রথকে অভয় দান করিয়া, পরে আমার নির্গুণতা দেখিয়া অর্জ্জুনকে দ্বার ছাড়িয়া দিয়াছিলেন ॥১০॥

দ্রোণ যদি পূর্ব্বেই জয়দ্রথকে আপন গৃহে যাইবার অনুমতি দিতেন, তবে আর যুদ্ধে এরূপ লোকক্ষয় হইত না ॥১১॥

হায়! জয়দ্রথ জীবনার্থী হইয়া আপন গৃহে যাইতেছিলেন; কিন্তু আমি দ্রোণের নিকট অভয় পাইয়া তাঁহাকে রুদ্ধ করিয়াছিলাম। সুতরাং আমি অনার্য্য ॥১২॥

আমরা দুরাত্মা! সুতরাং আমাদের সমক্ষেই আমার চিত্রসেনপ্রভৃতি ভ্রাতারা ভীমের নিকট যাইয়া বিনষ্ট হইয়াছেন' ॥১৩॥

(৯) প্রিয়ো হি ফাল্গুনো নিত্যম্...বঙ্গ বৰ্দ্ধ। (১০) অভয়ং সৈন্ধবস্যাজৌ...বঙ্গ বৰ্দ্ধ। (১১)...প্রস্থাতুং সিন্ধুরাজস্য...পি নি,...ন ভবেজ্জীবিতক্ষয়ঃ—নি। (১২) জয়দ্রথো গৃহান্ গচ্ছন্ জীবিতার্থী ভয়াৎ প্রভো!...পি।

কর্ণ উবাচ।

আচার্য্যং মা বিগর্হস্ব শক্ত্যাসৌ যুধ্যতে দ্বিজঃ।
যথাবলং যথোৎসাহং ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥১৪॥
যদ্যেনং সমতিক্রম্য প্রবিষ্টঃ শ্বেতবাহনঃ।
নাত্র সূক্ষ্মোঽপি দোষঃ স্যাদাচার্য্যস্য কথঞ্চন ॥১৫॥
কৃতী দক্ষো যুবা শূরঃ কৃতাস্ত্রো লঘুবিক্রমঃ।
দিব্যাস্ত্রযুক্তমাস্থায় রথং বানরলক্ষণম্ ॥১৬॥
কৃষ্ণেন চ গৃহীতাশ্বমভেদ্যকবচাবৃতঃ।
গাণ্ডীবমজরং দিব্যং ধনুরাদায় বীর্য্যবান্ ॥১৭॥
প্রবর্ষন্ নিশিতান্ বাণান্ বাহুদ্রবণদর্পিতঃ।
যদর্জ্জুনোঽভ্যয়াদ্দ্রোণমুপপন্নং হি তস্য তৎ ॥১৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

আচার্য্যমিতি। শক্ত্যা দৈহিকবলেন। বলং মানসং সামর্থ্যম্। জীবিতং জীবনাশাম্ ॥১৪॥

যদীতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥১৫॥

ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকেণাচার্য্যস্য নির্দোষত্বং প্রতিপাদয়তি কৃতীতি। কৃতী পর্য্যবেক্ষণাদিকর্ম্মকুশলঃ, দক্ষো যুদ্ধনিপুণঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ, লঘুবিক্রমো দ্রুতবিক্রমপ্রকাশসমর্থঃ। বানরলক্ষণং বানরচিহ্নিতম্। গৃহীতা অশ্বা যস্য তং রথম্। বাহ্বোর্দ্দ্রবিণেন বলেন দর্পিতঃ ॥১৬—১৮॥

কর্ণ বলিলেন—'দুর্য্যোধন! তুমি দ্রোণকে নিন্দা করিও না। কারণ, ঐ ব্রাহ্মণ জীবনের আশা ত্যাগ করিয়া দেহের বল, মনের বল ও উৎসাহ অনুসারেই যুদ্ধ করিতেছেন ॥১৪॥

তথাপি অর্জ্জুন যদি উঁহাকে অতিক্রম করিয়া ব্যূহমধ্যে প্রবেশ করিয়া থাকে, তাহাতে কোন প্রকারেই উঁহার অল্প দোষও হইতে পারে না ॥১৫॥

দেখ—অর্জ্জুন—কর্ম্মকুশল, যুদ্ধনিপুণ, যুবা, বীর, অস্ত্রে সুশিক্ষিত, দ্রুত বিক্রমপ্রকাশে সমর্থ, বলবান্, বাহুবলে দর্পিত এবং অভেদ্য কবচে আবৃতদেহ; উহার রথে দিব্যাস্ত্র সকল ও ভীষণ একটা বানর রহিয়াছে, আবার কৃষ্ণ তাহার অশ্বগুলিকে ধরিয়া আছেন; তা'র পর গাণ্ডীবধনুখানা স্বর্গীয় ও অজর। সুতরাং সেই অর্জ্জুন সেই রথে আরোহণ করিয়া সেই ধনু লইয়া সুধার বাণবর্ষণ করিতে করিতে দ্রোণকে অতিক্রম করিয়া যে জয়দ্রথের অভিমুখে গিয়াছিল, তাহা তাহার সম্পূর্ণ সম্ভবপর ॥১৬—১৮॥

আচার্য্যঃ স্থবিরো রাজন্! শীঘ্রযানে তথাঽক্ষমঃ।
বাহুব্যায়ামচেষ্টায়ামশক্তস্তু নরাধিপ! ॥১৯॥
তেনৈনমভ্যতিক্রান্তঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
তস্য দোষং ন পশ্যামি দ্রোণস্যানেন হেতুনা ॥২০॥
অজয্যান্ পাণ্ডবান্ মন্যে দ্রোণেনাস্ত্রবিদা মৃধে।
তথাহ্যেনমতিক্রম্য প্রবিষ্টঃ শ্বেতবাহনঃ ॥২১॥
দৈবদিষ্টেঽন্যথাভাবো ন মন্যে বিদ্যতে ক্বচিৎ।
যতো নো যুধ্যমানানাং পরং শক্ত্যা সুযোধন!।
সৈন্ধবো নিহতো যুদ্ধে দৈবমত্র পরং স্মৃতম্ ॥২২॥
পরং যত্নং কুর্ব্বতাঞ্চ ত্বয়া সার্দ্ধং রণাজিরে।
হত্বাস্মাকং পৌরুষং বৈ দৈবং পশ্চাৎ করোতি নঃ।
সততং চেষ্টমানানাং নিকৃত্যা বিক্রমেণ চ ॥২৩॥

ভারতকৌমুদী

নম্বাচার্য্যস্যাপি কুতিস্বাদিকমস্তীত্যাহ আচার্য্য ইতি। বাহ্বোর্ব্যায়ামচেষ্টায়াং চালনকার্য্যে ॥১৯॥

উপসংহরতি তেনেতি। শ্বেতাশ্বোঽর্জ্জুনঃ। কৃষ্ণসারথিরিত্যনেন সারথেরপি প্রাধান্যমুক্তম্ ॥২০॥

অজয্যানিতি। অজয্যান্ জেতুমশক্যান্। মৃধে যুদ্ধে। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥২১॥

দৈবেতি। দৈবেন দিষ্টে নির্দ্দিষ্টে বিষয়ে। নঃ অস্মাকম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

নরনাথ রাজা! এদিকে দ্রোণ—স্থবির, শীঘ্রগমনে অসমর্থ এবং বাহুব্যায়ামকার্য্যে অক্ষম ॥১৯॥

সেই জন্যই কৃষ্ণসারথি অর্জ্জুন উঁহাকে অতিক্রম করিতে পারিয়াছিল। অতএব এই সকল কারণে সেই দ্রোণের আমি কোন দোষ দেখি না ॥২০॥

আমি মনে করি—দ্রোণ অস্ত্রজ্ঞ হইলেও তিনি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিতে পারেন না। সেই জন্যই অর্জ্জুন উঁহাকে অতিক্রম করিয়া ব্যূহমধ্যে প্রবেশ করিয়াছিল ॥২১॥

দুর্য্যোধন! আমি আরও ধারণা করি—দৈবনির্দ্দিষ্ট বিষয়ে কখনও অন্যরূপ হয় না। যে হেতু আমরা শক্তি অনুসারে গুরুতর যুদ্ধ করিতেছিলাম, সেই অবস্থাতেই জয়দ্রথ নিহত হইলেন। সুতরাং এ বিষয়ে দৈবকেই প্রধান কারণ মনে করিতে হইবে ॥২২॥

(২০)···তস্মাদ্দোষং ন পশ্যামি···পি বঙ্গ বর্দ্ধ।

দৈবোপসৃষ্টঃ পুরুষো যৎ কর্ম্ম কুরুতে ক্বচিৎ।
কৃতং কৃতং হি তত্তস্য দৈবেন বিনিপাত্যতে ॥২৪॥
যৎ কর্ত্তব্যং মনুষ্যেণ ব্যবসায়বতা সদা।
তৎকার্য্যমবিশঙ্কেন সিদ্ধির্দৈবে প্রতিষ্ঠিতা ॥২৫॥
নিকৃত্যা নিকৃতাঃ পার্থা বিষযোগৈশ্চ ভারত!।
দগ্ধা জতুগৃহে চাপি দ্যূতেন চ পরাজিতাঃ ॥২৬॥
রাজনীতিং ব্যপাশ্রিত্য প্রহিতাশ্চৈব কাননম্।
যত্নেন চ কৃতং তত্তদ্দৈবেন বিনিপাতিতম্ ॥২৭॥
যুধ্যস্ব যত্নমাস্থায় মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্।
যততস্তব তেষাঞ্চ দৈবং মার্গেণ যাস্যতি ॥২৮॥

ভারতকৌমুদী

পরমিতি। দৈবং কর্ত্তৃ। নিকৃত্যা শাঠ্যেন দ্যূতাদিনা। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥
দৈবেতি। দৈবেন উপসৃষ্ট উপহতঃ। বিনিপাত্যতে বিনাশ্যতে ॥২৪॥
যদিতি। ব্যবসায়বতা উদ্যমিনা। তৎ কার্য্যমাশ্রিত্যেতি শেষঃ ॥২৫॥
নিকৃত্যেতি। নিকৃত্যা শাঠ্যেন, নিকৃতা বঞ্চিতাঃ, বিষযোগৈর্বিষদানৈঃ ॥২৬॥
রাজেতি। রাজনীতিং দ্যূতরূপং কূটকৌশলম্। বিনিপাতিতং বিফলীকৃতম্ ॥২৭॥
যুধ্যস্বেতি। নিবর্ত্ততে অনেনেতি নিবর্ত্তনং নিবৃত্তিহেতুস্তম্। মার্গেণ তৎপথেন ॥২৮॥

দুর্য্যোধন! আমরা তোমার সহিত মিলিত হইয়া রণস্থলে গুরুতর যত্ন করিতেছিলাম এবং শঠতা ও বিক্রমদ্বারা সর্ব্বদা চেষ্টা করিয়া আসিতেছি, তথাপি দৈব আমাদের পুরুষকার নষ্ট করিয়া আমাদিগকে পিছনে রাখিতেছে ॥২৩॥

দৈবহত মানুষ যে কোন সময়ে যে কোন কার্য্য করে, করা করামাত্রই তাহা তাহার দৈব বিনষ্ট করিয়া দেয় ॥২৪॥

মানুষ সর্ব্বদা উদ্যমী হইয়া নিঃশঙ্কচিত্তে যে কার্য্য করে, সে কার্য্যের সিদ্ধিও দৈবের উপরেই প্রতিষ্ঠিত থাকে ॥২৫॥

ভরতনন্দন! আমরা শঠতা করিয়া পাণ্ডবদিগকে বঞ্চনা করিয়াছি, বিষ-প্রয়োগ করিয়াছি, জতুগৃহে দাহ করিয়াছি এবং দ্যূতে পরাজিত করিয়াছি ॥২৬॥

আর রাজনীতি অবলম্বন করিয়া তাহাদিগকে বনেও পাঠাইয়াছি; সেই সেই কার্য্য কিন্তু যত্নপূর্ব্বকই করিয়াছি; তথাপি দৈব সে সমস্তই নিষ্ফল করিয়াছে ॥২৭॥

(২৫)·· ব্যবসায়বতা সতা···পি বঙ্গ বর্দ্ধ। (২৮)···দৈবং কৃত্বা নিরর্থকম্·· বা নি।

ন তেষাং মতিপূর্ব্বং হি সুকৃতং দৃশ্যতে ক্বচিৎ।
দুষ্কৃতং তব বা বীর! বুদ্ধ্যা হীনং কুরূদ্বহ! ॥২৯॥
দৈবং প্রমাণং সর্ব্বস্য সুকৃতস্যেতরস্য বা।
অনন্যকর্ম্ম দৈবং হি জাগর্ত্তি স্বপতামপি ॥৩০॥
বহূনি তব সৈন্যানি যোধাশ্চ বহবস্তব।
ন তথা পাণ্ডুপুত্রাণামেবং যুদ্ধমবর্ত্তত ॥৩১॥
তৈরল্পৈর্বহবো যূয়ং ক্ষয়ং নীতাঃ প্রহারিণঃ।
শঙ্কে দৈবস্য তৎ কর্ম্ম পৌরুষং যেন নাশিতম্ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। সুকৃতং সুষ্ঠু কৃতম্। দুষ্কৃতং দুষ্টু কৃতম্। বুদ্ধ্যা হীনমবিবেচনপূর্ব্বকম্ ॥২৯॥
দৈবমিতি। প্রমাণং ফলদাতৃ, সুকৃতস্য সুষ্ঠুকৃতস্য, ইতরস্য দুষ্টু কৃতস্য ॥৩০॥
বহূনীতি। এবমিত্থং ভাবেন, যুদ্ধমবর্ত্তত আরব্ধমাসীৎ ॥৩১॥
তৈরিতি। প্রহারিণঃ প্রহারং কুর্ব্বন্ত এব ॥৩২॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৯॥ নির্গুণতাং ভাগ্যহীনতাম্ ॥১০—২১॥ নোঽস্মান্ ॥২২—২৩॥ দৈবোপসৃষ্টঃ দৈবোপহতঃ ॥২৪—২৭॥ মার্গেণ ভবিতব্যেন ॥২৮॥ বুদ্ধ্যা বিমর্ষেণ হীনং প্রমাণং কারণম্ ॥২৯॥ ন বিদ্যতে অন্যৎকর্ম্ম বিপাকঃ যস্য তৎ ॥৩০—৩৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩২॥

সখা দুর্য্যোধন! মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির হেতু করিয়া যত্ন অবলম্বনপূর্ব্বক যুদ্ধ করিতে থাক; তুমি ও পাণ্ডবেরা যত্নপূর্ব্বক যুদ্ধ করিতে থাকিলে দৈব তাহার গন্তব্য পথে যাইবে ॥২৮॥

বীর কুরুকুলশ্রেষ্ঠ! পাণ্ডবেরা বিবেচনা করিয়া কোন বিষয়ে ভাল কাজ করিয়াছে, কিংবা তুমি বিবেচনা না করিয়া খারাপ কাজ করিয়াছ এমন দেখা যায় না ॥২৯॥

ভাল কাজ বা খারাপ কাজ সমস্তেরই ফলদাতা দৈব। কারণ, মানুষ নিদ্রিত থাকিলেও অনন্যকর্ম্মা দৈব জাগিয়া থাকে ॥৩০॥

তোমার সৈন্যও বহু ছিল এবং যোদ্ধাও বহু ছিল; কিন্তু পাণ্ডবগণের সেরূপ ছিল না; এইভাবে প্রথমে যুদ্ধারম্ভ হইয়াছিল ॥৩১॥

তথাপি অল্পসংখ্যক পাণ্ডবেরা বহুসংখ্যক তোমাদিগকে ক্ষয় করিয়া তুলিয়াছে। অতএব আমি মনে করি—যে পুরুষকার নষ্ট করিয়াছে, সেই দৈবেরই সেই কার্য্য' ॥৩২॥

সঞ্জয় উবাচ।

এবং সংভাষমাণানাং বহু তত্তজ্জনাধিপ!।
পাণ্ডবানামনীকানি সমদৃশ্যন্ত সংযুগে ॥৩৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্।
তাবকানাং পরৈঃ সার্দ্ধং রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববণি জয়দ্রথবধে পুনর্যুদ্ধারম্ভে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

(৬। ঘটোৎকচবধপর্ব।)

ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

তদুদীর্ণগজাশ্বৌঘং বলং তব জনাধিপ!।
পাণ্ডুসেনামভিদ্রুত্য যোধয়ামাস সর্ব্বতঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। সংভাষমাণানাং কর্ণাদীনাম্ ॥৩৩॥

তত ইতি। ব্যতিষক্তাঃ পরস্পরং মিলিতা রথা দ্বিপাশ্চ যত্র তৎ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! কর্ণ ও দুর্য্যোধনপ্রভৃতি এইভাবে সেই সেই বহু বিষয় আলোচনা করিতেছিলেন, এমন সময়ে পাণ্ডবসৈন্য দেখা গেল ॥৩৩॥

রাজা! তাহার পর আপনার কুমন্ত্রণার ফলে বিপক্ষগণের সহিত আপনার পক্ষের যুদ্ধ লাগিয়া গেল, ক্রমে রথ ও হস্তিপ্রভৃতি পরস্পর মিলিত হইল' ॥৩৪॥

---

* '…পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '…ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি। (১) তদুদীর্ণং গজানীকম্…বা, তদুদীর্ণং গজাশ্বৌঘম্…নি।

পাঞ্চালাঃ কুরবশ্চৈব যোধয়ন্তঃ পরস্পরম্।
যমরাষ্ট্রায় মহতে পরলোকায় দীক্ষিতাঃ ॥২॥
শূরাঃ শূরৈঃ সমাগম্য শরতোমরশক্তিভিঃ।
বিব্যধুঃ সমরেঽন্যোন্যং নিন্যুশ্চৈব যমক্ষয়ম্ ॥৩॥
রথিনাং রথিভিঃ সার্দ্ধং রুধিরস্রাবদারুণম্।
প্রাবর্ত্তত মহদ্‌যুদ্ধং নিঘ্নতামিতরেতরম্ ॥৪॥
বারণাশ্চ মহারাজ! সমাসাদ্য পরস্পরম্।
বিষাণৈর্দারয়ামাসুঃ সুসংক্রুদ্ধা মদোৎকটাঃ ॥৫॥
হয়ারোহান্ হয়ারোহাঃ প্রাসশক্তিপরশ্বধৈঃ।
বিভিদুস্তুমুলে যুদ্ধে প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ॥৬॥

ভারতকৌমুদী

তদিতি। উদীর্ণো গর্ব্বোদ্ধতো গজাশ্বৌঘো যস্য তৎ, বলং সৈন্যং কর্ত্তৃ ॥১॥
পাঞ্চালা ইতি। দীক্ষিতা গমনপ্রবৃত্তা আসন্ ॥২॥
শূরা ইতি। যমস্য ক্ষয়ং ভবনম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৩॥
রথিনামিতি। রুধিরস্রাবেণ দারুণম্। ইতরেতরং পরস্পরম্ ॥৪॥
বারণা ইতি। বারণা হস্তিনঃ। বিষাণৈর্দন্তৈঃ। মদোৎকটা মদমত্তাঃ ॥৫॥
হয়েতি। বিভিদুর্বিদারয়ামাসুঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! গর্ব্বোদ্ধত হস্তী ও ঘোটকযুক্ত আপনার সেই সৈন্য সকল দিক্ হইতে পাণ্ডবসৈন্যের দিকে যাইয়া যুদ্ধ করিতে লাগিল ॥১॥

ক্রমে পাঞ্চাল ও কৌরবেরা পরস্পর যুদ্ধ করিতে থাকিয়া যমরাজ্যে অথবা অপর কোন উত্তম পরলোকে গমন করিতে থাকিল ॥২॥

বীরেরা বিপক্ষ বীরগণের সহিত মিলিত হইয়া বাণ, তোমর ও শক্তিদ্বারা যুদ্ধে পরস্পর তাড়ন করিতে থাকিলেন এবং যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৩॥

রথিগণের সহিত রথিগণের মহাযুদ্ধ চলিতে থাকিল; তখন পরস্পর আঘাত চলিতে থাকায় রক্তনির্গমে রণস্থল ভয়ঙ্কর হইয়া উঠিল ॥৪॥

অত্যন্তক্রুদ্ধ ও মদমত্ত হস্তিগণ সন্নিহিত হইয়া দন্তদ্বারা পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিল ॥৫॥

অশ্বারোহীরা তুমুল যুদ্ধে মহাযশ কামনা করিয়া প্রাস, শক্তি ও পরশুদ্বারা অশ্বারোহীদিগকে বিদীর্ণ করিতে থাকিল ॥৬॥

পত্তয়শ্চ মহাবাহো! শতশঃ শস্ত্রপাণয়ঃ।
অন্যোন্যমার্দ্দয়ন্ রাজন্! নিত্যং যত্তাঃ পরাক্রমে ॥৭॥
গোত্রাণাং নামধেয়ানাং কুলানাঞ্চৈব মারিষ!।
শ্রবণাদ্ধি বিজানীমঃ পাঞ্চালান্ কুরুভিঃ সহ ॥৮॥
তেঽন্যোন্যং সমরে যোধাঃ শরশক্তিপরশ্বধৈঃ।
প্রৈষয়ন্ পরলোকায় বিচরন্তো হ্যভীতবৎ ॥৯॥
শরৈর্দশ দিশো রাজন্! তেষাং মুক্তৈঃ সহস্রশঃ।
ন ভ্রাজন্তে যথাতত্ত্বং ভাস্করেঽস্তং গতেঽপি চ ॥১০॥
তথা প্রযুধ্যমানেষু পাণ্ডবেয়েষু নির্ভয়ঃ।
দুর্য্যোধনো মহারাজ! ব্যবাগাহত তদ্বলম্ ॥১১॥
সৈন্ধবস্য বধেনৈব ভৃশং দুঃখসমন্বিতঃ।
মর্ত্তব্যমিতি সঞ্চিন্ত্য প্রাবিশত্তদ্দ্বিষাং বলম্ ॥১২॥

ভারতকৌমুদী

পত্তয় ইতি। পত্তয়ঃ পদাতয়ঃ। আর্দ্দয়ন্নপীড়য়ন্। যত্তা যত্নবন্তঃ সন্তঃ ॥৭॥
গোত্রাণামিতি। এতেন তদানীং যুদ্ধকালে গোত্রাদিকীর্ত্তনরীতিরাসীদিতি প্রতীয়তে ॥৮॥
ত ইতি। অন্যোন্যং প্রৈষয়ন্নিতি সম্বন্ধঃ। অভীতবৎ নির্ভয়া ইব ॥৯॥
শরৈরিতি। মুক্তৈঃ ক্ষিপ্তৈঃ। ন ভ্রাজন্তে ন প্রকাশন্তে স্ম, আলোকাভাবাৎ ॥১০॥
তথেতি। ব্যবাগাহত আলোড়য়ৎ, তদ্বলং পাণ্ডবসৈন্যম্ ॥১১॥
সৈন্ধবস্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। প্রাবিশৎ দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ ॥১২॥

মহাবাহু রাজা! শস্ত্রধারী শত শত পদাতি সর্বদা পরাক্রমপ্রকাশে যত্নবান্ হইয়া পরস্পর পীড়ন করিতে লাগিল ॥৭॥

মাননীয় রাজা! নাম, গোত্র ও বংশ শুনিয়া আমরা পাঞ্চাল ও কৌরবগণকে জানিতে লাগিলাম ॥৮॥

সেই যোদ্ধারা নির্ভয়ের ন্যায় রণস্থলে বিচরণ করিতে থাকিয়া বাণ, শক্তি ও পরশুদ্বারা পরস্পর পরলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥৯॥

রাজা! তখন সূর্য্য অস্ত গিয়াছিলেন এবং যোদ্ধারাও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতেছিলেন; তাহাতে দশটা দিক্ই যথাযথভাবে প্রকাশ পায় নাই ॥১০॥

মহারাজ! পাণ্ডবেরা সেইভাবে যুদ্ধ করিতে লাগিলে, দুর্য্যোধন নির্ভয়চিত্তে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে থাকিলেন ॥১১॥

---

(১১)…পাণ্ডবেয়েষু ভারত!…বঙ্গ বৰ্দ্ধ বা নি,…ব্যবগাহত…পি বঙ্গ বৰ্দ্ধ।

নাদয়ন্ রথঘোষেণ কম্পয়ন্নিব মেদিনীম্।
অভ্যবর্ত্তত পুত্রস্তে পাণ্ডবানামনীকিনীম্ ॥১৩॥
স সন্নিপাতস্তুমুলস্তস্য তেষাঞ্চ ভারত!।
অভবৎ সর্ব্বসৈন্যানামভাবকরণো মহান্ ॥১৪॥
যথা মধ্যন্দিনে সূর্য্যং প্রতপন্তং গভস্তিভিঃ।
তথা তব সুতং মধ্যে প্রতপন্তং শরার্চ্চিভিঃ।
ন শেকুর্ভারতং যুদ্ধে পাণ্ডবাঃ সমুদীক্ষিতুম্ ॥১৫॥
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে।
পর্য্যধাবন্ত পাঞ্চালা বধ্যমানা মহাত্মনা ॥১৬॥
রুক্মপুঙ্খৈঃ প্রসন্নাগ্রৈস্তব পুত্রেণ ধন্বিনা।
অর্দ্দ্যমানাঃ শরৈস্তূর্ণং ন্যপতন্ পাণ্ডুসৈনিকাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

নাদয়ন্নিতি। পুত্রো দুর্য্যোধনঃ, অনীকিনীঃ সেনাম্ ॥১৩॥
স ইতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। অভাবকরণঃ ক্ষয়জনকঃ ॥১৪॥
যথেতি। গভস্তিভিঃ কিরণৈঃ। শরার্চ্চিভিরিতীদন্তত্ত্বমপি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
পলায়নেতি। মহাত্মনা মহাবলেন দুর্য্যোধনেন ॥১৬॥
রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, প্রসন্নাগ্রৈর্নির্ম্মলমুখৈঃ ॥১৭॥

তিনি জয়দ্রথবধেই অত্যন্তদুঃখিত হইয়াছিলেন; সুতরাং মরিতে হইবে ইহা ভাবিয়াই সেই শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥১২॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন সমরভূমিকে রথের শব্দে নিনাদিত এবং যেন কম্পিত করিতে থাকিয়া পাণ্ডবসৈন্যের অভিমুখবর্ত্তী হইলেন ॥১৩॥

ভরতনন্দন! তখন দুর্য্যোধনের ও পাণ্ডবসৈন্যের সেই তুমুল সংঘর্ষ সমস্ত সৈন্যের গুরুতর ক্ষয় জন্মাইতে লাগিল ॥১৪॥

রাজা! সূর্য্য যেমন মধ্যাহ্নকালে কিরণদ্বারা জগৎ সন্তপ্ত করিতে থাকেন, তেমন আপনার পুত্র দুর্য্যোধনও বিপক্ষমধ্যে থাকিয়া বাণশিখাদ্বারা তাহাদিগকে সন্তপ্ত করিতে থাকিলেন; তখন পাণ্ডবসৈন্যেরা তাঁহার প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥১৫॥

মহাবল দুর্য্যোধন বধ করিতে লাগিলে, পাঞ্চালেরা পলায়নে অভিলাষী এবং শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া সকল দিকে ধাবিত হইল ॥১৬॥

---

(১৫) প্রতপন্তমিবাংশুভিঃ···তব সুতং মন্যে·· পাণ্ডবাঃ প্রতিবীক্ষিতুম্—বর্দ্ধ।

ন তাদৃশং রণে কর্ম্ম কৃতবন্তস্তু তাবকাঃ।
যাদৃশং কৃতবান্ রাজা পুত্রস্তব বিশাংপতে! ॥১৮॥
পুত্রেণ তব সা সেনা পাণ্ডবী মথিতা রণে।
নলিনী দ্বিরদেনেব সমন্তাৎ ফুল্লপঙ্কজা ॥১৯॥
ক্ষীণতোয়ানিলার্কাভ্যাং হতত্বিড়িব পদ্মিনী।
বভূব পাণ্ডবী সেনা তব পুত্রস্য তেজসা ॥২০॥
পাণ্ডুসেনাং হতাং দৃষ্ট্বা তব পুত্রেণ ভারত!।
ভীমসেনপুরোগাস্তং পাঞ্চালাঃ সমুপাদ্রবন্ ॥২১॥
স ভীমসেনং দশভির্মাদ্রীপুত্রৌ ত্রিভিস্ত্রিভিঃ।
বিরাটদ্রুপদৌ ষড়্ভিঃ শতেন চ শিখণ্ডিনম্ ॥২২॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ সপ্তত্যা ধর্ম্মপুত্রঞ্চ সপ্তভিঃ।
কৈকেয়াংশ্চৈব চেদীংশ্চ বহুভির্নিশিতৈঃ শরৈঃ ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া অপরে যোদ্ধারঃ ॥১৮॥
পুত্রেণেতি। নলিনী পদ্মসরসী, দ্বিরদেন গজেন, ফুল্লানি পঙ্কজানি যস্যাঃ সা ॥১৯॥
ক্ষীণেতি। ক্ষীণতোয়া শোষিতজলা, অনিলার্কাভ্যাং বায়ুসূর্য্যাভাম্, হতত্বিট্ নষ্টশোভা ॥২০॥
পাণ্ডিতি। ভীমসেনপুরোগা ভীমাদয়ঃ, সমুপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২১॥

আপনার ধনুর্দ্ধর পুত্র দুর্য্যোধন স্বর্ণপুঙ্খ ও নির্ম্মলমুখ বাণসমূহদ্বারা পীড়ন করিতে থাকিলে, পাণ্ডবসৈন্যেরা সত্বর সত্বর পতিত হইতে থাকিল ॥১৭॥

নরনাথ! তৎকালে আপনার পুত্র দুর্য্যোধন যেরূপ কার্য্য করিতে লাগিলেন, আপনার পক্ষের অপর যোদ্ধারা সেরূপ কার্য্য করিতে পারেন নাই ॥১৮॥

হস্তী যেমন স্ফুটিতপদ্মযুক্ত পদ্মসরোবর সকল দিকে আলোড়ন করে, সেইরূপ আপনার পুত্র যুদ্ধে সেই পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥১৯॥

সুতরাং বায়ু ও সূর্য্য জলশোষণ করিলে, পদ্মসরোবর যেমন শোভাশূন্য হয়, সেইরূপ সেই পাণ্ডবসৈন্য আপনার পুত্রের তেজে শোভাশূন্য হইয়া পড়িল ॥২০॥

ভরতনন্দন! আপনার পুত্র পাণ্ডবসৈন্য সংহার করিতেছেন দেখিয়া পাঞ্চালেরা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥২১॥

---

(২১)…পুরোগাস্তে…পি,…পুরোগাস্ত…ব। নি।

সাত্বতং পঞ্চভির্বিদ্ধা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ।
ঘটোৎকচঞ্চ সমরে বিদ্ধা সিংহ ইবানদৎ ॥২৪॥ (বিশেষকম্)
শতশশ্চাপরান্ যোধান্ সদ্বিপাশ্বান্ মহারণে।
শরৈরবচকর্ত্তোগ্রৈঃ ক্রুদ্ধোঽন্তক ইব প্রজাঃ ॥২৫॥
সা তেন পাণ্ডবী সেনা বধ্যমানা শিলীমুখৈঃ।
তব পুত্রেণ সংগ্রামে বিদুদ্রাব নরাধিপ! ॥২৬॥
তং তপন্তমিবাদিত্যং কুরুরাজং মহাহবে।
নাশকন্ বীক্ষিতুং রাজন্! পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ ॥২৭॥
ততো যুধিষ্ঠিরো রাজা কুপিতো রাজসত্তম!।
অভ্যধাবৎ কুরুপতিং তব পুত্রং জিগীষয়া ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। দশভিঃ শরৈঃ। এবং সর্বত্র। নিশিতৈঃ সুধারৈঃ। সাত্বতং সাত্যকিম্ ॥২২-২৪॥
শতশ ইতি। দ্বিপৈর্গজৈরশ্বৈশ্চ সহেতি তান্। অবচকর্ত্ত চিচ্ছেদ ॥২৫॥
সেতি। শিলীমুখৈর্বাণৈঃ। বিদুদ্রাব অতিদ্রুতং পলায়াঞ্চক্রে ॥২৬॥
তমিতি। তপন্তং শরৈঃ পীড়য়ন্তম্। মহাহবে মহাযুদ্ধে ॥২৭॥
তত ইতি। জিগীষয়া জেতুমিচ্ছয়া ॥২৮॥

তখন দুর্য্যোধন দশটা বাণদ্বারা ভীমসেনকে, তিন তিনটাদ্বারা নকুল ও সহদেবকে, ছয়টাদ্বারা বিরাট ও দ্রুপদকে, একশতদ্বারা শিখণ্ডীকে, সত্তরটা-দ্বারা ধৃষ্টদ্যুম্নকে, সাতটাদ্বারা যুধিষ্ঠিরকে, বহুতর সুধার বাণদ্বারা কেকয় ও চেদিদেশীয়গণকে, পাঁচটাদ্বারা সাত্যকিকে, তিন তিনটাদ্বারা দ্রৌপদীর পুত্র-গণকে এবং একটাদ্বারা ঘটোৎকচকে বিদ্ধ করিয়া সিংহের ন্যায় গর্জন করিলেন ॥২২—২৪॥

ক্রমে ক্রুদ্ধ যম যেমন প্রাণিগণকে পীড়ন করেন, সেইরূপ দুর্য্যোধন ভয়ঙ্কর বাণসমূহদ্বারা মহাযুদ্ধে হস্তী ও অশ্বের সহিত অপর শত শত যোদ্ধাকে ছেদন করিতে লাগিলেন ॥২৫॥

নরনাথ! যুদ্ধে আপনার পুত্র বাণদ্বারা বধ করিতে লাগিলে, সেই পাণ্ডবসৈন্যেরা অতিবেগে পলায়ন করিতে লাগিল ॥২৬॥

রাজা! কুরুরাজ দুর্য্যোধন সূর্য্যের ন্যায় মহাযুদ্ধে সন্তাপ জন্মাইতে লাগিলে, পাণ্ডবসৈন্যেরা তাঁহার প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥২৭॥

(২৫)… সদ্বিপাংশ্চ মহারণে… বা নি। (২৮)…তব পুত্রং জিঘাংসয়া—বা নি।

তাবুভৌ যুধি কৌরব্যৌ সমীয়তুররিন্দমৌ।
স্বার্থহেতোঃ পরাক্রান্তৌ দুর্য্যোধনযুধিষ্ঠিরৌ ॥২৯॥
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণং ধ্বজং চিচ্ছেদ চেষুণা ॥৩০॥
ইন্দ্রসেনং ত্রিভিশ্চৈব ললাটে জঘ্নিবান্ নৃপ!।
সারথিং দয়িতং রাজ্ঞঃ পাণ্ডবস্য মহাত্মনঃ ॥৩১॥
ধনুশ্চ পুনরন্যেন চকর্ত্তাস্য মহারথঃ।
চতুর্ভিশ্চতুরশ্চৈব বাণৈর্বিব্যাধ বাজিনঃ ॥৩২॥
ততো যুধিষ্ঠিরঃ ক্রুদ্ধো নিমেষাদিব কার্ম্মুকম্।
অন্যদাদায় বেগেন কৌরব্যং প্রত্যবারয়ৎ ॥৩৩॥
স শরং সূর্য্যরশ্ম্যাভমত্যুগ্রমনিবারণম্।
হা হতোঽসীতি রাজানমুক্ত্বামুঞ্চদ্‌যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

তাবিতি। স্বার্থহেতোঃ আত্মীকৃতরাজ্যরক্ষাপৈতৃকরাজ্যোদ্ধারনিমিত্তম্ ॥২৯॥
তত ইতি। সন্নতপর্বভির্বক্রোপাঙ্গৈঃ। বিব্যাধ যুধিষ্ঠিরং তাড়য়ামাস ॥৩০॥
ইন্দ্রেতি। ইন্দ্রসেনং তদাখ্যম্। জঘ্নিবান্ আহতবান্। দয়িতং প্রিয়ম্ ॥৩১॥
ধনুরিতি। চকর্ত্ত চিচ্ছেদ, অস্য যুধিষ্ঠিরস্য, মহারথো দুর্য্যোধনঃ ॥৩২॥
তত ইতি। কৌরব্যং দুর্য্যোধনম্ ॥৩৩॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া জয় করিবার ইচ্ছা করিয়া আপনার পুত্র কুরুরাজ দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

ক্রমে কুরুবংশজাত, শত্রুদমনকারী ও পরাক্রমশালী দুর্য্যোধন এবং যুধিষ্ঠির আপন আপন স্বার্থের জন্য যুদ্ধে মিলিত হইলেন ॥২৯॥

তাহার পর দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া নতপর্ব্ব দশটা বাণদ্বারা সত্বর যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন এবং একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটা কাটিয়া ফেলিলেন ॥৩০॥

রাজা! তৎপরে তিনি তিনটা বাণদ্বারা মহাত্মা রাজা যুধিষ্ঠিরের প্রিয় সারথি ইন্দ্রসেনের ললাটে আঘাত করিলেন ॥৩১॥

আবার মহারথ দুর্য্যোধন একটা বাণদ্বারা যুধিষ্ঠিরের ধনু ছেদন করিলেন এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥৩২॥

পরে যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া বেগে নিমেষকালমধ্যেই যেন অন্য ধনু লইয়া দুর্য্যোধনকে বারণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩৪) শরঞ্চ সূর্য্যরশ্ম্যাভম্…বঙ্গ বা নি।

স তেনাকর্ণমুক্তেন বিদ্ধো বাণেন কৌরবঃ।
নিষসাদ রথোপস্থে ভৃশং সংমূঢ়চেতনঃ ॥৩৫॥
ততঃ পাঞ্চালসৈন্যানাং ভৃশমাসীদ্রবো মহান্।
হতো রাজেতি রাজেন্দ্র! মুদিতানাং সমন্ততঃ ॥৩৬॥
বাণশব্দরবশ্চোগ্রঃ শুশ্রুবে তত্র মারিষ!।
অথ দ্রোণো দ্রুতং তত্র প্রত্যদৃশ্যত সংযুগে ॥৩৭॥
হৃষ্টো দুর্য্যোধনশ্চাপি দৃঢ়মাদায় কার্ম্মুকম্।
তিষ্ঠ তিষ্ঠেতি রাজানং ব্রুবন্ পাণ্ডবমভ্যয়াৎ ॥৩৮॥
প্রত্যুদ্যযুস্তং ত্বরিতাঃ পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ।
তান্ দ্রোণঃ প্রতিজগ্রাহ পরীপ্সন্ কুরুসত্তমম্।
চণ্ডবাতঃ সমুদ্ধূতো মেঘানশ্মমুচো যথা ॥৩৯॥

ভারতকৌমুদী

স ইতি। রাজানং দুর্য্যোধনম্, অমুঞ্চং ন্যক্ষিপৎ ॥৩৪॥
স ইতি। আকর্ণমুক্তেন আকর্ণাকৃষ্টকার্ম্মুকক্ষিপ্তেন। নিষসাদ উপবিবেশ ॥৩৫॥
তত ইতি। রবঃ কোলাহলঃ। রাজা দুর্য্যোধনঃ, মুদিতানামানন্দিতানাম্ ॥৩৬॥
বাণেতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৩৭॥
হৃষ্ট ইতি। হৃষ্টশ্চৈতন্যলাভেনানন্দিতঃ। পাণ্ডবং রাজানং যুধিষ্ঠিরম্ ॥৩৮॥

'হায়! তুমি নিহত হইলে' এই কথা দুর্য্যোধনকে বলিয়া যুধিষ্ঠির সূর্য্য-রশ্মির ন্যায় উজ্জ্বল, অতিভয়ঙ্কর ও অনিবার্য্য একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩৪॥

দুর্য্যোধন সেই আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্ত বাণে বিদ্ধ হইয়া চৈতন্যহীন অবস্থায় রথমধ্যে উপবেশন করিলেন ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর 'রাজা দুর্য্যোধন নিহত হইয়াছেন' ইহা ধারণা করায় সকল দিকেই আনন্দিত পাঞ্চালসৈন্যগণের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৩৬॥

মাননীয় রাজা! তখন ভয়ঙ্কর বাণশব্দ শুনা যাইতে থাকিল। তৎপরে রণস্থলে সত্বর দ্রোণকে দেখা গেল ॥৩৭॥

এই সময়ে দুর্য্যোধনও চৈতন্যলাভ করিয়া অন্য ধনু লইয়া 'থাক থাক' এই কথা বলিতে বলিতে রাজা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

(৩৬) ততঃ পাঞ্চাল্যসেনানাম্...বা নি। (৩৭) বাণশব্দরবশ্চোগ্রঃ...বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৯)...চণ্ডবাতোদ্ধতান্ মেঘান্ নিঘ্নন্...বঙ্গ বর্দ্ধ বা,...অম্বুমুচো যথা—নি।

ততো রাজন্! মহানাসীৎ সংগ্রামো ভূবিবর্দ্ধনঃ।
তাবকানাং পরেষাঞ্চ সমেতানাং যুযুৎসয়া ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দুর্য্যোধনপরাভবে ত্রয়স্ত্রিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—(ঃ*ঃ)—

ধৃতরাষ্ট্র উবাচ।
যত্তদা প্রাবিশৎ পাণ্ডূনাচার্য্যঃ কুপিতো বলী।
উক্ত্বা দুর্য্যোধনং মন্দং মম শাস্ত্রাতিগং সুতম্ ॥১॥

ভারতকৌমুদী

প্রতীতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, কুরুসত্তমং দুর্য্যোধনম্। চণ্ডবাতঃ প্রবলবায়ুঃ, সমুদ্ধতঃ সমুৎপন্নঃ, অশ্মমুচঃ শিলাবর্ষিণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ।৩৯

তত ইতি। ভূবিবর্দ্ধনো মৃতদেহরাশিনা ভূমিবৃদ্ধিকারী। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৪০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তদিতি ॥১॥ পরলোকায়েতি দমরাষ্ট্রবর্দ্ধনে বিশেষণম্ ।২—৭॥ গোত্রাণাং প্রাচীন-পুরুষাণাম্, কুলানাং গণানাম্ ।৮—৩৭॥ হৃষ্টো লব্ধচেতনঃ ।৩৮—৪০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৩॥

তখন জয়াভিলাষী পাঞ্চালেরা সত্বর দুর্য্যোধনের দিকে গমন করিল। তৎকালে প্রচণ্ড বায়ু যেমন শিলাবর্ষী মেঘসমূহকে গ্রহণ করে, সেইরূপ দ্রোণ দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া পাঞ্চালদিগকে গ্রহণ করিলেন ॥৩৯॥

রাজা! তাহার পর যুদ্ধ করিবার ইচ্ছায় সম্মিলিত কৌরবসৈন্য ও পাণ্ডব-সৈন্যগণের মহাযুদ্ধ লাগিয়া গেল; তাহাতে ভূমিবৃদ্ধি হইতে থাকিল' ॥৪০॥

(৪০) ভূরিবর্দ্ধনঃ…বা নি। * '…একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '…চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

প্রবিশ্য বিচরন্তঞ্চ রথে শূরমবস্থিতম্।
কথং দ্রোণং মহেষ্বাসং পাণ্ডবাঃ পর্য্যবারয়ন্ ॥২॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রমাচার্য্যস্য মহাহবে।
কে চোত্তরমরক্ষন্ত নিঘ্নতঃ শাত্রবান্ বহূন্ ॥৩॥
নৃত্যন্ স রথমার্গেষু সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
ধূমকেতুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুমুপেযিবান্ ॥৪॥

সঞ্জয় উবাচ।

সায়াহ্নে সৈন্ধবং হত্বা রাজ্ঞা পার্থঃ সমেত্য চ।
সাত্যকিশ্চ মহেষ্বাসো দ্রোণমেবাভ্যধাবতাম্ ॥৫॥

ভারতকৌমুদী

"এবমুক্ত্বা ততঃ প্রায়াদ্দ্রোণঃ পাণ্ডবসৃঞ্জয়ান্" ইতি দ্রোণস্য পাণ্ডবসৈন্যে প্রবেশমভিধায় সঞ্জয়েন যুদ্ধান্তরাভিধানাত্তদ্দ্রোণযুদ্ধমেব পৃচ্ছতি যদিতি। পাণ্ডূন্ পাণ্ডবসৈন্যান্। মন্দং মূঢ়ম্, শাস্ত্রাতিগং ধর্ম্মনীতিশাস্ত্রাতিক্রমকারিণম্। যৎ প্রাবিশৎ ততঃ পরং ব্রূহীতি শেষঃ ॥১॥

সম্ভাবয়ন্ পৃচ্ছতি প্রবিশ্যেতি। কথং কেন প্রকারেণ, মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥২॥

ক ইতি। চক্রং সৈন্যসমূহম্। উত্তরং বামং চক্রমিত্যনুষঙ্গঃ ॥৩॥

নৃত্যন্নিতি। ধূমঃ কেতুরিব যস্য স বহ্নিঃ। উপেযিবান্ প্রাপ্তবান্ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বলবান্ দ্রোণাচার্য্য—আমার মূর্খপুত্র শাস্ত্রলঙ্ঘনকারী দুর্য্যোধনকে সেইরূপ বলিয়া তখনই যে পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছিলেন, তাহার পর কি হইয়াছিল বল ॥১॥

বীর ও মহাধনুর্দ্ধর দ্রোণ রথে থাকিয়া বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচরণ করিতে লাগিলে, পাণ্ডবেরা কিভাবে তাঁহাকে বারণ করিয়াছিল? ॥২॥

দ্রোণাচার্য্য মহাযুদ্ধে বহু শত্রু সংহার করিতে লাগিলে, কাহারা তাঁহার দক্ষিণ চক্র রক্ষা করিতেছিল? কাহারাই বা বাম চক্র রাখিতেছিল? ॥৩॥

সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ ক্রোধে অগ্নির ন্যায় হইয়া নৃত্য করতই যেন রথপথে বিচরণ করিতে থাকিয়া কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইলেন?' ॥৪॥

(৩) ইতঃ পরং বহব এব পাঠভেদাঃ সন্তি। তত্র চ বঙ্গ বর্দ্ধ যথা—
কে চাস্য পৃষ্ঠতোঽন্বাসন্ বীরা বীরস্য যোধিনঃ। কে পুরস্তাদবর্ত্তন্ত রথিনস্তস্য শত্রবঃ ॥১॥
মন্যে তানস্পৃশচ্ছীতমতিবেলমনার্ত্তবম্। মন্যে তে সমবেপন্ত গাবো বৈ শিশিরে যথা। যৎ প্রাবিশন্মহেষ্বাসঃ পাঞ্চালানপরাজিতঃ ॥২॥
নৃত্যন্ স রথমার্গেষু সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ। নির্দ্দহন্ সর্ব্বসৈন্যানি পাঞ্চালানাং রথর্ষভঃ। ধূমকেতুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুমুপেয়িবান্ ॥৩॥

(৫)···সাত্যকিশ্চ মহেষ্বাসঃ···বঙ্গ বর্দ্ধ বা নি।

তথা যুধিষ্ঠিরস্তূর্ণং ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
পৃথক্ চমূভ্যাং সংযত্তৌ দ্রোণমেবাভ্যধাবতাম্ ॥৬॥
তথৈব নকুলো ধীমান্ সহদেবশ্চ দুর্জয়ঃ।
ধৃষ্টদ্যুম্নঃ সহানীকো বিরাটশ্চ সকৈকয়ঃ।
মৎস্যাঃ শাল্বেয়সেনাশ্চ দ্রোণমেব যযুর্যুধি ॥৭॥
দ্রুপদশ্চ তথা রাজা পাঞ্চালৈরভিরক্ষিতঃ।
ধৃষ্টদ্যুম্নপিতা রাজন্! দ্রোণমেবাভ্যবর্ত্তত ॥৮॥
দ্রৌপদেয়া মহেষ্বাসা রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
সসৈন্যাস্তেঽভ্যবর্ত্তন্ত দ্রোণমেব মহাদ্যুতিম্ ॥৯॥
প্রভদ্রকাশ্চ পাঞ্চালাঃ ষট্‌সাহস্রাঃ প্রহারিণঃ।
দ্রোণমেবাভ্যবর্ত্তন্ত পুরস্কৃত্য শিখণ্ডিনম্ ॥১০॥

ভারতকৌমুদী

সায়াহ্ন ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, পার্থোঽর্জ্জুনঃ ॥৫॥
তথেতি। পৃথগিতি বীপ্সা জ্ঞেয়া, চমূভ্যাং সহ, সংযত্তৌ সম্যগ্‌যত্নবন্তৌ সন্তৌ ॥৬॥
তথেতি। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকঃ, কৈকয়ৈঃ সহেতি সঃ। ষট্‌পাদঃ ॥৭॥
দ্রুপদ ইতি। দ্রুপদান্তরব্যাবৃত্ত্যর্থং ধৃষ্টদ্যুম্নপিতেতি বিশেষণম্ ॥৮॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৯॥
প্রেতি। প্রভদ্রকাঃ প্রভদ্রকবংশীয়াঃ। প্রহারিণো যোদ্ধারঃ ॥১০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাধনুর্দ্ধর অর্জ্জুন ও সাত্যকি জয়দ্রথকে বধ করিয়া সায়াহ্নে যুধিষ্ঠিরের সহিত মিলিত হইয়া পরে দ্রোণের দিকেই ধাবিত হইলেন ॥৫॥

এবং পাণ্ডুনন্দন যুধিষ্ঠির ও ভীমসেন যুদ্ধে যত্নবান্ হইয়া পৃথক্ পৃথক্ সৈন্য লইয়া দ্রোণের দিকেই চলিলেন ॥৬॥

বুদ্ধিমান্ নকুল, দুর্জয় সহদেব, সৈন্যগণের সহিত ধৃষ্টদ্যুম্ন, কৈকয়দিগের সহিত বিরাট এবং মৎস্য ও শাল্বদেশীয় সৈন্যেরা যুদ্ধে দ্রোণের দিকেই গমন করিতে লাগিলেন ॥৭॥

নরনাথ! ধৃষ্টদ্যুম্নের পিতা দ্রুপদরাজা পাঞ্চালদেশীয় সৈন্যগণে পরিরক্ষিত হইয়া দ্রোণের দিকেই চলিলেন ॥৮॥

মহাধনুর্দ্ধর দ্রৌপদীপুত্রগণ এবং রাক্ষস ঘটোৎকচ সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহাতেজা দ্রোণের দিকেই যাইতে থাকিলেন ॥৯॥

(৭)…ধৃষ্টদ্যুম্নঃ শতানীকো বিরাটশ্চ সকেকয়ঃ। মাৎস্যাঃ সাল্বাঃ সসেনাশ্চ…নি।

তথেতরে নরব্যাঘ্রাঃ পাণ্ডবানাং মহারথাঃ।
সহিতাঃ সম্ন্যবর্ত্তন্ত দ্রোণমেব দ্বিজর্ষভম্ ॥১১॥
তেষু শূরেষু যুদ্ধায় গতেষু ভরতর্ষভ !।
বভূব রজনী ঘোরা ভীরূণাং ভয়বর্দ্ধিনী ॥১২॥
যোধানামশিবা রৌদ্রা রাজন্নন্তকগামিনী।
কুঞ্জরাশ্বমনুষ্যাণাং প্রাণান্তকরণী তদা ॥১৩॥ (যুগ্মকম্)
তস্যাং রজন্যাং ঘোরায়াং নদন্ত্যঃ সর্বতঃ শিবাঃ।
ন্যবেদয়ন্ ভয়ং ঘোরং সজ্বালকবলৈর্মুখৈঃ ॥১৪॥
উলূকাশ্চাপ্যদৃশ্যন্ত শংসন্তো বিপুলং ভয়ম্।
বিশেষতঃ কৌরবাণাং ধ্বজিন্যামতিদারুণাঃ ॥১৫॥
ততঃ সৈন্যেষু রাজেন্দ্র ! শব্দঃ সমভবন্মহান্।
ভেরীশব্দেন মহতা মৃদঙ্গানাং স্বনেন চ ॥১৬॥

ভারতকৌমুদী

তথেতি। সম্ন্যবর্ত্তন্ত সম্যঙ্ নিতরাঞ্চাবর্ত্তন্ত, দ্রোণমেবোদ্দিশ্যেতি শেষঃ ॥১১॥

তেম্বিতি। গতেষু দ্রোণং প্রতি। অন্তকং যমং গময়তীতি সা ॥১২—১৩॥

তস্যামিতি। শিবাঃ শৃগালাঃ। জ্বালয়া অগ্নিশিখয়া সহেতি তে কবলা অভ্যন্তরাপি যেষাং তৈঃ ॥১৪॥

উলূকা ইতি। উলূকাঃ পেচকাঃ। শংসন্তঃ সূচয়ন্তঃ। ধ্বজিন্যাং সেনায়াম্ ॥১৫॥

পাঞ্চালদেশীয় প্রভদ্রকবংশীয় ষট্‌সহস্র যোদ্ধা শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া দ্রোণের দিকেই গমন করিতে থাকিলেন ॥১০॥

আর পাণ্ডবপক্ষের নরশ্রেষ্ঠ অপর মহারথেরাও মিলিত হইয়া ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণের দিকেই চলিলেন ॥১১॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! সেই বীরেরা যুদ্ধের জন্য গমন করিলে, ভীরুজনের ভয়বর্দ্ধিনী, যোদ্ধাদের অমঙ্গলকারিণী ও যমলোকপ্রেষিণী এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের প্রাণনাশিনী ভয়ঙ্কর রাত্রি তখন উপস্থিত হইল ॥১২—১৩॥

শৃগালগণ সেই ভয়ঙ্কর রাত্রিতে সকল দিকে রব করিতে থাকিয়া গুরুতর ভয়ের সূচনা করিতে লাগিল ; তৎকালে সেগুলির মুখের ভিতরে অগ্নির শিখা দেখা যাইতে থাকিল ॥১৪॥

মহাভয়সূচক অতিদারুণ পেচকসমূহও দেখা যাইতে লাগিল ; সেগুলি কৌরবসৈন্যের উপরেই অধিক পরিমাণে দৃষ্টিগোচর হইতে থাকিল ॥১৫॥

গজানাং বৃংহিতৈশ্চাপি তুরগাণাঞ্চ হেষিতৈঃ।
খুরশব্দনিপাতৈশ্চ তুমুলঃ সর্বতোঽভবৎ ॥১৭॥
ততঃ সমভবদ্‌যুদ্ধং সন্ধ্যায়ামতিদারুণম্।
দ্রোণস্য চ মহারাজ! সৃঞ্জয়ানাঞ্চ সর্ব্বশঃ ॥১৮॥
তমসা সংবৃতে লোকে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈন্যেন রজসা চৈব সমন্তাদুত্থিতেন চ ॥১৯॥
নরস্যাশ্বস্য নাগস্য সমসজ্জত শোণিতম্।
নাপশ্যাম রজো ভৌমং কশ্মলেনাভিসংবৃতাঃ ॥২০॥
রাত্রৌ বংশবনস্যেব দহ্যমানস্য পর্ব্বতে।
ঘোরশ্চটচটাশব্দঃ শস্ত্রাণাং পততামভূৎ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। উত্তরার্দ্ধং মহত্ত্বং প্রতি হেতুঃ ॥১৬॥
গজানামিতি। বৃংহিতহেষিতে গজাশ্বয়োঃ শব্দৌ তুমুলঃ স শব্দ ইত্যনুবৃত্তিঃ ॥১৭॥
তত ইতি। সর্ব্বশঃ সর্বপ্রকারম্ ॥১৮॥
তমসেতি। তমসা সন্ধ্যান্ধকারেণ। সৈন্যানামিদমিতি সৈন্যং তেন রজসা ধূল্যা ॥১৯॥
নরস্যেতি। নাগস্য গজস্য, সমসজ্জত মিলিতম্। কশ্মলেন মোহেন ॥২০॥

ভারতভাবদীপঃ

যদিতি ॥১—৩॥ ধূমকেতুঃ উৎপাতগ্রহোঽগ্নির্বা ॥৪—৯॥ প্রভদ্রকাঃ প্রভদ্রকনামানঃ ॥১০—১২॥ অশিবা বিনাশহেতুঃ ॥১৩॥ সজ্বালকবলৈঃ সস্ফুলিঙ্গব্যাদানৈঃ ॥১৪—১৬॥ খুরশব্দনিপাতৈঃ খুররবতাড়নৈঃ ॥১৭—১৯॥ সমসজ্জত ব্যামিশ্রমভবৎ ॥২০—২১॥ ঝর্ঝরী

রাজশ্রেষ্ঠ! তাহার পর উভয়সৈন্যমধ্যেই মহাকোলাহল উত্থিত হইল; তাহা আবার বিশাল ভেরীর শব্দে ও মৃদঙ্গধ্বনিতে বাড়িয়া উঠিল ॥১৬॥

ক্রমে হস্তিগণের বৃংহিতধ্বনি এবং অশ্বগণের হেষারব ও খুরপাতের শব্দে সে কোলাহল সকল দিকে আরও বৃদ্ধি পাইল ॥১৭॥

মহারাজ! তদনন্তর সেই সন্ধ্যাকালে দ্রোণ ও সৃঞ্জয়গণের সর্ব্বপ্রকার অতিদারুণ যুদ্ধ উপস্থিত হইল ॥১৮॥

তখন সন্ধ্যার অন্ধকার আসিয়া এবং সকল দিকে সৈন্যের ধূলি উঠিয়া সমস্ত লোককে আবৃত করায় কিছুই জানা গেল না ॥১৯॥

ক্রমে আমরা মোহে অভিভূত হইয়া পড়িলাম এবং মানুষ, ঘোড়া ও হাতীর রক্ত মিশিয়া গেল; তাহাতে ভূতলের ধূলি আর দেখা গেল না ॥২০॥

(১৯) তমসা চাবৃতে লোকে···উত্থিতেন হ—বা নি।

মৃদঙ্গানকনির্হ্রাদৈর্ঝর্ঝরীপটহৈস্তথা।
ফেৎকারৈর্হ্রেষিতৈঃ শব্দৈঃ সর্ব্বমেবাকুলং বভৌ ॥২২॥
নৈব স্বে ন পরে রাজন্নজ্ঞায়ন্ত তমোবৃতে।
উন্মত্তমিব তৎ সর্ব্বং বভূব রজনীমুখে ॥২৩॥
ভৌমং রজোঽথ রাজেন্দ্র! শোণিতেন প্রণাশিতম্।
শাতকুম্ভৈশ্চ কবচৈর্ভূষণৈশ্চ তমোঽভ্যগাৎ ॥২৪॥
ততঃ সা ভারতী সেনা মণিহেমবিভূষিতা।
দ্যৌরিবাসীৎ সনক্ষত্রা রজন্যাং ভরতর্ষভ! ॥২৫॥
গোমায়ুবলসংঘুষ্টা শক্তিধ্বজসমাকুলা।
বারণাভিরুতা ঘোরা ক্ষ্বেড়িতোৎক্রুষ্টনাদিতা ॥২৬॥

ভারতকৌমুদী

রাত্রাবিতি। রাত্রিপদং প্রকৃতবদন্ধকারেণান্যপদার্থাদৃশ্যত্বসূচনার্থম্ ॥২১॥
মৃদঙ্গেতি। ফেৎকারৈর্হ্রেষিতৈশ্চাশ্বানাম্ ॥২২॥
নেতি। স্বে স্বপক্ষীয়াঃ, পরে পরপক্ষীয়াশ্চ ॥২৩॥
ভৌমমিতি। প্রণাশিতম্ আর্দ্রীকৃতত্বাৎ। শাতকুম্ভৈঃ স্বর্ণময়ৈঃ ॥২৪॥
তত ইতি। ভারতী উভয়পক্ষীয়া। দ্যৌরাকাশম্ ॥২৫॥
গোমায়্বিতি। গোমায়বঃ শৃগালাঃ বলাঃ কাকাশ্চ তৈঃ সংঘুষ্টা শব্দিতা। বারণৈর্গজৈরভিরুতা বৃংহিতশব্দৈঃ শব্দিতা, ক্ষ্বেড়িতেন সিংহনাদেন উৎক্রুষ্টেন কোলাহলেন চ নাদিতা ॥২৬॥

রাত্রিতে পর্ব্বতের উপরে দাবানলে বাঁশবন দগ্ধ হইতে লাগিলে, যেমন ভয়ঙ্কর 'চট্ চট্' শব্দ হয়, সেইরূপ অস্ত্রগুলি পড়িবার সময়ে 'চট্ চট্' শব্দ হইতে লাগিল ॥২১॥

মৃদঙ্গ, আনক, ঝর্ঝরী ও পটহের শব্দে এবং অশ্বগণের ফেৎকার ও হেষারবে সমস্তই আকুল হইয়া পড়িল ॥২২॥

রাজা! সেই অন্ধকারাবৃত প্রদোষকালে স্বপক্ষ বা পরপক্ষ জানা গেল না, সমস্তই যেন উন্মত্ত হইয়া পড়িল ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে রক্তের প্রবাহ চলিয়া ভূতলের ধূলি নিবারণ করিল এবং স্বর্ণময় কবচ ও অলঙ্কারের দীপ্তিতে অন্ধকার দূর হইল ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর মণি ও স্বর্ণে বিভূষিত সেই উভয়সৈন্যই রাত্রিতে নক্ষত্রযুক্ত আকাশের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২৫॥

(২৩)···আজ্ঞায়ন্ত···বঙ্গ বৰ্দ্ধ,·· প্রাজ্ঞায়ন্ত·· বা নি। (২৪)···তমোঽধ্যগাৎ বঙ্গ বৰ্দ্ধ··· তমোঽনশৎ—নি।

তত্রাভবন্মহান্ শব্দস্তুমুলো লোমহর্ষণঃ।
সমাবৃণ্বন্ দিশঃ সর্ব্বা মহেন্দ্রাশনিনিস্বনঃ ॥২৭॥
সা নিশীথে মহারাজ! সেনাদৃশ্যত ভারতী।
অঙ্গদৈঃ কুণ্ডলৈর্নিষ্কৈঃ শস্ত্রৈশ্চৈবাবভাসিতা ॥২৮॥
তত্র নাগা রথাশ্চৈব জাম্বূনদবিভূষিতাঃ।
নিশায়াং প্রত্যদৃশ্যন্ত মেঘা ইব সবিদ্যুতঃ ॥২৯॥
ঋষ্টিশক্তিগদাবাণমুষলপ্রাসপট্টিশাঃ।
সম্পতন্তঃ স্ম দৃশ্যন্তে ভ্রাজমানা ইবাগ্নয়ঃ ॥৩০॥
দুর্য্যোধনপুরোবাতাং রথনাগবলাহকাম্।
বাদিত্রঘোষস্তনিতাং চাপবিদ্যুদ্ধ্বজৈর্ব্বৃতাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

তত্রেতি। সমাবৃণ্বন্ ব্যাপ্নুবন্। মহেন্দ্রাশনিনিস্বন ইন্দ্রবজ্রধ্বনিরিব ॥২৭॥

সেতি। নিশীথে রাত্রৌ, "নিশীথস্তু পুমানর্দ্ধরাত্রে স্যাদ্রাত্রিমাত্রকে" ইতি মেদিনী। ভারতী উভয়পক্ষীয়ৈব উভয়োরেব ভরতবংশীয়ত্বাৎ। নিষ্কৈর্বক্ষোভূষণৈঃ ॥২৮॥

তত্রেতি। নাগা গজাঃ। জাম্বূনদবিভূষিতাঃ স্বর্ণালঙ্কৃতাঃ ॥২৯॥

ঋষ্টীতি। ঋষ্টিপ্রভৃতয়স্তদানীন্তনা অস্ত্রবিশেষাঃ। ভ্রাজমানা দীপ্যমানাঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

সজ্ঝট্টিকাঃ। ফেংকার ইতি হ্রেষিতবিশেষণম্ ॥২২—২৫॥ ক্ষ্বেড়িতং বীরাণাং পরতর্জন-গর্জনং তেন উৎক্রুষ্টমতীবনাদিতা ॥২৬—২৭॥ নিশীথে নিশায়াম্ ॥২৮—৩০॥ রথনাগা

ক্রমে শৃগাল ও কাক ডাকিতে লাগিল, হস্তিগণ বৃংহিতধ্বনি করিতে থাকিল এবং বীরগণের সিংহনাদ ও কোলাহল চলিতে লাগিল; তাহাতে শক্তি ও ধ্বজ-পূর্ণা দুইটা সেনাই ভীষণ হইয়া পড়িল ॥২৬॥

তখন ইন্দ্রের বজ্রপাতের শব্দের ন্যায় বিশাল, তুমুল ও লোমহর্ষণ শব্দে সকল দিক্ ব্যাপ্ত হইয়া গেল ॥২৭॥

মহারাজ! কেয়ূর, কুণ্ডল, বক্ষোভূষণ এবং অস্ত্রদ্বারা প্রকাশিত হইতে-ছিল বলিয়া সেই দুইটা সেনাই রাত্রিতে দেখা যাইতেছিল ॥২৮॥

স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত হস্তী ও রথগুলি সেই রাত্রিতে বিদ্যুৎসমন্বিত মেঘ-সমূহের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২৯॥

ঋষ্টি, শক্তি, গদা, বাণ, মুষল, প্রাস ও পট্টিশগুলিকে দীপ্যমান অগ্নিশিখার ন্যায় পড়িতে দেখা গেল ॥৩০॥

(২৮)…শস্ত্রৈশ্চৈব বিভাসিতা—বঙ্গ বর্দ্ধ।

দ্রোণপাণ্ডবপর্জন্যাং খড়গশক্তিগদাশনিম্।
শরধারাম্বুপরমাং ভৃশং শীতোষ্ণসঙ্কুলাম্ ॥৩২॥
ঘোরাং বিস্মাপনীমুগ্রাং জীবিতচ্ছিদমপ্লবাম্।
তাং প্রাবিশন্নতিভয়াং সেনাং যুদ্ধচিকীর্ষবঃ ॥৩৩॥ (বিশেষকম্)
তস্মিন্ রাত্রিমুখে ঘোরে মহাশব্দনিনাদিতে।
ভীরূণাং ত্রাসজননে শূরাণাং হর্ষবর্দ্ধনে ॥৩৪॥
রাত্রিযুদ্ধে মহারাজ! বর্ত্তমানে সুদারুণে।
দ্রোণমভ্যদ্রবন্ ক্রুদ্ধাঃ সহিতাঃ পাণ্ডুসৃঞ্জয়াঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। যুদ্ধং কর্ত্তুমিচ্ছব ইতি যুদ্ধচিকীর্ষবঃ, দুর্য্যোধন এব পুরোবাতঃ অগ্রবর্ত্তী বায়ুর্যস্যাং তাম্, রথা নাগা গজাশ্চ বলাহকা মেঘা যস্যাং তাম্, বাদিত্রাণাং ঘোষাঃ শব্দা এব স্তনিতানি গর্জিতানি যস্যাং তাম্, চাপানি ধনূংষ্যেব বিদ্যুদ্ধ্বজা বিদ্যুদ্দণ্ডাস্তৈর্বৃতাং ব্যাপ্তাম্, দ্রোণপাণ্ডবা এব পর্জন্যা মেঘা যস্যাং তাম্, খড়্গশক্তিগদা এব অশনয়ো বজ্রা যস্যাং তাম্, শরধারা এবাম্বূনি বৃষ্টিধারাস্তৈঃ পরমাং মহতীম্, ভৃশং শীতোষ্ণাভ্যাং সঙ্কুলাং ব্যাপ্তাম্, ঘোরাং মহতীম্, বিস্মাপনীং বিস্ময়জনিকাম্, উগ্রাং ভীষণাম্, জীবিতচ্ছিদং জীবননাশিনীম্, অপ্লবাং প্লবণিরহিতাম্, অতিভয়াম্ অতিভয়ঙ্করীম, তাং বর্ষানিশারূপাম্, সেনাং প্রাবিশন্। অত্র দুর্য্যোধনাদৌ পুরোবাতত্বাদ্যারোপঃ শাব্দঃ সেনায়াং বর্ষানিশাত্বারোপস্তু আর্থ ইত্যেকদেশ-বিবর্ত্তিরূপকমলঙ্কারঃ ॥৩১—৩৩॥

ভারতভাবদীপঃ

বলাহকা যস্যাম্। চাপবিদ্যুদ্ধ্বজৈর্ধনুর্ধ্বজবিদ্যুদ্ভিঃ ॥৩১॥ শর এব ধারাঃ অম্বূন্যেব চ পবনো যস্যাং শরধারাম্বুপবনপদাভ্যাং ভৃশমত্যর্থং শীতৈর্মৃদুভিরুষ্ণৈঃ প্রশান্তৈশ্চ সঙ্কুলাং ব্যাপ্তাম্ ॥৩২—৩৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৪॥

বিশাল ও অতিভীষণ সেই দুইটা সেনাই বর্ষাকালের রাত্রিস্বরূপ হইয়াছিল; দুর্য্যোধন ছিলেন তাহার অগ্রবর্ত্তী বায়ু, রথ ও হস্তী সকল ছিল মেঘস্বরূপ, বাদ্যের শব্দ ছিল মেঘের গর্জন, ধনুগুলি ছিল বিদ্যুৎ, দ্রোণ ও পাণ্ডবগণ ছিলেন মেঘ, খড়্গ, শক্তি ও গদা ছিল বজ্র এবং শরধারা ছিল বৃষ্টিধারা; তখন বিশেষ শীত ও গরম প্রকাশ পাইতেছিল, তাহা বিস্ময় জন্মাইতেছিল, জীবন নষ্ট করিতেছিল, আর তাহা পার করিবার কেহ ছিল না। উভয়পক্ষের যুদ্ধার্থীরাই তাহার মধ্যে প্রবেশ করিতে লাগিলেন ॥৩১—৩২॥

(৩২)…শরধারাস্ত্রপবনাম্… বা,…শরধারাস্ত্রপবনাং শস্ত্রপাতোষ্মসঙ্কুলাম্—নি। (৩৩)…নদীং যুদ্ধচিকীর্ষবঃ—নি।

যে যে প্রমুখতো রাজন্নবর্ত্তন্ত মহাত্মনঃ।
তান্ সর্ব্বান্ বিমুখাংশ্চক্রে কাংশ্চিন্নিন্যে যমক্ষয়ম্ ॥৩৬॥
তানি নাগসহস্রাণি রথানামযুতানি চ।
পদাতিহয়সংঘানাং প্রযুতান্যর্ব্বুদানি চ।
দ্রোণেনৈকেন নারাচৈর্নির্ভিন্নানি নিশামুখে ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দ্রোণযুদ্ধে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—o*o—

পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—(ঃ*ঃ)—

ধৃতরাষ্ট্র উবাচ।
তস্মিন্ প্রবিষ্টে দুর্দ্ধর্ষে সৃঞ্জয়ানমিতৌজসি।
অমৃষ্যমাণে সংরব্ধে কা বোঽভূদ্বৈ মতিস্তদা ॥১॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। রাত্রিমুখে সন্ধ্যাকালে। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥৩৪—৩৫॥

য ইতি। প্রমুখতঃ সম্মুখে। মহাত্মনো দ্রোণস্য। নিন্যে দ্রোণঃ ॥৩৬॥

তানীতি। নাগানাং গজানাং সহস্রাণি। প্রযুতানি নিযুতানি। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! মহাশব্দনিনাদিত সেই ভয়ঙ্কর সন্ধ্যাকালে ভীরুজনের ভয়-জনক এবং বীরজনের আনন্দবর্দ্ধক অতিদারুণ রাত্রিযুদ্ধ উপস্থিত হইলে, পাণ্ডব ও সৃঞ্জয়েরা সম্মিলিত ও ক্রুদ্ধ হইয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩৪—৩৫॥

রাজা! তখন মহাত্মা দ্রোণের সম্মুখে যে যে উপস্থিত হইতে লাগিল, দ্রোণ তাহাদের সকলকেই বিমুখ করিতে লাগিলেন এবং কতকগুলিকে যমালয়ে পাঠাইলেন ॥৩৬॥

সেই প্রদোষকালে সহস্র সহস্র হস্তী, অযুত অযুত রথী, বহুনিযুত পদাতি এবং বহু অর্ব্বুদ অশ্বকে এক দ্রোণই নারাচদ্বারা বিদীর্ণ করিলেন' ॥৩৭॥

(৩৬)…আবর্ত্তন্ত মহারথাঃ…বা নি। * '…দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '…পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

দুর্য্যোধনং তথা পুত্রমুক্ত্বা শাস্ত্রাতিগং মম।
যৎ প্রাবিশদমেয়াত্মা কিং পার্থঃ প্রত্যপদ্যত ॥২॥
নিহতে সৈন্ধবে বীরে ভূরিশ্রবসি চৈব হি।
যদভ্যগান্মহাতেজাঃ পাঞ্চালানপরাজিতঃ ॥৩॥
কিমমন্যত দুর্দ্ধর্ষে প্রবিষ্টে শত্রুতাপনে।
দুর্য্যোধনস্তু কিং কৃত্যং প্রাপ্তকালমমন্যত ॥৪॥
কে চ তং বরদং বীরমন্বয়ুর্দ্বিজসত্তমম্।
কে বাঽস্য পৃষ্ঠতোঽগচ্ছন্ বীরাঃ শূরস্য যুধ্যতঃ।
কে পুরস্তাদবর্ত্তন্ত নিঘ্নতঃ শাত্রবান্ রণে ॥৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অমৃষ্যমাণে বিপক্ষাগমনমসহমানে, সংরব্ধে ক্রুদ্ধে, কা কীদৃশী ॥১॥

দুর্য্যোধনমিতি। তথা "রাজন্! ক্রূয়াঃ সুতং মে ত্বম্" ইত্যাদিপ্রাগুক্তরূপেণ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তির্দ্রোণঃ। তত্র পার্থঃ অর্জ্জুনঃ, প্রকরণাদ্যভাবে পার্থশব্দেনার্জ্জুনস্যৈবাভিধানাৎ ॥২॥

নিহত ইতি। সৈন্ধবে জয়দ্রথে। যদভ্যগাৎ, তত্রাপি পার্থঃ কিং প্রত্যপদ্যতেত্যনুবৃত্তিঃ ॥৩॥

কিমিতি। অমন্যত পার্থ এব, দুর্দ্ধর্ষে দ্রোণে। প্রাপ্তকালং কালোচিতম্ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অমিততেজা ও দুর্দ্ধর্ষ দ্রোণ বিপক্ষের আগমন সহ্য না করিয়া ক্রুদ্ধ হইয়া সৃঞ্জয়সৈন্যমধ্যে প্রবেশ করিলে, তখন তোমাদের মনের বৃত্তি কিরূপ হইয়াছিল? ॥১॥

অজ্ঞেয়শক্তি দ্রোণ শাস্ত্রলঙ্ঘনকারী আমার পুত্র দুর্য্যোধনকে সেইরূপ বলিয়া যখন বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিলেন, তখন অর্জ্জুন কি করিল? ॥২॥

জয়দ্রথ ও বীর ভূরিশ্রবা নিহত হইলে, মহাতেজা ও অপরাজিত দ্রোণ যখন পাঞ্চাল সৈন্যমধ্যে গমন করিলেন, তখনই বা অর্জ্জুন কি করিল? ॥৩॥

দুর্দ্ধর্ষ ও শত্রুতাপন দ্রোণ প্রবেশ করিলে, অর্জ্জুন কি মনে করিয়াছিল? এবং দুর্য্যোধনই বা কোন কার্য্যকে তৎকালোচিত বলিয়া ধারণা করিয়াছিল? ॥৪॥

কাহারা সেই বরদাতা, বীর ও ব্রাহ্মণশ্রেষ্ঠের সঙ্গে গিয়াছিল? কোন্ বীরেরাই বা সেই যুধ্যমান বীরের অনুগমন করিয়াছিলেন? এবং তিনি শত্রুসংহার করিতে থাকিলে, কাহারা তাঁহার অগ্রবর্ত্তী ছিল? ॥৫॥

(৩)···যদভ্যায়ান্মহাতেজাঃ···পি।

মন্যেঽহং পাণ্ডবান্ সর্ব্বান্ ভারদ্বাজশরার্দ্দিতান্।
শিশিরে কম্পমানা বৈ কৃশা গাব ইব প্রভো ! ॥৬॥
প্রবিশ্য স মহেষ্বাসঃ পাঞ্চালানরিমর্দ্দনঃ।
কথং নু পুরুষব্যাঘ্রঃ পঞ্চত্বমুপজগ্মিবান্ ॥৭॥
সর্বেষু যোধেষু চ সঙ্গতেষু রাত্রৌ সমেতেষু মহারথেষু।
সংলোড্যমানেষু পৃথগ্বলেষু কে বস্তদানীং মতিমন্ত আসন্ ॥৮॥
হতাংশ্চৈব বিষক্তাংশ্চ পরাভূতাংশ্চ শংসসি।
রথিনো বিরথাংশ্চৈব কৃতান্ যুদ্ধেষু মামকান্ ॥৯॥
তেষাং সংলোড্যমানানাং পাণ্ডবৈর্হতচেতসাম্।
অন্ধে তমসি মগ্নানামভবৎ কা মতিস্তদা ॥১০॥

ভারতকৌমুদী

ক ইতি। অন্বযুঃ সহাগচ্ছন্। যুধ্যতো যুধ্যমানস্য। পুরস্তাদগ্রে। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫॥
মন্য ইতি। ভারদ্বাজস্য দ্রোণস্য শরৈরর্দ্দিতান্। গাবো গাঃ ॥৬॥
প্রবিশ্যেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। পঞ্চত্বং মৃত্যুম্, উপজগ্মিবান্ প্রাপ্তবান্ ॥৭॥
সর্বেষ্বিতি। সঙ্গতেষু মিলিতেষু। বো যুষ্মাকং মধ্যে, মতিমন্তঃ স্থিরবুদ্ধয়ঃ ॥৮॥
হতানিতি। বিষক্তান্ ভূতললগ্নান্, শংসসি জয়দ্রথবধাৎ পরং ব্রবীষি ॥৯॥
তেষামিতি। অন্ধে অন্ধঙ্করণে, তমসি অন্ধকারে, কা কীদৃশী ॥১০॥

প্রভাবশালী সঞ্জয় ! আমি মনে করি—পাণ্ডবেরা সকলেই দ্রোণের বাণে পীড়িত হইয়া শীতে কৃশ গরুর ন্যায় কাঁপিতেছিল ॥৬॥

মহাধনুর্দ্ধর, শত্রুমর্দ্দন ও পুরুষশ্রেষ্ঠ দ্রোণ পাঞ্চালসৈন্যমধ্যে প্রবেশ করিয়া কি প্রকারে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন ? ॥৭॥

সঞ্জয় ! সেই রাত্রিকালে সমস্ত যোদ্ধা আসিয়া মিলিত হইলে, মহারথেরা আগমন করিলে এবং সৈন্যেরা পৃথক্ পৃথক্ ভাবে আলোড়িত হইতে থাকিলে, তখন তোমাদের মধ্যে কাহাদের বুদ্ধি স্থির ছিল ? ॥৮॥

সঞ্জয় ! তুমি বলিয়াছ—পাণ্ডবেরা যুদ্ধে আমার পক্ষের রথীদিগকে হত, পতিত, পরাভূত এবং রথশূন্য করিয়াছিল ॥৯॥

একে তোমরা গাঢ় অন্ধকারে মগ্ন ছিলে, তাহাতে আবার পাণ্ডবেরা তোমাদিগকে আলোড়ন করিতেছিল। সুতরাং তখন তোমরা প্রায় চৈতন্য হারাইয়াছিলে। অতএব সে সময়ে তোমাদের কিরূপ মনের বৃত্তি হইয়াছিল ? ॥১০॥

প্রহৃষ্টাংশ্চৈবোদগ্রাংশ্চ সন্তুষ্টাংশ্চৈব পাণ্ডবান্।
শংসসীহাপ্রহৃষ্টাংশ্চ বিত্রস্তাংশ্চৈব মামকান্ ॥১১॥
কথমেষাং তদা তত্র পার্থানামপলায়িনাম্।
প্রকাশমগমদ্রাত্রৌ কথং কুরুষু সঞ্জয়! ॥১২॥

সঞ্জয় উবাচ।

রাত্রিযুদ্ধে তদা রাজন্! বর্ত্তমানে সুদারুণে।
দ্রোণমভ্যদ্রবন্ সর্ব্বে পাণ্ডবাঃ সহ সোমকৈঃ ॥১৩॥
ততো দ্রোণঃ কেকয়াংশ্চ ধৃষ্টদ্যুম্নস্য চাত্মজান্।
সংপ্রৈষয়ৎ প্রেতলোকং সর্ব্বানিষুভিরাশুগৈঃ ॥১৪॥
তস্য প্রমুখতো রাজন্! যেঽবর্ত্তন্ত মহারথাঃ।
তান্ সর্ব্বান্ প্রেষয়ামাস পিতৃলোকং স ভারত! ॥১৫॥

ভারতকৌমুদী

প্রহৃষ্টানিতি। উদগ্রান্ গর্বোদ্ধতান্। শংসসি বদসি ॥১১॥
কথমিতি। পার্থানাং গণঃ। কুরুষু চ কথং প্রকাশোঽভবদিতি শেষঃ ॥১২॥
রাত্রীতি। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥১৩॥
তত ইতি। ইষুভির্বাণৈঃ, আশুগৈঃ শীঘ্রগামিভিঃ ॥১৪॥
তস্যেতি। প্রমুখতঃ সম্মুখে। পিতৃলোকং যমলোকম্ ॥১৫॥

তুমি বলিতেছ—পাণ্ডবেরা প্রহৃষ্ট, গর্বিত ও সন্তুষ্ট ছিল; আর আমার পক্ষের যোদ্ধারা বিষণ্ণ ও বিত্রস্ত হইয়া পড়িয়াছিলেন ॥১১॥

সে যাহা হউক, সঞ্জয়! সেই রাত্রিকালে অপলায়ী পাণ্ডবেরা ও কৌরবেরা কি প্রকারে আলোক পাইয়াছিলেন?' ॥১২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! অতিদারুণ সেই রাত্রিযুদ্ধ চলিতে লাগিলে, পাণ্ডবেরা সকলে সোমকগণের সহিত মিলিত হইয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥১৩॥

তাহার পর দ্রোণ দ্রুতগামী বাণসমূহদ্বারা সমস্ত কেকয়গণকে এবং ধৃষ্টদ্যুম্নের পুত্রদিগকে যমলোকে প্রেরণ করিলেন ॥১৪॥

ভরতনন্দন রাজা! তখন যে যে মহারথ আসিয়া দ্রোণের সম্মুখে উপস্থিত হইতে লাগিলেন, দ্রোণ তাঁহাদের সকলকেই যমালয়ে পাঠাইতে থাকিলেন ॥১৫॥

(১১)···বিভ্রষ্টাংশ্চৈব মামকান্—বা নি। (১২)···প্রকাশমভবদ্রাত্রৌ···বঙ্গ বর্দ্ধ বা নি।

প্রমথ্নন্তং তদা বীরান্ ভারদ্বাজং মহারথম্।
অভ্যবর্ত্তত সংক্রুদ্ধঃ শিবী রাজন্! প্রতাপবান্ ॥১৬॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য পাণ্ডবানাং মহারথম্।
বিব্যাধ দশভির্বাণৈঃ সর্ব্বপারশবৈঃ শিতৈঃ ॥১৭॥
তং শিবিঃ প্রতিবিব্যাধ ত্রিংশতা নিশিতৈঃ শরৈঃ।
সারথিঞ্চাস্য ভল্লেন স্ময়মানো ন্যপাতয়ৎ ॥১৮॥
তস্য দ্রোণো হয়ান্ হত্বা সারথিঞ্চ মহাত্মনঃ।
অথাস্য সশিরস্ত্রাণং শিরঃ কায়াদপাহরৎ ॥১৯॥
ততোঽস্য সারথিং ক্ষিপ্রমন্যং দুর্য্যোধনোঽদিশৎ।
স তেন সংগৃহীতাশ্বঃ পুনরভ্যদ্রবদ্রিপূন্ ॥২০॥
কলিঙ্গানামনীকেন কালিঙ্গস্য সুতো রণে।
পূর্ব্বং পিতৃবধাৎ ক্রুদ্ধো ভীমসেনমুপাদ্রবৎ ॥২১॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রমথ্নন্তমালোড়য়ন্তম্। ভারদ্বাজং দ্রোণম্ ॥১৬॥

তমিতি। সর্বেষ্বেবাবয়বেষু পারশবৈর্লৌহময়ৈঃ, শিতৈঃ সুধারৈঃ ॥১৭॥

তমিতি। স্ময়মান ঈষদ্ধসন্ ॥১৮॥

তস্যেতি। শিরস্ত্রাণেন লৌহময়েন শিরোরক্ষকাবরণেন সহেতি তৎ ॥১৯॥

তত ইতি। অস্য দ্রোণস্য। অদিশদ্গন্তুমাদিশৎ। সংগৃহীতা অশ্বা যেন সঃ ॥২০॥

রাজা! সেই সময়ে মহারথ দ্রোণ বীরগণকে আলোড়ন করিতে লাগিলে, প্রতাপশালী শিবি ক্রুদ্ধ হইয়া দ্রোণের সম্মুখে উপস্থিত হইলেন ॥১৬॥

পাণ্ডবপক্ষের মহারথ শিবিকে আগত দেখিয়া দ্রোণ লৌহময় সুধার দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৭॥

তখন শিবি ঈষৎ হাস্য করিয়া ত্রিশটা সুধার বাণদ্বারা দ্রোণকে প্রতিবিদ্ধ করিলেন এবং একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে নিপাতিত করিলেন ॥১৮॥

তদনন্তর দ্রোণ মহাত্মা শিবির অশ্ব ও সারথিকে বধ করিয়া শিরস্ত্রাণের সহিত তাঁহার মস্তকটীকে দেহ হইতে হরণ করিলেন ॥১৯॥

তাহার পর দুর্য্যোধন সত্বর অন্য সারথিকে দ্রোণের রথে যাইবার আদেশ করিলেন; তখন সেই সারথি যাইয়া দ্রোণের অশ্বগুলিকে ধরিল; পরে দ্রোণ আবার শত্রুপক্ষের দিকে ধাবিত হইলেন ॥২০॥

(১৬)···শিবী রাজা প্রতাপবান্—নি। (২১)···কলিঙ্গস্য সুতো যুবা···পি,···কলিঙ্গস্য সুতো রণে··· বঙ্গ বৰ্দ্ধ।

স ভীমং পঞ্চভির্বিদ্ধা পুনর্বিব্যাধ সপ্তভিঃ।
বিশোকং ত্রিভিরানচ্ছ´ দ্ধজমেকেন পত্রিণা ॥২২॥
কলিঙ্গানান্তু তং শূরং ক্রুদ্ধং ক্রুদ্ধো বৃকোদরঃ।
রথাদ্রথমভিদ্রুত্য মুষ্টিনা নিজঘান হ ॥২৩॥
তস্য মুষ্টিহতস্যাজৌ পাণ্ডবেন বলীয়সা।
সর্ব্বাণ্যস্থীনি সহসা প্রাপতন্ বৈ পৃথক্ পৃথক্ ॥২৪॥
তং কর্ণো ভ্রাতরশ্চাস্য নামৃষ্যন্ত পরন্তপ !।
তে ভীমসেনং নারাচৈর্জঘ্নুরাশীবিষোপমৈঃ ॥২৫॥
ততঃ শক্ররথং ত্যক্ত্বা ভীমো ধ্রুবরথং গতঃ।
ধ্রুবঞ্চাস্যন্তমনিশং মুষ্টিনা সমপোথয়ৎ।
স তথা পাণ্ডুপুত্রেণ বলিনাভিহতোঽপতৎ ॥২৬॥

ভারতকৌমুদী

কলিঙ্গানামিতি। অনীকেন সৈন্যেন, কালিঙ্গস্য কলিঙ্গরাজস্য ॥২১॥
স ইতি। বিশোকং নাম ভীমস্য সারথিম্, আনর্চ্ছদপীড়য়ৎ। পত্রিণা বাণেন ॥২২॥
কলিঙ্গানামিতি। রথাৎ স্বকীয়াৎ, রথং কলিঙ্গস্য, অভিদ্রুত্য উৎপত্য ॥২৩॥
তস্যেতি। পাণ্ডবেন ভীমেন। প্রাপতন্ অভজ্যন্ত ॥২৪॥
তমিতি। অস্য কর্ণস্য, নামৃষ্যন্ত নাসহন্ত। জঘ্নুঃ প্রজহ্রুঃ ॥২৫॥

এদিকে কলিঙ্গরাজের পুত্র পিতৃবধনিবন্ধন পূর্ব্বেই ভীমের উপরে ক্রুদ্ধ ছিলেন; সুতরাং তিনি কলিঙ্গসৈন্য লইয়া ভীমের দিকে চলিলেন ॥২১॥

ক্রমে তিনি পাঁচটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং তিনটা বাণদ্বারা ভীমের সারথি বিশোককে, আর একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে তাড়ন করিলেন ॥২২॥

তখন ভীমসেন ক্রুদ্ধ হইয়া আপন রথ হইতে কলিঙ্গরাজপুত্রের রথে লাফাইয়া পড়িয়া মুষ্টিদ্বারা বীর ও ক্রুদ্ধ কলিঙ্গরাজপুত্রকে আঘাত করিলেন ॥২৩॥

বলবান্ ভীমসেন মুষ্টিদ্বারা আঘাত করিলে, তৎক্ষণাৎ কলিঙ্গরাজপুত্রের সমস্ত অস্থি পৃথক্ পৃথক্ ভাবে ভগ্ন হইয়া গেল ॥২৪॥

পরন্তপ রাজা! তখন কর্ণ ও কর্ণের ভ্রাতারা ভীমসেনকে সহ্য করিলেন না। তাঁহারা সর্পতুল্য নারাচসমূহদ্বারা ভীমসেনকে আঘাত করিলেন ॥২৫॥

(২৩)···রথাদ্রথমভিপ্লুত্য···পি,·· মুষ্টিনাভিজঘান হ—বা নি। (২৬)·· ক্রমরথম্·· ক্রমঞ্চ নি।

তং নিহত্য মহারাজ! ভীমসেনো মহাবলঃ।
জয়রাতরথং প্রাপ্য মুহুঃ সিংহ ইবানদৎ ॥২৭॥
জয়রাতমথাক্ষিপ্য নদন্ সব্যেন পাণিনা।
তলেন নাশয়ামাস কর্ণস্যৈবাগ্রতঃ স্থিতম্ ॥২৮॥
কর্ণস্তু পাণ্ডবে শক্তিং কাঞ্চনীং সমবাসৃজৎ।
ততস্তামেব জগ্রাহ প্রহসন্ পাণ্ডুনন্দনঃ ॥২৯॥
কর্ণায় চৈব দুৰ্দ্ধর্ষশ্চিক্ষেপাজৌ বৃকোদরঃ।
তামাপতন্তীং চিচ্ছেদ শকুনিস্তৈলপায়িনা ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্ররথং কলিঙ্গরথম্, ধ্রুবো নাম কশ্চিদ্বীরস্তস্য রথম্। অস্যন্তং ভীমং প্রত্যেব বাণান্ ক্ষিপন্তম্। সমপোথয়ৎ প্রাহরৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

তমিতি। জয়রাতোঽপি কৌরবপক্ষীয়ঃ কশ্চিদ্বীরস্তস্য রথম্, প্রাপ্যোৎপত্য ॥২৭॥

জয়েতি। আক্ষিপ্য আকৃষ্য, সব্যেন বামেন। তলেন দক্ষিণচপেটেন ॥২৮॥

কর্ণ ইতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেয়মিতি কাঞ্চনী তাম্। অনণ্বাদীপ্রত্যয়ঃ ॥২৯॥

কর্ণায়েতি। চিক্ষেপ তামেব শক্তিমিতি শেষঃ। তৈলপায়িনা তৈলাক্তেন শরেণ ॥৩০॥

তদনন্তর ভীমসেন কলিঙ্গরাজপুত্রের রথ হইতে ধ্রুবের রথে গমন করিলেন; তখন ধ্রুব অনবরত বাণক্ষেপ করিতে লাগিলে, ভীম তাঁহাকেও মুষ্টিদ্বারা আঘাত করিলেন; বলবান্ ভীম সেইভাবে আঘাত করিলে, ধ্রুব রথ হইতে পড়িয়া গেলেন ॥২৬॥

মহারাজ! মহাবল ভীমসেন ধ্রুবকে বধ করিয়া জয়রাতের রথে যাইয়া বার বার সিংহের ন্যায় গর্জন করিলেন ॥২৭॥

তৎপরে ভীমসেন গর্জন করিতে থাকিয়া বামহস্তদ্বারা জয়রাতকে আকর্ষণ করিয়া দক্ষিণহস্তের চপেটাঘাতে কর্ণের সম্মুখেই জয়রাতকে বিনাশ করিলেন ॥২৮॥

কর্ণ তখন ভীমের উপরে একটা স্বর্ণময়ী শক্তি নিক্ষেপ করিলেন; তৎপরে ভীম হাসিতে হাসিতেই সেইটাকে ধরিয়া ফেলিলেন ॥২৯॥

এবং দুৰ্দ্ধর্ষ ভীমসেন সেই শক্তিটাকেই আবার কর্ণের উপরে নিক্ষেপ করিলেন; সেই শক্তিটা আসিতে লাগিলে, শকুনি একটা তৈলাক্ত বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥৩০॥

এতৎ কৃত্বা মহৎ কর্ম্ম রণেঽদ্ভুতপরাক্রমঃ।
পুনঃ স্বরথমাস্থায় দুদ্রাব তব বাহিনীম্ ॥৩১॥
তমায়ান্তং জিঘাংসন্তং ভীমং ক্রুদ্ধমিবান্তকম্।
ন্যবারয়ন্ মহাবাহুং তব পুত্রা বিশাংপতে!।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ন্তো মহারথাঃ ॥৩২॥
দুর্ম্মদস্য ততো ভীমঃ প্রহসন্নিব সংযুগে।
সারথিঞ্চ হয়াংশ্চৈব শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥৩৩॥
দুর্ম্মদস্তু ততো যানং দুষ্কর্ণস্যাবপুপ্লুবে।
তাবেকরথমারূঢ়ৌ ভ্রাতরৌ পরতাপনৌ ॥৩৪॥
সংগ্রামশিরসো মধ্যে ভীমং দ্বাবপ্যধাবতাম্।
যথাম্বুপতিমিত্রৌ হি তারকং দৈত্যসত্তমম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
ততস্তু দুর্ম্মদশ্চৈব দুষ্কর্ণশ্চ তবাত্মজৌ।
রথমেকং সমারুহ্য ভীমং বাণৈরবিধ্যতাম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

এতদিতি। অদ্ভুতপরাক্রমো বৃকোদর ইত্যনুবৃত্তিঃ। দুদ্রাব দধাব ॥৩১॥
তমিতি। জিঘাংসন্তং হন্তুমিচ্ছন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥
দুর্ম্মদস্যেতি। সংযুগে যুদ্ধে। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥৩৩॥
দুর্ম্মদ ইতি। যানং রথম্, অবপুপ্লুবে অবপ্লুত্যারুরোহ। অম্বুপতির্বরুণঃ ॥৩৪—৩৫॥
তত ইতি। অবিধ্যতামতাড়য়তাম্ ॥৩৬॥

রাজা! অদ্ভুতপরাক্রমশালী ভীমসেন এই মহৎ কার্য্য করিয়া পুনরায় যাইয়া আপন রথে উঠিয়া আপনার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৩১॥

নরনাথ! ভীমসেন ক্রুদ্ধ হইয়া যমের ন্যায় বধ করিবার ইচ্ছায় আসিতে লাগিলে, আপনার মহারথ পুত্রেরা বিশাল বাণবর্ষণ করিয়া আবৃত করতঃ মহাবাহু ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩২॥

তদনন্তর ভীমসেন হাস্য করতই যেন বাণদ্বারা দুর্ম্মদের সারথি ও অশ্বগুলিকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৩৩॥

তাহার পর দুর্ম্মদ যাইয়া লম্ফপ্রদানপূর্ব্বক দুষ্কর্ণের রথে আরোহণ করিলেন। ক্রমে পূর্ব্বকালে বরুণ ও মিত্র যেমন দৈত্যশ্রেষ্ঠ তারকের দিকে ধাবিত হইয়াছিলেন, সেইরূপ একরথারূঢ় শত্রুতাপন দুর্ম্মদ ও দুষ্কর্ণ দুই ভ্রাতা রণস্থলে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩৪—৩৫॥

(৩১) এতৎ কৃত্বা রণে কর্ম্ম···বঙ্গ বর্দ্ধ। (৩৪)···দুষ্কর্ণস্যাবচক্রমে···নি।

ততঃ কর্ণস্য মিষতো দ্রৌণের্দুর্য্যোধনস্য চ।
কৃপস্য সোমদত্তস্য বাহ্লীকস্য চ পাণ্ডবঃ ॥৩৭॥
দুর্ম্মদস্য চ বীরস্য দুষ্কর্ণস্য চ তং রথম্।
পাদপ্রহারেণ ধরাং প্রাবেশয়দরিন্দমঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
ততঃ সুতৌ তে বলিনৌ শূরৌ দুষ্কর্ণদুর্ম্মদৌ।
মুষ্টিনাহত্য সংক্রুদ্ধো মমর্দ্দ চ ননাদ চ ॥৩৯॥
ততো হাহাকৃতে সৈন্যে দৃষ্ট্বা ভীমং নৃপাব্রুবন্।
রুদ্রোঽয়ং ভীমরূপেণ ধার্ত্তরাষ্ট্রেষু যুধ্যতি ॥৪০॥
এবমুক্ত্বা পলায়ন্ত সর্ব্বে ভারত! পার্থিবাঃ।
বিসংজ্ঞা বাহয়ন্ বাহান্ ন চ দ্বৌ সহ ধাবতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তত ইতি। মিষতঃ পশ্যতঃ, দ্রৌণেরশ্বত্থাম্নঃ। ধরাং ভূমিম্ ।৩৭—৩৮॥

তত ইতি। সংক্রুদ্ধো ভীমঃ ॥৩৯॥

তত ইতি। নৃপাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। যুধ্যতি যুধ্যতে ॥৪০॥

এবমিতি। বিসংজ্ঞা ভয়েনাচেতনপ্রায়াঃ, বাহয়ন্ বাহয়ন্তঃ, বাহান্ বাহনানি ॥৪১॥

মহারাজ! তদনন্তর আপনার পুত্র দুর্ম্মদ ও দুষ্কর্ণ একরথে আরোহণ করিয়া বাণদ্বারা ভীমকে তাড়ন করিতে লাগিলেন ॥৩৬॥

তৎপরে কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন, কৃপ, সোমদত্ত ও বাহ্লীকের সমক্ষেই শত্রুদমনকারী ভীমসেন পদাঘাত করিয়া বীর দুর্ম্মদ ও দুষ্কর্ণের সেই রথখানাকে কিয়ৎপরিমাণে ভূমিতে প্রবেশ করাইয়া দিলেন ॥৩৭—৩৮॥

তাহার পর অত্যন্তক্রুদ্ধ ভীমসেন বলবান্ ও বীর আপনার পুত্র দুষ্কর্ণ ও দুর্ম্মদকে মুষ্টিপ্রহার করিয়া মর্দ্দন করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩৯॥

তদনন্তর সৈন্যেরা হাহাকার করিতে লাগিলে, রাজারা ভীমকে দেখিয়া বলিতে লাগিলেন—'এই রুদ্র ভীমরূপে ধার্ত্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিতে-ছেন' ॥৪০॥

ভরতনন্দন! রাজারা সকলে এইরূপ বলিয়া ভয়ে অচেতনপ্রায় হইয়া বেগে বাহনগুলিকে চালাইতে থাকিয়া পলায়ন করিতে লাগিলেন; কিন্তু দুই জন এক সঙ্গে ধাবিত হইলেন না ॥৪১॥

(৩৯)···মমর্দ্দ চ ননর্দ্দ চ—বা,·· মমর্দ্দ চরণেন হ—নি। (৪১) এবমুক্ত্বা পলায়ন্তে··· পি বা নি।

ততো বলে ভৃশলুলিতে নিশামুখে সুপূজিতো নৃপবৃষভৈর্ব্বৃকোদরঃ।
মহাবলঃ কমলবিবুদ্ধলোচনো যুধিষ্ঠিরং নৃপতিমপূজয়দ্বলী ॥৪২॥
ততো যমৌ দ্রুপদবিরাটকেকয়া যুধিষ্ঠিরশ্চাপি পরাং মুদং যযুঃ।
বৃকোদরং ভৃশমভিপূজয়ংশ্চ তে যথান্ধকে প্রতিনিহতে হরং সুরাঃ ॥৪৩॥
ততঃ সুতাস্তব বরুণাত্মজোপমা রুষান্বিতাঃ সহ গুরুণা মহাত্মনা।
বৃকোদরং সরথপদাতিকুঞ্জরা যুযুৎসবো ভৃশমভিপর্য্যবারয়ন্ ॥৪৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো নিশামুখে প্রদোষকালে, বলে কৌরবসৈন্যে, ভৃশলুলিতে অতীবাকুলে সতি, নৃপবরৈ রাজশ্রেষ্ঠৈঃ, সুপূজিতঃ শৌর্য্যাতিশয়দর্শনাৎ সম্মানিতঃ, দেহে মহাবলঃ, বলী মনসি বলবান্, বিবুদ্ধং বিকসিতং কমলমিতি কমলবিবুদ্ধম্। অগ্নিস্তোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ। তদ্বৎ লোচনে যস্য সঃ, বৃকোদরঃ, নৃপতিং যুধিষ্ঠিরং নমস্কারেণাপূজয়ৎ। রুচিরা বৃত্তম্ ॥৪২॥

তত ইতি। ততো যমৌ নকুলসহদেবৌ দ্রুপদবিরাটকেকয়া যুধিষ্ঠিরশ্চাপি, পরামধিকাম্, মুদমানন্দম্, যযুঃ প্রাপুঃ। ততশ্চ অন্ধকে অসুরে, প্রতিনিহতে হরেণৈব বিনাশিতে সতি, সুরা হরং যথা, তথা তে যমাদয়ঃ, বৃকোদরম্, ভৃশমভিপূজয়ন্ সম্মানিতবন্তঃ। অড়াগমাভাব আর্ষঃ। অত্র রুচিরাবংশস্থবিলয়োর্মেলনাদুপজাতির্বৃত্তম্ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৯॥ অন্ধে তমস্যন্ধকারাশয়ে ॥১০॥ সন্তুষ্টান্ প্রাপ্তমনোরথান্ ॥১১—৩৯॥ নৃপাব্রুবন্নিতি নৃপেতি সম্বোধনম্, অব্রুবন্ পার্থিবা ইত্যনাগতেনান্বয়ঃ ॥৪০—৪৩॥ বরুণাত্মজঃ পুষ্করঃ ॥৪৪—৪৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

তদনন্তর সেই সন্ধ্যাকালে কৌরবসৈন্য অত্যন্ত আকুল হইয়া পড়িলে, প্রধান রাজারা ভীমসেনের বিশেষ সম্মান করিলেন। তখন দৈহিক ও মানসিক বলশালী এবং প্রস্ফুটিতপদ্মতুল্যনয়ন ভীমসেন যাইয়া রাজা যুধিষ্ঠিরকে নমস্কার করিলেন ॥৪২॥

তৎকালে নকুল, সহদেব, দ্রুপদ, বিরাট, কেকয়গণ এবং যুধিষ্ঠির অত্যন্ত আনন্দ লাভ করিলেন। পরে, অন্ধকাসুর নিহত হইলে, দেবতারা যেমন মহাদেবের বিশেষ সম্মান করিয়াছিলেন, সেইরূপ তাঁহারা ভীমসেনের বিশেষ সম্মান করিলেন ॥৪৩॥

(৪৩) ··ভৃশমপূজয়ংশ্চ তে···বা,···ভৃশমনুপূজয়ংশ্চ তে·· নি। (৪৪)···ততঃ সুতাস্তে···নি।

ততোঽভবত্তিমিরঘনৈরিবাবৃতে মহাভয়ে ভয়দমতীবদারুণম্।
নিশামুখে বৃকবলগৃধ্রমোদনং মহাত্মনাং নৃপবর! যুদ্ধমদ্ভুতম্ ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
ঘটোৎকচবধে ভীমসেনপরাক্রমে পঞ্চত্রিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—(ঃ*ঃ)—

সঞ্জয় উবাচ।
প্রায়োপবিষ্টে তু হতে পুত্রে সাত্যকিনা তদা।
সোমদত্তো ভৃশং ক্রুদ্ধঃ সাত্যকিং বাক্যমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। বরুণাত্মজোপমাঃ পুষ্করাখ্যবরুণপুত্রতুল্যাঃ। গুরুণা দ্রোণেন। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ, অভিপর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্। রুচিরা বৃত্তম্ ॥৪৪॥

তত ইতি। হে নৃপবর! ততঃ, তিমিরাণ্যন্ধকারা ঘনা মেঘা ইব তৈরাবৃতে, অতএব মহাভয়ে মহদ্ভয়ং যস্মাত্তাদৃশে, নিশামুখে প্রদোষে, ভয়দম্, স্বরূপতোঽতীবদারুণম্, বৃকাণাং ব্যাঘ্রবিশেষাণাং বলানাং কাকানাং গৃধ্রাণাং পক্ষিণাঞ্চ মোদনং মাংসদানেনানন্দজনকম্, অদ্ভুতঞ্চ, মহাত্মনাং বীরাণাম্, যুদ্ধমভবৎ। অত্রাপি রুচিরা বৃত্তম্ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে
পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! তাহার পর বরুণপুত্রতুল্য আপনার পুত্রেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া রথ, পদাতি ও হস্তী লইয়া মহাত্মা দ্রোণের সহিত যাইয়া ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৪৪॥

রাজশ্রেষ্ঠ! তৎপরে মেঘের ন্যায় নিবিড় অন্ধকারে আবৃত ও মহাভয়জনক সেই সন্ধ্যাকালে ভয়ঙ্কর, অতিদারুণ এবং ব্যাঘ্র, কাক ও গৃধ্রগণের আমোদ-জনক বীরগণের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল' ॥৪৫॥

* '...ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, 'পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ক্ষত্রধর্ম্মঃ পুরা দৃষ্টো যস্তু দেবৈর্ম্মহাত্মভিঃ।
তং ত্বং সাত্বত! সন্ত্যজ্য দস্যুধর্ম্মে কথং রতঃ ॥২॥
পরাঙ্মুখায় দীনায় ন্যস্তশস্ত্রায় সাত্যকে!।
ক্ষত্রধর্ম্মরতঃ প্রাজ্ঞঃ কথং নু প্রহরেদ্রণে ॥৩॥
দ্বাবেব কিল বৃষ্ণীনাং তত্র খ্যাতৌ মহারথৌ।
প্রদ্যুম্নশ্চ মহাবাহুস্ত্বঞ্চৈব যুধি সাত্বত! ॥৪॥
কথং প্রায়োপবিষ্টায় পার্থেন ছিন্নবাহবে।
নৃশংসং পতনীয়ঞ্চ তাদৃশং কৃতবানসি ॥৫॥
কর্ম্মণস্তস্য দুর্বৃত্ত! ফলং প্রাপ্নুহি সংযুগে।
অদ্য চ্ছেৎস্যামি তে মূঢ়! শিরো বিক্রম্য পত্রিণা ॥৬॥

ভারতকৌমুদী

প্রায়েতি। প্রায়ায় মরণায় উপবিষ্টে, পুত্রে ভূরিশ্রবসি ॥১॥
ক্ষত্রেতি। দৃষ্টো ন্যায়দৃষ্ট্যা নির্ণীতঃ। হে সাত্বত! সাত্বতবংশীয়! ॥২॥
পরাঙিতি। দীনায় কাতরায়, ন্যস্তশস্ত্রায় কারণবিশেষাৎ ত্যক্তাস্ত্রায় ॥৩॥
দ্বাবিতি। কৃষ্ণস্য বর্জ্জনন্তু পরমেশ্বরত্বেনাবধারণাদিত্যাশয়ঃ ॥৪॥
কথমিতি। পতত্যনেনেতি পতনীয়ম্। "কৃত্যল্যুটোঽন্যত্রাপি" ইতি করণে অনীয়ঃ ॥৫॥
কর্ম্মণ ইতি। হে দুর্বৃত্ত! দুরাচার!। সংযুগে যুদ্ধে। পত্রিণা বাণেন ॥৬॥

সঞ্জয় বলিলেন—'সাত্যকি তখন প্রায়োপবিষ্ট পুত্র ভূরিশ্রবাকে বধ করিয়াছিলেন বলিয়া সোমদত্ত অত্যন্তক্রুদ্ধ হইয়া সাত্যকিকে এই কথা বলিলেন—॥১॥

'সাত্বত! মহাত্মা দেবতারা পূর্ব্বে বিশেষ বিবেচনা করিয়া যে ক্ষত্রিয়ধর্ম্ম নিরূপণ করিয়াছিলেন, তুমি তাহা পরিত্যাগ করিয়া দস্যুর ধর্ম্মে নিরত হইলে কেন? ॥২॥

সাত্যকি! ক্ষত্রিয়ধর্ম্মনিরত ও বিচক্ষণ লোক যুদ্ধে পরাঙ্মুখ, কাতর ও অস্ত্রহীন ব্যক্তিকে কি করিয়া প্রহার করিতে পারেন? ॥৩॥

সাত্বত! বৃষ্ণিবংশের মধ্যে দুই জন যুদ্ধে মহারথ বলিয়া বিখ্যাত; এক—মহাবাহু প্রদ্যুম্ন, দ্বিতীয়—তুমি ॥৪॥

তাহাতে অর্জ্জুন দক্ষিণ বাহু ছেদন করায় যিনি প্রায়োপবেশন করিয়াছিলেন, সেই ভূরিশ্রবার উপরে তুমি কি করিয়া সেইরূপ নৃশংস ও পাতিত্যজনক ব্যবহার করিলে? ॥৫॥

(২)…পরো দৃষ্টঃ…নি। (৩)…ন্যস্তশস্ত্রায় যাচতে…নি। (৫)…নৃশংস! পতনীয়ঞ্চ… পি,…নৃশংসং বত দীনঞ্চ…নি।

শপে সাত্বত ! পুত্রাভ্যামিষ্টেন সুকৃতেন চ।
অনতীতামিমাং রাত্রিং যদি ত্বাং বীরমানিনম্ ॥৭॥
অরক্ষ্যমাণং পার্থেন জিষ্ণুনা সসুতানুজম্।
ন হন্যাং নরকে ঘোরে পতেয়ং বৃষ্ণিপাংসন ! ॥৮॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা সুসংক্রুদ্ধঃ সোমদত্তো মহাবলঃ।
দধ্মৌ শঙ্খঞ্চ তারেণ সিংহনাদং ননাদ চ ॥৯॥
ততঃ কমলপত্রাক্ষঃ সিংহদংষ্ট্রো দুরাসদঃ।
সাত্বতো ভৃশসংক্রুদ্ধঃ সোমদত্তমথাব্রবীৎ ॥১০॥
কৌরবেয় ! ন মে ত্রাসঃ কথঞ্চিদপি বিদ্যতে।
ত্বয়া সার্দ্ধমথান্যৈশ্চ যুধ্যতো হৃদি কশ্চন ॥১১॥
যদি সর্বেণ সৈন্যেন গুপ্তো মাং যোধয়িষ্যসি।
তথাপি ন ব্যথা কাচিত্ত্বয়ি স্যান্মম কৌরব ! ॥১২॥

ভারতকৌমুদী

শপ ইতি। ইষ্টেন প্রাগুক্তবচনাদগ্নিহোত্রাদিজনিতেন, সুকৃতেন ধর্ম্মেণ। রাত্রিমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। জিষ্ণুনা অর্জ্জুনেন। হে বৃষ্ণিপাংসন ! বৃষ্ণিকুলাধম ! ॥৭—৮॥

এবমিতি। দধ্মৌ বাদয়ামাস, তারেণ উচ্চস্বরেণ ॥৯॥

তত ইতি। কমলপত্রাক্ষঃ পদ্মদলতুল্যনয়নঃ, সিংহস্যেব দংষ্ট্রা দন্তশ্রেণির্যস্য সঃ ॥১০॥

কৌরবেয়েতি। যুধ্যতো যুধ্যমানস্য ॥১১॥

দুরাচার ! তুই যুদ্ধে সেই দুষ্কর্ম্মের ফল ভোগ কর্। মূর্খ ! আজ আমি বিক্রম প্রকাশ করিয়া বাণদ্বারা তোর মস্তকচ্ছেদন করিব ॥৬॥

বৃষ্ণিকুলাধম সাত্যকি ! অবশিষ্ট দুই পুত্র এবং অগ্নিহোত্রাদির ধর্ম্মদ্বারা আমি এই শপথ করিতেছি—অর্জ্জুন যদি রক্ষা না করেন, তবে এই রাত্রি অতীত হইবার পূর্ব্বেই পুত্র ও অনুজগণের সহিত বীরাভিমানী তোকে আমি যদি বধ না করি, তবে যেন ঘোর নরকে পতিত হই' ॥৭—৮॥

এই কথা বলিয়া অত্যন্তক্রুদ্ধ মহাবল সোমদত্ত শঙ্খধ্বনি করিলেন এবং উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥৯॥

তদনন্তর পদ্মনয়ন ও সিংহদন্ত দুর্দ্ধর্ষ সাত্যকি অত্যন্তক্রুদ্ধ হইয়া সোমদত্তকে বলিলেন—॥১০॥

'কুরুবংশীয় ! তোমার বা অন্যের সহিত যুদ্ধ করিতে আমার মনে কোন প্রকারে কোন ভয় হয় না ॥১১॥

যুদ্ধসারেণ বাক্যেন সতামবমতেন চ।
নাহং ভীষয়িতুং শক্যঃ ক্ষত্রবৃত্তে স্থিতস্ত্বয়া ॥১৩॥
যদি তেঽস্তি যুযুৎসাদ্য ময়া সহ নরাধিপ!।
নির্দ্দয়ো নিশিতৈর্বাণৈঃ প্রহর প্রহরামি তে ॥১৪॥
হতো ভূরিশ্রবা বীরস্তব পুত্রো মহারথঃ।
শলশ্চৈব মহারাজ! ভ্রাতৃব্যসনকর্ষিতঃ ॥১৫॥
ত্বাঞ্চাপ্যদ্য বধিষ্যামি সপুত্রং সহবান্ধবম্।
তিষ্ঠেদানীং রণে যত্তঃ কৌরবোঽসি মহারথঃ ॥১৬॥
যস্মিন্ দানং দমঃ শৌচমহিংসা হ্রীর্ধৃতিঃ ক্ষমা।
অনপায়ীনি সর্ব্বাণি নিত্যং রাজ্ঞি যুধিষ্ঠিরে ॥১৭॥

ভারতকৌমুদী

যদীতি। গুপ্তো রক্ষিতঃ। ব্যথা ভয়বেদনা ॥১২॥
যুদ্ধেতি। যুদ্ধাৎ সারেণ প্রবলেনাধিকেনেত্যর্থঃ। ভীষয়িতুং ভয়ং প্রাপয়িতুম্ ॥১৩॥
যদীতি। যুযুৎসা যোদ্ধুমিচ্ছা। নির্দ্দয়ঃ সন্, নিশিতৈঃ সুধারৈঃ ॥১৪॥
হত ইতি। ভ্রাতুর্ভূরিশ্রবসো ব্যসনেন বিপদা মৃত্যুনা কর্ষিতঃ পীড়িতঃ ॥১৫॥
ত্বামিতি। যত্তো যুদ্ধে যত্নবান্ সন্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রায়োপবিষ্ট ইতি ॥১—৪॥ পতনীয়ং পাতকাবহম্ ॥৫—১৬॥ দানং স্বদ্রব্যস্য পাত্রসাৎকরণম্, দম উপশমঃ, শৌচমসাঙ্কর্য্যম্, অহিংসা ভূতানভিদ্রোহঃ, হ্রীরকার্য্যবিবর্জ্জনম্, ধৃতিরব-

কৌরব! তুমি যদি সমস্তসৈন্যকর্ত্তৃক রক্ষিত হইয়াও আমার সহিত যুদ্ধ কর, তথাপি আমার কোন উদ্বেগ হইবে না ॥১২॥

আমি ক্ষত্রিয়ধর্ম্মে রহিয়াছি। সুতরাং তুমি যুদ্ধ অপেক্ষা অতিরিক্ত এবং সজ্জনের অবজ্ঞাত বাক্যদ্বারা আমার ভয় জন্মাইতে পারিবে না ॥১৩॥

রাজা! আজ যদি আমার সহিত তোমার যুদ্ধ করিবার ইচ্ছা হইয়া থাকে, তবে তুমি নির্দ্দয় হইয়া সুধার বাণদ্বারা আমাকে প্রহার কর, আমিও তোমাকে প্রহার করি ॥১৪॥

মহারাজ! বীর ও মহারথ তোমার পুত্র ভূরিশ্রবা নিহত হইয়াছে এবং সেই ভ্রাতার মৃত্যুতে শোকার্ত্ত শলও বিনষ্ট হইয়াছে ॥১৫॥

আজ অবশিষ্ট পুত্র ও বন্ধুবর্গের সহিত তোমাকেও বধ করিব। তুমি কুরুবংশীয় এবং মহারথ। অতএব এখন যুদ্ধে যত্নবান্ হইয়া থাক ॥১৬॥

(১৩)...বাক্যেন অসতাং সম্মতেন চ...বা নি। (১৭)...অনপায়ানি সর্ব্বাণি...বা নি।

মৃদঙ্গকেতোস্তস্য ত্বং তেজসা নিহতঃ পুরা।
সকর্ণসৌবলঃ সংখ্যে বিনাশমুপযাস্যসি ॥১৮॥ (যুগ্মকম্)
শপেঽহং কৃষ্ণচরণৈরিষ্টাপূর্ত্তেন চৈব চ।
যদি ত্বাং সসুতং পাপং ন হন্যাং যুধি রোষিতঃ।
অপযাস্যসি চেত্ত্যক্ত্বা রণং মুক্তো ভবিষ্যসি ॥১৯॥
এবমাভাষ্য চান্যোন্যং ক্রোধসংরক্তলোচনৌ।
প্রবৃত্তৌ শরসম্পাতং কর্ত্তুং পুরুষসত্তমৌ ॥২০॥
ততো রথসহস্রেণ নাগানাময়ুতেন চ।
দুর্য্যোধনঃ সোমদত্তং পরিবার্য্য ব্যবস্থিতঃ ॥২১॥
শকুনিশ্চ সুসংক্রুদ্ধঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
পুত্রপৌত্রৈঃ পরিবৃতো ভ্রাতৃভিশ্চেন্দ্রবিক্রমৈঃ।
শ্যালস্তব মহাবাহুর্বজ্রসংহননো যুবা ॥২২॥

ভারতকৌমুদী

যস্মিন্নিতি। দম ইন্দ্রিয়দমনম্, হ্রীঃ অকার্য্যকরণে লজ্জা, ধৃতির্ধৈর্য্যম্। অনপায়ীনি অবিনশ্বরাণি তিষ্ঠন্তীতি শেষঃ। মৃদঙ্গঃ কেতৌ ধ্বজে যস্য তস্য। বিনাশমদর্শনম্ ॥১৭—১৮॥

শপ ইতি। কৃষ্ণয়োঃ গুর্ব্বোঃ কৃষ্ণার্জ্জুনয়োশ্চরণৈঃ। অতএব বহুত্বাদ্গুরুত্বাচ্চ বহুবচনম্। ইষ্টমগ্নিহোত্রাদি পূর্ত্তং বাপ্যাদি। প্রমাণং পূর্ব্বমুক্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

এবমিতি। প্রবৃত্তৌ সাত্যকিসোমদত্তৌ ॥২০॥

তত ইতি। নাগানাং গজানাম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২১॥

দান, ইন্দ্রিয়দমন, পবিত্রতা, অহিংসা, লজ্জা, ধৈর্য্য ও ক্ষমা এই সমস্ত গুণ অবিনশ্বরভাবে সর্ব্বদা যে রাজা যুধিষ্ঠিরে রহিয়াছে, সেই মৃদঙ্গধ্বজ যুধিষ্ঠিরের তেজে পূর্ব্বেই তুমি নিহত হইয়া রহিয়াছ; এখন যুদ্ধে কর্ণ ও শকুনির সহিত কেবল অদৃশ্য হইয়া যাইবে ॥১৭—১৮॥

সুতরাং আমি ক্রুদ্ধ হইয়া যুদ্ধে পুত্রদের সহিত তোমাকে যদি বধ না করি, তবে কৃষ্ণ ও অর্জ্জুনের চরণ এবং অগ্নিহোত্রপ্রভৃতির ধর্ম্মদ্বারা শপথ করি। আর তুমি যদি রণস্থল ত্যাগ করিয়া যাও, তবে মুক্তি পাইবে' ॥১৯॥

পরস্পর এইরূপ বলিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া পুরুষশ্রেষ্ঠ সাত্যকি ও সোমদত্ত পরস্পর বাণক্ষেপ করিতে প্রবৃত্ত হইলেন ॥২০॥

তদনন্তর দুর্য্যোধন সহস্র রথী ও অযুত হস্তীর সহিত যাইয়া সোমদত্তকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২১॥

(১৯)···ততো মুক্তো ভবিষ্যসি—পি বঙ্গ বর্দ্ধ। (২১)···পরিবার্য্য সমন্ততঃ—বা।

সাগ্রং শতসহস্রস্তু হয়ানাং তস্য ধীমতঃ।
সোমদত্তং মহেষ্বাসং সমন্তাৎ পর্য্যরক্ষত।
রক্ষ্যমাণশ্চ বলিভিশ্ছাদয়ামাস সাত্যকিম্ ॥২৩॥
তং ছাদ্যমানং বিশিখৈর্দৃষ্ট্বা সন্নতপর্ব্বভিঃ।
ধৃষ্টদ্যুম্নোঽভ্যয়াৎ ক্রুদ্ধঃ প্রগৃহ্য মহতীং চমূম্ ॥২৪॥
চণ্ডবাতাভিসৃষ্টানামুদধীনামিব স্বনঃ।
আসীদ্রাজন্! বলৌঘানামন্যোন্যমভিনিঘ্নতাম্ ॥২৫॥
বিব্যাধ সোমদত্তস্তু সাত্বতং নবভিঃ শরৈঃ।
সাত্যকির্নবভিশ্চৈনমবধীৎ কুরুপুঙ্গবম্ ॥২৬॥

ভারতকৌমুদী

শকুনিরিতি। বজ্রবৎ দৃঢ়ং সংহননং শরীরং যস্য সঃ। ব্যবস্থিত ইত্যানুবৃত্তিঃ। অত্র পুত্রযোগ্যপৌত্রসমন্বিতস্যাপি শকুনের্যুবত্বাভিধানাত্তদানীং সপ্ততিবর্ষপর্য্যন্তং যৌবনস্থিতিবকামেনাপ্যঙ্গীকার্য্যা। এতেন তাদৃশানামর্জ্জুনাদীনামপি পদে পদে যুবত্বাভিধানং সঙ্গচ্ছতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

সাগ্রমিতি। সাগ্রং সাধিকম্। রক্ষ্যমাণঃ সোমদত্তঃ, ছাদয়ামাস শরৈঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৩॥

তমিতি। বিশিখৈর্বাণৈঃ, সন্নতপর্ব্বভির্বক্রোপাঙ্গৈঃ। প্রগৃহ্য আদায় ॥২৪॥

চণ্ডেতি। চণ্ডবাতাভিসৃষ্টানাং প্রবলবায়ুচালিতানাম্ ॥২৫॥

মহারাজ! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ, মহাবাহু, বজ্রের তুল্য দৃঢ়শরীর ও যুবা আপনার শ্যালক শকুনিও অত্যন্তক্রুদ্ধ এবং পুত্র, পৌত্র ও ইন্দ্রের তুল্য বিক্রমশালী ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া সোমদত্তের সাহায্য করিবার জন্য অবস্থান করিতে লাগিলেন ॥২২॥

ধীমান্ শকুনির সমধিক লক্ষ অশ্বারোহী সকল দিকে থাকিয়া মহাধনুর্দ্ধর সোমদত্তকে রক্ষা করিতে লাগিল। সেই অবস্থায় সোমদত্ত বাণদ্বারা সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন ধৃষ্টদ্যুম্ন সাত্যকিকে নতপর্ব্ব বাণজালে আবৃত দেখিয়া ক্রুদ্ধ হইয়া বিশাল সৈন্য লইয়া সোমদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৪॥

রাজা! সেই সময়ে প্রবলবায়ুচালিত সমুদ্রের ন্যায় পরস্পর আঘাতকারী সৈন্যগণের কোলাহল হইতে লাগিল ॥২৫॥

ক্রমে সোমদত্ত নয়টা বাণদ্বারা সাত্যকিকে আঘাত করিলেন; সাত্যকিও নয়টা শরদ্বারা সোমদত্তকে তাড়ন করিলেন ॥২৬॥

(২৬)...সাত্যকির্নবভিশ্চৈবম্...বর্দ্ধ।

সোঽতিবিদ্ধো বলবতা সমরে দৃঢ়ধন্বিনা ।
রথোপস্থং সমাসাদ্য মুমোহ গতচেতনঃ ॥২৭॥
তং বিমূঢ়ং সমালক্ষ্য সারথিস্ত্বরয়ান্বিতঃ ।
অপোবাহ রণাদ্বীরং সোমদত্তং মহারথম্ ॥২৮॥
তং বিসংজ্ঞং সমালক্ষ্য যুযুধানশরার্দ্দিতম্ ।
অভ্যধাবত্ততো দ্রোণো যদুবীরজিঘাংসয়া ॥২৯॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য যুধিষ্ঠিরপুরোগমাঃ ।
পরিবব্রুর্মহাত্মানং পরীপ্সন্তো যদূদ্বহম্ ॥৩০॥
ততঃ প্রববৃতে যুদ্ধং দ্রোণস্য সহ পাণ্ডবৈঃ ।
বলেরিব সুরৈঃ পূর্ব্বং ত্রৈলোক্যজয়কাঙ্ক্ষয়া ॥৩১॥
ততঃ সায়কজালেন পাণ্ডবানীকমাবৃণোৎ ।
ভারদ্বাজো মহাতেজা বিব্যাধ চ যুধিষ্ঠিরম্ ॥৩২॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। সাত্বতং সাত্যকিম্। কুরুপুঙ্গবং সোমদত্তম্ ॥২৬॥
স ইতি। স সোমদত্তঃ। রথস্য উপস্থমুপবেশনস্থানম্ ॥২৭॥
তমিতি। অপোবাহ অপসারয়ামাস ॥২৮॥
তমিতি। যুযুধানস্য সাত্যকেঃ শরেণার্দ্দিতম্। যদুবীরস্য সাত্যকেরেব জিঘাংসয়া ॥২৯॥
তমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, যদূদ্বহং যদুবংশপ্রধানং সাত্যকিম্ ॥৩০॥
তত ইতি। বলেস্তদাখ্যস্যাসুররাজস্য, সুরৈঃ সহ ॥৩১॥

বলবান্ ও দৃঢ়ধন্বা সাত্যকি যুদ্ধে অত্যন্ত বিদ্ধ করিলে, সোমদত্ত অচৈতন্য হইয়া রথমধ্যে মূর্চ্ছিত হইলেন ॥২৭॥

তাঁহাকে মূর্চ্ছিত দেখিয়া তাঁহার সারথি ত্বরান্বিত হইয়া বীর ও মহারথ সোমদত্তকে রণস্থল হইতে লইয়া চলিয়া গেল ॥২৮॥

তখন দ্রোণ সোমদত্তকে সাত্যকির বাণে পীড়িত ও অচৈতন্য দেখিয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছায় তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

মহাত্মা দ্রোণ আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা সাত্যকিকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণকে পরিবেষ্টন করিলেন ॥৩০॥

তদনন্তর, পূর্ব্বকালে ত্রিভুবন জয় করিবার ইচ্ছায় দেবগণের সহিত বলির যেমন যুদ্ধ লাগিয়াছিল, সেইরূপ পাণ্ডবগণের সহিত দ্রোণের যুদ্ধ লাগিয়া গেল ॥৩১॥

(২৯)···অভ্যদ্রবত্ততো দ্রোণঃ···বা নি। (৩০)···পরীপ্সন্তো যদূত্তমম্—বা নি।

সাত্যকিং দশভির্ব্বাণৈর্বিংশত্যা পার্ষতং শরৈঃ।
ভীমসেনঞ্চ নবভির্নকুলং পঞ্চভিস্তথা ॥৩৩॥
সহদেবং তথাষ্টাভিঃ শতেন চ শিখণ্ডিনম্।
দ্রৌপদেয়ান্ মহাবাহুঃ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥৩৪॥
বিরাটং মৎস্যমষ্টাভির্দ্রুপদং দশভিঃ শরৈঃ।
যুধামন্যুং ত্রিভিঃ ষড়্ভিরুত্তমৌজসমাহবে।
অন্যাংশ্চ সৈনিকান্ বিদ্ধা যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৫॥ (বিশেষকম্)
তে বধ্যমানা দ্রোণেন পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ।
প্রাদ্রবন্ বৈ ভয়াদ্রাজন্! সার্ত্তনাদা দিশো দশ ॥৩৬॥
কাল্যমানন্তু তৎ সৈন্যং দৃষ্ট্বা দ্রোণেন ফাল্গুনঃ।
কিঞ্চিদাগতসংরম্ভো গুরুং পার্থোঽভ্যয়াদ্দ্রুতম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবানামনীকং সৈন্যম্। ভারদ্বাজো দ্রোণঃ ॥৩২॥

সাত্যকিমিতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, মহাবাহুর্দ্রোণঃ। মৎস্যং মৎস্যদেশাধিপতিং বিরাটম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩—৩৫॥

ত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত। আর্ত্তনাদৈঃ সহেতি সার্ত্তনাদাঃ ॥৩৬॥

কাল্যেতি। কাল্যমানং পীড্যমানম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ। সংরম্ভঃ ক্রোধঃ ॥৩৭॥

তাহার পর মহাতেজা দ্রোণ বাণসমূহদ্বারা পাণ্ডবসৈন্য আবৃত করিলেন এবং যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৩২॥

ক্রমে মহাবাহু দ্রোণ দশটা বাণদ্বারা সাত্যকিকে, কুড়িটাদ্বারা ধৃষ্টদ্যুম্নকে, নয়টাদ্বারা ভীমসেনকে, পাঁচটাদ্বারা নকুলকে, আটটাদ্বারা সহদেবকে, একশতদ্বারা শিখণ্ডীকে, পাঁচ পাঁচটাদ্বারা দ্রৌপদীর প্রত্যেক পুত্রকে, আটটাদ্বারা মৎস্যরাজ বিরাটকে, দশটাদ্বারা দ্রুপদকে, তিনটাদ্বারা যুধামন্যুকে, ছয়টাদ্বারা উত্তমৌজাকে এবং যুদ্ধে অন্যান্য সৈন্যকেও বিদ্ধ করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৩—৩৫॥

রাজা! দ্রোণ বধ করিতে লাগিলে, পাণ্ডবসৈন্যেরা আর্ত্তনাদ করিতে করিতে ভয়ে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৩৬॥

দ্রোণ পাণ্ডবসৈন্য পীড়ন করিতেছেন দেখিয়া অর্জ্জুনের কিঞ্চিৎ ক্রোধ জন্মিল; সুতরাং তিনি দ্রুত দ্রোণের দিকে গমন করিতে থাকিলেন ॥৩৭॥

দৃষ্ট্বা দ্রোণস্তু বীভৎসুমভিধাবন্তমাহবে।
সংন্যবর্ত্তত তৎ সৈন্যং পুনর্যৌধিষ্ঠিরং নৃপ !।
ততো যুদ্ধমভূদ্‌ভূয়ো ভারদ্বাজস্য পাণ্ডবৈঃ ॥৩৮॥
দ্রোণস্তব সুতৈ রাজন্ ! সর্ব্বতঃ পরিবারিতঃ।
ব্যধমৎ পাণ্ডুসৈন্যানি তূলরাশিমিবানলঃ ॥৩৯॥
তং জ্বলন্তমিবাদিত্যং দীপ্তানলসমদ্যুতিম্।
রাজন্ননিশমস্যন্তং দৃষ্ট্বা দ্রোণং শরার্চ্চিষম্ ॥৪০॥
মণ্ডলীভূতধন্বানং তপন্তমিব ভাস্করম্।
দহন্তমহিতান্ সৈন্যে নৈনং কশ্চিদবারয়ৎ ॥৪১॥ (যুগ্মকম্)
যো যো হি প্রমুখে তস্য তস্থৌ দ্রোণস্য পূরুষঃ।
তস্য তস্য শিরশ্ছিত্ত্বা যযুর্দ্রোণশরাঃ ক্ষিতিম্ ॥৪২॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। দ্রোণমভিধাবন্তং বীভৎসুমর্জ্জুনং দৃষ্টেতি সম্বন্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥
দ্রোণ ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। ব্যধমৎ ব্যনাশয়দদহচ্চ ॥৩৯॥
তমিতি। অস্যন্তং ক্ষিপন্তম্। শরঃ অর্চ্চিঃ শিখেব তাম্। মণ্ডলীভূতং কেবলং গোলাকারীভূতং ধনুর্যস্য তম্। অহিতান্ শত্রূন্, সৈন্যে সৈন্যমধ্যে। ৪০—৪১॥
য ইতি। প্রমুখে সম্মুখে। "পূরুষাঃ পুরুষা নরঃ" ইত্যমরঃ ॥৪২॥

রাজা ! অর্জ্জুন দ্রোণের দিকে ধাবিত হইয়াছেন দেখিয়া সেই যুধিষ্ঠিরের সৈন্য পুনরায় ফিরিল। তাহার পর পাণ্ডবসৈন্যের সহিত পুনরায় দ্রোণের যুদ্ধ হইতে লাগিল ॥৩৮॥

রাজা ! ক্রমে দ্রোণ আপনার পুত্রগণে পরিবেষ্টিত হইয়া—অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

নরনাথ ! তখন দ্রোণ প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী হইলেন, সূর্য্যের ন্যায় জ্বলিতে লাগিলেন এবং সন্তাপ জন্মাইতে থাকিলেন, আর অনবরত অগ্নির তুল্য বাণ সকল ক্ষেপ করিতে লাগিলেন এবং শত্রুদিগকে দগ্ধ করিতে থাকিলেন ; কিন্তু বিপক্ষসৈন্যমধ্যে কোন ব্যক্তিই উঁহাকে বারণ করিতে পারিল না ॥৪০—৪১॥

তৎকালে যে যে লোক সেই দ্রোণের সম্মুখে থাকিতে লাগিল, দ্রোণের

(৩৮)…পুনর্যৌধিষ্ঠিরং বলম্…বা নি। (৪১) মণ্ডলীকৃতধন্বানম্…বা নি। (৪২)…যযৌ দ্রোণশরঃ ক্ষিতিম্—পি বঙ্গ বর্দ্ধ।

এবং সা পাণ্ডবী সেনা বধ্যমানা মহাত্মনা ।
প্রদুদ্রাব পুনর্ভীতা পশ্যতঃ সব্যসাচিনঃ ॥৪৩॥
সংপ্রভগ্নং বলং দৃষ্ট্বা দ্রোণেন নিশি ভারত ! ।
গোবিন্দমব্রবীজ্জিষ্ণুর্গচ্ছ দ্রোণরথং প্রতি ॥৪৪॥
ততো রজতগোক্ষীরকুন্দেন্দুসদৃশপ্রভান্ ।
চোদয়ামাস দাশার্হো হয়ান্ দ্রোণরথং প্রতি ॥৪৫॥
ভীমসেনোঽপি তং দৃষ্ট্বা যান্তং দ্রোণায় ফাল্গুনম্ ।
স্বসারথিমুবাচেদং দ্রোণানীকায় মাং বহ ॥৪৬॥
সোঽপি তস্য বচঃ শ্রুত্বা বিশোকোঽবাহয়দ্ধয়ান্ ।
পৃষ্ঠতঃ সত্যসন্ধস্য জিষ্ণোর্ভরতসত্তম ! ॥৪৭॥
তৌ দৃষ্ট্বা ভ্রাতরৌ যত্তৌ দ্রোণানীকমভিদ্রুতৌ ।
পাঞ্চালাঃ সৃঞ্জয়া মৎস্যাশ্চেদিকারূষকোশলাঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাত্মনা দ্রোণেন। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে ॥৪৩॥

সমিতি। বলং স্বসৈন্যম্। গোবিন্দং কৃষ্ণম্, জিষ্ণুরর্জ্জুনঃ ॥৪৪॥

তত ইতি। চোদয়ামাস চালয়ামাস, দাশার্হঃ কৃষ্ণঃ ॥৪৫॥

ভীমেতি। ফাল্গুনমর্জ্জুনম্। দ্রোণস্য অনীকায় সৈন্যং প্রতি ॥৪৬॥

স ইতি। বিশোকো নাম ভীমসেনসারথিঃ। সত্যসন্ধস্য সত্যপ্রতিজ্ঞস্য ॥৪৭॥

বাণ সকল সেই সেই লোকেরই মস্তকচ্ছেদন করিয়া করিয়া ভূমিতে প্রবেশ করিতে থাকিল ॥৪২॥

এইভাবে দ্রোণ বধ করিতে লাগিলে, পাণ্ডবসৈন্য ভীত হইয়া অর্জ্জুনের সমক্ষেই পুনরায় পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন ! রাত্রিতে দ্রোণের প্রভাবে সৈন্য ভগ্ন হইতেছে দেখিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'দ্রোণের রথের দিকে চল' ॥৪৪॥

তদনন্তর কৃষ্ণ—রৌপ্য, গোদুগ্ধ, কুন্দপুষ্প ও চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ অশ্বগুলিকে দ্রোণের রথের দিকে চালাইয়া দিলেন ॥৪৫॥

অর্জ্জুনকে দ্রোণের দিকে যাইতে দেখিয়া ভীমসেনও আপন সারথিকে ইহা বলিলেন—'দ্রোণসৈন্যের দিকে আমাকে লইয়া চল' ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ ! সে বিশোকও ভীমসেনের আদেশ শুনিয়া অশ্বগুলিকে সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুনের পিছনে চালাইয়া দিল ॥৪৭॥

---

(৪৩)··দুদ্রাব চ পুনর্ভীতা···পি।

অন্বগচ্ছন্ মহারাজ ! কেকয়াশ্চ মহারথাঃ ।
ততো রাজন্নভূদ্‌ঘোরঃ সংগ্রামো লোমহর্ষণঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
বীভৎসুর্দক্ষিণং পার্শ্বমুত্তরঞ্চ বৃকোদরঃ ।
মহদ্ভ্যাং রথবৃন্দাভ্যাং বলং জগৃহতুস্তব ॥৫০॥
তৌ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রৌ ভীমসেনধনঞ্জয়ৌ ।
ধৃষ্টদ্যুম্নোঽভ্যয়াদ্রাজন্ ! সাত্যকিশ্চ মহাবলঃ ॥৫১॥
চণ্ডবাতাভিপন্নানামুদধীনামিব স্বনঃ ।
আসীদ্রাজন্ ! বলৌঘানাং তদান্যোন্যমভিঘ্নতাম্ ॥৫২॥
সৌমদত্তিবধাৎ ক্রুদ্ধো দৃষ্ট্বা সাত্যকিমাহবে ।
দ্রৌণিরভ্যদ্রবদ্রাজন্ ! বধায় কৃতনিশ্চয়ঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তাবিতি। যত্তৌ যুদ্ধায় যত্নবন্তৌ। অন্বগচ্ছন্ তাবেব ॥৪৮—৪৯॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ। জগৃহতুঃ আচক্রমতুঃ ॥৫০॥
তাবিতি। তৌ দ্রোণং প্রতি গচ্ছন্তাবিতি শেষঃ। অভ্যয়াৎ দ্রোণং প্রত্যগচ্ছৎ ॥৫১॥
চণ্ডেতি। চণ্ডবাতাভিপন্নানাং প্রবলবায়ুচালিতানাম্। প্রসঙ্গভেদাদপৌনরুক্ত্যম্ ॥৫২॥
সৌমেতি। সৌমদত্তের্ভূরিশ্রবসো বধাৎ। তস্যৈবাতিশয়েনান্যায্যত্বাদিতি ভাবঃ ॥৫৩॥

মহারাজ ! তখন ভীম ও অর্জ্জুন দুই ভ্রাতাকে যত্নসহকারে দ্রোণসৈন্যের দিকে যাইতে দেখিয়া পাঞ্চাল, সৃঞ্জয়, মৎস্য, চেদি, কারূষ ও কোশলদেশীয় সৈন্যেরা এবং কেকয়দেশীয় মহারথেরা ভীম ও অর্জ্জুনের অনুসরণ করিতে লাগিলেন। রাজা ! তাহার পর ভয়ঙ্কর ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৪৮—৪৯॥

মহারাজ ! ক্রমে দুইটা বিশাল রথসমূহ লইয়া অর্জ্জুন আপনার সৈন্যের দক্ষিণ পার্শ্ব এবং ভীমসেন উত্তর পার্শ্ব আক্রমণ করিলেন ॥৫০॥

রাজা ! পুরুষশ্রেষ্ঠ ভীম ও অর্জ্জুনকে যাইতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন এবং মহাবল সাত্যকিও দ্রোণের দিকে গমন করিলেন ॥৫১॥

নরনাথ ! তখন প্রবলবায়ুসঞ্চালিত সমুদ্রের গর্জনের ন্যায় পরস্পর আঘাতকারী সৈন্যসমূহের কোলাহল হইতে লাগিল ॥৫২॥

রাজা ! অশ্বত্থামা পূর্ব্বেই ভূরিশ্রবার বধে সাত্যকির প্রতি ক্রুদ্ধ হইয়াছিলেন। সুতরাং তৎকালে সেই সাত্যকিকে আসিতে দেখিয়া অশ্বত্থামা তাঁহার বধে কৃতনিশ্চয় হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

তমাপতন্তং সংপ্রেক্ষ্য শৈনেয়স্য রথং প্রতি।
ভৈমসেনিঃ সুসংক্রুদ্ধঃ প্রত্যমিত্রমবারয়ৎ ॥৫৪॥
কার্ষ্ণায়সং মহাঘোরমৃক্ষচর্ম্মপরিচ্ছদম্।
মহান্তং রথমাস্থায় ত্রিংশন্নল্বান্তরান্তরম্ ॥৫৫॥
বিক্ষিপ্তযন্ত্রসন্নাহং মহামেঘৌঘনিস্বনম্।
যুক্তং গজনিভৈর্ব্বাহৈর্ন হয়ৈর্নাপি বারণৈঃ ॥৫৬॥
বিক্ষিপ্তপক্ষচরণবিবৃতাক্ষেণ কূজতা।
ধ্বজেনোচ্ছ্রিতদণ্ডেন গৃধ্ররাজেন রাজতা ॥৫৭॥
লোহিতার্দ্রপতাকং তমন্ত্রমালাবিভূষিতম্।
অষ্টচক্রসমাযুক্তমাস্থায় বিপুলং রথম্ ॥৫৮॥
শূলমুদ্গরধারিণ্যা শৈলপাদপহস্তয়া।
রক্ষসাং ঘোররূপাণামক্ষৌহিণ্যা সমাবৃতঃ ॥৫৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অথ ষড়্ভিঃ শ্লোকৈঃ কুলকেন ঘটোৎকচকর্ত্তৃকবারণাদিকং বর্ণয়তি তমিতি। শৈনেয়স্য সাত্যকেঃ। ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ, প্রত্যমিত্রং প্রতিপক্ষীভূতং শত্রুং দ্রৌণিম্। কৃষ্ণেনায়সা লৌহেন নির্ম্মিতমিতি কার্ষ্ণায়সম্, ঋক্ষস্য ভল্লূকস্য চর্ম্ম পরিচ্ছদ আবরণং যস্য তম্। ত্রিংশৎ নল্বাশ্চতুঃশতহস্তা অন্তরমবকাশঃ অন্তরে মধ্যে যস্য তম্। "নল্বঃ কিষ্কুচতুঃশতম্" ইত্যমরঃ। এতৎপরিমাণাভিধানং বৃহত্ত্বমাত্রদ্যোতনার্থম্। বিক্ষিপ্তা অভ্যন্তরে স্থাপিতা যন্ত্রসন্নাহা গুলিকাক্ষেপকযন্ত্রযুদ্ধসজ্জাশ্চ যস্য তম্, মহামেঘৌঘস্যেব নিস্বনঃ শব্দো যস্য তম্। বাহৈর্বোঢ়ৃভিরশ্বৈর্ব্বাহনৈঃ। বারণৈর্গজৈঃ। বিক্ষিপ্তৌ অনবরতং সঞ্চালিতৌ পক্ষৌ চরণৌ চ যেন স চাসৌ বিবৃতে প্রসারিতে অক্ষিণী চক্ষুষী যেন স চেতি তেন, কূজতা অব্যক্তরবং কুর্বতা, গৃধ্ররাজেন গৃধ্রপক্ষিশ্রেষ্ঠেন, তথা রাজতা দীপ্যমানেন, উচ্ছ্রিত উত্তোলিতো দণ্ডো যস্য তেন, ধ্বজেন চ বিশিষ্টম্। বিশেষণে তৃতীয়া। লোহিতা রক্তবর্ণা আর্দ্রা চ পতাকা যস্য তম্, অন্ত্রমালয়া প্রাণিনাড়ীবিশেষশ্রেণ্যা বিভূষিতম্। অষ্টাভিশ্চক্রৈঃ সমাযুক্তম্। আস্থায় বিপুলং রথমিতি পুনরুক্তির্দোষঃ। শৈলাঃ পর্বতপাষাণাঃ পাদপা বৃক্ষাশ্চ হস্তেষু যস্যাস্তয়া। রক্ষসাং রাক্ষসানাম্ ॥৫৪—৫৯॥

প্রতিপক্ষ অশ্বত্থামা সাত্যকির রথের দিকে আসিতেছেন দেখিয়া ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া অতিবিশাল রথে আরোহণ করিয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল। ঘটোৎকচের সেই রথখানা কৃষ্ণলৌহে (ইস্পাতে) নির্ম্মিত, মহাভয়ঙ্কর ও ভল্লূকচর্ম্মে পরিবেষ্টিত ছিল এবং সেই রথখানার অভ্যন্তরদেশ

(৫৮) আর্দ্রপতাকন্ত আন্ত্রমালা···বা নি।

তমুদ্যতমহাচাপং নিশম্য ব্যথিতা নৃপাঃ।
যুগান্তকালসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ ॥৬০॥
ততস্তং গিরিশৃঙ্গাভং ভীমরূপং ভয়াবহম্।
দংষ্ট্রাকরালোগ্রমুখং শঙ্কুকর্ণং মহাহনুম্ ॥৬১॥
ঊর্দ্ধকেশং বিরূপাক্ষং দীপ্তাস্যং নির্ণতোদরম্।
মহাশ্বভ্রগলদ্বারং কিরীটচ্ছন্নমূর্দ্ধজম্ ॥৬২॥
ত্রাসনং সর্ব্বভূতানাং ব্যাত্তাননমিবান্তকম্।
বীক্ষ্য দীপ্তমিবায়ান্তং রিপুবিক্ষোভকারিণম্।
তমুদ্যতমহাচাপং রাক্ষসেন্দ্রং ঘটোৎকচম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

তমিতি। নিশম্য দৃষ্ট্বা। যুগান্তকালে যঃ সময়ঃ প্রাণিসংহারাচারস্তত্র ॥৬০॥

চতুর্ভিঃ শ্লোকৈঃ কলাপকেন ঘটোৎকচং বর্ণয়ন্নাহ তত ইতি। ভয়াবহং ভয়জনকম্। দংষ্ট্রয়া দন্তশ্রেণ্যা করালং বিকটমুগ্রঞ্চ মুখং যস্য তম্, শঙ্কুবৎ অস্থূলৌ দীর্ঘৌ চ কর্ণৌ যস্য

ভারতভাবদীপঃ

সাদাদাবপ্যনবসাদঃ, ক্ষমাঽপকারিণ্যনপচিকীর্ষা ॥১৭—২৪॥ চণ্ডবাতেন প্রচণ্ডবায়ুনা, অভিসৃষ্টানামান্দোলিতানাম্ ॥২৫—৫৭॥ লোহিতার্দ্রা লৌহিতৈকদেশার্দ্রা পতাকা যত্র ॥৫৮—৬১॥

দ্বাদশসহস্রহস্তপরিমিত (অতিবৃহৎ) ছিল; তাহার মধ্যে যন্ত্র (কামান) ও নানাবিধ যুদ্ধসজ্জা স্থাপিত ছিল; মহামেঘগর্জ্জনের ন্যায় সেই রথের শব্দ হইতেছিল; অশ্বও নহে এবং হস্তীও নহে, অথ চ হস্তীর আকৃতিযুক্ত কতকগুলি বাহন সে রথে যোজিত ছিল; সেই রথে একটা উজ্জ্বল ধ্বজ উত্তোলিত ছিল, তাহার উপরে থাকিয়া একটা বিশাল গৃধ্রপক্ষী অনবরত পক্ষ ও চরণসঞ্চালন এবং নয়নযুগল প্রসারণ করিয়া রব করিতেছিল; তাহাতে একটা রক্তবর্ণ ও আর্দ্র পতাকা দুলিতেছিল; প্রাণিগণের নাড়ীর মালা দিয়া সে রথখানাকে অলঙ্কৃত করা হইয়াছিল এবং সে রথখানার আটটা চক্র ছিল। আর সে সময়ে শূল, মুদ্গর, প্রস্তর ও বৃক্ষধারী ভয়ঙ্করমূর্ত্তি এক অক্ষৌহিণী রাক্ষসসৈন্য ঘটোৎকচকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥৫৪—৫৯॥

ক্রমে প্রলয়কালে দণ্ডহস্ত যমের ন্যায় উদ্যতকার্ম্মুক ঘটোৎকচকে দেখিয়া রাজারা ভীত হইয়া পড়িলেন ॥৬০॥

মহারাজ! তাহার পর, আবর্ত্ত ও তরঙ্গসঙ্কুল গঙ্গানদী যেমন বায়ুবেগে বিক্ষুব্ধ হয়, সেইরূপ আপনার পুত্রের বাহিনী সেই ঘটোৎকচকে দেখিয়া ভয়ে

(৬০)…নিশাম্য…নি। (৬২) ঊর্দ্ধবক্ত্রম্…পি বঙ্গ বর্দ্ধ।

ভয়ার্দ্দিতা প্রচুক্ষোভ পুত্রস্য তব বাহিনী।
বায়ুনা ক্ষোভিতাবর্ত্তা গঙ্গেবোর্দ্ধতরঙ্গিণী ॥৬৪॥ (কলাপকম্)
ঘটোৎকচপ্রমুক্তেন সিংহনাদেন ভীষিতাঃ।
প্রসুস্রুবুর্গজা মূত্রং বিব্যথুশ্চ নরা ভৃশম্ ॥৬৫॥
ততোঽশ্মবৃষ্টিরত্যর্থমাসীত্তত্র সমন্ততঃ।
সন্ধ্যাকালাধিকবলৈঃ প্রযুক্তা রাক্ষসৈঃ ক্ষিতৌ ॥৬৬॥
আয়সানি চ চক্রাণি ভুষুণ্ড্যঃ প্রাসতোমরাঃ।
পতন্ত্যবিরলাঃ শূলাঃ শতঘ্ন্যঃ পট্টিশাস্তথা ॥৬৭॥

ভারতকৌমুদী

তম্, মহান্ হনুঃ ওষ্ঠাধোদেশো যস্য তম্। ঊর্দ্ধা উন্নতাঃ কেশা যস্য তম্, বিরূপে বিকৃতে অক্ষিণী যস্য তম্, দীপ্তমুজ্জ্বলাভ্যন্তরম্ আস্যং মুখং যস্য তম্, নির্ণতং গভীরমুদরং যস্য তম্। মহাশ্বভ্রবৎ বিশালগর্ত্তবৎ গলদ্বারং যস্য তম্, কিরীটেন ছন্না আবৃতা মূর্দ্ধজাঃ কেশা যস্য তম্। ব্যাত্তাননং প্রকটিতবদনম্। দীপ্তং প্রজ্বলিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। প্রচুক্ষোভ বিচচাল। ক্ষোভিতাঃ সঞ্চালিতা আবর্ত্তা জলভ্রময়ো যস্যাঃ সা, ঊর্দ্ধা উচ্চাস্তরঙ্গা অস্যাঃ সন্তীতি সা ॥৬১—৬৪॥

ঘটেতি। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ। প্রসুস্রুবুঃ তত্যজুঃ ॥৬৫॥

তত ইতি। অশ্মনাং পাষাণানাং বৃষ্টিঃ। সন্ধ্যাকালে অধিকং বলং যেষাং তৈঃ ॥৬৬॥

বিক্ষুব্ধ হইয়া পড়িল। কারণ, ঘটোৎকচের দেহটা পর্ব্বতশৃঙ্গের তুল্য, তাহার রূপ ভীষণ ও ভয়াবহ, মুখখানা বিকট ও দন্তশ্রেণীতে ভীষণ, কাণ দুখানা পেরেকের মত লম্বা ও সরু, হনুদেশ বিশাল, মাথার চুলগুলি উঁচু উঁচু, চোখ দুইটা বিকৃত, মুখের ভিতরটা উজ্জ্বল, উদরটা গভীর, বিশাল গর্ত্তের ন্যায় গলদ্বার এবং চুলগুলি কিরীটে আবৃত ছিল। বিবৃতবদন যমের ন্যায় সমস্ত প্রাণীর ভয়জনক এবং শত্রুপক্ষের চাঞ্চল্যকারক রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচ তখন বিশাল ধনু উত্তোলন করিয়া জ্বলিতে থাকিয়াই যেন আসিতে লাগিল ॥৬১—৬৪॥

ক্রমে ঘটোৎকচ সিংহনাদ করিয়া উঠিলে, হস্তী সকল মূত্রত্যাগ করিতে লাগিল এবং মানুষেরা অত্যন্ত ভীত হইল ॥৬৫॥

সন্ধ্যাকালে রাক্ষসদিগের বল অধিক হইয়া থাকে। সুতরাং তখন অধিক-বলশালী রাক্ষসেরা সমরাঙ্গনের সকল দিকে প্রবল প্রস্তরবৃষ্টি করিতে থাকিল ॥৬৬॥

(৬৫) ঘটোৎকচপ্রযুক্তেন…বা নি। (৬৭)…পতন্ত্যবিরতাঃ…বা নি।

তদুগ্রমতিরৌদ্রঞ্চ দৃষ্ট্বা যুদ্ধং নরাধিপাঃ।
তনয়াস্তব কর্ণশ্চ ব্যথিতাঃ প্রাদ্রবন্ দিশঃ ॥৬৮॥
তত্রৈকোঽস্ত্রবলশ্লাঘী দ্রৌণির্মানী ন বিব্যথে।
ব্যধমচ্চ শরৈর্মায়াং ঘটোৎকচবিনির্ম্মিতাম্ ॥৬৯॥
বিহতায়ান্তু মায়ায়ামমর্ষী স ঘটোৎকচঃ।
বিসসর্জ্জ শরান্ ঘোরাংস্তেঽশ্বত্থামানমাবিশন্ ॥৭০॥
ভুজগা ইব বেগেন বল্মীকং ক্রোধমূর্চ্ছিতাঃ।
তে শরা রুধিরাক্তাঙ্গা ভিত্ত্বা শারদ্বতীসুতম্।
বিবিশুর্ধরণীং শীঘ্রা রুক্মপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥৭১॥
অশ্বত্থামা তু সংক্রুদ্ধো লঘুহস্তঃ প্রতাপবান্।
ঘটোৎকচমতিক্রুদ্ধং বিভেদ দশভিঃ শরৈঃ ॥৭২॥

ভারতকৌমুদী

আয়সানীতি। আয়সানি লৌহময়ানি। ভুষুণ্ড্যাদয়স্তদানীন্তনা অস্ত্রবিশেষাঃ ॥৬৭॥
তদিতি। ব্যথিতা ভীতাঃ, প্রাদ্রবন্ অপাসরন্ ॥৬৮॥
তত্রেতি। দ্রৌণিরশ্বত্থামা। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৬৯॥
বিহতায়ামিতি। অমর্ষী ক্রুদ্ধঃ। বিসসর্জ নিচিক্ষেপ ॥৭০॥
ভুজগা ইতি। বল্মীকম্ উঈমৃত্তিকাস্তূপম্। শারদ্বতীসুতমশ্বত্থামানম্। ষট্‌পাদঃ ॥৭১॥
অশ্বেতি। লঘুর্দ্রুতাস্ত্রক্ষেপক্ষমো হস্তো যস্য সঃ। বিভেদ বিদারয়ামাস ॥৭২॥

এবং লৌহময় চক্র, ভুষুণ্ডী, প্রাস, তোমর, শূল, শতঘ্নী ও পট্টিশ সকল অবিরল ধারায় পতিত হইতে থাকিল ॥৬৭॥

রাজা! অতিভীষণ ও অতিরৌদ্র সেই যুদ্ধ দেখিয়া রাজারা, আপনার পুত্রেরা এবং কর্ণ ভীত হইয়া এক এক প্রান্তে সরিয়া যাইতে লাগিলেন ॥৬৮॥

কিন্তু তখন অস্ত্রবলশ্লাঘী ও অভিমানী একমাত্র অশ্বত্থামাই ভীত হইলেন না; বরং তিনি বাণদ্বারা ঘটোৎকচের মায়া বিনষ্ট করিতে থাকিলেন ॥৬৯॥

মায়া বিনষ্ট হইলে, ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর বাণসমূহ নিক্ষেপ করিল. তখন সেই বাণগুলি যাইয়া অশ্বত্থামার শরীরে প্রবেশ করিল ॥৭০॥

দ্রুতগামী, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সেই বাণগুলি অশ্বত্থামার দেহ বিদীর্ণ করিয়া রক্তাক্ত হইয়া—ক্রুদ্ধ সর্প সকল যেমন উঈর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ ভূতলে প্রবেশ করিল ॥৭১॥

(৭০) নিহতায়ান্ত··পি বঙ্গ বর্দ্ধ। (৭১) ভুজঙ্গা ইব···বা নি।

ঘটোৎকচোঽতিবিদ্ধস্তু দ্রোণপুত্রেণ মর্ম্মসু।
চক্রং শতসহস্রারমগৃহ্লাদ্ব্যথিতো ভৃশম্ ॥৭৩॥
ক্ষুরান্তং বালসূর্য্যাভং মণিবজ্রবিভূষিতম্।
অশ্বত্থাম্নি স চিক্ষেপ ভৈমসেনির্জিঘাংসয়া ॥৭৪॥
বেগেন মহতাগচ্ছদ্বিক্ষিপ্তং দ্রৌণিনা শরৈঃ।
অভাগ্যস্যেব সঙ্কল্পস্তন্মোঘমপতদ্ভুবি ॥৭৫॥
ঘটোৎকচস্ততস্তূর্ণং দৃষ্ট্বা চক্রং নিপাতিতম্।
দ্রৌণিং প্রাচ্ছাদয়দ্বাণৈঃ স্বর্ভানুরিব ভাস্করম্ ॥৭৬॥
ঘটোৎকচসুতঃ শ্রীমান্ ভিন্নাঞ্জনচয়োপমঃ।
রুরোধ দ্রৌণিমায়ান্তং প্রভঞ্জনমিবাদ্রিরাট্ ॥৭৭॥

ভারতকৌমুদী

ঘটেতি। শতং সহস্রাণি অরা অভ্যন্তরদণ্ডা যস্য তৎ ॥৭৩॥
ক্ষুরেতি। ক্ষুরস্যেব অন্তো ধারা যস্য তৎ। বজ্রং হীরকম্ ॥৭৪॥
বেগেনেতি। বিক্ষিপ্তং প্রতিহতম্। মোঘং ব্যর্থং সৎ ॥৭৫॥
ঘটেতি। স্বর্ভানুঃ ভূমিচ্ছায়ারূপো রাহুঃ ॥৭৬॥

তখন লঘুহস্ত ও প্রতাপশালী অশ্বত্থামা অত্যন্তক্রুদ্ধ হইয়া দশটা বাণদ্বারা অতিক্রুদ্ধ ঘটোৎকচকে বিদ্ধ করিলেন ॥৭২॥

অশ্বত্থামা মর্ম্মদেশে অত্যন্তবিদ্ধ করিলে, ঘটোৎকচ গুরুতর ব্যথিত হইয়া বহুতির্য্যগ্দণ্ডযুক্ত একটা চক্র গ্রহণ করিল ॥৭৩॥

পরে ঘটোৎকচ অশ্বত্থামাকে বধ করিবার ইচ্ছা করিয়া ক্ষুরধার, নবীন সূর্য্যের তুল্য উজ্জ্বল এবং মণি ও হীরকভূষিত সেই চক্রটা অশ্বত্থামার উপরে নিক্ষেপ করিল ॥৭৪॥

ঘটোৎকচনিক্ষিপ্ত সেই চক্রটা মহাবেগে আসিতে লাগিলে, অশ্বত্থামা বাণদ্বারা সেটাকে প্রতিহত করিলেন। তখন ভাগ্যহীন লোকের মনোবাসনার ন্যায় সেটা ব্যর্থ হইয়া ভূতলে পতিত হইল ॥৭৫॥

তাহার পর ঘটোৎকচ চক্রটাকে নিপাতিত দেখিয়া—রাহু যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ বাণদ্বারা সত্বর অশ্বত্থামাকে আবৃত করিল ॥৭৬॥

পরে অশ্বত্থামা আসিতে লাগিলে, পর্ব্বতশ্রেষ্ঠ যেমন বায়ুকে রুদ্ধ করে, সেইরূপ বীরশোভাশালী ও বিস্তৃতকজ্জলরাশির তুল্য বিশালমূর্ত্তি ঘটোৎকচপুত্র অঞ্জনপর্ব্বা অশ্বত্থামাকে রুদ্ধ করিল ॥৭৭॥

(৭৬) ঘটোৎকচসুতস্তূর্ণম্···পি, ঘটোৎকচসুতস্তূগ্রম্··বঙ্গ বর্দ্ধ।

পৌত্রেণ ভীমসেনস্য শরৈঃ সোঽঞ্জনপর্বণা।
বভৌ মেঘেন ধারাভির্গিরির্মেরুরিবাচিতঃ ॥৭৮॥
অশ্বত্থামা ত্বসংভ্রান্তো রুদ্রোপেন্দ্রেন্দ্রবিক্রমঃ।
ধ্বজমেকেন বাণেন চিচ্ছেদাঞ্জনপর্ব্বণঃ ॥৭৯॥
দ্বাভ্যান্তু রথযন্তারং ত্রিভিশ্চাস্য ত্রিবেণুকম্।
ধনুরেকেন চিচ্ছেদ চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮০॥
বিরথস্যোদ্যতং হস্তাদ্ধেমবিন্দুভিরাচিতম্।
বিশিখেন সুতীক্ষ্ণেন খড়্গমস্য দ্বিধাকরোৎ ॥৮১॥
গদা হেমাঙ্গদা রাজংস্তূর্ণং হৈড়িম্বসূনুনা।
ভ্রাম্যোৎক্ষিপ্তা শরৈশ্চাপি দ্রৌণিনাভ্যাহতাপতৎ ॥৮২॥

ভারতকৌমুদী

ঘটেতি। ভিন্নো বিদীর্ণো যোঽঞ্জনচয়ঃ কজ্জলরাশিস্তদুপমঃ। প্রভঞ্জনং বায়ুম্ ॥৭৭॥
পৌত্রেণেতি। সঃ অশ্বত্থামা অঞ্জনপর্বণা তন্নাম্না। আচিতো ব্যাপ্তঃ ॥৭৮॥
অশ্বেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। উপেন্দ্রো বিষ্ণুঃ ॥৭৯॥
দ্বাভ্যামিতি। রথস্য যন্তারং সারথিম্। ত্রিবেণুকং রথস্যৈব দণ্ডবিশেষম্ ॥৮০॥
বিরথস্যেতি। বিরথস্যাঞ্জনপর্বণঃ, উদ্যতমুত্তোলিতম্। আচিতং ব্যাপ্তম্ ॥৮১॥
গদেতি। হেমাঙ্গদা স্বর্ণকেয়ূরবেষ্টিতা। হৈড়িম্বসূনুনা ঘটোৎকচপুত্রেণ ॥৮২॥

ভীমসেনের পৌত্র অঞ্জনপর্বা বাণদ্বারা অশ্বত্থামাকে ব্যাপ্ত করিলে, মেঘের জলধারায় ব্যাপ্ত সুমেরুপর্ব্বতের ন্যায় অশ্বত্থামা প্রকাশ পাইতে লাগিলেন ॥৭৮॥

কিন্তু রুদ্র, বিষ্ণু ও ইন্দ্রের ন্যায় বিক্রমশালী অশ্বত্থামা অবিচলিত থাকিয়াই একটা বাণদ্বারা অঞ্জনপর্বার ধ্বজ ছেদন করিলেন ॥৭৯॥

ক্রমে তিনি দুইটা বাণদ্বারা অঞ্জনপর্বার সারথিকে এবং চারিটা বাণদ্বারা চারিটা অশ্বকে বধ করিলেন, আর তিনটা বাণদ্বারা ত্রিবেণু ও একটা বাণদ্বারা ধনু ছেদন করিলেন ॥৮০॥

তখন অঞ্জনপর্বা রথবিহীন হইয়া স্বর্ণবিন্দুব্যাপ্ত তরবারি উত্তোলন করিলে, অশ্বত্থামা একটা সুতীক্ষ্ণ বাণদ্বারা অঞ্জনপর্ব্বার হস্ত হইতেই সে তরবারিখানাকে দুই খণ্ডে ছেদন করিয়া নিপাতিত করিলেন ॥৮১॥

রাজা! পরে অঞ্জনপর্ব্বা স্বর্ণকেয়ূরযুক্ত একটা গদা ঘূর্ণিত করিয়া নিক্ষেপ

(৭৮)···গিরির্মেরুরিবাচলঃ—পি, ··গিরির্মেরুরিবাবৃতঃ—বা নি। (৮০) রথযন্তারৌ বা নি। (৮২)·· হৈড়িম্বিসূনুনা···বঙ্গ বৰ্দ্ধ বা নি।

ততোঽন্তরীক্ষমুৎপত্য কালমেঘ ইবোন্নদন্।
ববর্ষাঞ্জনপর্বা স দ্রুমবর্ষং নভস্তলাৎ ॥৮৩॥
ততো মায়াধরং দ্রৌণির্ঘটোৎকচসুতং দিবি।
মার্গ ণৈরভিবিব্যাধ ঘনং সূর্য্য ইবাংশুভিঃ ॥৮৪॥
সোঽবতীর্য্য পুনস্তস্থৌ রথে হেমপরিষ্কৃতে।
মহীগত ইবাত্যুগ্রঃ শ্রীমানঞ্জনপর্ব্বতঃ ॥৮৫॥
তময়স্ময়বর্ম্মাণং দ্রৌণির্ভীমাত্মজাত্মজম্।
জঘানাঞ্জনপর্ব্বাণং মহেশ্বর ইবান্ধকম্ ॥৮৬॥
অথ দৃষ্ট্বা হতং পুত্রমশ্বত্থাম্না মহাবলম্।
দ্রৌণেঃ সকাশমভ্যেত্য রোষাৎ প্রচলিতাঙ্গদঃ ॥৮৭॥
প্রাহ বাক্যমসংভ্রান্তো বীরং শারদ্বতীসুতম্।
দহন্তং পাণ্ডবানীকং বনমগ্নিমিবোদ্ধতম্ ॥৮৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। উন্নদন্ উচ্চৈর্গর্জন্। ববর্ষ চকার। দ্রুমবর্ষং বৃক্ষবর্ষণম্ ॥৮৩॥
তত ইতি। মার্গণৈর্বাণৈঃ, ঘনং মেঘম্, অংশুভিঃ কিরণৈঃ ॥৮৪॥
স ইতি। হেমপরিষ্কৃতে স্বর্ণালঙ্কৃতে। অঞ্জনপর্ব্বতঃ কজ্জলগিরিঃ ॥৮৫॥
তমিতি। অয়স্ময়ং লৌহময়ং বর্ম্ম যস্য তম্। অন্ধকং তদাখ্যমসুরম্ ॥৮৬॥
অথেতি। প্রচলিতাঙ্গদঃ কম্পিতকেয়ূরঃ। শারদ্বতীসুতমশ্বত্থামানম্ ॥৮৭—৮৮॥

করিল; তখন অশ্বত্থামা বাণদ্বারা সেটাকেও প্রতিহত করিলে, সেটা পড়িয়া গেল ॥৮২॥

তাহার পর অঞ্জনপর্ব্বা আকাশে উঠিয়া কৃষ্ণমেঘের ন্যায় উচ্চস্বরে গর্জন করিতে থাকিয়া আকাশ হইতে বৃক্ষ বর্ষণ করিতে লাগিল ॥৮৩॥

তদনন্তর সূর্য্য যেমন কিরণদ্বারা মেঘ বিদ্ধ করেন, সেইরূপ অশ্বত্থামা বাণদ্বারা আকাশস্থিত মায়াবী ঘটোৎকচপুত্রকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৮৪॥

তখন অঞ্জনপর্বা আকাশ হইতে অবতীর্ণ হইয়া—ভীষণ ও স্নিগ্ধ কজ্জলপর্বত যেমন ভূতলে অবস্থান করে, সেইরূপ পুনরায় স্বর্ণালঙ্কৃত রথে অবস্থান করিল ॥৮৫॥

ক্রমে, পূর্ব্বকালে মহাদেব যেমন অন্ধকাসুরকে বধ করিয়াছিলেন, সেইরূপ অশ্বত্থামা ভীমসেনের পুত্রের পুত্র লৌহবর্ম্মধারী অঞ্জনপর্বাকে বধ করিলেন ॥৮৬॥

(৮৫)···পুরস্তস্থৌ ··বা নি। (৮৭)···রোষাৎ প্রস্ফুরিতাধরঃ—নি। (৮৮)···বনমগ্নিমিবোচ্ছ্রিতম্—বা নি।

ঘটোৎকচ উবাচ।

তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র! গমিষ্যসি।
ত্বামদ্য নিহনিষ্যামি ক্রৌঞ্চমগ্নিসুতো যথা ॥৮৯॥

অশ্বত্থামোবাচ।

গচ্ছ বৎস! সহান্যৈস্ত্বং যুধ্যস্বামরবিক্রম!।
ন হি পুত্রেণ হৈড়িম্ব! পিতা ন্যায্যঃ প্রবাধিতুম্ ॥৯০॥
কামং খলু ন রোষো মে হৈড়িম্বে! বিদ্যতে ত্বয়ি।
কিন্তু রোষান্বিতো জন্তুর্হন্যাদাত্মানমপ্যুত ॥৯১॥

ভারতকৌমুদী

তিষ্ঠেতি। ক্রৌঞ্চং পর্বতম্, অগ্নিসুতঃ কার্ত্তিকেয়ঃ।৮৯॥

গচ্ছেতি। প্রবাধিতুং পীড়য়িতুম্। অত্রায়ং ভাবঃ—মম সতীর্থস্য ভীমস্য পুত্রতয়া ত্বং মমাপি পুত্র এব। অতস্ত্বয়াহং পীড়য়িতুং ন যুক্ত ইতি। সকৌতুকোল্লুণ্ঠনোক্তিরিয়ম্ ॥৯০॥

কামমিতি। কামং পর্য্যাপ্তং ন বিদ্যতে। তর্হি কথং মৎপুত্রো হত ইত্যাহ কিন্ত্বিতি। জন্তুঃ প্রাণী। তথা চ পুত্রস্থানীয়তয়া ত্বাং প্রতি মে নাধিকো রোষঃ, কিন্তু জিঘাংসয়াগতং ত্বং পুত্রং মহারোষান্বিতঃ পৌত্রস্থানীয়মপি নিহতবানেব রোষাদাত্মানমিবেতি ভাবঃ। উত পাদপূরণে ॥৯১॥

তাহার পর অশ্বত্থামা মহাবল পুত্রকে বধ করিয়াছেন দেখিয়া ঘটোৎকচ ক্রোধে কাঁপিতে লাগিল; তাহাতে তাহার কেয়ূরও কাঁপিতে থাকিল। সেই অবস্থায় ঘটোৎকচ অশ্বত্থামার সম্মুখে যাইয়া অবিচলিত থাকিয়া বনদাহকারী প্রজ্বলিত অগ্নির ন্যায় পাণ্ডবসৈন্যদাহকারী অশ্বত্থামাকে এই কথা বলিল ॥৮৭—৮৮॥

ঘটোৎকচ বলিল—'দ্রোণপুত্র! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না। পূর্ব্বকালে কার্ত্তিক যেমন ক্রৌঞ্চপর্ব্বত বধ করিয়াছিলেন, সেইরূপ আমি আজ তোমাকে বধ করিব' ॥৮৯॥

অশ্বত্থামা বলিলেন—'দেবতুল্যবিক্রমশালী বৎস! তুমি যাও, যাইয়া অন্যের সহিত যুদ্ধ কর। কারণ, হিড়িম্বানন্দন! পিতাকে পীড়ন করা পুত্রের উচিত নহে ॥৯০॥

হিড়িম্বানন্দন! তোমার উপরে আমার অধিক ক্রোধ নাই। কিন্তু ক্রুদ্ধ মানুষ আত্মহত্যাও করিয়া থাকে' ॥৯১॥

(৯০)···হৈড়িম্বে!·· বঙ্গ বর্দ্ধ বা। (৯১)·· হন্যাদাত্মানমেব চ—পি।

সঞ্জয় উবাচ।

শ্রুত্বৈতৎ ক্রোধতাম্রাক্ষঃ পুত্রশোকসমন্বিতঃ।
অশ্বত্থামানমায়স্তো ভৈমসেনিরভাষত ॥৯২॥
কিমহং কাতরো দ্রৌণে! পৃথগ্‌জন ইবাহবে।
যন্মাং ভীষয়সে বাগ্‌ভিরসদেতদ্বচস্তব ॥৯৩॥
ভীমাৎ খলু সমুৎপন্নঃ কুরূণাং বিপুলে কুলে।
পাণ্ডবানামহং পুত্রঃ সমরেষ্বনিবর্ত্তিনাম্।
রক্ষসামধিরাজোঽহং দশগ্রীবসমো বলে ॥৯৪॥
তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র! গমিষ্যসি।
যুদ্ধশ্রদ্ধামহং তেঽদ্য বিনেষ্যামি রণাজিরে ॥৯৫॥
ইত্যুক্ত্বা রোষতাম্রাক্ষো রাক্ষসঃ সুমহাবলঃ।
দ্রৌণিমভ্যদ্রবৎ ক্রুদ্ধো গজেন্দ্রমিব কেশরী ॥৯৬॥
রথাক্ষমাত্রৈরিষুভিরভ্যবর্ষদ্‌ঘটোৎকচঃ।
রথিনামৃষভং দ্রৌণিং ধারাভিরিব তোয়দঃ ॥৯৭॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। আয়স্তো যুদ্ধেন শ্রান্তঃ, ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥৯২॥
কিমিতি। পৃথগ্‌জনো নীচলোকঃ। ভীষয়সে ভয়ং প্রাপয়সি। অসন্মিথ্যা ॥৯৩॥
ভীমাদিতি। অনিবর্ত্তিনামপলায়িনাম্। দশগ্রীবসমো রাবণতুল্যঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯৪॥
তিষ্ঠেতি। যুদ্ধশ্রদ্ধাং যুদ্ধং প্রত্যুৎকটমাগ্রহম্। বিনেষ্যামি অপনেষ্যামি ॥৯৫॥
ইতীতি। রাক্ষসো ঘটোৎকচঃ। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥৯৬॥

সঞ্জয় কহিলেন—পুত্রশোকার্ত্ত ও যুদ্ধশ্রান্ত ঘটোৎকচ অশ্বত্থামার এই কথা শুনিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া তাঁহাকে বলিল—॥৯২॥

'দ্রোণপুত্র। আমি কি নীচলোকের ন্যায় যুদ্ধে কাতর যে, তুমি আমাকে বাক্যদ্বারা ভয় দেখাইতেছ। তোমার এ বাক্য মিথ্যা ॥৯৩॥

আমি বিশাল কুরুকুলে ভীম হইতে উৎপন্ন হইয়াছি। সুতরাং আমি যুদ্ধে অনিবর্ত্তী পাণ্ডবগণের পুত্র, রাক্ষসদের রাজা এবং বলে রাবণের তুল্য ॥৯৪॥

অতএব দ্রোণপুত্র! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না। আমি আজ সমরাঙ্গনে তোমার যুদ্ধলালসা দূর করিব ॥৯৫॥

এই কথা বলিয়া অতিমহাবল ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া—সিংহ যেমন গজেন্দ্রের প্রতি ধাবিত হয়, সেইরূপ অশ্বত্থামার প্রতি ধাবিত হইল ॥৯৬॥

(৯৫)···নাশয়ামি রণাজিরে—পি।

শরবৃষ্টিং শরৈর্দ্রৌণিরপ্রাপ্তাং তাং ব্যশাতয়ৎ।
ততোঽন্তরীক্ষে বাণানাং সংগ্রামোঽন্য ইবাভবৎ ॥৯৮॥
অথাস্ত্রসংঘর্ষকৃতৈর্বিস্ফুলিঙ্গৈস্তদা বভৌ।
বিভাবরীমুখে ব্যোম খদ্যোতৈরিব চিত্রিতম্ ॥৯৯॥
নিশম্য নিহতাং মায়াং দ্রৌণিনা রণমানিনা।
ঘটোৎকচস্ততো মায়াং সসর্জান্তর্হিতঃ পুনঃ ॥১০০॥
সোঽভবদ্‌গিরিরত্যুচ্চঃ শিখরৈস্তরুসঙ্কটৈঃ।
শূলপ্রাসাসিমুষলজলপ্রস্রবণো মহান্ ॥১০১॥
তমঞ্জনগিরিপ্রখ্যং দ্রৌণির্দৃষ্ট্বা মহীধরম্।
প্রপতদ্ভিশ্চ বহুভিঃ শস্ত্রসংঘৈর্ন চুক্ষুভে ॥১০২॥

ভারতকৌমুদী

রথেতি। রথাক্ষমাত্রৈ রথস্য তির্য্যগ্‌দণ্ডপ্রমাণৈঃ। ঋষভং শ্রেষ্ঠম্ ॥৯৭॥

শরেতি। অপ্রাপ্তামনাগতামেব, ব্যশাতয়ৎ ব্যনাশয়ৎ। ততো হেতোঃ ॥৯৮॥

অথেতি। বিস্ফুলিঙ্গৈরগ্নিকণৈঃ। বিভাবরীমুখে প্রদোষে, খদ্যোতৈর্জ্যোতিরিঙ্গণৈঃ ॥৯৯॥

নিশম্যেতি। নিশম্য দৃষ্ট্বা। রণমানিনা যুদ্ধশ্লাঘিনা। সসর্জ চকার ॥১০০॥

স ইতি। তরুসঙ্কটৈর্বৃক্ষব্যাপ্তৈঃ। শূলপ্রাসাসিমুষলানাং জলানামিব প্রস্রবণং যস্মাৎ সঃ। ১০১॥

তমিতি। অঞ্জনগিরিপ্রখ্যং কজ্জলপর্ব্বততুল্যম্। ন চুক্ষুভে ন বিচচাল ॥১০২॥

পরে, মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ ঘটোৎকচ রথিশ্রেষ্ঠ অশ্বত্থামার উপরে রথদণ্ডপ্রমাণ বাণ সকল বর্ষণ করিতে লাগিল ॥৯৭॥

সেই বাণবৃষ্টি না আসিতেই, অশ্বত্থামা বাণদ্বারা তাহা বিনাশ করিতে লাগিলেন। তাহাতে আকাশে যেন বাণসমূহেরই অপর যুদ্ধ হইতে লাগিল ॥৯৮॥

ক্রমে সেই প্রদোষকালে অস্ত্রসংঘর্ষজনিত অগ্নিস্ফুলিঙ্গে আকাশটা যেন খদ্যোতচিত্রিত হইয়া শোভা পাইতে থাকিল ॥৯৯॥

রণশ্লাঘী অশ্বত্থামা মায়া বিনষ্ট করিয়াছেন দেখিয়া ঘটোৎকচ অন্তর্হিত হইয়া পুনরায় মায়া সৃষ্টি করিল ॥১০০॥

সে তখন বৃক্ষসঙ্কুল বহুশৃঙ্গযুক্ত একটা অতিভীষণ মহাপর্ব্বত হইল এবং তাহা হইতে জলধারার ন্যায় শূল, প্রাস, তরবারি ও মুষল নিপতিত হইতে লাগিল ॥১০১॥

(১০০) নিশাম্য···নি,···রণশালিনা·· বৰ্দ্ধ। (১০২)···শস্ত্রসংঘৈর্ন বিব্যথে—বা নি।

ততো হসন্নিব দ্রৌণির্দিব্যমস্ত্রমুদৈরয়ৎ।
স তেনাস্ত্রেণ শৈলেন্দ্রঃ ক্ষিপ্তঃ ক্ষিপ্রমনশ্যত ॥১০৩॥
ততঃ স তোয়দো ভূত্বা নীলঃ সেন্দ্রায়ুধো দিবি।
শস্ত্রবৃষ্টিভিরত্যুগ্রো দ্রৌণিমাচ্ছাদয়দ্রণে ॥১০৪॥
অথ সন্ধায় বায়ব্যমস্ত্রমস্ত্রবিদাং বরঃ।
ব্যধমদ্দ্রোণতনয়ো নীলমেঘং সমুত্থিতম্ ॥১০৫॥
স মার্গণগণৈর্দ্রৌণির্দিশঃ প্রচ্ছাদ্য সর্ব্বশঃ।
শতং রথসহস্রাণাং জঘান দ্বিপদাং বরঃ ॥১০৬॥
স দৃষ্ট্বা পুনরায়ান্তং রথেনায়তকার্ম্মুকম্।
ঘটোৎকচমসংভ্রান্তং রাক্ষসৈর্বহুভির্বৃতম্ ॥১০৭॥
সিংহশার্দ্দূলসদৃশৈর্মত্তদ্বিরদবিক্রমৈঃ।
গজস্থৈশ্চ রথস্থৈশ্চ বাজিপৃষ্ঠগতৈরপি ॥১০৮॥

ভারতকৌমুদী

তত ইতি। দিব্যং স্বর্গীয়ম্, উদৈরয়ৎ ন্যক্ষিপৎ। ক্ষিপ্তঃ প্রেরিতঃ ॥১০৩॥
তত ইতি। তোয়দো মেঘঃ। সেন্দ্রায়ুধ ইন্দ্রধনুর্যুক্তঃ ॥১০৪॥
অথেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, সমুত্থিতং ঘটোৎকচমায়য়া সমাগতম্ ॥১০৫॥
স ইতি। মার্গণানাং বাণানাং গণৈঃ। দ্বিপদাং মনুষ্যাণাম্ ॥১০৬॥
গৌতমনন্দন! সুতরাং আমি আজ যুদ্ধে যত্নবান্ ও সম্মিলিত কৃষ্ণ ও অর্জ্জুনকে জয় করিতে মনে মনে ইচ্ছা করি এবং সেই জন্যই গর্জন করি ॥৩০॥

ব্রাহ্মণ! তুমি আমার এই গর্জনের ফল দেখ। আমি যুদ্ধে অনুচরগণ, কৃষ্ণ ও সাত্যকির সহিত পাণ্ডবগণকে বধ করিয়া দুর্য্যোধনকে নিষ্কণ্টক রাজ্য দান করিব' ॥৩১॥

কৃপাচার্য্য বলিলেন—'সূতনন্দন! তুমি যে কৃষ্ণ, অর্জ্জুন ও ধর্ম্মরাজকে নিন্দা করিতেছ, উহা তোমার মনঃপ্রণোদিত প্রলাপমাত্র। সুতরাং উহা আমি গ্রাহ্য করি না ॥৩২॥

কর্ণ! যুদ্ধসজ্জায় সজ্জিত দেব, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস, নাগ ও মনুষ্যগণের যাঁহারা অজেয়, সেই যুদ্ধবিশারদ কৃষ্ণ ও অর্জ্জুন যে পক্ষে রহিয়াছেন, সে পক্ষে জয় নিশ্চিত ॥৩৩॥

(৩২)·· সদাক্ষিপসি বৈ কৃষ্ণম্···বঙ্গ,·· সদাক্ষিপসি বৈ···বা নি।

ভ্রাতরশ্চাস্য বলিনঃ সর্ব্বাস্ত্রেষু কৃতশ্রমাঃ।
গুরুবৃত্তিরতাঃ প্রাজ্ঞা ধর্ম্মনিত্যা যশস্বিনঃ ॥৩৫॥
সম্বন্ধিনশ্চেন্দ্রবীর্য্যাঃ স্বনুরক্তাঃ প্রহারিণঃ।
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ দৌর্ম্মুখির্জনমেজয়ঃ ॥৩৬॥
চন্দ্রসেনো ভদ্রসেনঃ কীর্ত্তিবর্ম্মা ধ্রুবো ধরঃ।
বসুচন্দ্রো দামচন্দ্রঃ সিংহচন্দ্রঃ সুতেজনঃ।
দ্রুপদস্য তথা পুত্রা দ্রুপদশ্চ মহাস্ত্রবিৎ ॥৩৭॥ (যুগ্মকম্)
যেষামর্থায় সংযত্তো মৎস্যরাজঃ সহানুজঃ।
সুদর্শনো গজানীকঃ শ্রুতানীকঃ শ্রুতধ্বজঃ ॥৩৮॥
বলানীকো জয়ানীকো জয়াশ্বো রথবাহনঃ।
চন্দ্রোদয়ঃ কামরথো বিরাটভ্রাতরঃ শুভাঃ ॥৩৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ব্রহ্মণ্য ইতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতৈষী, দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

ভ্রাতর ইতি। গুরুষু যা বৃত্তির্ব্যবহারো নম্রভাবস্তত্র রতাঃ, ধর্ম্মো নিত্যো যেষাং তে ॥৩৫॥

সম্বন্ধিন ইতি। ইন্দ্রস্যেব বীর্য্যং যেষাং তে, প্রহারিণো যোদ্ধারঃ। অথ কে তে সম্বন্ধিন ইত্যাহ দ্রুপদস্য তথা পুত্রা ইতি। তান্ নাম্না বিবৃণোতি ধৃষ্টেত্যাদি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬—৩৭॥

যেষামিতি। অর্থায় অর্থসাধনায়, সংযত্তঃ সম্যগ্‌যত্নবান্ স্থিতঃ। অনুজৈঃ সহেতি সহানুজঃ। নন্বু কে তে মৎস্যরাজানুজা ইত্যাহ সুদর্শন ইত্যাদি। শুভাঃ সুলক্ষণাঃ ॥৩৮—৩৯॥

ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ব্রাহ্মণহিতৈষী, সত্যবাদী, ইন্দ্রিয়দমনশীল, গুরু ও দেবতার পূজক, সর্বদা ধর্ম্মে নিরত, অস্ত্রে বিশেষভাবে শিক্ষিত, ধৈর্য্যশীল ও কৃতজ্ঞ ॥৩৪॥

ইঁহার ভ্রাতারাও বলবান্, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, গুরুজনের নিকট অবনত, প্রাজ্ঞ, সর্ব্বদা ধর্ম্মপরায়ণ ও যশস্বী ॥৩৫॥

ইঁহার শ্যালক দ্রুপদপুত্রগণও ইন্দ্রের তুল্য বলবান্, অত্যন্ত অনুরক্ত ও যোদ্ধা। তাঁহাদের নাম—ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, দৌর্ম্মুখি, জনমেজয়, চন্দ্রসেন, ভদ্রসেন, কীর্ত্তিবর্ম্মা, ধ্রুব, ধর, বসুচন্দ্র, দামচন্দ্র, সিংহচন্দ্র ও সুতেজন। আবার দ্রুপদরাজাও মহাস্ত্রজ্ঞ ॥৩৬—৩৭॥

অনুজগণের সহিত মৎস্যরাজ বিরাটও যাঁহাদের অর্থসাধনের জন্য বিশেষ যত্নবান্ হইয়া রহিয়াছেন। সুদর্শন, গজানীক, শ্রুতানীক, শ্রুতধ্বজ, বলানীক,

(৩৭) চন্দ্রসেনো রুদ্রসেনঃ কীর্ত্তিবর্ম্মা…বা নি। (৩৯) শতানীকঃ সূর্য্যদত্তঃ—বা নি।

যমৌ চ দ্রৌপদেয়াশ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
যেষামর্থায় যুধ্যন্তে ন তেষাং বিদ্যতে ক্ষয়ঃ।
এতে চান্যে চ বহবো গণাঃ পাণ্ডুসুতস্য বৈ ॥৪০॥
কামং খলু জগৎ সর্ব্বং সদেবাসুরমানুষম্।
সযক্ষরাক্ষসগণং সভূতভুজগদ্বিপম্ ॥৪১॥
নিঃশেষং ভুজবীর্য্যেণ কুর্ব্বাতে ভীমফাল্গুনৌ।
যুধিষ্ঠিরশ্চ পৃথিবীং নির্দ্দহেদ্‌ঘোরচক্ষুষা ॥৪২॥ (যুগ্মকম্)
অপ্রমেয়বলঃ শৌরির্যেষামর্থে চ দংশিতঃ।
কথং তান্ সংযুগে কর্ণ! জেতুমুৎসহসে পরান্ ॥৪৩॥
মহানপনয়স্ত্বেষ তব নিত্যং হি সূতজ!।
যত্ত্বমুৎসহসে যোদ্ধুং সমরে শৌরিণা সহ ॥৪৪॥

ভারতকৌমুদী

যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ, দ্রৌপদেয়া দৌপদ্যাঃ পুত্রাঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪০॥
কামমিতি। কামং যথেচ্ছম্। নিঃশেষং নিরবশেষম্ ॥৪১—৪২॥
অপ্রেতি। অপ্রমেয়বলঃ অজ্ঞেয়শক্তিঃ, শৌরিঃ কৃষ্ণঃ। দংশিতঃ সন্নদ্ধঃ ॥৪৩॥
মহানিতি। অপনয়ো দুর্নীতিদুষ্টস্বভাব ইতি যাবৎ। উৎসহসে ইচ্ছসি ॥৪৪॥

জয়ানীক, জয়াশ্ব, রথবাহন, চন্দ্রোদয় ও কামরথ এই সুলক্ষণসম্পন্ন বীরগণ বিরাটরাজার অনুজ ভ্রাতা ॥৩৮—৩৯॥

তা'র পর নকুল, সহদেব, দ্রৌপদীর পুত্রগণ এবং রাক্ষস ঘটোৎকচ যাঁহাদের অর্থসাধনের জন্য যুদ্ধ করিতেছেন, তাঁহাদের ক্ষয় নাই। ইহারা অন্য ও বহুতর বীর যুধিষ্ঠিরের পক্ষবর্ত্তী ॥৪০॥

ভীম ও অর্জ্জুন ইচ্ছানুসারে আপন আপন বাহুবলে দেবতা, অসুর, মানুষ, যক্ষ, রাক্ষস, ভূত, নাগ ও হস্তিগণের সহিত সমগ্র জগৎ নিঃশেষ করিতে পারেন এবং যুধিষ্ঠিরও ভয়ঙ্কর নয়নের তেজে সমস্ত পৃথিবী দগ্ধ করিতে সমর্থ হন ॥৪১—৪২॥

তা'র পর যাঁহার শক্তির পরিমাণ করা যায় না, সেই কৃষ্ণ যাঁহাদের জন্য সজ্জিত হইয়াছেন, কর্ণ! তুমি সেই পাণ্ডবগণকে কি করিয়া যুদ্ধে জয় করিবার ইচ্ছা করিতেছ? ॥৪৩॥

সূতনন্দন! তোমার এটা সর্বদাই গুরুতর কুস্বভাব যে, তুমি সমরাঙ্গনে কৃষ্ণের সহিত যুদ্ধ করিতে ইচ্ছা কর' ॥৪৪॥

(৩০)...চন্দ্রোদয়ঃ সমরথঃ...বা নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তু রাধেয়ঃ প্রহসন্ ভরতর্ষভ !।
অব্রবীচ্চ তদা কর্ণো গুরুং শারদ্বতং কৃপম্ ॥৪৫॥
সত্যমুক্তং ত্বয়া ব্রহ্মন্ ! পাণ্ডবান্ প্রতি যদ্বচঃ।
এতে চান্যে চ বহবো গণাঃ পাণ্ডুসুতস্য বৈ ॥৪৬॥
অজয্যাশ্চ রণে পার্থা দেবৈরপি সবাসবৈঃ।
সদৈত্যযক্ষগন্ধর্বপিশাচোরগরাক্ষসৈঃ।
তথাপি পার্থান্ জেষ্যামি শক্ত্যা বাসবদত্তয়া ॥৪৭॥
মম হ্যমোঘা দত্তেয়ং শক্তিঃ শক্রেণ বৈ দ্বিজ !।
এতয়া নিহনিষ্যামি সব্যসাচিনমাহবে ॥৪৮॥
হতে তু পাণ্ডবে কৃষ্ণো ভ্রাতরশ্চাস্য সোদরাঃ।
অনর্জ্জুনাং মহীং ভোক্তুং ন শক্ষ্যন্তি কথঞ্চন ॥৪৯॥

ভারতকৌমুদী

এবমিতি। রাধেয়ো রাধায়াঃ পুত্রঃ। শারদ্বতং শরদ্বতঃ পুত্রম্ ॥৪৫॥
সত্যমিতি। পাণ্ডবান্ প্রতি যদ্বচ উক্তম্, তৎ সত্যমিত্যর্থঃ ॥৪৬॥
অজয্যা ইতি। অজয্যা জেতুমশক্যাঃ। সবাসবৈঃ সেন্দ্রৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥
নন্বেকয়া শক্ত্যা কথং সর্ব্বান্ পার্থান্ জেষ্যসীত্যাহ মমেতি। সব্যসাচিনমর্জ্জুনমেব ॥৪৮॥
অথ তথাত্বেঽপি কথং সর্ব্বপার্থবিনাশ ইত্যাহ হত ইতি। পাণ্ডবে অর্জ্জুনে। নকুল-সহদেবপক্ষে সোদরা ইতি সোদরতুল্যাঃ। ন শক্ষ্যন্তি অর্জ্জুনশোকেন মরণাদিতি ভাবঃ ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! কৃপাচার্য্য এইরূপ বলিলে, তখন রাধানন্দন কর্ণ হাসিতে হাসিতে তাঁহাকে কহিলেন—॥৪৫॥

ব্রাহ্মণ ! আপনি পাণ্ডবগণের বিষয়ে যাহা বলিলেন, তাহা সত্য। ইহারা এবং অন্যও বহুতর বীর যুধিষ্ঠিরের পক্ষে রহিয়াছেন ॥৪৬॥

তা'র পর ইন্দ্রের সহিত দেবগণ, দৈত্যগণ, যক্ষগণ, গন্ধর্ব্বগণ, পিশাচগণ, নাগগণ এবং রাক্ষসগণও যুদ্ধে পাণ্ডবদিগকে জয় করিতে পারেন না ইহাও সত্য। কিন্তু তথাপি আমি ইন্দ্রদত্ত শক্তিদ্বারা পাণ্ডবদিগকে জয় করিব ॥৪৭॥

ব্রাহ্মণ ! আমার নিকটে এই ইন্দ্রদত্ত অব্যর্থ শক্তি রহিয়াছে; আমি ইহা দ্বারাই যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব ॥৪৮॥

(৪৬)...গণাঃ পাণ্ডুসুতেষু বৈ—বা নি। (৪৯)...অনর্জ্জুনা মহীম্...বঙ্গ বর্দ্ধ বা নি।

তেষু নষ্টেষু সর্ব্বেষু পৃথিবীয়ং সসাগরা।
অযত্নাৎ কৌরবেন্দ্রস্য বশে স্থাস্যতি গৌতম ! ॥৫০॥
সুনীতৈরিহ সর্ব্বার্থাঃ সিধ্যন্তে নাত্র সংশয়ঃ।
এতমর্থমহং জ্ঞাত্বা ততো গর্জামি গৌতম ! ॥৫১॥
ত্বন্তু বৃদ্ধশ্চ বিপ্রশ্চাপ্যশক্তশ্চাপি সংযুগে।
কৃতস্নেহশ্চ পার্থেষু মোহান্মামবমন্যসে ॥৫২॥
যদ্যেবং বক্ষ্যসে ভূয়ো মমাপ্রিয়মিহ দ্বিজ !।
ততস্তে খড়্গমুদ্যম্য জিহ্বাং ছেৎস্যামি দুর্ম্মতে ! ॥৫৩॥
যচ্চাপি পাণ্ডবান্ বিপ্র ! স্তোতুমিচ্ছসি সংযুগে।
ভীষয়ন্ সর্বসৈন্যানি কৌরবেয়াণি দুর্ম্মতে ! ॥৫৪॥
তত্রাপি শৃণু মে বাক্যং যথাবদ্ব্রুবতো দ্বিজ !।
দুর্য্যোধনশ্চ দ্রোণশ্চ শকুনির্দুর্ম্মুখো জয়ঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

তৎফলমাহ তেষ্বিতি। কৌরবেন্দ্রস্য দুর্য্যোধনস্য ॥৫০॥
সুনীতৈরিতি। সুনীতৈঃ সুষ্ঠু প্রযুক্তাভির্নীতিভিঃ, সর্ব্বার্থাঃ সর্বে বিষয়াঃ।৫১॥
ত্বমিতি। বিপ্রশ্চ কেবলং বাগ্‌বীর ইতি ভাবঃ, অশক্তশ্চ অপটুত্বাৎ ॥৫২॥
যদীতি। উদ্যম্য উত্তোল্য ॥৫৩॥

অর্জ্জুন নিহত হইলে, কৃষ্ণ এবং উহার ভ্রাতারা কোন প্রকারেই অর্জ্জুনশূন্য পৃথিবী ভোগ করিতে পারিবে না (শোকে মরিয়া যাইবে) ॥৪৯॥

গৌতম ! তাহারা সকলে বিনষ্ট হইলে, এই সসাগরা পৃথিবী বিনা চেষ্টায় দুর্য্যোধনের বশীভূত হইবে ॥৫০॥

গৌতম ! সুষ্ঠুভাবে নীতি প্রয়োগ করিতে পারিলে, এই জগতে সমস্ত বিষয়ই সিদ্ধি লাভ করে ; এ বিষয়ে কোন সন্দেহ নাই। আমি এই বিষয় জানিয়া তাহার পরেই গর্জন করিয়া থাকি ॥৫১॥

কিন্তু তুমি—বৃদ্ধ, ব্রাহ্মণ, যুদ্ধে অসমর্থ এবং পাণ্ডবদের উপরে বিশেষ স্নেহ করিয়া থাক ; সেই জন্যই মোহবশতঃ আমার প্রতি অবজ্ঞা কর ॥৫২॥

দেখ—দুর্ম্মতি ব্রাহ্মণ ! তুমি যদি আবারও এইরূপ আমার অপ্রিয় বাক্য বল, তবে খড়্গ উত্তোলন করিয়া তোমার জিহ্বা ছেদন করিব ॥৫৩॥

দুর্ম্মতি ব্রাহ্মণ ! তুমি রণস্থলে দাঁড়াইয়া সমস্ত কৌরবসৈন্যের ভয় উৎপাদন

(৫২)···বিপ্রশ্চ অশক্তশ্চাপি·· বা নি। (৫৫) ·অত্রাপি শৃণু মে বাক্যম্···বঙ্গ বর্দ্ধ বা নি।

দুঃশাসনো বৃষসেনো মদ্ররাজস্ত্বমেব চ।
সোমদত্তশ্চ ভূরিশ্চ তথা দ্রৌণির্বিবিংশতিঃ ॥৫৬॥
তিষ্ঠেয়ুর্দংশিতা যত্র সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
জয়েদেতান্ নরঃ কোঽত্র শক্রতুল্যবলোঽপ্যরিঃ ॥৫৭॥ (কলাপকম্)
শূরাশ্চ হি কৃতাস্ত্রাশ্চ বলিনঃ স্বর্গলিপ্সবঃ।
ধর্ম্মজ্ঞা যুদ্ধকুশলা হন্যুর্যুদ্ধে সুরানপি ॥৫৮॥
এতে স্থাস্যন্তি সংগ্রামে পাণ্ডবানাং বধার্থিনঃ।
জয়মাকাঙ্ক্ষমাণা হি কৌরবেয়স্য দংশিতাঃ ॥৫৯॥
দৈবায়ত্তমহং মন্যে জয়ং সুবলিনামপি।
যত্র ভীষ্মো মহাবাহুঃ শেতে শরশতাচিতঃ ॥৬০॥
বিকর্ণশ্চিত্রসেনশ্চ বাহ্লীকোঽথ জয়দ্রথঃ।
ভূরিশ্রবা জয়শ্চৈব জলসন্ধঃ সুদক্ষিণঃ ॥৬১॥

ভারতকৌমুদী

যদিতি। ভীষয়ন্ ভয়ং প্রাপয়ন্। জয়ো নাম কশ্চিদ্বীরঃ। ভূরিরপ্যেকঃ শূরঃ। দ্রৌণিরশ্বত্থামা। দংশিতাঃ সন্নদ্ধাঃ। জয়েৎ জেতুং শক্নুয়াৎ ॥৫৪—৫৭॥

পক্ষান্তরমাহ শূরা ইতি। শূরা দুর্য্যোধনাদয়ঃ। হন্যুঃ হন্তুং শক্নুযুঃ ॥৫৮॥

এত ইতি। এতে দ্রোণাদয়ঃ। কৌরবেয়স্য দুর্য্যোধনস্য, দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥৫৯॥

দৈবেতি। যত্র যস্মাৎ। শরশতেন আচিতো ব্যাপ্তদেহঃ ॥৬০॥

করিতে থাকিয়া পাণ্ডবগণের যে স্তব করিবার ইচ্ছা করিতেছ, সে বিষয়েও আমি যথাযথ বলিতেছি, তুমি আমার সে বাক্য শ্রবণ কর। দুর্য্যোধন, দ্রোণ, শকুনি, দুর্ম্মুখ, জয়, দুঃশাসন, বৃষসেন, মদ্ররাজ, তুমি, সোমদত্ত, ভূরি, অশ্বত্থামা এবং বিবিংশতি এই সকল যুদ্ধবিশারদ বীর যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া যে স্থানে অবস্থান করেন, সেস্থানে শত্রুপক্ষীয় কোন্ মানুষ ইন্দ্রের তুল্য বলবান্ হইয়াও ইঁহাদিগকে জয় করিতে পারে? ॥৫৪—৫৭॥

পক্ষান্তরে অস্ত্রে সুশিক্ষিত, বলবান্, স্বর্গলিপ্সু, ধর্ম্মজ্ঞ ও যুদ্ধনিপুণ এই বীরেরা যুদ্ধে দেবগণকেও বধ করিতে পারেন ॥৫৮॥

ইঁহারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া পাণ্ডবগণের বধ এবং দুর্য্যোধনের জয় কামনা করিতে থাকিয়া সমরাঙ্গনে অবস্থান করিবেন ॥৫৯॥

তা'র পর আমি মনে করি—অত্যন্ত বলবান্ বীরগণেরও জয়লাভ দৈবের অধীন। যে হেতু মহাবাহু ভীষ্ম শরসমূহে ব্যাপ্তদেহ হইয়া শয়ন করিয়া রহিয়াছেন ॥৬০॥

শলশ্চ রথিনাং শ্রেষ্ঠো ভগদত্তশ্চ বীর্য্যবান্ ।
এতে চান্যে চ রাজানো দেবৈরপি সুদুর্জয়াঃ ॥৬২॥
নিহতাঃ সমরে শূরাঃ পাণ্ডবৈর্ব্বলবত্তরাঃ ।
কিমন্যদ্দৈবসংযোগান্মন্যসে পুরুষাধম ! ॥৬৩॥ (বিশেষকম্)
যাংশ্চ তান্ স্তৌষি সততং দুর্য্যোধনরিপূন্ দ্বিজ ! ।
তেষামপি হতাঃ শূরাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৬৪॥
ক্ষীয়ন্তে সর্ব্বসৈন্যানি কুরূণাং পাণ্ডবৈঃ সহ ।
প্রভাবং নাত্র পশ্যামি পাণ্ডবানাং কথঞ্চন ॥৬৫॥
যাংস্তান্ বলবতো নিত্যং মন্যসে ত্বং দ্বিজাধম ! ।
যতিষ্যেঽহং যথাশক্তি যোদ্ধুং তৈঃ সহ সংযুগে ।
দুর্য্যোধনহিতার্থায় জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
ঘটোৎকচবধে কৃপকর্ণবিবাদে অষ্টত্রিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিকর্ণ ইতি। জয়োঽত্র ধার্ত্তরাষ্ট্রঃ। শলঃ কৌরবঃ। দৈবস্য সংযোগাৎ সম্বন্ধাৎ ॥৬১-৬৩॥
স্বপক্ষবৎ পরপক্ষেঽপি নিহতা ইত্যাহ যানিতি। স্তৌষি প্রশংসসি ॥৬৪॥
সঙ্কলয়ন্নাহ ক্ষীয়ন্ত ইতি। প্রভাবম্ অধিকশক্তিম্ ॥৬৫॥

পরে—বিকর্ণ, চিত্রসেন, বাহ্লীক, জয়দ্রথ, ভূরিশ্রবা, জয়, জলসন্ধ, সুদক্ষিণ, শল এবং রথিশ্রেষ্ঠ ও বলবান্ ভগদত্ত এই সকল বীরকে, আর দেবগণের পক্ষেও অতিদুর্জয় প্রবল অন্যান্য বীর ক্ষত্রিয়গণকে পাণ্ডবেরা যুদ্ধে বধ করিয়াছে। অতএব নরাধম! তুমি এই ঘটনাকে দৈবের কার্য্য ব্যতীত আর কি মনে করিতে পার ॥৬১—৬৩॥

তা'র পর ব্রাহ্মণ! তুমি দুর্য্যোধনের যে সকল শত্রুকে সর্বদা প্রশংসা কর, তাহাদের পক্ষেও ত শত শত ও সহস্র সহস্র বীর নিহত হইয়াছেন ॥৬৪॥

সুতরাং অবশ্যই বলিতে হইবে যে, পাণ্ডবদের সহিত কৌরবদের সমস্ত সৈন্যই ক্রমশঃ ক্ষয় পাইতেছে। অতএব এ বিষয়ে কোন প্রকারেই আমি পাণ্ডবদের অধিক প্রভাব দেখিতে পাই না ॥৬৫॥

* '...ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' ম্বা রা '...একোনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

তথা তু ভর্ৎসিতং দৃষ্ট্বা সূতপুত্রেণ মাতুলম্।
খড়্গমুদ্যম্য বেগেন দ্রৌণিরভ্যপতদ্দ্রুতম্ ॥১॥
ততঃ পরমসংক্রুদ্ধঃ সিংহো মত্তমিব দ্বিপম্।
প্রেক্ষতঃ কুরুরাজস্য সমক্ষঞ্চেদমব্রবীৎ ॥২॥

অশ্বত্থামোবাচ।

যদর্জ্জুনগুণাংস্তথ্যান্ কীর্ত্তয়ানং নরাধম!।
শূরং দ্বেষাৎ সুদুর্বুদ্ধে! ত্বং ভর্ৎসয়সি মাতুলম্ ॥৩॥

ভারতকৌমুদী

নিগ্রহং ব্রুবন্নুপসংহরতি যানিতি। সংযুগে সমরাঙ্গনে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তথেতি। অত্র বেগেন দ্রুতমিত্যাৰ্ষী পুনরুক্তিরার্ষত্বাৎ ক্ষন্তব্যা ॥১॥

তত ইতি। অত্রাপি প্রেক্ষতঃ সমক্ষমিতি পূর্ববদেব পুনরুক্তিঃ ॥২॥

ব্রাহ্মণাধম! তুমি সর্ব্বদাই যাহাদিগকে বলবান্ বলিয়া মন্তব্য প্রকাশ কর, আমি দুর্য্যোধনের হিতের জন্য শক্তি অনুসারে সমরাঙ্গনে তাহাদের সহিত যুদ্ধ করিবার জন্য যত্ন করিব। তবে জয় দৈবের অধীন' ॥৬৬॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ সেইভাবে মাতুল কৃপাচার্য্যকে ভর্ৎসনা করিলেন দেখিয়া অশ্বত্থামা বেগে কর্ণের নিকট যাইতে লাগিলেন ॥১॥

তাহার পর সিংহ যেমন মত্ত হস্তীর নিকট উপস্থিত হয়, সেইরূপ অত্যন্ত ক্রুদ্ধ অশ্বত্থামা কর্ণের নিকট উপস্থিত হইয়া দুর্য্যোধনের সমক্ষেই এই কথা বলিলেন—॥২॥

(১) তথাপকৃষিতম্ · পি বঙ্গ বা নি। (২)·· কুরুরাজস্য দ্রৌণিঃ কর্ণং সমভ্যয়াৎ—বা নি।
(৩) · শরদ্বেষাৎ···বর্দ্ধ।

বিকত্থমানঃ শৌর্য্যেণ সর্ব্বলোকধনুর্ভৃতাম্ ।
দর্পোৎসেকগৃহীতোঽদ্য ন কঞ্চিদ্গণয়ন্ মৃধে ॥৪॥ (যুগ্মকম্)
ক্ব তে বীর্য্যং ক্ব চাস্ত্রাণি যত্ত্বাং নির্জ্জিত্য সংযুগে ।
গাণ্ডীবধন্বা হতবান্ প্রেক্ষতস্তে জয়দ্রথম্ ॥৫॥
যেন সাক্ষান্মহাদেবো যোধিতঃ সমরে পুরা ।
তমিচ্ছসি বৃথা জেতুং সূতাধম ! মনোরথৈঃ ॥৬॥
যং হি কৃষ্ণেন সহিতং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ।
জেতুং ন শক্তাঃ সহিতাঃ সেন্দ্রা অপি সুরাসুরাঃ ॥৭॥
লোকৈকবীরমজিতমর্জ্জুনং সূত ! সংযুগে ।
কিং পুনস্ত্বং সুদুর্বুদ্ধে ! সহৈভির্ব্বসুধাধিপৈঃ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদিতি। হে নরাধম সুদুর্বুদ্ধে ! দর্পেণ উৎসেকেন অহঙ্কারেণ চ গৃহীত আক্রান্তস্ত্বম্, শৌর্য্যেণ, বিকত্থমান আত্মশ্লাঘাং কুর্ব্বন্, তথা মৃধে যুদ্ধবিষয়ে, সর্বলোকধনুর্ভৃতাং মধ্যে কঞ্চিদপি ন গণয়ন্, তথ্যান্ সত্যানেব অর্জ্জুনগুণান্, কীর্ত্তয়ানং কীর্ত্তয়মানম্, শূরং মাতুলং কৃপম্, অদ্য যদ্ভৎর্সয়সি, তৎপ্রতিক্রিয়াং করোমীতি শেষঃ ॥৩—৪॥

ক্বেতি। যদ্যদা। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ, প্রেক্ষতঃ প্রেক্ষমাণস্য ॥৫॥

যেনেতি। পুরা বনবাসকালে। তমর্জ্জুনম্, বৃথা নিষ্ফলৈর্মনোরথৈঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৩॥ কঞ্চিদ্ধনুর্দ্ধরং ন গণয়ন্নিত্যন্বয়ঃ ॥৪—২৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৯॥

অশ্বত্থামা বলিলেন—'অতিদুর্বুদ্ধি নরাধম ! তুই দর্পে ও অহঙ্কারে আক্রান্ত হইয়া আপন বীরত্বের জন্য আত্মশ্লাঘা করিতে থাকিয়া সমগ্র জগতের ধনুর্দ্ধরদের মধ্যে কাহাকেও গণনা করিতেছিলি না; সেই সময়ে আমার মাতুল বীর কৃপাচার্য্য অর্জ্জুনের যথার্থ গুণগুলির উল্লেখ করিতেছিলেন; তথাপি তুই বিদ্বেষবশতঃ তাঁহাকে যে ভৎর্সনা করিলি, আমি এখনই তাহার প্রতিক্রিয়া করিতেছি ॥৩—৪॥

অর্জ্জুন যখন তোকে যুদ্ধে জয় করিয়া তোর সমক্ষেই জয়দ্রথকে বধ করিয়াছিলেন, তখন তোর বল কোথায় ছিল ? অস্ত্র সকলই বা কোথায় ছিল ? ॥৫॥

সূতাধম ! যিনি পূর্ব্বে সাক্ষাৎ মহাদেবের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তুই কেবল বৃথা সঙ্কল্পদ্বারা সেই অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছা করিস্ ! ॥৬॥

(৪)·· ন কিঞ্চিদ্গণয়ন্ মৃধে—বর্দ্ধ। (৫)·· যং ত্বাম্···বা নি।

কর্ণ! পশ্য সুদুর্ব্বুদ্ধে! তিষ্ঠেদানীং নরাধম!।
এষ তেঽদ্য শিরঃ কায়াদুদ্ধরামি সুদুর্ম্মতে! ॥৯॥

সঞ্জয় উবাচ।

তমুৎপতন্তং বেগেন রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্।
ন্যবারয়ন্মহারাজ! কৃপশ্চ বদতাং বরঃ ॥১০॥

কর্ণ উবাচ।

শূরোঽয়ং সমরশ্লাঘী দুর্ম্মতিশ্চ দ্বিজাধমঃ।
আসাদয়তু মদ্বীর্য্যং মুঞ্চৈনং কুরুসত্তম! ॥১১॥

অশ্বত্থামোবাচ।

তবৈতৎ ক্ষম্যতেঽস্মাভিঃ সূতাত্মজ! সুদুর্ম্মতে!।
দর্পমুৎসিক্তমেতং তে ফাল্গুনো নাশয়িষ্যতি ॥১২॥

ভারতকৌমুদী

সমিতি। সহিতা মিলিতাঃ। তমর্জ্জুনং জেতুং কিং পুনস্ত্বং শক্তঃ স্যাঃ ॥৭—৮॥
কর্ণেতি। উদ্ধরামি ছিত্ত্বা পৃথক্কৃত্য উত্তোলয়ামি ॥৯॥
তমিতি। উৎপতন্তং কর্ণোপরি পতন্তম্ ॥১০॥
শূর ইতি। শূরঃ সমরশ্লাঘীতি সোল্লুণ্ঠনোক্তিঃ। আসাদয়তু প্রাপ্নোতু ॥১১॥
তবেতি। উৎসিক্তমুদ্রিক্তম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥১২॥

অতিদুর্ব্বুদ্ধি সূত! ইন্দ্রের সহিত মিলিত দেবদানবগণও কৃষ্ণের সহিত মিলিত সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যে অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হন না, জগতের অদ্বিতীয় বীর এবং অপরাজিত সেই অর্জ্জুনকে তুই এই কয় জন রাজার সহিত মিলিত হইয়া যুদ্ধে জয় করিতে সমর্থ হইবি? ॥৭—৮॥

অতিদুর্ব্বুদ্ধি নরাধম কর্ণ! দেখ, এখন দাঁড়া। অতিদুর্ম্মতি! আজ এই আমি তোর দেহ হইতে মস্তক হরণ করিতেছি' ॥৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! এই কথা বলিয়াই অশ্বত্থামা বেগে যাইয়া কর্ণের উপরে পড়িতে লাগিলে, রাজা স্বয়ং দুর্য্যোধন এবং বাগ্মিশ্রেষ্ঠ কৃপ তাঁহাকে নিবারণ করিলেন ॥১০॥

কর্ণ বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ! তুমি ওটাকে ছাড়; বীর, সমরশ্লাঘী ও দুর্ব্বুদ্ধি এই ব্রাহ্মণাধমটা আমার শক্তি অনুভব করুক' ॥১১॥

(১০) তমুদ্যতং তু বেগেন…ন্যবারয়ন্মহাতেজাঃ কৃপশ্চ দ্বিপদাং বরঃ—বা নি। (১২)… দর্পমুৎসিক্তমেতত্তে…বঙ্গ বর্দ্ধ বা নি।

দুর্য্যোধন উবাচ।

অশ্বত্থামন্! প্রসীদস্ব ক্ষন্তুমর্হসি মানদ!।
কোপঃ খলু ন কর্ত্তব্যঃ সূতপুত্রে কথঞ্চন ॥১৩॥
ত্বয়ি কর্ণে কৃপে দ্রোণে মদ্ররাজেঽথ সৌবলে।
মহৎ কার্য্যং সমাসক্তং প্রসীদ দ্বিজসত্তম! ॥১৪॥
এতে হ্যভিমুখাঃ সর্ব্বে রাধেয়েন যুযুৎসবঃ।
আয়ান্তি পাণ্ডবা ব্রহ্মন্! আহ্বয়ন্তঃ সমন্ততঃ ॥১৫॥

সঞ্জয় উবাচ।

প্রসাদ্যমানস্ত ততো রাজ্ঞা দ্রৌণির্মহামনাঃ।
প্রসসাদ মহারাজ! ক্রোধবেগসমন্বিতঃ ॥১৬॥
ততঃ কৃপ উবাচেদমাচার্য্যঃ সুমহামনাঃ।
সৌম্যস্বভাবাদ্রাজেন্দ্র! ক্ষিপ্রমাগতমার্দ্দবঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অশ্বেতি। মানদত্বাদেবাম্নুরোধরক্ষণেন ক্ষমাং কুর্ব্বন্ রাজ্ঞো মে মানং দাস্যসীতি ভাবঃ ॥১৩॥
ত্বয়ীতি। সৌবলে শকুনৌ। কার্য্যং বিপক্ষবিজয়রূপম্, সমাসক্তং ন্যস্তম্ ॥১৪॥
এত ইতি। রাধেয়েন কর্ণেন সহ, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। কর্ণং প্রত্যেবাগমনকারণঞ্চ পশ্চাৎ স্বয়মেব বক্ষ্যতি ॥১৫॥
প্রসাদ্যেতি। রাজ্ঞা দুর্য্যোধনেন। মহামনস্ত্বাদেব প্রসসাদেত্যাশয়ঃ ॥১৬॥
তত ইতি। সৌম্যস্বভাবাৎ শান্তপ্রকৃতিকত্বাৎ, আগতং মার্দ্দবং কোমলতা যস্য সঃ ॥১৭॥

অশ্বত্থামা বলিলেন—‘অতিদুর্ব্বুদ্ধি সারথির পুত্র! আমরা তোকে এই ক্ষমা করিলাম; কিন্তু অর্জ্জুন তোর এই উদ্রিক্ত দর্প নাশ করিবেন’ ॥১২॥

দুর্য্যোধন বলিলেন—‘মানী জনের সম্মানরক্ষক গুরুপুত্র! আপনি প্রসন্ন হউন, ক্ষমা করুন। আপনি কর্ণের উপরে কোন প্রকারেই ক্রোধ করিবেন না ॥১৩॥

কারণ, আপনি, কর্ণ, কৃপ, দ্রোণ, শল্য ও শকুনি ইঁহাদের উপরে গুরুতর কার্য্যের ভার রহিয়াছে। সুতরাং ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি প্রসন্ন হউন ॥১৪॥

ব্রাহ্মণ! এই পাণ্ডবেরা সকলে কর্ণের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে আহ্বান করিতে থাকিয়া ইহার অভিমুখেই আসিতেছে’ ॥১৫॥

সঞ্জয় বলিলেন—‘মহারাজ! তখন দুর্য্যোধন অনুরোধ করিতে লাগিলে, মহামনা অশ্বত্থামা ক্রুদ্ধ থাকিয়াও প্রসন্নভাব ধারণ করিলেন ॥১৬॥

(১৩)…সূতপুত্রং কথঞ্চন—বা নি। (১৬)…ক্রোধমন্যুসমন্বিতঃ—পি বর্দ্ধ।

কৃপ উবাচ।

তবৈতৎ ক্ষম্যতেঽস্মাভিঃ সূতাত্মজ! সুদুর্ম্মতে !।
দর্পমুৎসিক্তমেতং তে ফাল্গুনো নাশয়িষ্যতি ॥১৮॥

সঞ্জয় উবাচ।

ততস্তে পাণ্ডবা রাজন্! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ।
আজগ্মুঃ সহিতাঃ কর্ণং তর্জয়ন্তঃ সমন্ততঃ ॥১৯॥
কর্ণোঽপি রথিনাং শ্রেষ্ঠশ্চাপমুদ্যম্য বীর্য্যবান্।
কৌরবাগ্র্যৈঃ পরিবৃতঃ শক্রো দেবগণৈরিব।
পর্য্যতিষ্ঠত তেজস্বী স্ববাহুবলমাশ্রিতঃ ॥২০॥
ততঃ প্রববৃতে যুদ্ধং কর্ণস্য সহ পাণ্ডবৈঃ।
সংরব্ধস্য মহারাজ! সিংহনাদবিনাদিতম্ ॥২১॥

ভারতকৌমুদী

তবেতি। পূর্ব্বং ব্যাখ্যাতমিদম্ ॥১৮॥
তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥১৯॥
কর্ণ ইতি। উদ্যম্য উত্তোল্য। কৌরবেষু অগ্র্যৈঃ প্রধানৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
তত ইতি। সংরব্ধস্য ক্রুদ্ধস্য। ক্রোধস্য প্রাধান্যেন স্বং প্রত্যেবাগমনাৎ ॥২১॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর অতিমহামনা কৃপাচার্য্যের শান্তস্বভাববশতঃ সত্বরই কোমলতা আসিল, তখন তিনি এই কথা বলিলেন ॥১৭॥

কৃপাচার্য্য বলিলেন—'অতিদুর্ম্মতি সূতপুত্র! আমরা তোমাকে এই ক্ষমা করিলাম; কিন্তু অর্জ্জুন তোমার এই উদ্রিক্ত দর্প নাশ করিবেন' ॥১৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তদনন্তর সেই যশস্বী পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সম্মিলিত হইয়া কর্ণকে ভৎর্সনা করিতে থাকিয়া সকল দিক্ হইতে আসিতে লাগিলেন ॥১৯॥

রথিশ্রেষ্ঠ, বলবান্ এবং তেজস্বী কর্ণও ধনু উত্তোলন করিয়া দেবগণপরিবৃত ইন্দ্রের ন্যায় প্রধান কৌরবগণে পরিবৃত হইয়া আপন বাহুবল অবলম্বনপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন ॥২০॥

মহারাজ! তাহার পর পাণ্ডবগণের সহিত ক্রুদ্ধ কর্ণের যুদ্ধ লাগিয়া গেল। তখন সিংহনাদে সকল দিক্ নিনাদিত হইল ॥২১॥

(১৮) ··দর্পমুৎসিক্তমেতত্তে···বঙ্গ বর্দ্ধ বা নি। (২১)···ভীষণং সুমহারাজ! সিংহনাদ-বিরাজিতম্—বা নি।

ততস্তে পাণ্ডবা রাজন্! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ।
দৃষ্ট্বা কর্ণং মহাবাহুমুচ্চৈঃশব্দমথানদন্ ॥২২॥
অয়ং কর্ণঃ কুতঃ কর্ণস্তিষ্ঠ কর্ণ! মহারণে।
যুধ্যস্ব সহিতোঽস্মাভির্দুরাত্মন্! পুরুষাধম! ॥২৩॥
অন্যে তু দৃষ্ট্বা রাধেয়ং ক্রোধরক্তেক্ষণাব্রুবন্।
হন্যতাময়মুৎসিক্তঃ সূতপুত্রোঽল্পচেতনঃ।
সর্ব্বৈঃ পার্থিবশার্দ্দূলৈর্নানেনার্থোঽস্তি জীবতা ॥২৪॥
অত্যন্তবৈরী পার্থানাং সততং পাপপূরুষঃ।
এষ মূলমনর্থানাং দুর্য্যোধনমতে স্থিতঃ ॥২৫॥
হতৈনমিতি জল্পন্তঃ ক্ষত্রিয়াঃ সমুপাদ্রবন্।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ন্তো মহারথাঃ।
বধার্থং সূতপুত্রস্য পাণ্ডবেয়েন চোদিতাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। উচ্চৈঃ শব্দো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২২॥

কীদৃশ উচ্চৈঃশব্দ ইত্যাহ অয়মিতি। বক্তৃভেদাদ্বাক্যভেদঃ। কুতঃ কুত্র ॥২৩॥

অন্য ইতি। ক্রোধরক্তেক্ষণাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। উৎসিক্তো দর্পিতঃ। অল্পচেতনো লঘুচিত্তঃ। অর্থঃ প্রয়োজনম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৪॥

নম্বপরান্ কুরুপক্ষীয়ানপহায় কথং কর্ণং প্রত্যেব যুষ্মাকমাক্রোশ ইত্যাহ অত্যন্তেতি। পার্থানাং পাণ্ডবানাম্। অনর্থানাং বিষদানাদিযুদ্ধান্তানাম্, দুর্য্যোধনপ্ররোচনাৎ ॥২৫॥

হতেতি। সমুপাদ্রবন্ অভ্যধাবন্। পাণ্ডবেয়েন যুধিষ্ঠিরেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

রাজা! তৎপরে সেই যশস্বী পাণ্ডব ও পাঞ্চালেরা মহাবাহু কর্ণকে দেখিয়া উচ্চ শব্দে কোলাহল করিতে লাগিলেন ॥২২॥

‘এই কর্ণ’ ‘কোথায় কর্ণ’ ‘কর্ণ! মহাযুদ্ধে অবস্থান কর’ ‘দুরাত্মন্! নরাধম! কর্ণ! তুমি আমাদের সহিত যুদ্ধ কর’ ॥২৩॥

অন্য বীরেরা কর্ণকে দেখিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া বলিলেন—‘রাজশ্রেষ্ঠেরা সকলে এই দর্পিত ও লঘুচেতা কর্ণকে বধ করুন ; ইহার জীবনে কোন প্রয়োজন নাই’ ॥২৪॥

দুর্য্যোধনের মতানুবর্ত্তী এই পাপপূরুষটা সর্বদাই পাণ্ডবগণের মহাশত্রু এবং সমস্ত অনর্থের মূল ॥২৫॥

অতএব ইহাকে বধ কর’ এইরূপ বলিতে বলিতে যুধিষ্ঠিরপ্রেরিত মহারথ

তাংস্তু সর্ব্বাংস্তথা দৃষ্ট্বা ধাবমানান্ মহারথান্।
ন বিব্যথে সূতপুত্রো ন চ ত্রাসমগচ্ছত ॥২৭॥
দৃষ্ট্বা নগরকল্পং তমুদ্ধূতং সৈন্যসাগরম্।
পিপ্রীষুস্তব পুত্রাণাং সংগ্রামেষ্বপরাজিতঃ ॥২৮॥
সায়কৌঘেন বলবান্ ক্ষিপ্রকারী মহাবলঃ।
বারয়ামাস তৎ সৈন্যং সমন্তাদ্ভরতর্ষভ! ॥২৯॥ (যুগ্মকম্)
ততস্তু শরবর্ষেণ পার্থিবাস্তমবারয়ন্।
ধনূংষি তে বিধুন্বানাঃ শতশোঽথ সহস্রশঃ।
অযোধয়ন্ত রাধেয়ং শক্রং দৈত্যগণা ইব ॥৩০॥
শরবর্ষন্তু তৎ কর্ণঃ পার্থিবৈঃ সমুদীরিতম্।
শরবর্ষেণ মহতা সমন্তাদ্ব্যকিরৎ প্রভো! ॥৩১॥

ভারতকৌমুদী

তানিতি। ত্রাসং ভয়ম্. অগচ্ছত প্রাপ্নোৎ ॥২৭॥

দৃষ্ট্বেতি। উদ্ধূতমুদ্বেলিতম্। পিপ্রীষুঃ প্রীতিং কর্ত্তুমিচ্ছুঃ। বলবান্ মহাদৈহিকশক্তিশালী, ক্ষিপ্রকারী দ্রুতাস্ত্রক্ষেপদক্ষঃ, মহাবলো মহামানসিকবলশালী চ কর্ণঃ ॥২৮—২৯॥

তত ইতি। বিধুন্বানাঃ সঞ্চালয়ন্তঃ। রাধেয়ং কর্ণম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩০॥

শরেতি। সমুদীরিতং নিক্ষিপ্তম্। ব্যকিরৎ অপাসারয়ৎ ॥৩১॥

ক্ষত্রিয়েরা কর্ণকে বধ করিবার জন্য বিশাল বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করতঃ ধাবিত হইলেন ॥২৬॥

কিন্তু কর্ণ সেই সকল মহারথকে ধাবিত দেখিয়াও ব্যথিত বা ভীত হইলেন না ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ! দৈহিকবলবান্, মানসিকমহাশক্তিশালী, ক্ষিপ্রকারী ও বহুযুদ্ধে অপরাজিত কর্ণ আপনার পুত্রগণের প্রীতিসম্পাদন করিবার ইচ্ছা করিয়া নগরতুল্য সেই সৈন্যসাগর উদ্বেলিত দেখিয়া সকল দিকেই সে সৈন্য বারণ করিতে লাগিলেন ॥২৮—২৯॥

তখন রাজারাও বাণবর্ষণ করিয়া কর্ণকে বারণ করিতে থাকিলেন। ক্রমে দৈত্যগণ যেমন ইন্দ্রের সহিত যুদ্ধ করিত, সেইরূপ সেই শত শত ও সহস্র সহস্র রাজা ধনু সঞ্চালন করিতে থাকিয়া কর্ণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩০॥

রাজা! সেই সময়ে কর্ণ বিশাল বাণবর্ষণ করিয়া রাজগণনিক্ষিপ্ত সেই বাণবর্ষণ অপসারিত করিতে থাকিলেন ॥৩১॥

---

(২৮)··· উদ্ধতং সৈন্যসাগরম্···পি।

তদ্‌যুদ্ধমভবত্তেষাং কৃতপ্রতিকৃতৈষিণাম্ ।
যথা দেবাসুরে যুদ্ধে শক্রস্য সহ দানবৈঃ ॥৩২॥
তত্রাদ্ভুতমপশ্যাম সূতপুত্রস্য লাঘবম্ ।
যদেনং সর্বতো যত্তা নাপ্নুবন্তি পরে যুধি ॥৩৩॥
নিবার্য্য চ শরৌঘাংস্তান্ পার্থিবানাং মহারথঃ ।
যুগেষীষাসু চ্ছত্রেষু ধ্বজেষু চ হয়েষু চ ।
আত্মনামাঙ্কিতান্ বাণান্ রাধেয়ঃ প্রাহিণোচ্ছিতান্ ॥৩৪॥
ততস্তে ব্যাকুলীভূতা রাজানঃ কর্ণপীড়িতাঃ ।
বভ্রমুস্তত্র তত্রৈব গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৩৫॥
হয়ানাং বধ্যমানানাং গজানাং রথিনাং তথা ।
তত্র তত্রাভ্যবৈক্ষাম সংঘান্ কর্ণেন তাড়িতান্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তদিতি। কৃতস্য অপকারস্য প্রতিকৃতং প্রত্যপকারমিচ্ছন্তীতি তেষাম্ ॥৩২॥
তত্রেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। যত্তা প্রাপ্তয়ে যত্নবন্তঃ সন্তোঽপি ॥৩৩॥
নিবার্য্যেতি। যুগেষা রথগতদারুবিশেষাঃ। শিতান্ সুধারান্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৪॥
তত ইতি। তে পাণ্ডবপক্ষীয়াঃ। তত্র তত্রৈব স্থানে ॥৩৫॥
হয়ানামিতি। হয়ানামশ্বানাম্। অভ্যবৈক্ষাম সর্বত্রাপশ্যাম বয়ম্ ॥৩৬॥

পূর্ব্বে দেবাসুরযুদ্ধে দানবগণের সহিত ইন্দ্রের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তখন অপকারের প্রত্যপকারার্থী সেই বীরগণেরও সেইরূপই যুদ্ধ হইতে লাগিল ॥৩২॥

মহারাজ! তখন আমরা কর্ণের অদ্ভুত লঘুহস্ততা দেখিলাম। যে হেতু বিপক্ষেরা সর্বপ্রকারে যত্নবান্ হইয়াও যুদ্ধে কর্ণের নিবটে আসিতে পারিল না ॥৩৩॥

অথ চ কর্ণ বিপক্ষ রাজগণের সেই বাণসমূহ নিবারণ করিয়া তাঁহাদের রথের যুগ ও ঈষাদণ্ডে এবং ছত্র, ধ্বজ ও অশ্বের উপরে নিজনামাঙ্কিত সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৪॥

তদনন্তর সেই বিপক্ষ রাজারা কর্ণের বাণে পীড়িত ও বিহ্বল হইয়া শীতার্ত্ত গোসমূহের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে থাকিলেন ॥৩৫॥

তখন আমরা দেখিলাম যে, কর্ণ সেই সেই স্থানে হস্তী, অশ্ব ও রথীদিগকে অনবরত পীড়ন করিতেছেন ॥৩৬॥

(৩৪)…বাণান্ রাধেয়ঃ প্রাহিণোচ্ছরান্—বা,…ঘোরান্ রাধেয়ঃ প্রাহিণোচ্ছরান্—নি। (৩৫)…গাবঃ সিংহার্দ্দিতা ইব—বর্দ্ধ।

শিরোভিঃ পতিতৈ রাজন্! বাহুভিশ্চ সমন্ততঃ।
আস্তীর্ণা বসুধা সর্ব্বা শূরাণামনিবর্ত্তিনাম্ ॥৩৭॥
হতৈশ্চ হন্যমানৈশ্চ নিষ্টনদ্ভিশ্চ সর্ব্বতঃ।
বভূবায়োধনং রৌদ্রং বৈবস্বতপুরোপমম্ ॥৩৮॥
ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
অশ্বত্থামানমাসাদ্য বাক্যমেতদুবাচ হ ॥৩৯॥
যুধ্যতেঽসৌ রণে কর্ণো দংশিতঃ সর্ব্বপার্থিবৈঃ।
পশ্যৈতাং দ্রবতীং সেনাং কর্ণসায়কপীড়িতাম্।
কার্ত্তিকেয়েন বিধ্বস্তামাসুরীং পৃতনামিব ॥৪০॥
দৃষ্ট্বৈতাং নির্জিতাং সেনাং রণে কর্ণেন পীড়িতাম্।
অভিযাত্যেষ বীভৎসুঃ সূতপুত্রজিঘাংসয়া ॥৪১॥
তদ্‌যথা প্রেক্ষমাণানাং সূতপুত্রং মহারথম্।
ন হন্যাৎ পাণ্ডবঃ সংখ্যে তথা নীতির্বিধীয়তাম্ ॥৪২॥

ভারতকৌমুদী

শিরোভিরিতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। বসুধা সমরভূমিঃ ॥৩৭॥
হতৈরিতি। নিষ্টনদ্ভিঃ আর্ত্তনাদং কুর্বদ্ভিঃ। আয়োধনং রণাঙ্গনম্ ॥৩৮॥
তত ইতি। আসাদ্য প্রাপ্য। হশব্দঃ পাদপূরণে ॥৩৯॥
যুধ্যত ইতি। দংশিতঃ সন্নদ্ধঃ। দ্রবতীং পলায়মানাম্। পৃতনাং সেনাম্। ষট্‌পাদঃ ॥৪০॥
দৃষ্ট্বেতি। বীভৎসুরর্জ্জুনঃ, সূতপুত্রজিঘাংসয়া কর্ণহননেচ্ছয়া ॥৪১॥

রাজা! ক্রমে অনিবর্ত্তী বীরগণের মস্তক ও বাহুসকল নিপতিত হইতে থাকিয়া সকল দিকে সমগ্র সমরভূমি আবৃত করিয়া ফেলিল ॥৩৭॥

বিপক্ষেরা সকল দিকেই নিহত হওয়ায় এবং আহত হইয়া আর্ত্তনাদ করিতে থাকায় রণস্থলটা যমপুরের ন্যায় ভয়ঙ্কর হইয়া পড়িল ॥৩৮॥

তৎপরে রাজা দুর্য্যোধন কর্ণের বিক্রম দেখিয়া অশ্বত্থামার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৩৯॥

'গুরুপুত্র! যুদ্ধসজ্জায় সজ্জিত কর্ণ সমস্ত বিপক্ষরাজার সহিত ঐ যুদ্ধ করিতেছেন। তাহাতে দর্শন করুন—কার্ত্তিকবিধ্বস্ত অসুরসৈন্যের ন্যায় এই পাণ্ডবসৈন্য কর্ণের বাণে পীড়িত হইয়া পলায়ন করিতেছে ॥৪০॥

কর্ণ পীড়ন করিয়া পাণ্ডবসৈন্য জয় করিয়াছেন দেখিয়া অর্জ্জুন উঁহাকে বধ করিবার ইচ্ছায় এই উঁহার অভিমুখে আসিতেছে ॥৪১॥

(৩৮)··নিষ্টনদ্ভিশ্চ সর্ব্বশঃ···বা নি।

তেতো দ্রৌণিঃ কৃপঃ শল্যো হার্দ্দিক্যশ্চ মহারথঃ ।
প্রত্যুদ্‌যযুস্তদা পার্থং সূতপুত্রপরীপ্সয়া ॥৪৩॥
আয়ান্তং বীক্ষ্য কৌন্তেয়ং শক্রং দৈত্যচমূমিব ।
প্রত্যুদ্‌যযৌ তদা কর্ণো যথা বৃত্রঃ শতক্রতুম্ ॥৪৪॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

সংরব্ধং ফাল্গুনং দৃষ্ট্বা কালান্তকযমোপমম্ ।
কর্ণো বৈকর্ত্তনঃ সূত ! প্রত্যপদ্যৎ কিমুত্তরম্ ॥৪৫॥
স হ্যস্পর্দ্ধত পার্থেন নিত্যমেব মহারথঃ ।
আশংসতে চ বীভৎসুং যুদ্ধে জেতুং সুদারুণে ॥৪৬॥

ভারতকৌমুদী

তদিতি। প্রেক্ষমাণানাং পশ্যতামস্মাকং সমক্ষমেবেতি শেষঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ।৪২॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। সূতপুত্রস্য পরীপ্সয়া রক্ষেচ্ছয়া ॥৪৩॥

আয়ান্তমিতি। দৈত্যচমূমায়ান্তং শক্রমিবেতি সম্বন্ধঃ। বৃত্রো নামাসুরঃ ॥৪৪॥

সংরব্ধমিতি। হে সূত ! সঞ্জয় ! বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ কর্ণঃ, সংরব্ধং ক্রুদ্ধম্, কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী যো যমঃ স উপমা যস্য তম্, ফাল্গুনমর্জ্জুনং দৃষ্ট্বা, কিম্ উত্তরং পরং কর্ত্তব্যং কার্য্যম্, প্রত্যপদ্যৎ প্রত্যপদ্যত অকরোৎ ॥৪৫॥

স ইতি। পার্থেনার্জ্জুনেন সহ। আশংসতে আশাবিষয়ীকরোতি ॥৪৬॥

অতএব অর্জ্জুন আমাদের সমক্ষে যাহাতে মহারথ কর্ণকে বধ করিতে না পারে, আপনারা সেইরূপ নীতি অবলম্বন করুন' ॥৪২॥

তাহার পর অশ্বত্থামা, কৃপ, শল্য ও মহারথ কৃতবর্ম্মা কর্ণকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

তখন ইন্দ্র যেমন দৈত্যসৈন্যের দিকে যাইতেন, সেইরূপ অর্জ্জুনকে কৌরব-সৈন্যের দিকে আসিতে দেখিয়া—বৃত্রাসুর যেমন ইন্দ্রের দিকে যাইত, সেইরূপ কর্ণ অর্জ্জুনের দিকে গমন করিলেন' ॥৪৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! সূর্য্যনন্দন কর্ণ কালান্তক যমের ন্যায় ক্রুদ্ধ অর্জ্জুনকে আসিতে দেখিয়া কি করিলেন ? ॥৪৫॥

মহারথ কর্ণ সর্ব্বদাই অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিয়া থাকেন এবং সুদারুণ যুদ্ধে অর্জ্জুনকে জয় করিবারও আশা করেন ॥৪৬॥

(৪৪) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'বীভৎসুরপি রাজেন্দ্র ! পাঞ্চালৈরভিসংবৃতঃ' ইতি পাদদ্বয়মধিকম্, তথা···যথা বৃত্রং শতক্রতুঃ বা নি। ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

স তু তং সহসা প্রাপ্তং নিত্যমত্যন্তবৈরিণম্।
কর্ণো বৈকর্ত্তনঃ সূত! কিমুত্তরমপশ্যত ॥৪৭॥

সঞ্জয় উবাচ।

আয়ান্তং পাণ্ডবং দৃষ্ট্বা গজং প্রতি গজো যথা।
অসংভ্রান্ততরঃ কর্ণঃ প্রত্যুদীয়াদ্ধনঞ্জয়ম্ ॥৪৮॥
তমাপতন্তং বেগেন বৈকর্ত্তনমজিহ্মগৈঃ।
বারয়ামাস তেজস্বী পাণ্ডবঃ শত্রুতাপনঃ ॥৪৯॥
তং কর্ণঃ শরজালেন চ্ছাদয়ামাস ভারত!।
বিব্যাধ চ সুসংক্রুদ্ধঃ শরৈস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥৫০॥
তস্য তল্লাঘবং পার্থো নামৃষ্যত মহাবলঃ।
তস্মৈ বাণান্ শিলাধৌতান্ প্রসন্নাগ্রানজিহ্মগান্।
প্রাহিণোৎ সূতপুত্রায় ত্রিংশতং শত্রুতাপনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

স ইতি। তমর্জ্জুনং দৃষ্ট্বেতি শেষঃ। উত্তরং পরকর্ত্তব্যম্, অপশ্যত অকরোৎ ॥৪৭॥

আয়ান্তমিতি। পাণ্ডবমর্জ্জুনম্। অসংভ্রান্ততরঃ অতীবাবিচলিতঃ, প্রত্যুদীয়াৎ প্রত্যগচ্ছৎ ॥৪৮॥

তমিতি। বৈকর্ত্তনং কর্ণম্, অজিহ্মগৈর্বাণৈঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৪৯॥

তমিতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫০॥

তস্যেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, নামৃষ্যত নাসহত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

সঞ্জয়! সূর্য্যনন্দন কর্ণ চিরমহাশত্রু অর্জ্জুনকে সহসা উপস্থিত দেখিয়া কি কার্য্য করিলেন?' ॥৪৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুনকে আসিতে দেখিয়া কর্ণ অতিস্থির চিত্তে একটা হাতী যেমন অপর হাতীর প্রতি গমন করে, সেইরূপ অর্জ্জুনের প্রতি গমন করিতে লাগিলেন ॥৪৮॥

কর্ণ বেগে আসিতে লাগিলে, তেজস্বী ও শত্রুতাপন অর্জ্জুন বাণসমূহদ্বারা তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥৪৯॥

ভরতনন্দন! তখন কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া শরজালদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন এবং সরলগামী তিনটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধও করিলেন ॥৫০॥

(৪৮) অসংভ্রান্তো রণে কর্ণঃ...বা নি। ইতঃ পরং বিবিধাঃ পাঠভেদাঃ বা নি। (৫০) তস্য বিদ্ধস্য বাণেন...বা নি।

বিব্যাধ চৈনং সংরব্ধো বাণেনৈকেন বীর্য্যবান্।
সব্যে ভুজাগ্রে বলবান্ নারাচেন হসন্নিব ॥৫২॥
তস্য বিদ্ধস্য বেগেন করাচ্চাপং পপাত হ।
পুনরাদায় তচ্চাপং নিমেষার্দ্ধান্মহাবলঃ।
ছাদয়ামাস বাণৌঘৈঃ ফাল্গুনং কৃতহস্তবৎ ॥৫৩॥
শরবৃষ্টিস্তু তাং মুক্তাং সূতপুত্রেণ ভারত!।
ব্যধমচ্ছরবর্ষেণ স্ময়ন্নিব ধনঞ্জয়ঃ ॥৫৪॥
তৌ পরস্পরমাসাদ্য শরবর্ষেণ পার্থিব!।
ছাদয়েতাং মহেষ্বাসৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥৫৫॥
তদদ্ভুতমভূদ্‌যুদ্ধং কর্ণপাণ্ডবয়োর্ম্মৃধে।
ক্রুদ্ধয়োর্ব্বাসিতাহেতোর্ব্বন্যয়োর্গজয়োরিব ॥৫৬॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। বীর্য্যবানর্জ্জুনঃ। সব্যে বামে ॥৫২॥
তস্যেতি। ফাল্গুনমর্জ্জুনম্, কৃতহস্তবৎ শিক্ষিতহস্তৈন্দ্রজালিকবৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৩॥
শরেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৫৪॥
তাবিতি। কৃতস্যাপকারস্য প্রতিকৃতং প্রত্যপকারমিচ্ছত ইতি তৌ ॥৫৫॥
তদিতি। মৃধে রণস্থলে। বাসিতায়া ঋতুমত্যা হস্তিন্যা হেতোঃ ॥৫৬॥

কর্ণের সেই লঘুহস্ততা দেখিয়া মহাবল অর্জ্জুন সহ্য করিলেন না। তিনি কর্ণের উপরে শিলাশাণিত, নির্ম্মলমুখ ও সরলগামী ত্রিশটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫১॥

ক্রমে মানসিকবলবান্, দৈহিকবলশালী ও ক্রুদ্ধ অর্জ্জুন একটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন এবং হাসিতে হাসিতেই যেন একটা নারাচদ্বারা কর্ণের বামহস্তে তাড়ন করিলেন ॥৫২॥

কর্ণের বামহস্ত বিদ্ধ হইলে, তাহা হইতে বেগে ধনু পড়িয়া গেল। তখন মহাবল কর্ণ অর্দ্ধনিমেষমধ্যে পুনরায় সেই ধনু লইয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

ভরতনন্দন! তখন অর্জ্জুন হাসিতে হাসিতেই যেন বাণবর্ষণদ্বারা কর্ণনিক্ষিপ্ত সেই বাণবৃষ্টি নিবারণ করিলেন ॥৫৪॥

রাজা! ক্রমে মহাধনুর্দ্ধর ও কৃতপ্রহারের প্রতিপ্রহারকরণার্থী কর্ণ ও অর্জ্জুন বাণবর্ষণ করিয়া পরস্পর আচ্ছাদন করিলেন ॥৫৫॥

(৫৬) তদদ্ভুতং মহদ্‌যুদ্ধম্‌…বা নি।

ততঃ পার্থো মহেম্বাসো দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
মুষ্টিদেশে ধনুস্তস্য চিচ্ছেদ ত্বরয়ান্বিতঃ ॥৫৭॥
অশ্বাংশ্চ চতুরো ভল্লৈরনয়দ্‌যমসাদনম্।
সারথেশ্চ শিরঃ কায়াদহরচ্ছক্রতাপনঃ ॥৫৮॥
অথৈনং ছিন্নধন্বানং হতাশ্বং হতসারথিম্।
বিব্যাধ সায়কৈঃ পার্থশ্চতুর্ভিঃ পাণ্ডুনন্দনঃ ॥৫৯॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য নরর্ষভঃ।
আরুরোহ রথং তূর্ণং কৃপস্য শরপীড়িতঃ ॥৬০॥
রাধেয়ং নির্জ্জিতং দৃষ্ট্বা তাবকা ভরতর্ষভ!।
ধনঞ্জয়শরৈর্নুন্নাঃ প্রাদ্রবন্ত দিশো দশ ॥৬১॥
দ্রবতস্তান্ সমালোক্য রাজা দুর্য্যোধনো নৃপ!।
নিবর্ত্তয়ামাস তদা বাক্যঞ্চেদমুবাচ হ ॥৬২॥

ভারতকৌমুদী

তত ইতি। মুষ্টিদেশ ইতি গলে বদ্ধা গৌরিত্যাদিবদধিকরণে সপ্তমী ॥৫৭॥
অশ্বানিতি। যমস্য সাদনং ভবনম্। শক্রতাপনোঽর্জ্জুনঃ ॥৫৮॥
অথেতি। এনং কর্ণম্। বিব্যাধ তাড়য়ামাস ॥৫৯॥
হতেতি। অর্জ্জুনস্য শরৈঃ পীড়িতো নরর্ষভঃ কর্ণ ইতি সম্বন্ধঃ ॥৬০॥
রাধেয়মিতি। নুন্নাঃ ক্ষতদেহাঃ, প্রাদ্রবন্ত দ্রুতং পলায়ন্ত ॥৬১॥

পরে ঋতুমতী হস্তিনীর জন্য দুইটা বন্য হস্তীর যেমন অদ্ভুত যুদ্ধ হয়, সেইরূপ ক্রুদ্ধ কর্ণ ও অর্জ্জুনের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল ॥৫৬॥

ক্রমে মহাধনুর্দ্ধর অর্জ্জুন কর্ণের বিক্রম দেখিয়া ত্বরান্বিত হইয়া তাঁহার ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন ॥৫৭॥

এবং শক্রতাপন অর্জ্জুন চারিটা ভল্লদ্বারা কর্ণের চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন, আর একটা ভল্লদ্বারা কর্ণের সারথির দেহ হইতে মস্তকটা হরণ করিলেন ॥৫৮॥

কর্ণের ধনু ছিন্ন এবং অশ্ব ও সারথি নিহত হইলে, পাণ্ডুনন্দন অর্জ্জুন চারিটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥৫৯॥

তখন নরশ্রেষ্ঠ কর্ণ অর্জ্জুনের বাণে পীড়িত হইয়া সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া দ্রুত যাইয়া কৃপাচার্য্যের রথে আরোহণ করিলেন ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! এই সময়ে অর্জ্জুনের বাণে ক্ষতবিক্ষতদেহ কৌরবসৈন্যেরা কর্ণকে পরাজিত দেখিয়া বেগে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৬১॥

অলং দ্রুতেন বঃ শূরাস্তিষ্ঠধ্বং ক্ষত্রিয়র্ষভাঃ ! ।
এষ পার্থবধায়াহং স্বয়ং গচ্ছামি সংযুগে ।
অহং পার্থান্ হনিষ্যামি সপাঞ্চালান্ সসোমকান্ ॥৬৩॥
অদ্য মে যুধ্যমানস্য সহ গাণ্ডীবধন্বনা ।
দ্রক্ষ্যন্তি বিক্রমং পার্থাঃ কালস্যেব যুগক্ষয়ে ॥৬৪॥
অদ্য মদ্বাণজালানি বিমুক্তানি সহস্রশঃ ।
দ্রক্ষ্যন্তি সমরে যোধাঃ শলভানামিবায়তীঃ ॥৬৫॥
অদ্য বাণময়ং বর্ষং সৃজতো মম ধন্বিনঃ ।
জীমূতস্যেব ঘর্ম্মান্তে দ্রক্ষ্যন্তি যুধি সৈনিকাঃ ॥৬৬॥
জেষ্যাম্যদ্য রণে পার্থং সায়কৈর্নতপর্ব্বভিঃ ।
তিষ্ঠধ্বং সমরে শূরা ভয়ং ত্যজত ফাল্গুনাৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

দ্রবত ইতি। দ্রবতো দ্রুতং পলায়মানান্। নিবর্ত্তয়ামাস তানেব ॥৬২॥
অলমিতি। দ্রুতেন দ্রুতং পলায়নেন। পার্থস্যার্জ্জুনস্য বধায়। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
অদ্যেতি। পার্থা অপরে পাণ্ডবাঃ, কালস্য মহাকালাত্মকরুদ্রস্য ॥৬৪॥
অদ্যেতি। শলভানাং পতঙ্গানাম্, আয়তীঃ শ্রেণীঃ ॥৬৫॥
অদ্যেতি। জীমূতস্য মেঘস্য, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাবসানে ॥৬৬॥
জেষ্যামীতি। নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তৈঃ ॥৬৭॥

রাজা! তখন কৌরবসৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া রাজা দুর্য্যোধন তাহাদিগকে ফিরাইবার ইচ্ছা করিলেন এবং এই কথা বলিলেন—॥৬২॥

'হে বীর ক্ষত্রিয়গণ! আপনারা থামুন, বেগে পলায়ন করিবেন না। এই আমি নিজেই অর্জ্জুনকে বধ করিবার জন্য যুদ্ধে যাইতেছি। আমিই পাঞ্চাল ও সোমকগণের সহিত পাণ্ডবগণকে বধ করিব ॥৬৩॥

আজ আমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলে, পাণ্ডবেরা প্রলয়কালে রুদ্রের বিক্রমের ন্যায় আমার বিক্রম দেখিতে পাইবে ॥৬৪॥

আজ যোদ্ধারা সমরাঙ্গনে পতঙ্গশ্রেণীর ন্যায় আমার নিক্ষিপ্ত সহস্র সহস্র বাণজাল দর্শন করিবেন ॥৬৫॥

গ্রীষ্মকাল অতীত হইলে মেঘের বারিবর্ষণের ন্যায় আমার বাণবর্ষণ আজ যুদ্ধে সৈন্যেরাও দেখিতে পাইবে ॥৬৬॥

আজ আমি নতপর্ব্ব বাণসমূহে অর্জ্জুনকে জয় করিব। অতএব বীরগণ! আপনারা সমরাঙ্গনে অবস্থান করুন এবং অর্জ্জুনের ভয় ত্যাগ করুন ॥৬৭॥

নহি মদ্বীর্য্যমাসাদ্য ফাল্গুনঃ প্রসহিষ্যতি।
যথা বেলাং সমাসাদ্য সাগরো মকরালয়ঃ ॥৬৮॥
ইত্যুক্ত্বা প্রযযৌ রাজা সৈন্যেন মহতাবৃতঃ।
ফাল্গুনং প্রতি দুর্দ্ধর্ষঃ ক্রোধাৎ সংরক্তলোচনঃ ॥৬৯॥
তং প্রয়ান্তং মহাবাহুং দৃষ্ট্বা শারদ্বতস্তদা।
অশ্বত্থামানমাসাদ্য বাক্যমেতদুবাচ হ ॥৭০॥
এষ রাজা মহাবাহুরমর্ষী ক্রোধমূর্চ্ছিতঃ।
পতঙ্গবৃত্তিমাস্থায় ফাল্গুনং যোদ্ধুমিচ্ছতি ॥৭১॥
যাবন্নঃ পশ্যমানানাং প্রাণান্ পার্থেন সঙ্গতঃ।
ন জহ্যাৎ পুরুষব্যাঘ্রস্তাবদ্বারয় কৌরবম্ ॥৭২॥
যাবৎ ফাল্গুনবাণানাং গোচরং নাধিগচ্ছতি।
কৌরবঃ পার্থিবো বীরস্তাবদ্বারয় সংযুগাৎ ॥৭৩॥

ভারতকৌমুদী

নেতি। বেলাং তীরম্। যথা অতিক্রমিতুং ন শক্নোতি তথেত্যর্থঃ ॥৬৮॥
ইতীতি। রাজা দুর্য্যোধনঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥৬৯॥
তমিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপঃ ॥৭০॥
এষ ইতি। অমর্ষী অসহিষ্ণুঃ। পতঙ্গবৃত্তিং বহ্নৌ শলভব্যবহারম্ ॥৭১॥
যাবদিতি। নঃ অস্মাকম্। সঙ্গতো যুদ্ধে মিলিতঃ। কৌরবং দুর্য্যোধনম্ ॥৭২॥

মকরের আশ্রয় সমুদ্র যেমন তীরের নিকটে যাইয়া তাহা অতিক্রম করিতে পারে না, সেইরূপ অর্জ্জুনও আমার বিক্রমের বিষয়ে উপস্থিত হইয়া তাহা সহ্য করিতে পারিবে না' ॥৬৮॥

এই কথা বলিয়া দুর্দ্ধর্ষ এবং ক্রোধে আরক্তনয়ন দুর্য্যোধন বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া অর্জ্জুনের দিকে গমন করিতে লাগিলেন ॥৬৯॥

তখন মহাবাহু দুর্য্যোধনকে অর্জ্জুনের দিকে যাইতে দেখিয়া কৃপাচার্য্য অশ্বত্থামার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৭০॥

'অসহিষ্ণু ও ক্রোধে অধীর মহাবাহু দুর্য্যোধন অগ্নির নিকটে পতঙ্গের ব্যবহার আশ্রয় করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার জন্য এই চলিয়াছেন ॥৭১॥

অতএব অশ্বত্থামা! যে পর্য্যন্ত পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন অর্জ্জুনের সহিত যুদ্ধে মিলিত হইয়া আমাদের সমক্ষেই প্রাণত্যাগ না করেন, তাহার মধ্যেই উঁহাকে বারণ কর ॥৭২॥

যাবৎ পার্থশরৈর্ঘোরৈর্নির্ম্মুক্তোরগসন্নিভৈঃ।
ন ভস্মীক্রিয়তে রাজা তাবদ্‌যুদ্ধান্নিবার্য্যতাম্ ॥৭৪॥
অযুক্তমিব পশ্যামি তিষ্ঠৎস্বস্মাসু মানদ !।
স্বয়ং যুদ্ধায় যদ্রাজা পার্থং যাত্যসহায়বান্ ॥৭৫॥
দুর্লভং জীবিতং মন্যে কৌরবস্য কিরীটিনা।
যুধ্যমানস্য পার্থেন শার্দ্দূলেনেব হস্তিনঃ ॥৭৬॥
মাতুলেনৈবমুক্তস্তু দ্রৌণিঃ শস্ত্রভৃতাং বরঃ।
দুর্য্যোধনমিদং বাক্যং ত্বরিতঃ সমভাষত ॥৭৭॥
ময়ি জীবতি গান্ধারে ! ন যুদ্ধং গন্তুমর্হসি।
মামনাদৃত্য কৌরব্য ! তব নিত্যং হিতৈষিণম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

যাবদিতি। গোচরং বিষয়ম্। বারয় এনমিতি শেষঃ ॥৭৩॥
যাবদিতি। নির্ম্মুক্তাস্ত্যক্তত্বচো য উরগাঃ সর্পাস্তৎসন্নিভৈঃ ॥৭৪॥
অযুক্তমিতি। সাধারণসৈন্যসহায়স্বস্যেব তাদৃশবীরসহায়শূন্য ইত্যাশয়ঃ ॥৭৫॥
দুর্লভমিতি। দুর্লভং পার্থেন বিনাশস্যৈব সম্ভবাদিতি ভাবঃ। কৌরবস্য দুর্য্যোধনস্য ॥৭৬॥
মাতুলেনেতি। মাতুলেন কৃপেণ। ত্বরিতঃ অধিকাগ্রগমননিবারণার্থম্ ॥৭৭॥
ময়ীতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ বাহ্বাদিত্বাদিন্। তৎসম্বোধনম্ ॥৭৮॥

বীর কুরুরাজ যে পর্য্যন্ত অর্জ্জুনের বাণপথে না যান, তাহার মধ্যেই উঁহাকে যুদ্ধ হইতে বারণ কর ॥৭৩॥

ত্যক্তচর্ম্মা সর্পসমূহের তুল্য ভয়ঙ্কর পার্থশর যে পর্য্যন্ত দুর্য্যোধনকে ভস্মীভূত না করে, তাহার মধ্যেই তুমি উঁহাকে যুদ্ধ হইতে নিবারণ কর ॥৭৪॥

বৎস ! আমরা বিদ্যমান থাকিতে রাজা দুর্য্যোধন যে নিঃসহায় অবস্থায় নিজেই যুদ্ধ করিবার জন্য অর্জ্জুনের দিকে যাইতেছেন, ইহা যেন অসঙ্গত বলিয়া মনে করিতেছি ॥৭৫॥

ব্যাঘ্রের সহিত হস্তীর ন্যায় অর্জ্জুনের সহিত দুর্য্যোধন যুদ্ধ করিতে লাগিলে, উঁহার জীবন দুর্লভ হইবে বলিয়াই আমি মনে করি' ॥৭৬॥

মাতুল কৃপ এইরূপ বলিলে, অস্ত্রধারিশ্রেষ্ঠ অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৭৭॥

'কুরুরাজ গান্ধারীনন্দন ! আমি জীবিত থাকিতে, চিরহিতৈষী আমাকে ত্যাগ করিয়া আপনার যুদ্ধে যাওয়া উচিত নহে ॥৭৮॥

নহি তে সম্ভ্রমঃ কার্য্যঃ পার্থস্য বিজয়ং প্রতি।
অহমাবারয়িষ্যামি পার্থং তিষ্ঠ সুযোধন ! ॥৭৯॥

দুর্য্যোধন উবাচ।

আচার্য্যঃ পাণ্ডুপুত্রান্ বৈ পুত্রবৎ পরিরক্ষতি।
ত্বমপ্যুপেক্ষাং কুরুষে তেষু নিত্যং দ্বিজোত্তম ! ॥৮০॥
মম বা মন্দভাগ্যত্বান্মন্দস্তে বিক্রমো যুধি।
ধর্ম্মরাজপ্রিয়ার্থং বা দ্রৌপদ্যা বা ন বিদ্ম তৎ ॥৮১॥
ধিগস্তু মম লুব্ধস্য যৎ কৃতে সর্ব্ববান্ধবাঃ।
সুখার্হাঃ পরমং দুঃখং প্রাপ্নুবন্ত্যপরাজিতাঃ ॥৮২॥
কো হি শস্ত্রবিদাং মুখ্যো মহেশ্বরসমো যুধি।
শত্রূনুপেক্ষতে শক্তো যো ন স্যাদ্গৌতমীসুতঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

নহীতি। সম্ভ্রমস্ত্বরা। প্রকরণাদিশূন্যং পার্থপদমর্জ্জুনমেবাভিধত্তে ॥৭৯॥
আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। উপেক্ষাং বধসম্ভবেঽপি। উভয়ত্রাপি স্নেহাৎ ॥৮০॥
মমেতি। মন্দঃ অল্পীভবতি। দ্রৌপদ্যা বা প্রিয়ার্থমিত্যনুষঙ্গঃ।৮১॥
ধিগিতি। লুব্ধস্য রাজ্যলোভিনঃ। ধিগ্যোগেঽপ্যার্যত্বাৎ ষষ্ঠী ॥৮২॥
ক ইতি। গৌতমী কৃপভগিনী দ্রোণভার্য্যা তস্যাঃ সুতোঽশ্বত্থামা ॥৮৩॥

রাজা! অর্জ্জুনকে জয় করিবার বিষয়ে আপনি ব্যস্ত হইবেন না, আমিই উঁহাকে বারণ করিব, আপনি থাকুন' ॥৭৯॥

দুর্য্যোধন বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আচার্য্য পাণ্ডবগণকে পুত্রের ন্যায় রক্ষা করেন, আপনিও তাহাদিগকে সর্বদাই উপেক্ষা করিয়া থাকেন ॥৮০॥

অথবা আমার ভাগ্য মন্দ বলিয়া যুদ্ধে আপনার বিক্রম ও মন্দ হইয়া যায়; কিংবা যুধিষ্ঠির বা দ্রৌপদীর প্রীতির জন্য আপনিই আপনার বিক্রম অল্প প্রকাশ করেন, তাহা বুঝিতে পারি না ॥৮১॥

আমি রাজ্যলোভী, আমাকে ধিক্। কেন না, যাহার জন্য সুখভোগের যোগ্য এবং চিরদিন অপরাজিত সমস্ত বান্ধব গুরুতর দুঃখভোগ করিতেছেন ॥৮২॥

যিনি গৌতমীর পুত্র নহেন, এমন অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ এবং যুদ্ধে মহাদেবের তুল্য কোন্ শক্তিশালী লোক শত্রুদিগকে উপেক্ষা করেন? ॥৮৩॥

(৮৩)...শত্রুং ন ক্ষপয়েচ্ছক্তঃ...বা নি।

অশ্বত্থামন্! প্রসীদস্ব নাশয়ৈতান্ মমাহিতান্।
তবাস্ত্রগোচরে শক্তাঃ স্থাতুং দেবাপি নানঘ! ॥৮৪॥
পাঞ্চালান্ সোমকাংশ্চৈব জহি দ্রৌণে! সহানুগান্।
বয়ং শেষান্ হনিষ্যামস্ত্বয়ৈব পরিরক্ষিতাঃ ॥৮৫॥
এতে হি সোমকা বিপ্র! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ।
মম সৈন্যেষু সংক্রুদ্ধা বিচরন্তি দবাগ্নিবৎ ॥৮৬॥
তান্ বারয় মহাবাহো! কেকয়াংশ্চ নরোত্তম!।
পুরা কুর্ব্বন্তি নিঃশেষং রক্ষ্যমাণাঃ কিরীটিনা ॥৮৭॥
অশ্বত্থামংস্ত্বরাযুক্তো যাহি শীঘ্রমরিন্দম!।
আদৌ বা যদি বা পশ্চাত্তবেদং কর্ম্ম মারিষ! ॥৮৮॥

ভারতকৌমুদী

অশ্বেতি। অহিতান্ শত্রূন্। দেবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৮৪॥
পাঞ্চালানিতি। সহানুগান্ অনুচরসহিতান্।৮৫॥
এত ইতি। দবাগ্নিবৎ বনবহ্নিবৎ, "দবদাবৌ বনারণ্যবহ্নী" ইত্যমরঃ।৮৬॥
তানিতি। পুরা পরবর্ত্তিনি কালে, নিঃশেষং মম সৈন্যমিতি শেষঃ ॥৮৭॥

নিষ্পাপ গুরুপুত্র! আপনি প্রসন্ন হউন, আমার এই শত্রুগণকে নাশ করুন। দেবতারাও ত আপনার অস্ত্রের পথে থাকিতে সমর্থ হন না ॥৮৪॥

দ্রোণনন্দন! আপনি অনুচরগণের সহিত পাঞ্চাল ও সোমকগণকে সংহার করুন। পরে আপনি আমাদিগকে রক্ষা করিতে থাকিবেন, সেই অবস্থায় আমরা অবশিষ্ট শত্রুগণকে বধ করিব ॥৮৫॥

ব্রাহ্মণ! এই যশস্বী পাঞ্চাল ও সোমকেরা ক্রুদ্ধ হইয়া আমার সৈন্যমধ্যে দাবাগ্নির ন্যায় বিচরণ করিতেছে ॥৮৬॥

অতএব নরশ্রেষ্ঠ মহাবাহু! আপনি উহাদিগকে এবং কেকয়গণকে বারণ করুন। না হইলে, পরে অর্জুন উহাদিগকে রক্ষা করিতে থাকিবে, সেই অবস্থায় উহারা আমার সৈন্য একেবারে নিঃশেষ করিয়া ফেলিবে ॥৮৭॥

সুতরাং অরিন্দম মাননীয় গুরুপুত্র! আপনি ত্বরান্বিত হইয়া আমার সৈন্যের অগ্রে কিংবা পশ্চাদ্ভাগে শীঘ্র গমন করুন; ইহা আপনারই কার্য্য ॥৮৮॥

(৮৪)···স্থাতুং দেবা ন দানবাঃ—বা নি।

ত্বমুৎপন্নো মহাবাহো! পাঞ্চালানাং বধং প্রতি।
করিষ্যসি জগৎ সর্বমপাঞ্চালং কিলাচ্যুত! ॥৮৯॥
এবং সিদ্ধাব্রুবন্ বাচো ভবিষ্যতি চ তত্তথা।
তস্মাত্ত্বং পুরুষব্যাঘ্র! পাঞ্চালান্ জহি সানুগান্ ॥৯০॥
ন তেঽস্ত্রগোচরে শক্তাঃ স্থাতুং দেবাঃ সবাসবাঃ।
কিমু পার্থাঃ সপাঞ্চালাঃ সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৯১॥
ন ত্বাং সমর্থাঃ সংগ্রামে পাণ্ডবাঃ সহ সোমকৈঃ।
বলাদ্‌যোধয়িতুং বীর! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৯২॥
গচ্ছ গচ্ছ মহাবাহো! ন নঃ কালাত্যয়ো ভবেৎ।
ইয়ং হি দ্রবতে সেনা পার্থসায়কপীড়িতা ॥৯৩॥

ভারতকৌমুদী

অগ্রেতি। আদৌ মম সৈন্যানামগ্রে। হে মারিষ! আর্য্য! ॥৮৮॥
ত্বমিতি। ন বিদ্যন্তে পাঞ্চালা যত্র তদপাঞ্চালম্, হে অচ্যুত! বীরধর্ম্মাদভ্রষ্ট! ॥৮৯॥
নন্বেতৎ কথমবগতমিত্যাহ এবমিতি। সিদ্ধাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৯০॥
নেতি। বাসবেন ইন্দ্রেণ সহেতি সবাসবাঃ। পার্থাঃ পাণ্ডবাঃ ॥৯১॥
নেতি। যোধয়িতুং সম্প্রহর্ত্তুম্ ॥৯২॥
গচ্ছেতি। কালস্যাত্যয়ঃ অতিক্রমো বিলম্বঃ। দ্রবতে পলায়তে ॥৯৩॥

মহাবাহু! আপনি পাঞ্চালগণের বধের জন্যই উৎপন্ন হইয়াছেন। অতএব বীর! আপনি নিশ্চয়ই সমগ্র জগৎকে পাঞ্চালশূন্য করিবেন ॥৮৯॥

সিদ্ধপুরুষেরা এইরূপ কথা বলিয়াছেন। সুতরাং তাহা সেরূপ হইবেও। অতএব পুরুষশ্রেষ্ঠ! আপনি অনুচরগণের সহিত পাঞ্চালগণকে সংহার করুন ॥৯০॥

আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, ইন্দ্রের সহিত দেবতারাও আপনার অস্ত্রের পথে থাকিতে পারেন না; তাহাতে পাণ্ডব ও পাঞ্চালদের কথা আর কি বলিব ॥৯১॥

বীর! সোমকদের সহিত পাণ্ডবেরা রণস্থলে বলপূর্ব্বক আপনার সহিত যুদ্ধ করিতে সমর্থ নহে; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৯২॥

মহাবাহু! আমাদের কালাতিক্রম না হয়, সেই জন্য আপনি গমন করুন, গমন করুন। এই কৌরবসৈন্য অর্জুনের বাণে পীড়িত হইয়া পলায়ন করিতেছে ॥৯৩॥

(৮৯)...কিলোদ্যতঃ—বা নি।

শক্তো হ্যসি মহাবাহো! দিব্যেন স্বেন তেজসা।
নিগ্রহে পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ মানদ ! ॥৯৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দুর্য্যোধনবাক্যে ঊনচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০*০———

চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

দুর্য্যোধনেনৈবমুক্তো দ্রৌণিরাহবদুর্ম্মদঃ।
প্রত্যুবাচ মহাবাহুস্তব পুত্রমিদং বচঃ ॥১॥
সত্যমেতন্মহাবাহো! যথা বদসি কৌরব!।
প্রিয়া হি পাণ্ডবা নিত্যং মম চাপি পিতুশ্চ মে ॥২॥

ভারতকৌমুদী

শক্ত ইতি। দিব্যেন অলৌকিকেন। নিগ্রহে পরাভবে ॥৯৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

দুর্য্যোধনেনেতি। দ্রৌণিরশ্বত্থামা, আহবদুর্ম্মদো যুদ্ধদুর্দ্ধর্ষঃ ॥১॥
সত্যমিতি। ত্বদুক্তমংশতঃ সত্যমিত্যঙ্গীকরোমীতি ভাবঃ ॥২॥

মানী জনের সম্মানকারক মহাবাহু! আপনি নিজের অলৌকিক তেজে পাণ্ডব ও পাঞ্চালগণকে পরাজয় করিতে সমর্থই আছেন' ॥৯৪॥

———ঃ০ঃ———

সঞ্জয় কহিলেন—'মহারাজ! দুর্য্যোধন এইরূপ বলিলে, মহাবাহু ও যুদ্ধ-দুর্দ্ধর্ষ অশ্বত্থামা দুর্য্যোধনের কথার এই প্রত্যুত্তর করিলেন— ॥১॥

* '...সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '... ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

তথৈবাবাং প্রিয়ৌ তেষাং ন তু যুদ্ধে কুরূদ্বহ!।
শঙ্কিতস্তাত! যুধ্যাবস্ত্যক্ত্বা প্রাণানভীতবৎ ॥৩॥
অহং কর্ণশ্চ শল্যশ্চ কৃপো হার্দ্দিক্য এব চ।
নিমেষাৎ পাণ্ডবীং সেনাং ক্ষপয়েম নৃপোত্তম! ॥৪॥
তে চাপি কৌরবীং সেনাং নিমেষার্দ্ধাৎ কুরূদ্বহ!।
ক্ষপয়েয়ুর্মহাবাহো! ন স্যাম যদি সংযুগে ॥৫॥
যুধ্যতাং পাণ্ডবান্ শক্ত্যা তেষাঞ্চাস্মান্ যুযুৎসতাম্।
তেজস্তেজঃ সমাসাদ্য প্রশমং যাতি ভারত! ॥৬॥
অশক্যা তরসা জেতুং পাণ্ডবানামনীকিনী।
জীবৎসু পাণ্ডুপুত্রেষু তদ্ধি সত্যং ব্রবীমি তে ॥৭॥

ভারতকৌমুদী

অংশতস্তস্যাসত্যত্বং প্রতিপাদয়ন্নাহ তথেতি। আবাং পিতা অহঞ্চ। প্রাণান্ প্রাণাশাম্ ॥৩॥
অহমিতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। ক্ষপয়েম নাশয়িতুমর্হাম ॥৪॥
ত ইতি। ক্ষপয়েয়ুঃ নাশয়িতুং শক্নুয়ুঃ। স্যাম তিষ্ঠাম ॥৫॥
যুধ্যতামিতি। যুধ্যতাং যুধ্যমানানামস্মাকম্। যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্ ॥৬॥
অশক্যেতি। তরসা বেগেন। অনীকিনী সেনা ॥৭॥

'মহাবাহু কুরুরাজ! আপনি যাহা বলিলেন, তাহা সত্য: পাণ্ডবেরা সর্ব্বদাই আমার ও আমার পিতার প্রিয় ॥২॥

আবার সেইরূপই আমরাও তাঁহাদের প্রিয়; কিন্তু যুদ্ধে নহে। বৎস কুরুশ্রেষ্ঠ! সেই জন্যই আমরা প্রাণের আশা ত্যাগ করিয়া শক্তি অনুসারে নির্ভয়ের ন্যায় তাঁহাদের সহিত যুদ্ধ করিয়া থাকি ॥৩॥

রাজশ্রেষ্ঠ! আমি, কর্ণ, শল্য, কৃপ ও কৃতবর্ম্মা আমরা নিমেষকালমধ্যে পাণ্ডবসৈন্য ধ্বংস করিতে পারি ॥৪॥

মহাবাহু কৌরবশ্রেষ্ঠ! আবার আমরা যদি যুদ্ধে না থাকি, তবে পাণ্ডবেরাও নিমেষার্দ্ধকালমধ্যে কৌরবসৈন্য সংহার করিতে পারেন ॥৫॥

ভরতনন্দন! আমরা যখন শক্তি অনুসারে পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতে থাকি এবং পাণ্ডবেরাও আমাদের সহিত যুদ্ধ করেন, তখন এক তেজ অপর তেজকে পাইয়া বিলীন হইয়া যায় ॥৬॥

(৬) ·যাতু ভারত!—পি, যুধ্যন্তঃ পাণ্ডবান্ শক্ত্যা তেঽপি চাস্মান্ যুযুৎসবঃ···বা, যুধ্যাম পাণ্ডবান্ শক্ত্যা তেঽপি চাস্মান্ যথাবলম্···যাতু ভারত!—নি।

আত্মার্থং যুধ্যমানাস্তে সমর্থাঃ পাণ্ডুনন্দনাঃ।
কিমর্থং তব সৈন্যানি ন হনিষ্যন্তি ভারত ! ॥৮॥
ত্বন্তু লুব্ধতমো রাজন্ ! নিকৃতিজ্ঞশ্চ কৌরব ! ।
সর্বাভিশঙ্কী মানী চ ততোঽস্মান্ প্রতি শঙ্কসে ॥৯॥
অহন্তু যত্নমাস্থায় ত্বদর্থে ত্যক্তজীবিতঃ।
এষ গচ্ছামি সংগ্রামং ত্বৎকৃতে কুরুসত্তম ! ॥১০॥
যোৎস্যেঽহং শত্রুভিঃ সার্দ্ধং জেষ্যামি চ বরান্ বরান্।
পাঞ্চালৈঃ সহ যোৎস্যামি সোমকৈঃ কৈকয়ৈস্তথা।
পাণ্ডবেয়ৈশ্চ সংগ্রামে ত্বৎপ্রিয়ার্থমরিন্দম ! ॥১১॥
অদ্য মদ্বাণনির্দগ্ধাঃ পাঞ্চালাঃ সোমকাস্তথা।
সিংহেনেবার্দ্দিতা গাবো বিদ্রবিষ্যন্তি সর্ব্বশঃ ॥১২॥

ভারতকৌমুদী

আত্মেতি। বয়ন্তু পরার্থং যুধ্যমানা ইতি তেষাং সৈন্যানি তথা ন হন্ম ইতি ভাবঃ ॥৮॥
ত্বমিতি। নিকৃতিজ্ঞঃ শাঠ্যবিৎ। ততোঽস্মান্ প্রতি শঙ্কসে আত্মৌপম্যাদিত্যাশয়ঃ ॥৯॥
অহমিতি। ত্যক্তজীবিতো জীবনত্যাগোদ্যতঃ। ত্বৎকৃতে ত্বদর্থে ॥১০॥
যোৎস্য ইতি। বরান্ বরান্ পাণ্ডবপক্ষীয়বীরানিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
অদ্যেতি। বিদ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে, সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু ॥১২॥

তবে রাজা ! আপনার নিকট সত্য বলিতেছি যে, পাণ্ডবেরা জীবিত থাকিতে তাহাদের সৈন্য হঠাৎ জয় করা অসম্ভব ॥৭॥

ভরতনন্দন ! শক্তিশালী পাণ্ডবেরা নিজেদের জন্য যুদ্ধ করিতেছেন। সুতরাং কেন তাঁহারা আপনার সৈন্য সংহার করিবেন না ? ॥৮॥

কিন্তু কুরুরাজ ! আপনি অত্যন্তলোভী, শঠ, সর্ব্বাভিশঙ্কী ও অভিমানী। অতএব আপনি আমাদের উপরে আশঙ্কা করিয়া থাকেন ॥৯॥

সে যাহা হউক, কৌরবশ্রেষ্ঠ ! এই আমি যত্ন অবলম্বন করিয়া আপনার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়া আপনার জন্যই যুদ্ধে যাইতেছি ॥১০॥

অরিন্দম ! আমি আপনার প্রীতির জন্য শত্রুদের সহিত যুদ্ধ করিব, বিপক্ষের প্রধান প্রধান বীরকে জয় করিব এবং পাঞ্চাল, সোমক, কেকয় ও পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিব ॥১১॥

আজ পাঞ্চালেরা এবং সোমকেরা আমার বাণে পীড়িত হইয়া, সিংহার্দ্দিত গোগণের ন্যায় সকল দিকে পলায়ন করিবে ॥১২॥

(৯)···ততোঽস্মানভিশঙ্কসে—পি বা নি।

অদ্য ধর্ম্মসুতো রাজা দৃষ্ট্বা মম পরাক্রমম্।
অশ্বত্থামময়ং লোকং মংস্যতে সহ সোমকৈঃ ॥১৩॥
আগমিষ্যতি নির্ব্বেদং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
দৃষ্ট্বা বিনিহতান্ সংখ্যে পাঞ্চালান্ সোমকৈঃ সহ ॥১৪॥
যে মাং যুদ্ধেঽভিযোৎস্যন্তি তান্ হনিষ্যামি ভারত!।
ন হি তে বীর! মোক্ষ্যন্তে মদ্বাহ্বন্তরমাগতাঃ ॥১৫॥
এবমুক্ত্বা মহাবাহুঃ পুত্রং দুর্য্যোধনং তব।
অভ্যবর্ত্তত যুদ্ধায় দ্রাবয়ন্ সর্ব্বধন্বিনঃ।
চিকীর্ষুস্তব পুত্রাণাং প্রিয়ং প্রাণভৃতাং বর! ॥১৬॥
ততোঽব্রবীৎ সকেকেয়ান্ পাঞ্চালান্ গৌতমীসুতঃ।
প্রহরধ্বমিতঃ সর্ব্বে মম গাত্রে মহারথাঃ!।
স্থিরীভূতাশ্চ যুধ্যধ্বং দর্শয়ন্তোঽস্ত্রলাঘবম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অদ্যেতি। অশ্বত্থামময়মশ্বত্থাম্না ব্যাপ্তম্, লোকং জগৎ, তথা দর্শনাদিব ॥১৩॥

আগমীতি। নির্বেদং স্বাবমাননাম্, রক্ষিতুমশক্তত্বাদিত্যভিপ্রায়ঃ ॥১৪॥

ন ইতি। বাহ্বোরন্তরমবধিং বাহুযুগলক্ষিপ্তাস্ত্রপাতসীমামিত্যর্থঃ ॥১৫॥

এবমিতি। দ্রাবয়ন্ মর্দ্দয়ন্। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। গৌতমীসুতঃ অশ্বত্থামা। অস্ত্রেষু লাঘবং দ্রুতক্ষেপযোগ্যতাম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

আজ সোমকদের সহিত যুধিষ্ঠির আমার পরাক্রম দেখিয়া জগৎটাকেই অশ্বত্থামময় বলিয়া মনে করিবেন ॥১৩॥

এবং ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যুদ্ধে সোমকগণের সহিত পাঞ্চালগণকে নিহত দেখিয়া আত্মগ্লানি অনুভব করিবেন ॥১৪॥

ভরতনন্দন! যাহারা রণস্থলে আসিয়া আমার সহিত যুদ্ধ করিবে, আমি তাহাদিগকে বধ করিব। কারণ, বীর! তাহারা আমার অস্ত্রপাতের সীমায় আসিয়া মুক্তি পাইবে না ॥১৫॥

প্রাণিশ্রেষ্ঠ! মহাবাহু অশ্বত্থামা আপনার পুত্র দুর্য্যোধনকে এইরূপ বলিয়া আপনার পুত্রগণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া বিপক্ষের সমস্ত ধনুর্দ্ধরকে পীড়ন করিতে থাকিয়া অগ্রসর হইতে লাগিলেন ॥১৬॥

(১৬)···ত্রাসয়ন্ সর্বধন্বিনঃ···প্রাণভৃতাং বরঃ—বা নি।

এবমুক্তাস্তু তে সর্ব্বে শস্ত্রবৃষ্টিমপাতয়ন্।
দ্রৌণিং প্রতি মহারাজ ! জলং জলধরা ইব ॥১৮॥
তান্ নিহত্য শরৈর্দ্রৌণির্দশ বীরানপোথয়ৎ।
প্রমুখে পাণ্ডুপুত্রাণাং ধৃষ্টদ্যুম্নস্য চ প্রভো ! ॥১৯॥
তে হন্যমানাঃ সমরে পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা।
পরিত্যজ্য রণে দ্রৌণিং ব্যদ্রবন্ত দিশো দশ ॥২০॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরান্ পাঞ্চালান্ সহসোমকান্।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! দ্রৌণিমভ্যদ্রবদ্‌যুধি ॥২১॥
ততঃ কাঞ্চনচিত্রাণাং সজলাম্বুদনাদিনাম্।
বৃতঃ শতেন শূরাণাং রথিনামনিবর্ত্তিনাম্ ॥২২॥
পুত্রঃ পাঞ্চালরাজস্য ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
দ্রৌণিমিত্যব্রবীদ্বাক্যং দৃষ্ট্বা যোধান্ নিপাতিতান্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। দ্রৌণিমশ্বত্থামানম্। জলধরা মেঘাঃ ॥১৮॥
তানিতি। নিহত্য আহত্য। অপোথয়ৎ ব্যনাশয়ৎ। প্রমুখে সম্মুখে ॥১৯॥
ত ইতি। ব্যদ্রবন্ত দ্রুতং পলায়ন্ত ॥২০॥
তানিতি। দ্রবতো দ্রুতং পলায়মানান্। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥২১॥
তত ইতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥২২—২৩॥

তদনন্তর অশ্বত্থামা কেকয় ও পাঞ্চালদিগকে বলিলেন—'মহারথগণ! আপনারা সকলে আমার গাত্রে প্রহার করুন এবং স্থির হইয়া ও দ্রুত অস্ত্রক্ষেপের যোগ্যতা দেখাইতে থাকিয়া যুদ্ধ করুন' ॥১৭॥

মহারাজ ! অশ্বত্থামা এইরূপ বলিলে, মেঘ যেমন জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা সকলে অশ্বত্থামার প্রতি শর বর্ষণ করিতে থাকিলেন ॥১৮॥

রাজা ! তখন অশ্বত্থামা পাণ্ডবগণ ও ধৃষ্টদ্যুম্নের সম্মুখেই বাণদ্বারা আঘাত করিয়া দশ জন বীরকে বিনাশ করিলেন ॥১৯॥

অশ্বত্থামা যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই পাঞ্চাল ও সৃঞ্জয়েরা রণস্থলে অশ্বত্থামাকে ত্যাগ করিয়া বেগে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥২০॥

মহারাজ ! সেই পাঞ্চাল ও সোমকগণকে পলায়ন করিতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন ॥২১॥

(১৯)···শরান্ দ্রৌণিঃ·· নি। (২২)·· রথানামনিবর্ত্তিনাম্—বা নি।

আচার্য্যপুত্র! দুর্ব্বুদ্ধে! কিমন্যৈর্নিহতৈস্তব।
সমাগচ্ছ ময়া সার্দ্ধং যদি শূরোঽসি সংযুগে।
অহং ত্বাং নিহনিষ্যামি তিষ্ঠেদানীং মমাগ্রতঃ ॥২৪॥
ততস্তমাচার্য্যসুতং ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
মর্ম্মভিদ্ভিঃ শরৈস্তীক্ষ্ণৈর্জঘান ভরতর্ষভ! ॥২৫॥
তে তু পঙ্‌ক্তীকৃতা দ্রৌণিং শরা বিবিশুরাশুগাঃ।
রুক্মপুঙ্খাঃ প্রসন্নাগ্রাঃ সর্ব্বকায়াবদারণাঃ।
মধ্বর্থিন ইবোদ্দামা ভ্রমরাঃ পুষ্পিতদ্রুমম্ ॥২৬॥
সোঽতিবিদ্ধো ভৃশং ক্রুদ্ধঃ পদাক্রান্ত ইবোরগঃ।
মানী দ্রৌণিরসংভ্রান্তো বাণপাণিরভাষত ॥২৭॥
ধৃষ্টদ্যুম্ন! স্থিরো ভূত্বা মুহূর্ত্তং প্রতিপালয়।
যাবত্ত্বাং নিশিতৈর্ব্বাণৈঃ প্রেষয়ামি যমক্ষয়ম্ ॥২৮॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। সমাগচ্ছ সম্মিলিতো ভব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তত ইতি। মর্ম্মভিদ্ভির্বক্ষোবিদারকৈঃ, জঘান প্রজহার ॥২৫॥
ত ইতি। পঙ্‌ক্তীকৃতাঃ শ্রেণীকৃতাঃ। আশুগা দ্রুতগামিনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
স ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥২৭॥

তদনন্তর স্বর্ণবিচিত্রদেহ, জলপূর্ণ মেঘের ন্যায় গর্জনকারী, অনিবর্ত্তী ও রথারোহী একশত বীরে পরিবেষ্টিত পাঞ্চালরাজপুত্র মহারথ ধৃষ্টদ্যুম্ন যোদ্ধাদিগকে নিপাতিত দেখিয়া অশ্বত্থামাকে এই কথা বলিলেন—॥২২—২৩॥

'দুর্ব্বুদ্ধি আচার্য্যপুত্র! অন্য যোদ্ধাদিগকে বধ করিয়া তোমার কি ফল হইতেছে; তুমি যদি বীর হও, তাহা হইলে যুদ্ধে আমার সহিত মিলিত হও এবং এখন আমার সম্মুখে থাক; আমি তোমাকে বধ করিব' ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন তীক্ষ্ণ ও মর্ম্মবিদারক বাণসমূহদ্বারা অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥২৫॥

তখন মধুলোভী মত্ত ভ্রমরগণ যেমন পুষ্পিত বৃক্ষে প্রবেশ করে, সেইরূপ শ্রেণীকৃত, স্বর্ণপুঙ্খ, নির্ম্মলমুখ, সর্ব্বদেহবিদারক ও দ্রুতগামী সেই বাণ সকল যাইয়া অশ্বত্থামার দেহে প্রবেশ করিল ॥২৬॥

পরে অভিমানী ও বাণধারী অশ্বত্থামা অত্যন্ত বিদ্ধ হওয়ায় চরণাক্রান্ত সর্পের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অবিচলিতভাবে বলিলেন—॥২৭॥

(২৪)• আচার্য্যপুত্র! ভদ্রং তে পি।

দ্রৌণিরেবমথাভাষ্য পার্ষতং পরবীরহা।
ছাদয়ামাস বাণৌঘৈঃ সমন্তাল্লঘুহস্তবৎ ॥২৯॥
সংছাদ্যমানঃ সমরে দ্রৌণিনা যুদ্ধদুর্ম্মদঃ।
দ্রৌণিং পাঞ্চালতনয়ো বাগ্‌ভিরাতর্জয়ত্তদা ॥৩০॥
ন জানীষে প্রতিজ্ঞাং মে বিপ্রোৎপত্তিং তথৈব চ।
দ্রোণং হত্বা কিল ময়া হন্তব্যস্ত্বং সুদুর্ম্মতে!।
ততস্ত্বাহং ন হন্ম্যদ্য দ্রোণে জীবতি সংযুগে ॥৩১॥
ইমাস্তু রজনীং প্রাপ্তামপ্রভাতাং সুদুর্ম্মতে!।
নিহত্য পিতরং তেঽদ্য ততস্ত্বামপি সংযুগে।
নেষ্যামি মৃত্যুলোকায়েত্যেতন্মে মনসি স্থিতম্ ॥৩২॥

ধৃষ্টেতি। প্রতিপালয় প্রতীক্ষস্ব। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥২৮॥
দ্রৌণিরিতি। আভাষ্য উক্ত্বা, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। লঘুহস্তবদৈন্দ্রজালিক ইব ॥২৯॥
সংছাদ্যেতি। আতর্জয়ৎ সম্যগভর্ৎসয়ৎ ॥৩০॥
নেতি। ত্বা ত্বাম্, ন হন্মি প্রতিজ্ঞাব্যুৎক্রমাপত্তেঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
ইমামিতি। প্রাপ্তামুপস্থিতাম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩২॥

'ধৃষ্টদ্যুম্ন! স্থির হইয়া মুহূর্ত্তকাল অপেক্ষা কর; আমি তোমাকে সুধার বাণসমূহদ্বারা যমালয়ে প্রেরণ করিতেছি' ॥২৮॥

ঐন্দ্রজালিকের ন্যায় দ্রুতহস্তসঞ্চালনদক্ষ ও বিপক্ষবীরহন্তা অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে এইরূপ বলিয়া বাণসমূহদ্বারা সকল দিকে তাঁহাকে আবৃত করিলেন ॥২৯॥

ভেরীরিতি। অশ্বাদীনাং খুরৈঃ নেমিভিশ্চক্রপ্রান্তৈশ্চ প্রপীড়িতা। দ্যাং স্বর্গম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

তমিতি। পর্জন্যনিনদোপমং মেঘগর্জনতুল্যম্। সমেত্য আগত্য ॥৪৬॥

তথেতি। উপস্পৃশ্য আচম্য। দিব্যমলৌকিকম্ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি নারায়ণাস্ত্রমোক্ষে ষট্ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মিত্র, ব্রাহ্মণ ও গুরুদ্রোহী, পামর, অতিগর্হিত এবং পাঞ্চালাধম ধৃষ্টদ্যুম্ন আজ আমার নিকট হইতে জীবিত অবস্থায় মুক্তি পাইবে না।' ॥৪৩॥

অশ্বত্থামার সেই গর্ব্বোক্তি শুনিয়া কৌরবসৈন্য ফিরিল। তদনন্তর পুরুষশ্রেষ্ঠেরা সকলে মহাশঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৪৪॥

কৌরবেরা হৃষ্টচিত্ত হইয়া সহস্র সহস্র ভেরী ও ডিণ্ডিম বাজাইতে থাকিলেন এবং খুর ও চক্রপ্রান্তের আঘাতে সমরভূমিও শব্দ করিতে লাগিল। ক্রমে সেই তুমুল শব্দ আকাশ, স্বর্গ ও ভূতল নিনাদিত করিল ॥৪৫॥

মেঘগর্জনের তুল্য সেই শব্দ শুনিয়া পাণ্ডবপক্ষের রথিশ্রেষ্ঠেরা আসিয়া মিলিত হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥৪৬॥

* '...ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '...চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, ... 'ষণ্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

প্রাদুর্ভূতে ততস্তস্মিন্নস্ত্রে নারায়ণে প্রভো!।
প্রাবাৎ সপৃষতো বায়ুরনভ্রে স্তনয়িত্নুমান্ ॥১॥
চচাল পৃথিবী চাপি চুক্ষুভে চ মহোদধিঃ।
প্রতিস্রোতঃ প্রবৃত্তাশ্চ গন্তুং তত্র সমুদ্রগাঃ ॥২॥
শিখরাণি ব্যশীর্য্যন্ত গিরীণাং তত্র ভারত!।
অপসব্যং মৃগাশ্চৈব পাণ্ডুসেনাং প্রচক্রিরে ॥৩॥
তমসা চান্বকীর্য্যন্ত সূর্য্যশ্চ কলুষোঽভবৎ।
সংপতন্তি চ ভূতানি ক্রব্যাদানি প্রহৃষ্টবৎ ॥৪॥

ভারতকৌমুদী

প্রাদুরিতি। প্রাবাৎ প্রবাতি স্ম, সপৃষতো জলবিন্দুসহিতঃ, অনভ্রে মেঘশূন্যেঽপি গগনে, স্তনয়িত্নুমান্ গর্জনবান্, "স্তনয়িত্নুঃ পুমান্ বারিধরেঽপি স্তনিতেঽপি চ" ইতি মেদিনী ॥১॥

চচালেতি। চচাল চকম্পে। চুক্ষুভে উদ্বেলিতঃ। প্রতিস্রোতঃ স্রোতঃপ্রতিকূলম্ ॥২॥

শিখরাণীতি। ব্যশীর্য্যন্ত ভগ্নানি। অপসব্যং বামস্থাম্ ॥৩॥

তমসেতি। অন্বকীর্য্যন্ত দিশো ব্যাপ্তাঃ। ভূতানি প্রাণিনঃ, ক্রব্যাদানি মাংসভোজীনি ॥৪॥

ভরতনন্দন! তখন এদিকে অশ্বত্থামাও সেইরূপ বলিয়া আচমন করিয়া সেই অলৌকিক নারায়ণাস্ত্র আবিষ্কার করিলেন' ॥৪৭॥

———:*:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর সেই নারায়ণাস্ত্র আবির্ভূত হইলে, মেঘশূন্য আকাশেও জলবিন্দুবর্ষী ও গর্জনশালী বায়ু বহিতে লাগিল ॥১॥

ভূমিকম্প হইতে থাকিল, মহাসমুদ্র উদ্বেলিত হইল এবং নদী সকল স্রোতের প্রতিকূলে চলিতে লাগিল ॥২॥

ভরতনন্দন! পর্ব্বতশৃঙ্গ সকল ভগ্ন হইতে থাকিল এবং হরিণগণ পাণ্ডবসৈন্যের বাম দিক্ দিয়া বিচরণ করিতে লাগিল ॥৩॥

অন্ধকারে সমস্ত দিক্ আবৃত হইল, সূর্য্য আবিল হইলেন এবং মাংসভোজী প্রাণীরা আনন্দিত হইয়াই যেন আসিতে থাকিল ॥৪॥

(৪) তমসা চাবকীর্য্যন্ত···বা নি।

দেবদানবগন্ধর্ব্বাস্ত্রস্তা হ্যাসন্ বিশাংপতে!।
কথঙ্কথাঽভবত্তীব্রা দৃষ্ট্বা তদ্ব্যাকুলং মহৎ ॥৫॥
ব্যথিতাঃ সর্ব্বরাজানস্ত্রস্তাশ্চাসন্ বিশাংপতে!।
তদ্দৃষ্ট্বা ঘোররূপং বৈ দ্রৌণেরস্ত্রং ভয়াবহম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

নিবর্ত্তিতেষু সৈন্যেষু দ্রোণপুত্রেণ সংযুগে।
ভৃশং শোকাভিতপ্তেন পিতুর্ব্বধমমৃষ্যতা ॥৭॥
কুরূনাপততো দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নস্য রক্ষণে।
কো মন্ত্রঃ পাণ্ডবেষ্বাসীত্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

প্রাগেব বিদ্রুতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ যুধিষ্ঠিরঃ।
পুনশ্চ তুমুলং শব্দং শ্রুত্বার্জ্জুনমথাব্রবীৎ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ।

আচার্য্যে নিহতে দ্রোণে ধৃষ্টদ্যুম্নেন সংযুগে।
নিহতে বজ্রহস্তেন যথা বৃত্রে মহাসুরে ॥১০॥

ভারতকৌমুদী

দেবেতি। কথঙ্কথা তদুৎপাতবিষয়ে লোকানাং মিথঃ সংলাপঃ। ব্যাকুলমুৎপাতম্ ॥৫॥
ব্যথিতা ইতি। সর্বরাজান ইতি গণকৃতমনিত্যমিতি ন্যায়াদদন্তত্বাভাবঃ ॥৬॥
[illegible]তি। অমৃষ্যতা অসহমানেন। আপততঃ পুনরাগচ্ছতঃ। মন্ত্রো মন্ত্রণা ॥৭—৮॥
প্রাগিতি। বিদ্রুতান্ পলায়িতান্, ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপক্ষীয়সৈনিকান্ ॥৯॥

নরনাথ! দেব, দানব ও গন্ধর্ব্বগণ ভীত হইয়া পড়িলেন এবং সেই গুরুতর উৎপাত দেখিয়া মানুষের মধ্যে তীব্র আলোচনা চলিল ॥৫॥

আর রাজা! অশ্বত্থামার সেই ভয়ঙ্কর অস্ত্র দেখিয়া রাজারা সকলে ব্যথিত ও ভীত হইয়া পড়িলেন ॥৬॥

ধৃতরাষ্ট্র কহিলেন—'সঞ্জয়! অত্যন্তশোকসন্তপ্ত ও পিতৃবধাসহিষ্ণু অশ্বত্থামা যুদ্ধে কৌরবসৈন্যগণকে ফিরাইলে পর কৌরবগণকে আসিতে দেখিয়া ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার বিষয়ে পাণ্ডবগণের মধ্যে কি মন্ত্রণা হইয়াছিল, তাহা আমার নিকট বল ॥৭—৮॥

সঞ্জয় কহিলেন—'পূর্ব্বে কৌরবগণকে পলায়িত দেখিয়া আবার তাহাদেরই তুমুল কোলাহল শুনিয়া যুধিষ্ঠির অর্জ্জুনকে বলিতে লাগিলেন ॥৯॥

নাশংসন্তো জয়ং যুদ্ধে দীনাত্মানো ধনঞ্জয় ! ।
আত্মত্রাণে মতিং কৃত্বা প্রাদ্রবন্ কুরবো রণাৎ ॥১১॥ (যুগ্মকম্)
কেচিদ্‌ভ্রান্তৈ রথৈস্তূর্ণং নিহতৈঃ পার্ষ্ণিযন্তৃভিঃ ।
বিপতাকধ্বজচ্ছত্রৈঃ পার্থিবাঃ শীর্ণকূবরৈঃ ॥১২॥
ভগ্ননীড়ৈরাকুলাশ্বৈরারুগ্নাশ্চ বিশেষতঃ ।
ভগ্নাক্ষযুগচক্রৈশ্চ ব্যকৃষ্যন্ত সমন্ততঃ ॥১৩॥ (যুগ্মকম্)
রথান্ বিশীর্ণানুৎসৃজ্য পদ্ভিঃ কেচিচ্চ বিদ্রুতাঃ ।
হয়পৃষ্ঠগতাশ্চান্যে কৃষ্যন্তেঽর্দ্ধচ্যুতাসনাঃ ॥১৪॥
গজস্কন্ধেষু সংস্যূতা নারাচৈশ্চলিতাসনাঃ ।
শরার্ত্তৈর্বিদ্রুতৈর্নাগৈর্হৃতাঃ কেচিদ্দিশো দশ ॥১৫॥

ভারতকৌমুদী

আচার্য্য ইতি। বজ্রহস্তেন ইন্দ্রেণ। দীনাত্মানো বিষণ্ণচিত্তাঃ ॥১০—১১॥

কেচিদিতি। ভ্রান্তৈর্ঘূর্ণিতৈঃ। পার্ষ্ণিযন্তৃভিঃ পৃষ্ঠসারথিভিঃ। শীর্ণকূবরৈর্ভগ্নদীর্ঘদারুভিঃ। ভগ্নানি নীড়ানি উপবেশনস্থানানি যেষাং তৈঃ। আরুগ্না ভগ্নাঙ্গাঃ। অক্ষোঽপি দারুবিশেষঃ ॥১২—১৩॥

রথানিতি। বিশীর্ণান্ ক্ষীণান্। বিদ্রুতাঃ পলায়িতাঃ। কৃষ্যন্তে কৃষ্টা নীয়ন্তে স্ম ॥১৪॥

গজেতি। সংস্যূতা গ্রথিতাঃ। বিদ্রুতৈদ্রুতং চলিতৈঃ, নাগৈর্গজৈঃ ॥১৫॥

যুধিষ্ঠির বলিলেন—'অর্জ্জুন ! ইন্দ্র যেমন মহাসুর বৃত্রকে বধ করিয়াছিলেন, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে দ্রোণাচার্য্যকে বধ করিলে, কৌরবেরা বিষণ্ণচিত্ত হইয়া যুদ্ধে জয়ের আশা না করিয়া আত্মরক্ষার ইচ্ছা করিয়া রণস্থল হইতে পলায়ন করিয়াছিল ॥১০—১১॥

বহুরথের ধ্বজ, পতাকা ও ছত্র পড়িয়া গিয়াছিল, পৃষ্ঠবর্ত্তী সারথিপর্য্যন্ত নিহত হইয়াছিল, আর দীর্ঘদারুগুলি বিশীর্ণ এবং উপবেশনস্থান, লম্বিত কাষ্ঠ, তির্য্যক্ কাষ্ঠ ও চক্র ভগ্ন হইয়া গিয়াছিল, সেই অবস্থাতে রথগুলি বেগে ঘুরিতেছিল ; তৎকালে অশ্বগুলি আকুল হইয়া কতকগুলি পীড়িত রাজাকে নানাদিকে আকর্ষণ করিয়া লইয়া যাইতেছিল ॥১২—১৩॥

কতকগুলি লোক ভগ্ন রথ পরিত্যাগ করিয়া পাদচারে বেগে পলায়ন করিয়াছিল এবং অশ্বপৃষ্ঠস্থিত অন্য কতকগুলি লোকের আসন অর্দ্ধচ্যুত হইলে, সেই অবস্থাতেই অশ্বেরা তাহাদিগকে টানিয়া লইয়া গিয়াছিল ॥১৪॥

(১৩)···প্রারুহ্যান্যান্ বিচেতসঃ। ভীতাঃ পাদৈর্হয়ান্ কেচিত্ত্বরয়ন্তঃ স্বয়ং রথান্। ···ব্যাকৃষ্যন্ত···বা নি।

বিশস্ত্রকবচাশ্চান্যে বাহনেভ্যঃ ক্ষিতিং গতাঃ।
সংছিন্না নেমিভিশ্চৈব মৃদিতাশ্চ হয়দ্বিপৈঃ ॥১৬॥
ক্রোশন্তস্তাত! পুত্রেতি পলায়ন্ত্যপরে ভয়াৎ।
নাভ্যজানন্ত চান্যোন্যং কশ্মলাভিহতৌজসঃ ॥১৭॥
পুত্রান্ পিতৄন্ সখীন্ ভ্রাতৄন্ সমারোপ্য দৃঢ়ক্ষতান্।
জলেন ক্লেদয়ন্ত্যন্যে বিমুচ্য কবচান্যপি ॥১৮॥
অবস্থাং তাদৃশীং প্রাপ্য হতে দ্রোণে দ্রুতং বলম্।
পুনরাবর্ত্তিতং কেন যদি জানাসি শংস মে ॥১৯॥

ভারতকৌমুদী

বিশস্ত্রেতি। নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ, মৃদিতাঃ পাদপাতেন মর্দ্দিতাঃ ॥১৬॥

ক্রোশন্ত ইতি। ক্রোশন্ত আহ্বয়ন্তঃ। কশ্মলেন মোহেনাভিহতৌজসঃ ॥১৭॥

পুত্রানিতি। সমারোপ্য কূপতীরাদৌ। ক্লেদয়ন্তি সিঞ্চন্তি স্ম, বিমুচ্য প্রচ্যাব্য ॥১৮॥

অবস্থামিতি। দ্রুতং পলায়িতম্, বলং কৌরবসৈন্যম্। শংস ব্রূহি ॥১৯॥

নারাচ পতিত হইয়া কতকগুলি লোককে হস্তিস্কন্ধে সেলাই করিয়া ফেলিয়াছিল, তখন তাহাদের আসন সরিয়া গিয়াছিল, সেই অবস্থাতে সেই লোকগুলিকে লইয়া বাণপীড়িত ও দ্রুত চলিত হস্তিগণ দশ দিকে বিচরণ করিতেছিল ॥১৫॥

নিরস্ত্র ও কবচশূন্য অন্য অনেক লোক বাহন হইতে ভূতলে পড়িয়া গিয়াছিল, তখন তাহারা চক্রপ্রান্তের আঘাতে ছিন্ন এবং হস্তী ও অশ্বের চরণাঘাতে মর্দ্দিত হইয়াছিল ॥১৬॥

অপর লোকেরা 'হে তাত! হে পুত্র!' এইভাবে আহ্বান করতঃ ভয়ে পলায়ন করিতেছিল এবং মোহে তেজ বিনষ্ট হওয়ায় অনেকে আত্মীয়গণকে চিনিতেই পারে নাই ॥১৭॥

অন্য লোকেরা ক্ষতবিক্ষত পুত্র, পিতা, সখা ও ভ্রাতাদিগকে তুলিয়া লইয়া তাহাদের কবচ খুলিয়া ফেলাইয়া জলদ্বারা তাহাদিগকে প্রক্ষালন করিতেছিল ॥১৮॥

অর্জ্জুন! দ্রোণ নিহত হইলে, কৌরবসৈন্য সেইরূপ অবস্থায় উপনীত হইয়া বেগে পলায়ন করিতেছিল; আবার কোন্ ব্যক্তি তাহাদিগকে ফিরাইল; এ বিষয় যদি জানিয়া থাক, তবে আমার নিকট বল ॥১৯॥

(১৭)...পলায়ন্তে পরে ভয়াৎ...বা নি।

হয়ানাং হেষতাং শব্দঃ কুঞ্জরাণাঞ্চ বৃংহতাম্ ।
রথনেমিস্বনৈশ্চাত্র বিমিশ্রঃ শ্রূয়তে মহান্ ॥২০॥
এতে শব্দা ভৃশং তীব্রাঃ প্রবৃত্তাঃ কুরুসাগরে ।
মুহুর্মুহুরুদীর্য্যন্তে কম্পয়ন্ত্যপি মামকান্ ॥২১॥
য এষ তুমুলঃ শব্দঃ শ্রূয়তে লোমহর্ষণঃ ।
সেন্দ্রানপ্যেষ লোকাংস্ত্রীন্ ভঞ্জ্যাদিতি মতির্মম ॥২২॥
মন্যে বজ্রধরস্যৈষ নিনাদো ভৈরবস্বনঃ ।
দ্রোণে হতে কৌরবার্থং ব্যক্তমভ্যেতি বাসবঃ ॥২৩॥
প্রহৃষ্টরোমকূপাঃ স্ম সংবিগ্না রথপুঙ্গবাঃ ।
ধনঞ্জয় ! গুরুং শ্রুত্বা তত্র নাদং সুভীষণম্ ॥২৪॥
ক এষ কৌরবান্ দীর্ণানবস্থাপ্য মহারথঃ ।
নিবর্ত্তয়তি যুদ্ধার্থং মৃধে দেবেশ্বরো যথা ॥২৫॥

ভারতকৌমুদী

হয়ানামিতি। হেষতাং হেষারবং কুর্ব্বতাম্, বৃংহতাং বৃংহণধ্বনিং কুর্ব্বতাম্ ॥২০॥
এত ইতি। প্রবৃত্তা জাতাঃ, কুরুঃ কুরুসৈন্যং সাগর ইব তস্মিন্। উদীর্য্যন্তে উত্তিষ্ঠন্তি ॥২১॥
য ইতি। ভঞ্জ্যাৎ ভয়োৎপাদনেন সংঘবিশ্লিষ্টান্ কুর্য্যাৎ ॥২২॥
মন্য ইতি। স্বনপদস্য পুনরুক্তিঃ। বাসবঃ স ইন্দ্রঃ ॥২৩॥
প্রহৃষ্টেতি। স্মেতি পাদপূরণে। সংবিগ্না ভীতাঃ। গুরুং মহান্তম্ ॥২৪॥
ক ইতি। দীর্ণান্ ভগ্নান্। মৃধে রণাঙ্গনে ॥২৫॥

অশ্বগণের হেষারব এবং হস্তিগণের বৃংহিতধ্বনি রথচক্রের শব্দের সহিত মিলিত হইয়া বিশালরূপে শ্রুতিগোচর হইতেছে ॥২০॥

কৌরবসৈন্যসমুদ্রে উৎপন্ন অতিতীব্র এই শব্দগুলি মুহুর্মুহু উঠিতেছে এবং আমার পক্ষকে কম্পিত করিতেছে ॥২১॥

এই যে তুমুল ও লোমহর্ষণ শব্দ শুনা যাইতেছে, ইহা ইন্দ্রের সহিত ত্রিভুবনকেও ভগ্ন করিতে পারে ইহা আমার ধারণা ॥২২॥

আমি মনে করি—এই ভীষণ শব্দ ইন্দ্রের। দ্রোণ নিহত হইলে কৌরবগণের উপকারের জন্য স্পষ্ট ইন্দ্রই আসিতেছেন ॥২৩॥

অর্জ্জুন ! সেই পক্ষে গুরুতর ও অতিভীষণ শব্দ শুনিয়া আমাদের পক্ষের রথিশ্রেষ্ঠেরা ভীত হইয়াছেন এবং তাঁহাদের রোমাঞ্চ জন্মিয়াছে ॥২৪॥

(২২)···প্রসেদিতি মতির্মম—নি। (২৪)···স্মঃ সংবিগ্নরথকুঞ্জরাঃ ··নি।

অর্জ্জুন উবাচ।

উদ্যম্যাত্মানমুগ্রায় কর্ম্মণে বীর্য্যমাস্থিতাঃ।
ধমন্তি কৌরবাঃ শঙ্খান্ যস্য বীর্য্যমুপাশ্রিতাঃ ॥২৬॥
যত্র তে সংশয়ো রাজন্! ন্যস্তশস্ত্রে গুরৌ হতে।
ধার্ত্তরাষ্ট্রানবস্থাপ্য ক এষ নদতীতি হ ॥২৭॥
শ্রীমন্তং তং মহাবাহুং মত্তদ্বিরদগামিনম্।
আখ্যাস্যাম্যুগ্রকর্ম্মাণং কুরূণামভয়ঙ্করম্ ॥২৮॥ (বিশেষকম্)
যস্মিন্ জাতে দদৌ দ্রোণো গবাং দশশতং ধনম্।
ব্রাহ্মণেভ্যো মহার্হেভ্যঃ সোঽশ্বত্থামৈষ গর্জ্জতি ॥২৯॥
জাতমাত্রেণ বীরেণ যেনোচ্চৈঃশ্রবসা যথা।
হেষতা কম্পিতা ভূমির্লোকাশ্চ সকলাস্ত্রয়ঃ ॥৩০॥
তচ্ছ্রুত্বান্তর্হিতং ভূতং নাম তস্যাকরোত্তদা।
অশ্বত্থামেতি সোঽষ্যৈষ শূরো নদতি পাণ্ডব! ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উদ্যম্যেতি। উগ্রায় কর্ম্মণে ভীষণায় যুদ্ধায়। ধমন্তি বাদয়ন্তি। গুরৌ দ্রোণে। শ্রীমন্তং বীরশোভাবন্তম্। মত্তো দ্বিরদো গজ ইব মন্থরং গচ্ছতীতি তম্ ॥২৬—২৮॥

যস্মিন্নিতি। দশ শতানি যত্র তত্তাদৃশম্। মহার্হেভ্যঃ অতীবমান্যেভ্যঃ ॥২৯॥

জাতেতি। হেষতা হেষারবং কুর্ব্বতা। ভূতং প্রাণী কশ্চিদ্দেব ইতি যাবৎ ॥৩০—৩১॥

অতএব ইন্দ্রের ন্যায় এই কোন্ মহারথ ভগ্ন কৌরবদিগকে স্থির করিয়া রণস্থলে যুদ্ধের জন্য ফিরাইতেছেন?' ॥২৫॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! যাঁহার শক্তি অবলম্বনপূর্ব্বক বলবান্ কৌরবেরা ভীষণ কার্য্যের জন্য আপনাদিগকে উদ্যত করিয়া শঙ্খধ্বনি করিতেছেন এবং ত্যক্তশস্ত্র দ্রোণ নিহত হইলে এই কোন্ ব্যক্তি কৌরবগণকে স্থির করিয়া গর্জ্জন করিতেছে এইভাবে যাঁহার বিষয়ে আপনার সন্দেহ হইতেছে; মত্তগজগামী, উগ্রকর্ম্মা, কৌরবদিগের অভয়কারক ও মহাবাহু সেই বীরশোভায় শোভিত ব্যক্তির বিষয় আমি বলিব ॥২৬—২৮॥

যিনি জন্মিলে পর দ্রোণ মহামান্য ব্রাহ্মণদিগকে দশ শত গো দান করিয়াছিলেন, সেই অশ্বত্থামা এই গর্জ্জন করিতেছেন ॥২৯॥

যে বীর জন্মিবামাত্র উচ্চৈঃশ্রবা অশ্বের ন্যায় হেষারব করিতে থাকিয়া পৃথিবী এবং ত্রিভুবনের সমস্ত লোককে কম্পিত করিয়াছিলেন, তখন সেই রব

(২৮) শ্রীমন্তং তম্·· বা নি।

যো হ্যনাথ ইবাক্রম্য পার্ষতেন হতস্তথা।
কর্ম্মণা সুনৃশংসেন তস্য নাথো ব্যবস্থিতঃ ॥৩২॥
গুরুং মে যত্র পাঞ্চাল্যঃ কেশপক্ষে পরামৃষৎ।
তন্ন জাতু ক্ষমেদ্‌দ্রৌণির্জানন্ পৌরুষমাত্মনঃ ॥৩৩॥
উপচীর্ণো গুরুর্মিথ্যা ভবতা রাজ্যকারণাৎ।
ধর্ম্মজ্ঞেন সতা নাম সোঽধর্ম্মঃ সুমহান্ কৃতঃ ॥৩৪॥
চিরং স্থাস্যতি চাকীর্ত্তিস্ত্রৈলোক্যে সচরাচরে।
রামে বালিবধাদ্‌যদ্বত্তদ্বদ্‌দ্রোণে নিপাতিতে ॥৩৫॥
সর্ব্বধর্ম্মোপপন্নোঽয়ং মম শিষ্যশ্চ পাণ্ডবঃ।
নায়ং বক্ষ্যতি মিথ্যেতি প্রত্যয়ং কৃতবাংস্ত্বয়ি ॥৩৬॥
স সত্যকঞ্চুকং নাম প্রবিষ্টেন ততোঽনৃতম্।
আচার্য্য উক্তো ভবতা হতঃ কুঞ্জর ইত্যুত ॥৩৭॥

ভারতকৌমুদী

য ইতি। অনাথঃ অভিভাবকশূন্যঃ। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন। নাথোঽভিভাবকঃ ॥৩২॥
গুরুমিতি। কেশপক্ষে কেশপাশে, পরামৃষৎ অগৃহ্লাৎ। জাতু কদাচিৎ ॥৩৩॥
উপেতি। উপচীর্ণঃ শুশ্রূষিতঃ। কৃতঃ, 'অশ্বত্থামা হতঃ' ইতি মিথ্যাভাষণাৎ ॥৩৪॥
চিরমিতি। যদ্বৎ অতর্কিতপ্রহারেণান্যায্যাৎ, তদ্বন্মিথ্যাশ্রয়েণান্যায্যাৎ ॥৩৫॥
সর্বেতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। প্রত্যয়ং বিশ্বাসম্ ॥৩৬॥

শুনিয়া অন্তর্হিত কোন দেবতা তাঁহার নাম করিয়াছিলেন—'অশ্বত্থামা'। পাণ্ডুনন্দন! এখন সেই বীর এই গর্জন করিতেছেন ॥৩০—৩১॥

রাজা! ধৃষ্টদ্যুম্ন অতিনৃশংস ব্যবহারে অভিভাবকশূন্যের ন্যায় যাঁহাকে আক্রমণ করিয়া বধ করিয়াছে, তাঁহার অভিভাবক রহিয়াছে ॥৩২॥

ধৃষ্টদ্যুম্ন আমার গুরুদেবের যে কেশাকর্ষণ করিয়াছিল, অশ্বত্থামা নিজের পুরুষকার জানিয়া কখনও তাহা ক্ষমা করিবেন না ॥৩৩॥

রাজা! আপনি মিথ্যা গুরুসেবা করিয়াছেন। যেহেতু আপনি ধর্ম্মজ্ঞ হইয়া রাজ্যের জন্য সেই মিথ্যোক্তিরূপ অতিগুরুতর পাপ করিয়াছেন ॥৩৪॥

রাজা! অন্যায়ভাবে বালিবধ করায় রামের যেমন চিরকাল অকীর্ত্তি চলিয়া আসিতেছে, তেমন অন্যায়ভাবে দ্রোণবধ করায় আপনারও সচরাচর ত্রিভুবনে চিরকাল অকীর্ত্তি থাকিবে ॥৩৫॥

'এই পাণ্ডুনন্দন সর্ব্বধর্ম্মসম্পন্ন, বিশেষতঃ আমার শিষ্য; সুতরাং এ মিথ্যা বলিবে না' এই বিশ্বাস দ্রোণ আপনার উপরে করিতেন ॥৩৬॥

ততঃ শস্ত্রং সমুৎসৃজ্য নির্ম্মমো গতচেতনঃ।
আসীৎ সুবিহ্বলো রাজন্! যথা দৃষ্টস্ত্বয়া বিভুঃ ॥৩৮॥
স তু শোকসমাবিষ্টো বিমুখঃ পুত্রবৎসলঃ।
শাশ্বতং ধর্ম্মমুৎসৃজ্য গুরুঃ শিষ্যেণ ঘাতিতঃ ॥৩৯॥
ন্যস্তশস্ত্রমধর্ম্মেণ ঘাতয়িত্বা গুরুং ভবান্।
রক্ষত্বিদানীং সামাত্যো যদি শক্নোতি পার্ষতম্ ॥৪০॥
গ্রস্তমাচার্য্যপুত্রেণ ক্রুদ্ধেন হতবন্ধুনা।
সর্ব্বে বয়ং পরিত্রাতুং ন শক্যামোঽদ্য পার্ষতম্ ॥৪১॥

ভারতকৌমুদী

স ইতি। ততঃ 'হতঃ কুঞ্জরঃ' ইতি সত্যমেব কঞ্চুকমাবরণং যস্য তত্তাদৃশম্, অনৃতম্ 'অশ্বত্থামা হতঃ' ইতি মিথ্যা, প্রবিষ্টেন আশ্রিতেন ভবতা, স আচার্য্যস্তথোক্তঃ ॥৩৭॥
তত ইতি। নির্ম্মমঃ স্বপ্রাণেষু মমতাশূন্যঃ, গতচেতন ইব চ শোকেন ॥৩৮॥
স ইতি। বিমুখো যুদ্ধাৎ। শাশ্বতং চিরন্তনম্। শিষ্যেণ ত্বয়া ॥৩৯॥
ন্যস্তেতুকং দুষ্করং কার্য্যমাহ ন্যস্তেতি। সামাত্যঃ সসহায়ঃ। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৪০॥
গ্রস্তমিতি। গ্রস্তমাক্রান্তম্। হতবন্ধুনা হতপিতৃকেণ। ন শক্যামঃ শক্ত্যভাবাৎ ॥৪১॥

তা'র পর 'হতঃ কুঞ্জরঃ' এইরূপ সত্যাবরণযুক্ত মিথ্যার ভিতরে প্রবেশ করিয়া আপনি সেই আচার্য্যকে সেইরূপ বলিয়াছেন ॥৩৭॥

রাজা! তদনন্তর আপনি যেমন দেখিয়াছেন, তেমন ভাবে প্রভাবশালী আচার্য্য অস্ত্র পরিত্যাগ করিয়া আপন প্রাণে মমতাহীন, চৈতন্যশূন্যতুল্য ও অতিবিহ্বল হইয়া পড়িয়াছিলেন ॥৩৮॥

তৎপরে আপনি চিরন্তন ধর্ম্ম পরিত্যাগ করিয়া শোকার্ত্ত, যুদ্ধবিমুখ ও পুত্রবৎসল গুরুদেবকে তাঁহারই একটা শিষ্যদ্বারা (ধৃষ্টদ্যুম্নদ্বারা) বধ করাইয়াছেন ॥৩৯॥

আপনি ত্যক্তশস্ত্র গুরুদেবকে অধর্ম্ম অনুসারে বধ করাইয়া যদি পারেন, তবে সহচরগণের সহিত মিলিত হইয়া এখন ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করুন ॥৪০॥

আচার্য্যপুত্র অশ্বত্থামা পিতৃবধনিবন্ধন ক্রুদ্ধ হইয়া এখন ধৃষ্টদ্যুম্নকে গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছেন; কিন্তু আমরা সকলেও উহাকে রক্ষা করিতে সমর্থ হইব না ॥৪১॥

(৪০) আত্তশস্ত্রমধর্ম্মেণ…যদি শক্নোষি…বা,…যদি শক্তোঽসি—নি। (৪১)…ন শক্যামোঽদ্য পার্ষতম্—নি।

সৌহার্দ্দং সর্ব্বভূতেষু যঃ করোত্যতিমানুষঃ।
সোঽস্য কেশগ্রহং শ্রুত্বা পিতুর্ধক্ষ্যতি নো রণে ॥৪২॥
বিক্রোশমানে হি ময়ি ভৃশমাচার্য্যগৃদ্ধিনি।
অপাকীর্য্য স্বকং ধর্ম্মং শিষ্যেণ নিহতো গুরুঃ ॥৪৩॥
যদা গতং বয়ো ভূয়ঃ শিষ্টমল্পতরঞ্চ নঃ।
তস্যেদানীং বিকারোঽয়মধর্ম্মোঽয়ং কৃতো মহান্ ॥৪৪॥
পিতেব নিত্যং সৌহার্দ্দাৎ পিতেব হি চ ধর্ম্মতঃ।
সোঽল্পকালস্য রাজ্যস্য কারণাদ্ঘাতিতো গুরুঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

সৌহার্দ্দমিতি। অতিমানুষঃ অলৌকিকচরিত্রঃ। সঃ অশ্বত্থামা। নঃ অস্মান্ ॥৪২॥

বীতি। বিক্রোশমানে ন হন্তব্যো ন হন্তব্য ইত্যুচ্চৈর্বদতি, আচার্য্যগৃদ্ধিনি দ্রোণজীবনাভিলাষিণি। অপাকীর্য্য বিহায়, স্বকং শিষ্যসম্বন্ধিনম্, শিষ্যেণ ধৃষ্টদ্যুম্নেন ॥৪৩॥

যদেতি। ভূয়ঃ প্রচুরম্, শিষ্টমবশিষ্টম্। তস্য অধিকবয়সঃ, অয়ং বিকারঃ স্বভাবান্যথাত্বম্। অত্রায়মভিপ্রায়ঃ—"জীবেম শরদঃ শতম্" "শতায়ুর্বৈ পুরুষঃ" ইতি শ্রুতেঃ প্রায়েণ তথা দর্শনাচ্চ শতবর্ষপরমায়ুষঃ সপ্ততিবর্ষাতিক্রমাদিদানীং অধিকমেব গতম্ অল্পতরঞ্চাবশিষ্টম, তত্র চেদৃশান্যায়াচরণমতীবদোষাবহমিতি। এতেনাস্মাভির্বিরাটবসময়নিরূপণে যৎ পাণ্ডবানাং সপ্ততিবর্ষাধিকবয়স্কত্বং নিরূপিতম্, তদকামেনাপ্যঙ্গীকার্য্যম্ ॥৪৪॥

পিতেতি। সৌহার্দ্দাৎ স্নেহাৎ। ধর্ম্মতঃ শিক্ষকত্বন্যায়াৎ। ঘাতিতো ধৃষ্টদ্যুম্নেনাস্মাভিঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

প্রাদুর্ভূত ইতি ॥১—৩॥ অবকীর্ণোত ব্যাপ্তানি সৈন্যানীত্যর্থাৎ ॥৪॥ কথঙ্কথা মনঃসঙ্কথনম্ ॥৫—৮॥ প্রাগস্ত্রমোক্ষাৎ পূর্ব্বমেব ॥৯—১৭॥ সমারোপ্য বাহনেষ্বর্থাৎ ॥১৮—৪৩॥ তস্যাপ্রিমস্য

যে অলৌকিকচরিত্র পুরুষ সর্ব্বভূতে সৌহার্দ্দ করিয়া থাকেন, তিনি আজ পিতার কেশাকর্ষণ শুনিয়া যুদ্ধে আমাদিগকে দগ্ধ করিবেন ॥৪২॥

আচার্য্যের জীবনাভিলাষী আমি 'বধ করিও না, বধ করিও না' এই কথা উচ্চস্বরে বলিতে থাকিলেও, শিষ্য (ধৃষ্টদ্যুম্ন) নিজের ধর্ম্ম পরিত্যাগ করিয়া গুরুদেবকে বধ করিয়াছে ॥৪৩॥

আমাদের যে অধিক বয়স গিয়াছে, অতি অল্পই অবশিষ্ট রহিয়াছে; এখন তাহারই এই বিকার উপস্থিত হইয়াছে। হায়! গুরুতর অধর্ম্মই করা হইয়াছে ॥৪৪॥

(৪৪)···তস্যেদানীং বিরোধোঽয়ম্···নি।

ধৃতরাষ্ট্রেণ ভীষ্মায় দ্রোণায় চ বিশাংপতে!।
বিসৃষ্টা পৃথিবী সর্ব্বা সহ পুত্রৈশ্চ তৎপরৈঃ ॥৪৬॥
সংপ্রাপ্য তাদৃশীং বৃত্তিং সৎকৃতঃ সততং পরৈঃ।
বৃণীতে সততং পুত্রান্মামেবাভ্যধিকং গুরুঃ ॥৪৭॥
অবেক্ষমাণস্ত্বাং মাঞ্চ ন্যস্তাস্ত্রশ্চাহবে হতঃ।
ন ত্বেনং যুধ্যমানং বৈ হন্যাদপি শতক্রতুঃ ॥৪৮॥
তস্যাচার্য্যস্য বৃদ্ধস্য দ্রোহো নিত্যোপকারিণঃ।
কৃতো হ্যনার্য্যৈরস্মাভী রাজ্যার্থে লঘুবুদ্ধিভিঃ ॥৪৯॥
অহোবত মহৎ পাপং কৃতং কর্ম্ম সুদারুণম্।
যদ্রাজ্যসুখলোভেন দ্রোণোঽয়ং সাধু ঘাতিতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

স্বপক্ষে দ্রোণস্য সর্ব্বাধিকাভ্যর্হিতত্বমাহ দ্বাভ্যাং ধৃতেতি। তৎপরৈস্তত্ভয়সেবকৈঃ শিক্ষাদানাৎ ॥৪৬॥

সমিতি। সংকৃত আদৃতঃ। বৃণীতে আদ্রিয়তে স্ম, পুত্রাদশ্বত্থাম্নোঽপি ॥৪৭॥

অবেক্ষেতি। অবেক্ষমাণ ইত্যনেন যুধিষ্ঠিরাদর্জ্জুনাচ্চ দ্রোণস্য দয়াভিক্ষা সূচিতা ॥৪৮॥

তস্যেতি। অনার্য্যৈরসজ্জনৈঃ। লঘুবুদ্ধিভিঃ লঘুগুরুনির্ণয়াক্ষমবুদ্ধিভিঃ ॥৪৯॥

হায়! যিনি স্নেহের গুণে পিতার ন্যায় ছিলেন এবং ধর্ম্মানুসারেও পিতার তুল্যই ছিলেন, অল্পকালের রাজ্যের জন্য সেই গুরুদেবকে আমরা বধ করাইলাম ॥৪৫॥

নরনাথ! ধৃতরাষ্ট্র ভীষ্ম ও দ্রোণকে তাঁহাদের ভক্ত পুত্রগণের সহিত সমগ্র পৃথিবী দান করিয়াছিলেন ॥৪৬॥

কিন্তু গুরুদেব (দ্রোণ) সেইরূপ বৃত্তি পাইয়াও এবং সর্ব্বদা পরের আদর লাভ করিয়াও আপন পুত্র অশ্বত্থামা অপেক্ষাও আমাকে সর্ব্ব সময়ে অধিক ভাল বাসিতেন ॥৪৭॥

মহারাজ! তা'র পর গুরুদেব যুদ্ধে অস্ত্রত্যাগ করিলেন এবং আপনার ও আমার উপরে কাতর দৃষ্টিপাত করিতে লাগিলেন; অহহ সেই অবস্থায় ধৃষ্টদ্যুম্ন তাঁহাকে বধ করিয়াছে। কিন্তু তিনি যুদ্ধ করিতে থাকিলে, স্বয়ং ইন্দ্রও তাঁহাকে বধ করিতে পারিতেন না ॥৪৮॥

আমরা অসজ্জন ও লঘুবুদ্ধি; সুতরাং আমরা নিত্যোপকারী ও বৃদ্ধ সেই আচার্য্যের দ্রোহ করিয়াছি ॥৪৯॥

* (৪৭) ..অবৃণীত সদা পুত্রাৎ...বা,...অব্রবীৎ সততং পুত্রাৎ নি।

পুত্রান্ ভ্রাতৄন্ পিতৄন্ দারান্ জীবিতঞ্চৈব বাসবিঃ।
ত্যজেৎ সর্ব্বং মম প্রেম্ণা জানাত্যেবং হি মে গুরুঃ ॥৫১॥

সঞ্জয় উবাচ।

অর্জ্জুনস্য বচঃ শ্রুত্বা নোচুস্তত্র মহারথাঃ।
অপ্রিয়ং বা প্রিয়ং বাপি মহারাজ! ধনঞ্জয়ম্ ॥৫২॥
ততঃ ক্রুদ্ধো মহাবাহুর্ভীমসেনোঽভ্যভাষত।
কুৎসয়ন্নিব কৌন্তেয়মর্জ্জুনং ভরতর্ষভ! ॥৫৩॥
মুনির্যথারণ্যগতো ভাষসে ধর্ম্মসংহিতম্।
ন্যস্তদণ্ডো যথা পার্থ! ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

অহো ইতি। অহোবতেত্যেকমেবাব্যয়ং মহাখেদে। সাধু সম্যক্, ন তু প্রহাবনাত্রং কৃতম্ ॥৫০॥

পুত্রানিতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। জানাতীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥৫১॥

অর্জ্জুনস্যেতি। নোচুঃ, বক্তব্যবিষয়বিমূঢ়ত্বাদিতি ভাবঃ ॥৫২॥

তত ইতি। ইবশব্দেন বস্তুতো ন কুৎসনম্ অর্জ্জুনোক্তের্যুক্তত্বাদিতি সূচিতম্ ॥৫৩॥

মুনিরিতি। ন্যস্তো দয়ার্দ্রত্বাৎ ত্যক্তো দণ্ডঃ অপরাধিনো দমো যেন সঃ ॥৫৪॥

হায়! আমরা মহাপাপজনক অতিদারুণ কার্য্য করিয়া ফেলিয়াছি; যে হেতু রাজ্যসুখের লোভে গুরুদেবকে একেবারে বধ করাইয়াছি ॥৫০॥

'অর্জ্জুন আমার প্রতি প্রণয়বশতঃ পুত্র, ভ্রাতা, পিতা, ভার্য্যা ও জীবন, এমন কি সমস্তই ত্যাগ করিতে পারেন' এইরূপই আমার সেই গুরুদেব মনে করিতেন' ॥৫১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুনের এই সকল কথা শুনিয়া তত্রত্য মহারথেরা তাঁহাকে প্রিয় বা অপ্রিয় কোন কথাই বলিলেন না ॥৫২॥

কিন্তু ভরতশ্রেষ্ঠ! তাহার পর মহাবাহু ভীমসেন ক্রুদ্ধ হইয়া কুন্তীনন্দন অর্জ্জুনকে ভর্ৎসনা করতই যেন বলিতে লাগিলেন—॥৫৩॥

---

(৫১) ইতঃ পরম্ 'স ময়া রাজ্যকামেন হন্যমানো হ্যপেক্ষিতঃ। তস্মাদর্বাক্শিরা রাজন্! প্রাপ্তোঽস্মি নরকং প্রভো!॥ ব্রাহ্মণং বৃদ্ধমাচার্য্যং ন্যস্তশস্ত্রং মহামুনিম্। ঘাতয়িত্বাদ্য রাজ্যার্থে মৃতং শ্রেয়ো ন জীবিতম্॥' ইতি শ্লোকদ্বয়মধিকম্ বঙ্গ বা নি। তৎপরঞ্চ '…চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '…পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '…সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (৫৪)…ভাষতে ধর্ম্মসংহিতম্…নি।

ক্ষতাত্ত্রাতা ক্ষতাজ্জীবন্ ক্ষন্তা স্ত্রীম্বপি সাধুষু।
ক্ষত্রিয়ঃ ক্ষিতিমাপ্নোতি ক্ষিপ্রং ধর্ম্মযশশ্রিয়ঃ ॥৫৫॥
স ভবান্ ক্ষত্রিয়গুণৈর্যুক্তঃ সর্ব্বৈঃ কুলোদ্বহঃ।
অবিপশ্চিদ্‌যথা বাচং ব্যাহরন্ নাদ্য শোভতে ॥৫৬॥
পরাক্রমস্তে কৌন্তেয়! শক্রস্যেব শচীপতেঃ।
ন চাতিবর্ত্তসে ধর্ম্মং বেলামিব মহোদধিঃ ॥৫৭॥
ন পূজয়েত্ত্বাং কো ন্বদ্য যত্ত্রয়োদশবার্ষিকম্।
অমর্ষং পৃষ্ঠতঃ কৃত্বা ধর্ম্মমেবাভিকাঙ্ক্ষসে ॥৫৮॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয়শব্দস্য ত্রিধা ব্যুৎপত্তিং দর্শয়ন্ তৎপ্রাপ্যমাহ ক্ষতাদিতি। ক্ষতাৎ শক্রপ্রহারাৎ ত্রাতা পরস্য রক্ষকঃ ক্ষত্রিয়ঃ, ক্ষতাৎ শক্রপ্রহারাৎ জীবন্ আত্মানং ত্রায়মাণঃ ক্ষত্রিয়ঃ, তথা স্ত্রীষু সাধুষ্বপি চ ক্ষন্তা ক্ষমাকর্ত্তা ক্ষত্রিয়ঃ। সর্ব্বত্রৈব পৃষোদরাদিত্বাৎ ক্ষত্রিয়রূপসিদ্ধিঃ। ক্ষিপ্রম্, ক্ষিতিং রাজ্যম্, ধর্ম্মযশশ্রিয়শ্চাপ্নোতি। অতো দ্রোণকৃতপ্রহারাত্তন্নিপাতেনাত্মরক্ষয়া ক্ষত্রিয়ত্বসিদ্ধিরিতি ভাবঃ ॥৫৫॥

স ইতি। কুলোদ্বহো বংশধুরন্ধরঃ। অবিপশ্চিৎ অবিদ্বান্, ব্যাহরন্ ব্রুবন্ ॥৫৬॥

পরেতি। বেলাং তীরম্, "বেলা স্যাত্তীরনীরয়োঃ" ইতি কোষঃ ॥৫৭॥

নেতি। অমর্ষং দ্যূতজয়াদিনিবন্ধনং ক্রোধম্, পৃষ্ঠতঃ কৃত্বা অবজ্ঞায় ॥৫৮॥

'অর্জ্জুন! তুমি—তপোবনবাসী মুনির ন্যায় এবং দণ্ডদানবিমুখ ও দৃঢ়ব্রত-পরায়ণ ব্রাহ্মণের তুল্য ধর্ম্মসম্বন্ধ কথা বলিতেছ। ॥৫৪॥

যিনি শত্রুর প্রহার হইতে অন্যকে রক্ষা করেন, যিনি শত্রুর আক্রমণ হইতে আত্মরক্ষা করিতে পারেন এবং যিনি স্ত্রীজাতি ও সাধুদের প্রতি ক্ষমা করিয়া থাকেন, তিনি ক্ষত্রিয়। এহেন ক্ষত্রিয় সত্বরই রাজ্য, ধর্ম্ম, যশ ও সম্পৎ লাভ করেন ॥৫৫॥

অর্জ্জুন! সেই তুমি সমস্তক্ষত্রিয়গুণসমন্বিত হইয়া এখন মূর্খের ন্যায় বাক্য বলিতে থাকিয়া শোভা পাইতেছ না ॥৫৬॥

কুন্তীনন্দন! শচীপতি ইন্দ্রের ন্যায় তোমার পরাক্রম এবং মহাসমুদ্র যেমন তীর অতিক্রম করে না, তুমিও সেইরূপ ধর্ম্ম অতিক্রম কর না ॥৫৭॥

তুমি ক্রোধকে অগ্রাহ্য করিয়া ত্রয়োদশ বৎসর যাবৎ যে কেবল ধর্ম্মরক্ষারই ইচ্ছা করিয়া আসিতেছ, সে জন্য কোন্ ব্যক্তি তোমার গৌরব না করে? ॥৫৮॥

(৫৫) ··ধর্ম্মং যশঃশ্রিয়ঃ·· বা নি। (৫৬)···নাদ্য শোভসে—বা নি।

দিষ্ট্যা তাত ! মনস্তেঽস্য স্বধর্ম্মমনুবর্ত্ততে ।
আনৃশংস্যে চ তে দিষ্ট্যা বুদ্ধিঃ সততমচ্যুত ! ॥৫৯॥
যত্তু ধর্ম্মপ্রবৃত্তস্য হৃতং রাজ্যমধর্ম্মতঃ ।
দ্রৌপদী চ পরামৃষ্টা সভামানীয় শত্রুভিঃ ॥৬০॥
বনং প্রব্রাজিতাশ্চাস্ম বল্কলাজিনবাসসঃ ।
অনর্হমাণাস্তং ভাবং ত্রয়োদশ সমাঃ পরৈঃ ॥৬১॥
এতান্যমর্ষস্থানানি মর্ষিতানি ময়ানঘ ! ।
ক্ষত্রধর্ম্মপ্রসক্তেন সর্ব্বমেতদনুষ্ঠিতম্ ॥৬২॥ (বিশেষকম্)
তমধর্ম্মমপাক্রষ্টুমারব্ধঃ সহিতস্ত্বয়া ।
সানুবন্ধান্ হনিষ্যামি ক্ষুদ্রান্ রাজ্যহরানহম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আনৃশংস্যে দয়ায়াম্। হে অচ্যুত ! স্বধর্ম্মাদভ্রষ্ট ! ॥৫৯॥

যদিতি। ধর্ম্মপ্রবৃত্তস্য যুধিষ্ঠিরস্য। পরামৃষ্টা কেশেষাকৃষ্টা। প্রব্রাজিতা যং প্রেরিতাঃ। অনর্হমাণাঃ প্রাপ্তুমযোগ্যাঃ, ভাবমবস্থাম্, সমা বৎসরান্। অমর্ষস্থানানি ক্রোধবিষয়াঃ, মর্ষিতানি সোঢ়ানি। এতৎ শত্রুহননাদিকম্ ॥৬০—৬২॥

তমিতি। অপাক্রষ্টুং পরিশোধয়িতুম্। সানুবন্ধান্ অনুচরসহিতান্ ॥৬৩॥

বৎস ধর্ম্মসম্পন্ন ! ভাগ্যবশতঃ অদ্যাপি তোমার মন ধর্ম্মেরই অনুসরণ করিতেছে এবং ভাগ্যবশতঃ তোমার বুদ্ধি সর্ব্বদা দয়ার দিকেই যাইয়া থাকে ॥৫৯॥

যুধিষ্ঠির সর্ব্বদা ধর্ম্মেরই অনুসরণ করেন, তথাপি শত্রুরা অধর্ম্ম অনুসারে তাঁহার যে রাজ্য হরণ করিয়াছে, দ্রৌপদীকে সভায় আনয়ন করিয়া তাঁহার যে কেশাকর্ষণ করিয়াছে এবং আমরা বনবাসের যোগ্য নহি, তথাপি আমাদিগকে বল্কল ও চর্ম্ম পরিধান করাইয়া ত্রয়োদশ বৎসর যাবৎ যে নির্ব্বাসিত রাখিয়াছে; এই ক্রোধের বিষয়গুলি আমি সহ্য করিয়াছি। হে নিষ্পাপ অর্জ্জুন! তাহার পর ক্ষত্রিয়ধর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইয়া এই সকল কার্য্যের অনুষ্ঠান করিয়াছি ॥৬০—৬২॥

তদনন্তর তোমার সঙ্গে মিলিত হইয়া সেই পাপকার্য্যগুলির প্রতিশোধ দিতে আরম্ভ করিয়াছি। ক্রমে আমি অনুচরগণের সহিত সেই রাজ্যহারী নীচাশয়দিগকে বধ করিব ॥৬৩॥

---

(৬০) যত্র ধর্ম্মপ্রবৃত্তস্য…বর্দ্ধ পি। (৬৩)…স্মৃত্বাস্য সহিতস্ত্বয়া…বা, ‥অপাকৃষ্টং স্মৃত্বাস্য …নি।

ত্বয়া হি কথিতে পূর্ব্বং যুদ্ধায়াভ্যাগতা বয়ম্।
ঘটামহে যথাশক্তি ত্বন্তু নোঽদ্য জুগুপ্সসে ॥৬৪॥
স্বধর্ম্মং নেচ্ছসি জ্ঞাতুং মিথ্যা বচনমেব তে।
ভয়ার্দ্দিতানামস্মাকং বাচা মর্ম্মাণি কৃন্তসি ॥৬৫॥
বপন্ ব্রণে ক্ষারমিব ক্ষতানাং শত্রুকর্ষণ !।
বিদীর্য্যতে মে হৃদয়ং ত্বয়া বাক্‌শল্যপীড়িতম্ ॥৬৬॥
অধর্ম্মমেনং বিপুলং ধার্ম্মিকঃ সন্ ন বুধ্যসে।
যত্ত্বয়াত্মানমস্মাংশ্চ প্রশস্যান্ ন প্রশংসসি ॥৬৭॥
বাসুদেবে স্থিতে চাপি দ্রোণপুত্রং প্রশংসসি।
যঃ কলাং ষোড়শীং পূর্ণাং ধনঞ্জয় ! ন তেঽর্হতি ॥৬৮॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। কথিতে যুদ্ধেঽনুমোদিতে। ঘটামহে জেতুং চেষ্টামহে। জুগুপ্সসে নিন্দসি ॥৬৪॥
স্বেতি। স্বধর্ম্মং জ্ঞাতুং নেচ্ছসি মহাশত্রুহননেঽপি দোষারোপাদিত্যাশয়ঃ ॥৬৫॥
বপন্নিতি। বপন্ অর্পয়ন্। ক্ষতানামস্মাকম্ ॥৬৬॥
অধর্ম্মমিতি। প্রশস্যান্ শত্রুহননেন প্রশংসাযোগ্যান্ ॥৬৭॥
বাস্বিতি। কলামংশম্। তে তবাপি। অতো বাসুদেবস্য কুতোঽপি নেত্যর্থঃ ॥৬৮॥

তুমি পূর্ব্বে যুদ্ধের অনুমোদন করিয়াছিলে বলিয়াই আমরা যুদ্ধ করিতে আসিয়াছি এবং শক্তি অনুসারে জয় করিবার চেষ্টাও করিতেছি; কিন্তু তুমি আজ আমাদিগকে নিন্দা করিতেছ ! ॥৬৪॥

তুমি ক্ষত্রিয়ধর্ম্মের মর্ম্ম বুঝিবার ইচ্ছা কর না। সুতরাং তোমার বাক্য অনর্থকই বটে। আমরা ভয়ে আকুল হইয়াছি, সেই অবস্থায় তুমি বাক্যদ্বারা আমাদের মর্ম্ম চ্ছেদন করিতেছ ॥৬৫॥

শত্রুদমন ! তুমি আহতদিগের ক্ষতস্থানে যেন ক্ষার অর্পণ করিতেছ। সুতরাং তোমার বাক্যশল্যে পীড়িত হইয়া আমার হৃদয় যেন বিদীর্ণ হইতেছে ॥৬৬॥

তুমি প্রশংসনীয় আপনাকে ও আমাদিগকে যে প্রশংসা করিতেছ না, এটা গুরুতর অধর্ম্ম হইতেছে; তাহা তুমি ধার্ম্মিক হইয়াও বুঝিতেছ না ॥৬৭॥

অর্জ্জুন ! তুমি কৃষ্ণ থাকিতেও অশ্বত্থামার প্রশংসা করিতেছ, যে অশ্বত্থামা তোমারও ষোল ভাগের পূর্ণ একভাগের যোগ্য নহে ॥৬৮॥

(৬৪)···কথিতম্··· বা নি। (৬৫) ধর্ম্মমধিচ্ছসি জ্ঞাতুম্···বা,···নেচ্ছসে···নি।

স্বয়মেবাত্মনো দোষান্ ব্রুবাণঃ কিং ন লজ্জসে।
দারয়েয়ং মহীং ক্রোধাদ্বিকিরেয়ঞ্চ পর্ব্বতান্ ॥৬৯॥
আবিধ্যৈতাং গদাং গুর্ব্বীং ভীমাং কাঞ্চনমালিনীম্।
গিরিপ্রকাশান্ ক্ষিতিজান্ ভঞ্জেয়মনিলো যথা ॥৭০॥
দ্রাবয়েয়ং শরৈশ্চাপি সেন্দ্রান্ দেবান্ সমাগতান্।
সরাক্ষসগণান্ পার্থ! সাসুরোরগমানবান্ ॥৭১॥
সত্যমেবংবিধং জানন্ ভ্রাতরং মাং নরর্ষভ!।
দ্রোণপুত্রাদ্ভয়ং কর্ত্তুং নার্হস্যমিতবিক্রম! ॥৭২॥
অথবা তিষ্ঠ বীভৎসো! সহ সর্ব্বৈঃ সহোদরৈঃ।
অহমেনং গদাপাণির্জ্জেষ্যাম্যেকো মহাহবে ॥৭৩॥
ততঃ পাঞ্চালরাজস্য পুত্রঃ পার্থমথাব্রবীৎ।
সংক্রুদ্ধমিব নর্দ্দন্তং হিরণ্যকশিপুর্হরিম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। আত্মনঃ স্বপক্ষস্য। অশ্বত্থাম্নো বারণক্ষমং স্ববলমাহ দারয়েয়মিতি ॥৬৯॥

আবিধ্যেতি। আবিধ্য ঘূর্ণয়িত্বা। ক্ষিতিজান্ বিশালবৃক্ষান্, ভঞ্জেয়ং ভঞ্জ্যাম্ ॥৭০॥

দ্রাবেতি। দ্রাবয়েয়ং মর্দ্দয়িতুং শক্নুয়াম্। সমাগতান্ যুদ্ধায় ॥৭১॥

সত্যমিতি। এবংবিধং মহাবলম্ ॥৭২॥

অথ জায়তে ভয়ং তত্র কিং করোমীত্যাহ অথবেতি। হে বীভৎসো! নিন্দাকারিন্নর্জ্জুন! ॥৭৩॥

অর্জ্জুন! তুমি নিজেই নিজপক্ষের দোষ বলিতে লজ্জিত হও না কেন? দেখ—আমি ক্রোধ করিয়া পৃথিবী বিদীর্ণ করিতে পারি এবং পর্ব্বতও বিক্ষিপ্ত করিতে সমর্থ হই ॥৬৯॥

স্বর্ণমালাযুক্ত, বিশাল ও ভয়ঙ্কর এই গদা ঘূর্ণিত করিয়া বায়ুর ন্যায় পর্ব্বতপ্রমাণ বৃক্ষ সকল ভগ্ন করিতে পারি ॥৭০॥

অর্জ্জুন! আমি বাণদ্বারাও ইন্দ্রের সহিত সমাগত দেবতা, রাক্ষস, অসুর, নাগ ও মানবগণকে বিদ্রাবিত করিতে সমর্থ হই ॥৭১॥

অমিতবিক্রম নরশ্রেষ্ঠ! আমি তোমার এইরূপ ভ্রাতা, ইহা তুমি সত্য জানিয়াও দ্রোণপুত্রের ভয় করিতে পার না ॥৭২॥

অথবা অর্জ্জুন! তুমি সকল ভ্রাতার সহিত যুদ্ধে বিরত থাক; আমি একাকীই গদা ধারণ করিয়া মহাযুদ্ধে অশ্বত্থামাকে জয় করিব' ॥৭৩॥

(৭২) স ত্বমেবংবিধং জানন্…পি বা নি।

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

বীভৎসো! বিপ্রকর্ম্মাণি বিদিতানি মনীষিণাম্।
যাজনাধ্যাপনে দানং তথা যজ্ঞপ্রতিগ্রহৌ ॥৭৫॥
ষষ্ঠমধ্যয়নং নাম তেষাং কস্মিন্ প্রতিষ্ঠিতঃ।
হতো দ্রোণো ময়া হ্যেবং কিং মাং পার্থ! বিগর্হসে ॥৭৬॥
অপক্রান্তঃ স্বধর্ম্মাচ্চ ক্ষত্রং ধর্ম্মং ব্যপাশ্রিতঃ।
অমানুষেণ হন্ত্যস্মানস্ত্রেণ ক্ষুদ্রকর্ম্মকৃৎ ॥৭৭॥
তথা মায়াং প্রযুঞ্জানমসহ্যং ব্রাহ্মণব্রুবম্।
মায়য়ৈব নিহন্যাদ্‌যো ন যুক্তং পার্থ! তত্র কিম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

হত ইতি। পার্থমর্জ্জুনম্। হরিং নৃসিংহরূপং বিষ্ণুম্ ॥৭৪॥

বীভৎস ইতি। মনীষিভ্যোময়াপি বিদিতানীত্যাশয়ঃ। যজ্ঞো যজনম্ ॥৭৫॥

ষষ্ঠমিতি। অধ্যয়নং নাম ষষ্ঠং বিপ্রকর্ম্মেত্যন্বয়ঃ। প্রতিষ্ঠিতো দ্রোণঃ ॥৭৬॥

অপেতি। অপক্রান্তো বিচ্যুতঃ। অমানুষেণ ব্রাহ্মাদিনা ॥৭৭॥

তথেতি। মায়াং কূটকৌশলম্। মায়য়া কূটকৌশলেন। ব্রাহ্মণব্রুবমাহ স্মৃতিঃ—"গর্ভাধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ॥" ॥৭৮॥

তদনন্তর, হিরণ্যকশিপু যেমন ক্রুদ্ধ ও গর্জনকারী নৃসিংহরূপী বিষ্ণুকে বলিয়াছিলেন, সেইরূপ ধৃষ্টদ্যুম্ন অর্জ্জুনকে বলিতে লাগিলেন ॥৭৪॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'বীভৎসু! ব্রাহ্মণের কার্য্য জ্ঞানিগণের জানা আছে। তাহাদের কার্য্য—যাজন, অধ্যাপন, দান, যজন এবং প্রতিগ্রহ ॥৭৫॥

আর ব্রাহ্মণের ষষ্ঠ কার্য্য—অধ্যয়ন। সেগুলির মধ্যে কোন্ কর্ম্মে দ্রোণ প্রতিষ্ঠিত ছিল? সুতরাং পৃথানন্দন! এইরূপ দ্রোণকে আমি বধ করিয়াছি; তাহাতে আমাকে আপনি নিন্দা করিতেছেন কেন? ॥৭৬॥

দ্রোণ স্বধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া ক্ষত্রিয়ধর্ম্ম অবলম্বন করিয়াছিল এবং নীচকার্য্য করিতে থাকিয়া অলৌকিক অস্ত্রদ্বারা আমাদিগকে বধ করিতেছিল ॥৭৭॥

এবং কূটকৌশল প্রয়োগ করিতে থাকিয়া অসহ্য হইয়া দাঁড়াইয়াছিল। অতএব পৃথানন্দন! যে লোক কূটকৌশলদ্বারাই সেই নিকৃষ্ট ব্রাহ্মণকে বধ করে, তাহাতে তাহার কি অসঙ্গত কার্য্য হয়? ॥৭৮॥

(৭৫)... বিহিতানি মনীষিভিঃ... নি। (৭৭)... ক্ষাত্রধর্ম্মং ব্যপাশ্রিতঃ...বা নি। (৭৮)... প্রতিমায়ী নিহন্যাদ্‌যঃ... নি।

তস্মিংস্তথা ময়া শস্তে যদি দ্রৌণায়নী রুষা।
কুরুতে ভৈরবং নাদং তত্র কিং মম হীয়তে ॥৭৯॥
ন চাদ্ভুতমিদং মন্যে যদ্দ্রৌণিঃ শুদ্ধগর্জনাৎ।
ঘাতয়িষ্যতি কৌরব্যান্ পরিত্রাতুমশক্নুবন্ ॥৮০॥
যচ্চ মাং ধার্ম্মিকো ভূত্বা ব্রবীষি গুরুঘাতিনম্।
তদর্থমহমুৎপন্নঃ পাঞ্চাল্যস্য সুতোঽনলাৎ ॥৮১॥
যস্য কার্য্যমকার্য্যং বা যুধ্যতঃ স্যাৎ সমং রণে।
তং কথং ব্রাহ্মণং ব্রূয়াঃ ক্ষত্রিয়ং বা ধনঞ্জয়! ॥৮২॥
যো হ্যনস্ত্রবিদো হন্যাদ্ব্রহ্মাস্ত্রৈঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
সর্ব্বোপায়ৈর্ন স কথং বধ্যঃ পুরুষসত্তম! ॥৮৩॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। শস্তে হিংসিতে, "শস্থ হিংসায়াম্" ইত্যস্য ক্তে প্রয়োগঃ। হীয়তে নশ্যতি ॥৭৯॥
নেতি। শুদ্ধগর্জনাৎ কেবলগর্জনাৎ। ঘাতয়িষ্যতি অস্মাভিরিতি শেষঃ ॥৮০॥
যদিতি। তদর্থং গুরুঘাতার্থমেব। অতস্তত্র ন দোষ ইত্যাশয়ঃ ॥৮১॥
যস্যেতি। কার্য্যং সাস্ত্রত্বাদিনা কর্ত্তব্যম, অকার্য্যং নিরস্ত্রত্বাদিনা অকর্ত্তব্যং হননম্ ॥৮২॥
য ইতি। ক্রোধেন মূর্চ্ছিতঃ অচেতন ইব, কার্য্যাকার্য্যজ্ঞানহীনত্বাদিত্যাশয়ঃ ॥৮৩॥

ভারতভাবদীপঃ

বয়সঃ অয়ং বিকারো বিশিষ্টবিক্রিয়া ॥৪৪—৪৯॥ অহোবতাসংভাব্যং কষ্টম্ ॥৫০—৫৩॥ ন্যস্তদণ্ডা নিবৃত্তবর্ম্মা ॥৫৪॥ ক্ষতাত্রাতা পীড়িতানাং রক্ষকঃ, ক্ষতাদরিবধাৎ, ক্ষান্তা সহনঃ ধর্ম্মমেবেতি সোপালম্ভঃ ॥৫৫—৬১॥ সর্ব্বমেতদ্বনবাসাদিকম্ ॥৬২—৮৩॥ বিদ্বিষং

আমি সেইরূপ ব্রাহ্মণকে সেইভাবে বধ করিয়াছি; ইহাতে অশ্বত্থামা যদি ক্রোধে ভয়ঙ্কর গর্জন করে, তাহাতে আমার কি হানি হইবে ॥৭৯॥

অশ্বত্থামা কেবল গর্জন করিয়া কৌরবগণকে রক্ষা করিতে না পারিয়া আমাদের দ্বারা তাহাদিগকে যে বধ করাইবে, তাহা আমি আশ্চর্য্য বলিয়া মনে করি না ॥৮০॥

তৃতীয়পাণ্ডব! আপনি ধার্ম্মিক হইয়া আমাকে যে গুরুহন্তা বলিতেছেন, সে বিষয়ে আমি বলিতেছি যে, আমি সেই জন্যই দ্রুপদপুত্ররূপে যজ্ঞাগ্নি হইতে উৎপন্ন হইয়াছিলাম ॥৮১॥

ধনঞ্জয়! যুদ্ধ করিবার সময়ে যে ব্যক্তির কর্ত্তব্য ও অকর্ত্তব্য সমান হইয়া যায়, তাহাকে আপনি ব্রাহ্মণ বা ক্ষত্রিয় বলেন কি করিয়া? ॥৮২॥

(৮০)···যদ্দ্রৌণির্যুদ্ধসংজ্ঞয়া · বা,···যদ্দ্রৌণিশ্চাত্র গর্জতি · নি।

বিধর্ম্মিণং ধর্ম্মবিদ্ভিঃ প্রোক্তং তেষাং বিষোপমম্।
জানন্ ধর্ম্মার্থতত্ত্বজ্ঞ! কিং মামর্জ্জুন! গর্হসে ॥৮৪॥
নৃশংসঃ স ময়াক্রম্য রথ এব নিপাতিতঃ।
তন্মাভিনন্দ্যং বীভৎসো! কিমর্থং নাভিনন্দসি ॥৮৫॥
কালানলসমং পার্থ! জ্বলনার্কবিষোপমম্।
ভীমং দ্রোণশিরশ্ছিন্নং ন প্রশংসসি মে কথম্ ॥৮৬॥
যোঽসৌ মমৈব নান্যস্য বান্ধবান্ যুধি জঘ্নিবান্।
ছিত্ত্বাপি তস্য মূর্দ্ধানং নৈবাস্মি বিগতজ্বরঃ ॥৮৭॥
তচ্চ মে কৃন্ততে মর্ম্ম যন্ন তস্য শিরো ময়া।
নিষাদবিষয়ে ক্ষিপ্তং জয়দ্রথশিরো যথা ॥৮৮॥

ভারতকৌমুদী

[illegible]। বিধর্ম্মিণং বিরুদ্ধধর্ম্মাণম্। তেষাং ধর্ম্মবিদাং সম্বন্ধে ॥৮৪॥
নৃশংস ইতি। মা মাম্, অভিনন্দ্যং বীরত্বাতিরেকপ্রকাশাদভিনন্দনীয়ম্ ॥৮৫॥
কালেতি। জ্বলনো বহ্নিঃ অর্কঃ সূর্য্যো বিষঞ্চ তদুপমম্। ভীমং ভীষণম্ ॥৮৬॥
অথাসৌ কথং তং নাবধীদিত্যাহ য ইতি। বিগতজ্বরো নষ্টক্রোধতাপঃ ॥৮৭॥
তদিতি। কৃন্ততে ছিনত্তি। নিষাদবিষয়ে ব্যাধদেশে ॥৮৮॥

পুরুষশ্রেষ্ঠ! যে লোক ক্রোধে মূর্চ্ছিতপ্রায় হইয়া ব্রহ্মাস্ত্রদ্বারা তদস্ত্রানভিজ্ঞ লোকদিগকে বধ করে, সর্ব্বোপায়ে সে বধ্য হইবে না কেন? ॥৮৩॥

হে ধর্ম্মার্থতত্ত্বজ্ঞ অর্জ্জুন! ধর্ম্মজ্ঞেরা বিধর্ম্মীকে তাঁহাদের নিকট বিষতুল্য বলিয়াছেন, ইহা আপনি জানিয়াও আমাকে নিন্দা করিতেছেন কেন? ॥৮৪॥

বীভৎসু! আমি আক্রমণ করিয়া রথমধ্যেই সেই নৃশংসকে নিপাত করিয়াছি। সুতরাং আমি অভিনন্দন পাইবার যোগ্য; তথাপি আপনি আমাকে অভিনন্দন করিতেছেন না কেন? ॥৮৫॥

পৃথানন্দন! দ্রোণের মস্তকটা—প্রলয়কালের অগ্নি, সাধারণ অগ্নি, সূর্য্য ও বিষের তুল্য ছিল, তাহা যে আমি ছেদন করিয়াছি, তাহার প্রশংসা করিতেছেন না কেন? ॥৮৬॥

ঐ যে দ্রোণ যুদ্ধে আমারই বন্ধুগণকে বধ করিয়াছে, অন্যের নহে; তাহার মস্তকচ্ছেদন করিয়াও আমি ক্রোধতাপশূন্য হইতে পারি নাই ॥৮৭॥

(৮৪)···ধর্ম্মবিদাম্···পি বর্দ্ধ। (৮৫)···তন্মামনিন্দ্যাম্···নাভিনন্দসে—বা নি। (৮৭) সোঽসৌ··· বর্দ্ধ।

অবধে হ্যপি শত্রূণামধর্ম্মঃ শ্রূয়তেঽর্জ্জুন ! ।
ক্ষত্রিয়স্য হি ধর্ম্মোঽয়ং হন্যাদ্ধন্যেত বা পুনঃ ॥৮৯॥
স শত্রুর্নিহতঃ সংখ্যে ময়া ধর্ম্মেণ পাণ্ডব ! ।
যথা ত্বয়া হতঃ শূরো ভগদত্তঃ পিতুঃ সখা ॥৯০॥
পিতামহং রণে হত্বা মন্যসে ধর্ম্মমাত্মনঃ ।
ময়া শত্রৌ হতে কস্মাৎ পাপে ধর্ম্মং ন মন্যসে ॥৯১॥
সম্বন্ধাবনতং পার্থ ! ন মাং ত্বং বক্তুমর্হসি ।
স্বগাত্রকৃতসোপানং নিষণ্ণমিব দন্তিনম্ ॥৯২॥

ভারতকৌমুদী

অবধ ইতি। যং স পরং হন্যাৎ, পরেণ স হন্যেত বা ॥৮৯॥

তথাপি গুরুত্বাৎ ক্ষন্তব্য ইত্যাহ স ইতি। পিতৃসখত্বাদ্ভগদত্তোঽপি তে গুরুরেবাসীদিতি ভাবঃ ॥৯০॥

তত্রাপ্যুপকারিত্বান্মর্ষণীয় ইত্যাহ পিতেতি। পিতামহং ভীষ্মম্। সোঽপি তবোপকারী[illegible] দিত্যাশয়ঃ ॥৯১॥

নন্ বা শ্যালত্বসম্বন্ধেনাবনতস্ত্বং ভগিনীপতিত্বেনোন্নতং মাং বাচা কথমতিক্রামসীত্যাহ সম্বন্ধেতি। স্বগাত্রেণ কৃতং সোপানং যেন তম্, নিষণ্ণমুপবিষ্টম্। পত্নীতো জ্যেষ্ঠত্বেন জ্যেষ্ঠত্বাদিত্যভিপ্রায়ঃ ॥৯২॥

তা'র পর আপনি যেমন জয়দ্রথের মস্তক স্থানান্তরে ক্ষেপ করিয়াছিলেন, আমিও যে সেইরূপই দ্রোণের মস্তক ব্যাধের দেশে ক্ষেপ করি নাই, তাহাই আমার যেন মর্ম্ম ছেদন করিতেছে ॥৮৮॥

অর্জ্জুন ! শত্রুবধ না করিলেও পাপ হয় বলিয়া শুনা যায় এবং ক্ষত্রিয়ের ইহাই ধর্ম্ম যে, তিনি অন্যকে নিহত করিবেন, কিংবা অন্যকর্ত্তৃক নিহত হইবেন ॥৮৯॥

পাণ্ডুনন্দন ! আপনি যেমন পিতার সখা বীর ভগদত্তকে বধ করিয়াছেন, আমিও সেইরূপ ধর্ম্মানুসারেই যুদ্ধে সেই শত্রুকে বধ করিয়াছি ॥৯০॥

আপনি যুদ্ধে ভীষ্মকে বধ করিয়া যদি তাহা ধর্ম্ম বলিয়া মনে করেন, তবে আমি পাপাত্মা দ্রোণকে বধ করায় কেন তাহা ধর্ম্ম বলিয়া মনে করেন না ? ॥৯১॥

তা'র পর পৃথানন্দন ! উপবিষ্ট হস্তী যেমন আপন অঙ্গদ্বারা সোপান করিয়া দিবার সময়ে অবনত হয়, আপনি আমাকে সম্পর্কবশতঃ সেরূপ অবনত বলিতে পারেন না ॥৯২॥

(৮৯) অথাবধশ্চ···বা নি।

ক্ষমামি তে সর্ব্বমেব বাগ্‌ব্যতিক্রমমর্জ্জুন !।
দ্রৌপদ্যা দ্রৌপদেয়ানাং কৃতে নান্যেন হেতুনা ॥৯৩॥
কুলক্রমাগতং বৈরং মমাচার্য্যেণ বিশ্রুতম্।
তথা জানাত্যয়ং লোকো ন যূয়ং পাণ্ডুনন্দনাঃ ॥৯৪॥
নানৃতী পাণ্ডবো জ্যেষ্ঠো নাহং বাঽধার্ম্মিকোঽর্জ্জুন !।
শিষ্যদ্রোহী হতঃ পাপো যুধ্যস্ব বিজয়স্তব ॥৯৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সাঙ্গা বেদা যথান্যায়ং যেনাধীতা মহাত্মনা।
যস্মিন্ সাক্ষাদ্ধনুর্ব্বেদো হ্রীনিষেবে প্রতিষ্ঠিতঃ ॥৯৬॥
তস্মিন্নাক্রুশ্যতি দ্রোণে মহর্ষিতনয়ে তদা।
নীচাত্মনা নৃশংসেন ক্ষুদ্রেণ গুরুঘাতিনা ॥৯৭॥
যস্য প্রসাদাৎ কর্ম্মাণি কুর্ব্বন্তি পুরুষর্ষভাঃ।
অমানুষাণি সংগ্রামে দেবৈরস্থকরাণি চ ॥৯৮॥
তস্মিন্নাক্রুশ্যতি দ্রোণে সমক্ষং পাপকর্ম্মণা।
নামর্ষং তত্র কুর্ব্বন্তি ধিক্ ক্ষাত্রং ধিগমর্ষিতাম্ ॥৯৯॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

নহি কথং ক্ষমস ইত্যাহ ক্ষমামীতি। বাচা ব্যতিক্রমং লঙ্ঘনম্। কৃতে নিমিত্তেন ॥৯৩॥
অথ পরশত্রোঃ পরেণ হননমন্যায্যমেবেত্যাহ কুলেতি। বিশ্রুতং বিখ্যাতম্ ॥৯৪॥
বক্তব্যমুপসংহরন্ পর্য্যবসিতমাহ নেতি। অনৃতী মিথ্যাবাদী ন, হতঃ কুঞ্জর ইত্যুক্তেঃ ॥৯৫॥
অথ বেদাধ্যয়নাধ্যাপনয়োরভাবেন দ্রোণং ব্রাহ্মণব্রুবং ব্রুবন্তং ধৃষ্টদ্যুম্নমুদ্দিশ্য প্রতিবদতি চতুর্ভিঃ কলাপকেন। সাঙ্গা ইতি। হ্রিয়মকার্য্যকরণে লজ্জাং নিষেবত ইতি তস্মিন্। আক্রুশ্যতি

সে যাহা হউক, অর্জ্জুন! দ্রৌপদী ও দ্রৌপদীর পুত্রগণের নিমিত্ত, অন্য কারণে নহে—আমি আপনার সমস্ত নিন্দাই ক্ষমা করিলাম ॥৯৩॥

বিশেষতঃ দ্রোণাচার্য্যের সহিত আমার শত্রুতা কুলক্রমাগত বলিয়াই বিখ্যাত আছে, তাহা এই লোকসমাজ জানে, কিন্তু আপনারা পাণ্ডবেরা জানেন না ॥৯৪॥

অতএব অর্জ্জুন! যুধিষ্ঠির মিথ্যাবাদী নহেন, আমিও অধার্ম্মিক নহি এবং শিষ্যদ্রোহী পাপাত্মাকে বধ করা হইয়াছে। সুতরাং যুদ্ধ করুন, আপনার জয় হইবে' ॥৯৫॥

(৯৫) ইতঃ পরম্ '...পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '...ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '...অষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (৯৭)...নীচং কর্ম্ম কৃতং তেন ক্ষুদ্রেণ ..নি।

পার্থাঃ সর্বে চ রাজানঃ পৃথিব্যাং যে ধনুর্দ্ধরাঃ।
শ্রুত্বা কিমাহুঃ পাঞ্চাল্যং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১০০॥

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা দ্রুপদপুত্রস্য তা বাচঃ ক্রূরকর্ম্মণঃ।
তূষ্ণীং বভূবূ রাজানঃ সর্ব্ব এব বিশাংপতে! ॥১০১॥
অর্জ্জুনস্তু কটাক্ষেণ জিহ্মং বিপ্রেক্ষ্য পার্ষতম্।
সবাষ্পমতিনিশ্বস্য ধিগ্‌ধিগিত্যেব চাব্রবীৎ ॥১০২॥
যুধিষ্ঠিরশ্চ ভীমশ্চ যমৌ কৃষ্ণস্তথাপরে।
আসন্ সুব্রীড়িতা রাজন্! সাত্যকিস্ত্বব্রবীদিদম্ ॥১০৩॥

ভারতকৌমুদী

আক্রুশ্যমানে মৃতেঽপি নিন্দ্যমানে সতি মহর্ষের্ভরদ্বাজস্য তনয়ে। গুরুঘাতিনা ধৃষ্টদ্যুম্নেন। প্রসাদাৎ প্রসাদেনাস্ত্রলাভাৎ। অমর্ষং ক্রোধম্, তত্র ধৃষ্টদ্যুম্নে। অমর্ষিতাঃ ক্রোধং বিনা, তাদৃশস্থানে তদকরণাদিতি ভাবঃ ॥৯৬—৯৯॥

দুঃখাদ্বিশেষেণ পৃচ্ছন্নাহ পার্থা ইতি। পার্থাঃ পাণ্ডবাঃ। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥১০০॥

শ্রুত্বেতি। তূষ্ণীং নীরবা বভূবুঃ, বক্তব্যানির্ণয়ানহত্বাদিত্যাশয়ঃ ॥১০১॥

অর্জ্জুন ইতি। জিহ্মং কুটিলং যথা স্যাত্তথা, বিপ্রেক্ষ্য বিশেষেণাবলোক্য ॥১০২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'যে মহাত্মা যথানিয়মে অঙ্গশাস্ত্রের সহিত সমস্ত বেদ অধ্যয়ন করিয়াছিলেন, যে লজ্জাশীল পুরুষে ধনুর্ব্বেদ যেন মূর্ত্তিমান্ হইয়া অবস্থান করিত এবং যাঁহার অনুগ্রহে পুরুষশ্রেষ্ঠেরা যুদ্ধে দেবগণেরও দুষ্কর অলৌকিক কার্য্য সকল করিতেছেন, সেই মহর্ষিপুত্র দ্রোণকে তখন নীচাশয়, নৃশংস, ক্ষুদ্র, গুরুহন্তা ও পাপকারী ধৃষ্টদ্যুম্ন সকলের সমক্ষে নিন্দা করিতে লাগিলে, তাহার উপরে ক্ষত্রিয়েরা ক্রোধ করেন নাই? তবে ধিক্ ক্ষত্রিয়গণকে, ধিক্ তাঁহাদের ক্রোধকে ॥৯৬—৯৯॥

যাক্, সঞ্জয়! পাণ্ডবেরা, রাজারা এবং পৃথিবীর যে সকল ধনুর্দ্ধর সেখানে ছিলেন তাঁহারা সকলে ধৃষ্টদ্যুম্নের ঐ উক্তিগুলি শুনিয়া কি বলিয়াছিলেন, তাহা আমার নিকট বল' ॥১০০॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! হিংস্রকর্ম্মা দ্রুপদপুত্রের সেই উক্তিগুলি শুনিয়া রাজারা সকলেই নীরব হইয়া রহিয়াছিলেন ॥১০১॥

কিন্তু অর্জ্জুন ধৃষ্টদ্যুম্নের প্রতি কুটিল কটাক্ষপাত করিয়া বাষ্পজলের সহিত অতিনিশ্বাসত্যাগপূর্ব্বক 'ধিক্ ধিক্' এই কথা বলিলেন ॥১০২॥

(১০২)···সবাষ্পমভিনিশ্বস্য···পি বঙ্গ বর্দ্ধ।

নেহাস্তি পুরুষঃ কশ্চিদ্য ইমং পাপপূরুষম্।
ভাষমাণমকল্যাণং শীঘ্রং হন্যান্নরাধমম্ ॥১০৪॥
এতে ত্বাং পাণ্ডবাঃ সর্ব্বে কুৎসয়ন্তি বিকুৎসয়া।
কর্ম্মণানেন পাপেন শ্বপাকং ব্রাহ্মণা ইব ॥১০৫॥
এতৎ কৃত্বা মহৎ পাপং নিন্দিতং সর্বসাধুভিঃ।
ন লজ্জসে কথং বক্তুং সমিতিং প্রাপ্য শোভনাম্ ॥১০৬॥
কথঞ্চ শতধা জিহ্বা ন তে মূর্দ্ধা চ দীর্য্যতে।
গুরুমাক্রোশতঃ ক্ষুদ্র! ন চাধর্ম্মেণ পাত্যসে ॥১০৭॥

ভারতকৌমুদী

সুবীত। যমৌ নকুলসহদেবৌ। স্বব্রীড়িতা অতীবলজ্জিতাঃ, গুরুনিন্দাশ্রবণাদিত্যভি-প্রায়ঃ ॥১০৩॥

নেতি। পুরুষ ঈদৃশ ইত্যর্থঃ। অকল্যাণং গুরুনিন্দাবিষয়ত্বাদমঙ্গলকরং বাক্যম্ ॥১০৪॥

এত ইতি। বিকুৎসয়া বিশেষকুৎসাবিষয়য়া বাচা। শ্বপাকমন্ত্যজমাত্রম্ ॥১০৫॥

এতদিতি। মহৎ পাপম, "ব্রহ্মহত্যা সুরাপানম্" ইত্যাদিমনুবচনাদিত্যাশয়ঃ ॥১০৬॥

কথমিতি। আক্রোশতো মৃতং প্রত্যপি গালিদানং কুর্বতঃ। নেতি কাকুঃ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

বিকম্পমানাবম্, তেষাং পূর্বেষাং ধর্ম্মবিদাং বিষোপমং প্রোক্তং জানন্নিত্যন্বয়ঃ ।৮৪—৯০॥ পাপে প্রতিকূলে ॥৯১॥ স্বগাত্রং নিজদেহঃ, তেন কৃতং সোপানং যেন তম্ ॥৯২—১০২॥ ধিগিতি

রাজা! আর যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, কৃষ্ণ ও অন্য সকলে অত্যন্ত লজ্জিত হইলেন; কিন্তু সাত্যকি এই কথা বলিলেন—॥১০৩॥

'এখানে কি এমন কোন মানুষ নাই, যিনি এই অমঙ্গলভাষী পাপাত্মা নরাধমকে শীঘ্রই বধ করিয়া ফেলেন ॥১০৪॥

নরাধম! ব্রাহ্মণেরা যেমন অন্ত্যজজাতির নিন্দা করেন, সেইরূপ তোর এই পাপকার্য্যে এই পাণ্ডবেরা সকলেই বিশেষ নিন্দাবাক্যে তোর নিন্দা করিতেছেন ॥১০৫॥

তুই সর্ব্বসজ্জননিন্দিত এই মহাপাপ করিয়া মনোহর সভায় উপস্থিত হইয়া কথা বলিতে লজ্জাবোধ করিতেছিস্ না কেন ॥১০৬॥

ছোট লোক! তুই মৃত গুরুদেবকেও গালি দিতেছিস্; সুতরাং তোর জিহ্বা ও মস্তক শতভাগে বিদীর্ণ হইতেছে না কেন, তুই কি এই পাপের ফলে নরকে পতিত হইবি না? ॥১০৭॥

(১০৫)···কুৎসয়ন্তি বিবিৎসয়া···নি।···কর্ম্মণা তেন পাপেন···বা নি। (১০৬)···নিন্দিতঃ *সর্ব্বসাধুভিঃ···বা নি।

বাচ্যস্ত্বমসি পার্থৈশ্চ সর্ব্বৈশ্চান্ধকবৃষ্ণিভিঃ।
যৎ কর্ম্ম কলুষং কৃত্বা শ্লাঘসে জনসংসদি ॥১০৮॥
অকার্য্যং তাদৃশং কৃত্বা পুনরেব গুরুং ক্ষিপন্।
বধ্যস্ত্বং ন ত্বয়ার্থোঽস্তি মুহূর্ত্তমপি জীবতা ॥১০৯॥
কস্ত্বেতদ্ব্যবসেদার্য্যস্ত্বদন্যঃ পুরুষাধম !।
নিগৃহ্য কেশেষু বধং গুরোর্ধর্ম্মাত্মনঃ সতঃ ॥১১০॥
সপ্তাবরে তথা পূর্ব্বে বান্ধবাস্তে নিমজ্জিতাঃ।
যশসা চ পরিত্যক্তাস্ত্বাং প্রাপ্য কুলপাংসন ! ॥১১১॥
উক্তবাংশ্চাপি যৎ পার্থং ভীষ্মং প্রতি নরর্ষভম্।
তথান্তো বিহিতস্তেন স্বয়মেব মহাত্মনা ॥১১২॥

ভারতকৌমুদী

বাচ্য ইতি। বাচ্যো নিন্দনীয়ঃ। কলুষং মহাপাপকরম্ ॥১০৮॥
অকার্য্যমিতি। ক্ষিপন্ নিন্দন্। অর্থঃ কিমপি প্রয়োজনম্ ॥১০৯॥
ক ইতি। ব্যবসেৎ ব্যবস্যেৎ অনুতিষ্ঠেৎ, আর্য্যঃ সজ্জনঃ। নিগৃহ্য ধৃত্বা ॥১১০॥
সপ্তেতি। অবরে পরবর্ত্তিনঃ। বান্ধবাঃ স্ববংশ্যাঃ, নিমজ্জিতা ঘোরনরকে ॥১১১॥
উক্তবানিতি। পার্থমর্জ্জুনম্। অন্তো মৃত্যুঃ, বিহিত উপদিষ্টঃ, তেন ভীষ্মেণ ॥১১২॥

তুই যে মহাপাপের কার্য্য করিয়া লোকসভায় আত্মশ্লাঘা করিতেছিস, তাহাতে পাণ্ডব এবং অন্ধক ও বৃষ্ণিবংশীয়প্রভৃতি সকলের নিকটেই নিন্দনীয় হইয়াছিস্ ॥১০৮॥

তুই সেইরূপ অকার্য্য করিয়া আবারও গুরুনিন্দাই করিতেছিস্; সুতরাং তুই বধ্যই হইয়াছিস্; মুহূর্ত্ত কালও তোর জীবন ধারণ করার প্রয়োজন নাই ॥১০৯॥

নরাধম! তুই ভিন্ন অন্য কোন্ সজ্জন এই কার্য্য করে? তুই ধর্ম্মাত্মা ও সৎপ্রকৃতি গুরুদেবের কেশাকর্ষণ করিয়া বধ করিয়াছিস্! ॥১১০॥

কুলদূষক! তোর পূর্ব্ববর্ত্তী সাত ও পরবর্ত্তী সাত পুরুষকে তুই নরকে নিমগ্ন করিয়াছিস্ এবং তাঁহারা তোকে পাইয়া যশোভ্রষ্ট হইয়াছেন ॥১১১॥

তা'র পর তুই নরশ্রেষ্ঠ ভীষ্মবধের বিষয়ে অর্জ্জুনকে যাহা বলিয়াছিস্, তাহাতে বলিতেছি—সেই মহাত্মা নিজেই সেইভাবে নিজের মৃত্যুর উপদেশ দিয়াছিলেন ॥১১২॥

(১১০) কস্ত্বেতদ্ব্যবসেৎ পাপম্...নি। (১১১)...কুলপাংসনম্—বঙ্গ বর্দ্ধ নি।

তস্যাপি তব সোদর্য্যো নিহন্তা পাপকৃত্তমঃ।
নান্যঃ পাঞ্চালপুত্রেভ্যো বিদ্যতে ভুবি পাপকৃৎ ॥১১৩॥
স চাপি সৃষ্টঃ পিত্রা তে ভীষ্মস্যান্তকরঃ কিল।
শিখণ্ডী রক্ষিতস্তেন স চ মৃত্যুর্মহাত্মনঃ ॥১১৪॥
পাঞ্চালাশ্চলিতা ধর্ম্মাৎ ক্ষুদ্রা মিত্রগুরুদ্রুহঃ।
ত্বাং প্রাপ্য সহসোদর্য্যং ধিক্কৃতং সর্ব্বসাধুভিঃ ॥১১৫॥
পুনশ্চেদীদৃশীং বাচং মৎসমীপে বদিষ্যসি।
শিরস্তে পোথয়িষ্যামি গদয়া বজ্রকল্পয়া ॥১১৬॥
ত্বাঞ্চ ব্রহ্মহণং দৃষ্ট্বা জনঃ সূর্য্যমবেক্ষতে।
ব্রহ্মহত্যা হি তে পাপং প্রায়শ্চিত্তার্থমাত্মনঃ ॥১১৭॥
পাঞ্চালক ! সুদুর্ব্বৃত্ত ! মমৈব গুরুমগ্রতঃ।
গুরোর্গুরুঞ্চ ভূয়োঽপি ক্ষিপন্ নৈব হি লজ্জসে ॥১১৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। সোদর্য্যো ভ্রাতা শিখণ্ডী। পাঞ্চালস্য দ্রুপদস্য পুত্রেভ্যঃ ॥১১৩॥
স ইতি। স শিখণ্ডী। রক্ষিতো হন্তুং শক্যোঽপি ন হতঃ, তেন ভীষ্মেণ ॥১১৪॥
পাঞ্চালা ইতি। চলিতা ভ্রষ্টাঃ। প্রাপ্য বিষয়ীকৃত্য ॥১১৫॥
পুনরিতি। পোথয়িষ্যামি চূর্ণয়িষ্যামি, বজ্রকল্পয়া দৃঢ়য়া ॥১১৬॥
ত্বামিতি। ব্রহ্মহণং ব্রাহ্মণঘাতিনম্। প্রায়শ্চিত্তার্থমবেক্ষত ইতি সম্বন্ধঃ ॥১১৭॥

অধিক বলিব কি—মহাপাপকারী তোর ভ্রাতাই তাঁহারও নিহন্তা। সুতরাং দ্রুপদের পুত্র ভিন্ন অপর কেহই পৃথিবীতে এরূপ পাপকারী নাই ॥১১৩॥

তাহাকেও তোর পিতাই ভীষ্মের মৃত্যুজনক করিয়া সৃষ্টি করিয়াছিল এবং ভীষ্মও শিখণ্ডীকে রক্ষা করিতেন। তাহাতেই সে, মহাত্মা ভীষ্মের মৃত্যুর কারণ হইতে পারিয়াছে ॥১১৪॥

নীচাশয় পাঞ্চালেরা ধর্ম্মভ্রষ্ট এবং মিত্র ও গুরুদ্রোহী। সুতরাং সাধুরা সকলেই ভ্রাতার সহিত তোকে পাইয়া ধিক্কার দিয়াছেন ॥১১৫॥

সে যাহা হউক, তুই যদি আমার নিকট পুনরায় এইরূপ বাক্য বলিস্, তাহা হইলে এই বজ্রতুল্য গদাদ্বারা তোর মস্তক চূর্ণ করিব ॥১১৬॥

পাপাত্মা ! তোর ব্রহ্মহত্যার পাপ হইয়াছে। সুতরাং মানুষ ব্রাহ্মণঘাতী তোকে দেখিয়া নিজের প্রায়শ্চিত্তের জন্য সূর্য্য দর্শন করিয়া থাকে ॥১১৭॥

(১১৪)… রক্ষিতোঽনেনে…পি বঙ্গ বর্দ্ধ। (১১৭)… তে পাপ।… বর্দ্ধ।

তিষ্ঠ তিষ্ঠ সহস্বৈকং গদাপাতমিমং মম।
তব চাপি সহিষ্যেঽহং গদাপাতাননেকশঃ ॥১১৯॥
সাত্বতেনৈবমাক্ষিপ্তঃ পার্ষতঃ পরুষাক্ষরম্।
সংরব্ধং সাত্যকিং প্রাহ সংক্রুদ্ধঃ প্রহসন্নিব ॥১২০॥

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

শ্রূয়তে শ্রূয়তে চেতি ক্ষম্যতে চেতি মাধব!।
সদাঽনার্য্যোঽশুভঃ সাধুং পুরুষং ক্ষেপ্তুমিচ্ছতি ॥১২১॥
ক্ষমা প্রশস্যতে লোকে ন তু পাপোঽর্হতি ক্ষমাম্।
ক্ষমাবন্তং হি পাপাত্মা জিতোঽয়মিতি মন্যতে ॥১২২॥
স ত্বং ক্ষুদ্রসমাচারো নীচাত্মা পাপনিশ্চয়ঃ।
আকেশাগ্রান্নখাগ্রাচ্চ বক্তব্যো বক্তুমিচ্ছসি ॥১২৩॥

ভারতকৌমুদী

পাঞ্চালকেতি। কুৎসায়াং কপ্রত্যয়ঃ। গুরুমর্জ্জুনম্, অগ্রতঃ স্থিতম্। ক্ষিপন্ নিন্দন ॥১১৮॥
তিষ্ঠেতি। এতেন ধৃষ্টদ্যুম্নাপেক্ষয়াত্মনঃ শিরোদার্ঢ্যং সূচিতম্ ॥১১৯॥
সাত্বতেনেতি। সাত্বতেন সাত্যকিনা, আক্ষিপ্তো ভর্ৎসিতঃ। সংরব্ধং ক্রুদ্ধম্ ॥১২০॥
শ্রূয়ত ইতি। অনার্য্যঃ অসজ্জনঃ, অশুভঃ অশুভভাষী। ক্ষেপ্তুং নিন্দিতুম্ ॥১২১॥
ক্ষমেতি। পাপঃ পুরুষঃ ক্ষমাং নার্হতি। অতস্ত্বমপি নার্হসীতি ভাবঃ ॥১২২॥
স ইতি। পাপনিশ্চয়ো যথার্থপাপী। বক্তব্যো নিন্দনীয়ঃ, বক্তুং পরং নিন্দিতুম্ ॥১২৩॥

অতিদুর্ব্বৃত্ত নিকৃষ্ট পাঞ্চাল! তুই আমারই সম্মুখস্থিত গুরুদেবকে এবং তাঁহার গুরুকে গুরুতর নিন্দা করিতে থাকিয়াও লজ্জিত হইতেছিস্ না ॥১১৮॥

থাক্ থাক্, তুই আমার এই একটা গদাঘাত সহ্য কর্ দেখি, আমি তোর অনেক গদাঘাতও সহ্য করিব' ॥১১৯॥

সাত্যকি এইরূপ নিষ্ঠুর ভাষায় ভর্ৎসনা করিলে, ধৃষ্টদ্যুম্ন অত্যন্তক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন ক্রুদ্ধ সাত্যকিকে বলিতে লাগিলেন ॥১২০॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'মধুবংশীয়! শুনিয়াছি শুনিয়াছি, ক্ষমাও করিয়াছি। অমঙ্গলভাষী অসজ্জন সর্ব্বদাই সজ্জনের নিন্দা করিবার ইচ্ছা করে ॥১২১॥

লোকসমাজে ক্ষমা প্রশংসনীয় বটে, কিন্তু পাপাত্মা ক্ষমা পাইবার যোগ্য নহে। কারণ, পাপাত্মা ক্ষমাকারী লোককে 'ইহাকে জয় করিয়াছি' বলিয়া মনে করে ॥১২২॥

---

(১২১)... রম্যতে চেতি মাধব!...পি।

যৎ স ভূরিশ্রবাশ্ছিন্নভুজঃ প্রায়গতস্ত্বয়া।
বার্য্যমাণেন নিহতস্ততঃ পাপতরং নু কিম্ ॥১২৪॥
ব্যূহমানো ময়া দ্রোণো দিব্যেনাস্ত্রেণ সংযুগে।
বিসৃষ্টশস্ত্রো নিহতঃ কিং তত্র ক্রূর! দুষ্কৃতম্ ॥১২৫॥
অযুধ্যমানং যস্ত্বাজৌ তথা প্রায়গতং মুনিম্।
ছিন্নবাহুং পরৈর্হন্যাৎ সাত্যকে! স কথং বদেৎ ॥১২৬॥
নিহত্য ত্বাং পদা ভূমৌ স বিকর্ষতি বীর্য্যবান্।
কিং তদা ন নিহংস্ত্যেনং ভূত্বা পুরুষসত্তমঃ ॥১২৭॥

ভারতকৌমুদী

যদিতি। ছিন্নভুজঃ অর্জ্জুনেন, প্রায়গতঃ সঙ্কল্পিতমৃত্যুপর্য্যন্তৈকাসনস্থিতিঃ ॥১২৪॥
ব্যূহেতি। ব্যূহমানঃ কথমেনং নিহন্মীতি তর্কয়ন্। দুষ্কৃতং দূষিতং কার্য্যং কৃতম্ ॥১২৫॥
অযুধ্যেতি। প্রায়গতং প্রায়োপবিষ্টম্। পরৈরর্জ্জুনৈঃ। বদেৎ পরং নিন্দেৎ ॥১২৬॥
নিহত্যেতি। নিহত্য আহত্য। স ভূরিশ্রবাঃ, বিকর্ষতি আকর্ষতি স্ম ॥১২৭॥

সাত্যকি! তোর ব্যবহার ছোটলোকের মত এবং তোর আত্মাও নীচ, আর তুই যথার্থপাপী। সুতরাং তোর কেশাগ্র হইতে চরণের নখাগ্রপর্য্যন্ত নিন্দনীয়; তথাপি তুই অন্যকে নিন্দা করিতে ইচ্ছা করিস্! ॥১২৩॥

ওরে! অর্জ্জুন ভূরিশ্রবার বাহুচ্ছেদন করিয়াছিলেন, পরে তিনি প্রায়োপবেশন করিয়াছিলেন; তখন সকলে সকল দিক্ হইতে তোকেও বারণ করিতেছিল, সেই অবস্থায় তুই যাইয়া যে ভূরিশ্রবাকে বধ করিয়াছিস্, তদপেক্ষা অধিক পাপ কি আছে রে? ॥১২৪॥

নৃশংস! দ্রোণ অস্ত্র ত্যাগ করিয়াও ভাবিতেছিল যে, 'কি ভাবে উহাকে বধ করিব'। সেই অবস্থায় আমি যুদ্ধে দিব্য অস্ত্রদ্বারা তাহাকে বধ করিয়াছি; তাহাতে কি অন্যায় কার্য্য হইয়াছে? ॥১২৫॥

সাত্যকি! ভূরিশ্রবা যুদ্ধ করিতেছিল না, মৌনী হইয়া প্রায়োপবেশন করিয়াছিল এবং অন্য লোক তাহার বাহু ছেদন করিয়াছিল; সেই অবস্থায় যে ব্যক্তি তাহাকে বধ করিতে পারে, সে ব্যক্তি কি করিয়া অন্যকে নিন্দা করে? ॥১২৬॥

বলবান্ ভূরিশ্রবা যখন তোকে পদাঘাত করিয়া ভূতলে আকর্ষণ করিতেছিল, তখন তুই পুরুষোত্তম হইয়া কেন তাঁহাকে বধ করিস্ নাই ॥১২৭॥

• (১২৪) যঃ সঃ…বার্য্যমাণেন হি হতঃ · বা নি। (১২৫) প্রেষমাণো ময়া দ্রোণঃ…নি।

ত্বয়া পুনরনার্য্যেণ পূর্ব্বং পার্থেন নির্জিতঃ।
যদা তদা হতঃ শূরঃ সৌমদত্তিঃ প্রতাপবান্ ॥১২৮॥
যত্র যত্র তু পাণ্ডূনাং দ্রোণো দ্রাবয়তে চমূম্।
কিরন্ শরসহস্রাণি তত্র তত্র প্রয়াম্যহম্ ॥১২৯॥
স ত্বমেবংবিধং কৃত্বা কর্ম্ম চাণ্ডালবৎ স্বয়ম্।
বক্তুমিচ্ছসি বক্তব্যঃ কস্মান্মাং পরুষাণ্যথ ॥১৩০॥
কর্ত্তা ত্বং কর্ম্মণো হ্যস্য নাহং বৃষ্ণিকুলাধম!।
পাপানাঞ্চ ত্বমাবাসঃ কর্ম্মণাং মা পুনর্বদীঃ ॥১৩১॥
জোষমাস্ব ন মাং ভূয়ো বক্তুমর্হস্যতঃ পরম্।
অধরোত্তরমেতদ্ধি যন্মাং ত্বং বক্তুমিচ্ছসি ॥১৩২॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। অনার্য্যেণ অসজ্জনেন, পার্থেনার্জ্জুনেন। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ ॥১২৮॥
আত্মনস্তু কর্ত্তব্যং দর্শয়তি যত্রেতি। দ্রাবয়তে পীড়য়তি। কিরন্ ক্ষিপন্ ॥১২৯॥
স ইতি। বক্তুং কথয়িতুম্, বক্তব্যো নিন্দনীয়ঃ ॥১৩০॥
কর্ত্তেতি। অস্য অন্যায্যস্য। আবাস আধারঃ। মা বদীন নিন্দ ॥১৩১॥

ভারতভাবদীপঃ

খেদোক্তিঃ ॥১০২—১০৬॥ পাত্যসে অপোনীয়সে ॥১০৭—১২০॥ অশুভোহবাঞ্ছিন. ॥১২১—১২৪॥ বৃংহমানো ব্যাগচ্ছমানঃ ॥১২৫—১২৬॥ নিহত্য নিপাত্য ॥১২৭—১৩১॥

তুই দুর্জ্জন কি না; তাই পূর্ব্বে অর্জ্জুন যখন বীর ও প্রতাপশালী ভূরিশ্রবাকে পরাভূত করিয়াছিলেন, তখন তুই তাঁহাকে বধ করিয়াছিস্ ॥১২৮॥

আর, দ্রোণ যেখানে যেখানে পাণ্ডবসৈন্য পীড়ন করিত, আমি সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতে করিতে সেইখানে সেইখানে গমন করিতাম ॥১২৯॥

সেই তুই নিজে চণ্ডালের ন্যায় এইরূপ কার্য্য করিয়া সকলের নিন্দনীয় হইয়া আমাকে নিষ্ঠুর বাক্য বলিতে ইচ্ছা করিস্ কেন? ॥১৩০॥

বৃষ্ণিকুলাধম! তুইই এইরূপ কার্য্য করিয়াছিস্, আমি নহি এবং তুইই সমস্ত পাপকার্য্যের আবাসস্থান। সুতরাং আমাকে পুনরায় নিন্দা করিস্ না ॥১৩১॥

(১৩০)…বক্তুমর্হসি বক্তব্যঃ কস্মাত্ত্বম্…বা নি। (১৩১)…কর্ম্মণোঽগ্রস্য ·পি বদ্ধ,… পুনর্বদ—বা নি। (১৩২)…যন্মাং ত্বং বক্তুমর্হসি…বা নি।

অথ বক্ষ্যসি মাং মৌর্খ্যাদ্ভূয়ঃ পরুষমীদৃশম্।
গময়িষ্যামি বাণৈস্ত্বাং যুধি বৈবস্বতক্ষয়ম্ ॥১৩৩॥
ন চৈব মূর্খ! ধর্ম্মেণ কেবলেনৈব শক্যতে।
তেষামপি হ্যধর্ম্মেণ চেষ্টিতং শৃণু যাদৃশম্ ॥১৩৪॥
বঞ্চিতঃ পাণ্ডবঃ পূর্ব্বমধর্ম্মেণ যুধিষ্ঠিরঃ।
দ্রৌপদী চ পরিক্লিষ্টা তথাধর্ম্মেণ সাত্যকে! ॥১৩৫॥
প্রব্রাজিতা বনং সর্ব্বে পাণ্ডবাঃ সহ কৃষ্ণয়া।
সর্ব্বস্বমপকৃষ্টঞ্চ তথাঽধর্ম্মেণ বালিশ! ॥১৩৬॥
অধর্ম্মেণাপকৃষ্টশ্চ মদ্ররাজঃ পরৈরিতঃ।
অধর্ম্মেণ তথা বালঃ সৌভদ্রো বিনিপাতিতঃ ॥১৩৭॥

ভারতকৌমুদী

তোষমিতি। তোষং নীরবঃ, আস্ব তিষ্ঠ। অধরোত্তরং নিকৃষ্টোত্তরম্ ॥১৩২॥
অথেতি। পরুষং নিষ্ঠুরম্। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥১৩৩॥
নেতি। ন শক্যতে কার্য্যং সাধয়িতুমিতি শেষঃ। তেষাং কৌরবাণাম্ ॥১৩৪॥
বঞ্চিত ইতি। পূর্ব্বং দ্যূতক্রীড়য়া। পরিক্লিষ্টা সভায়ামানয়নাদিনা ॥১৩৫॥
প্রেতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। অপকৃষ্টম্ অপহৃতম্। হে বালিশ! মূর্খ! ॥১৩৬॥
অধর্ম্মেণেতি। মদ্ররাজস্য নকুলসহদেবয়োর্মাতুলত্বাদিত্যাশয়ঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ ॥১৩৭॥

সাত্যকি! তুই চুপ করিয়া থাক্, ইহার পর আর আমাকে কিছু বলিতে পারিস না। কারণ, তুই আমাকে যাহা বলিতে ইচ্ছা করিস্, তাহা জঘন্য উত্তর ॥১৩২॥

পক্ষান্তরে মূর্খতাবশতঃ তুই যদি আবারও আমাকে এইরূপ নিষ্ঠুর বাক্য বলিস্, তাহা হইলে এই রণস্থলেই বাণদ্বারা তোকে আমি যমালয়ে পাঠাইব ॥১৩৩॥

মূর্খ! কেবলধর্ম্মদ্বারা কার্য্য সাধন করিতে পারা যায় না। তাহাদেরও যেরূপ অধর্ম্মকার্য্য হইয়াছে, তাহা শোন্—॥১৩৪॥

সাত্যকি! কৌরবেরা প্রথমেই দ্যূতক্রীড়ায় অধর্ম্ম করিয়া পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে বঞ্চনা করিয়াছে, পরে অধর্ম্ম করিয়াই সর্ব্বপ্রকারে দ্রৌপদীকে কষ্ট দিয়াছে ॥১৩৫॥

মূর্খ! কৌরবেরা অধর্ম্ম অনুসারেই দ্রৌপদীর সহিত সমস্ত পাণ্ডবকে বনে পাঠাইয়াছে এবং অধর্ম্ম অনুসারেই পাণ্ডবদের সর্ব্বস্ব অপহরণ করিয়াছে ॥১৩৬॥

ইতোঽপ্যধর্ম্মেণ হতো ভীষ্মঃ পরপুরঞ্জয়ঃ।
ভূরিশ্রবা হ্যধর্ম্মেণ ত্বয়া ধর্ম্মবিদা হতঃ ॥১৩৮॥
এবং পরৈরাচরিতং পাণ্ডবেয়ৈশ্চ সংযুগে।
রক্ষমাণৈর্জয়ং বীরৈর্ধর্ম্মজ্ঞৈরপি সাত্বত! ॥১৩৯॥
দুর্জ্ঞেয়ঃ পরমো ধর্ম্মস্তথাঽধর্ম্মশ্চ দুর্বিদঃ।
যুধ্যস্ব কৌরবৈঃ সার্দ্ধং মা গাঃ পিতৃনিবেশনম্ ॥১৪০॥

সঞ্জয় উবাচ।

এবমাদীনি বাক্যানি ক্রূরাণি পরুষাণি চ।
শ্রাবিতঃ সাত্যকিঃ শ্রীমানাকম্পিত ইবাভবৎ ॥১৪১॥

ভারতকৌমুদী

ইত ইতি। শিখণ্ডিনঃ পুরঃস্থাপনেন হতত্বাদিতি ভাবঃ। ধর্ম্মবিদেতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥১৩৮॥
এবমিতি। পরৈঃ কৌরবৈঃ। জয়ং রক্ষমাণৈরক্ষুণ্ণং কুর্ব্বাণৈঃ ॥১৩৯॥
দুর্জ্ঞেয় ইতি। দুর্বিদো দুর্বেদঃ। পিতৃনিবেশনং পিতৃলোকম্ ॥১৪০॥
এবমিতি। ক্রূরাণি কঠিনানি। শ্রীমান্ বীরশোভাবান্, আকম্পিতঃ ক্রোধেন ॥১৪১॥

ভারতভাবদীপঃ

অধরোত্তরং বিপরীতম্ ॥১৩২—১৩৩॥ শকাতে জেতুমিতি শেষঃ ॥১৩৪—১৩৭॥ ইতঃ পাণ্ডবপক্ষাৎ, হতঃ পাণ্ডবৈঃ পরমন্ত্রদপরমবিকম্ ॥১৩৮—১৬৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৭॥

বিপক্ষেরা অধর্ম্ম অনুসারেই মদ্ররাজ শল্যকে এ পক্ষ হইতে তাহাদের পক্ষে নিয়াছে এবং অধর্ম্ম করিয়াই বালক অভিমন্যুকে বধ করিয়াছে ॥১৩৭॥

ইহা অপেক্ষাও অধিক অধর্ম্ম করিয়া বিপক্ষনগরবিজয়ী ভীষ্মকে বধ করা হইয়াছে এবং তুইও ধর্ম্মজ্ঞ কি না, তাই অধর্ম্ম অনুসারেই ভূরিশ্রবাকে বধ করিয়াছিস্ ॥১৩৮॥

সাত্যকি! কৌরবগণ ও পাণ্ডবগণ বীর এবং ধর্ম্মজ্ঞ হইয়াও জয় করিবার জন্য এইরূপ আচরণ করিয়াছেন ॥১৩৯॥

অতএব পরমধর্ম্মও দুর্জ্ঞেয় এবং অধর্ম্মও দুর্ব্বোধ্য। সুতরাং কৌরবদের সহিত যুদ্ধ কর্, পিতৃলোকে যাস্ না' ॥১৪০॥

সঞ্জয় বলিলেন—'ধৃষ্টদ্যুম্ন এই প্রকার আরও অনেক কঠোর ও নিষ্ঠুর বাক্য শুনাইলে, বীরশোভায় শোভিত সাত্যকি ক্রোধে যেন কাঁপিতে লাগিলেন ॥১৪১॥

(১৪০) দুর্জ্ঞেয়ঃ স পরো ধর্ম্মঃ...বা নি।

তচ্ছ্রুত্বা ক্রোধতাম্রাক্ষঃ সাত্যকিস্ত্বাদদে গদাম্।
বিনিশ্বস্য যথা সর্পঃ প্রণিধায় রথে ধনুঃ ॥১৪২॥
ততোঽভিপত্য পাঞ্চাল্যং সংরম্ভেণেদমব্রবীৎ।
ন ত্বাং বক্ষ্যামি পরুষং হনিষ্যে ত্বাং বধক্ষমম্ ॥১৪৩॥
তমাপতন্তং সহসা মহাবলমমর্ষিণম্।
পাঞ্চাল্যায়াভিসংক্রুদ্ধমন্তকায়ান্তকোপমম্ ॥১৪৪॥
চোদিতো বাসুদেবেন ভীমসেনো মহাবলঃ।
অবপ্লুত্য রথাত্তূর্ণং বাহুভ্যাং সমবারয়ৎ ॥১৪৫॥ (যুগ্মকম্)
দ্রবমাণস্তথা ক্রুদ্ধঃ সাত্যকিঃ পাণ্ডবং বলী।
প্রস্কন্দমানমাদায় জগাম বলিনং বলাৎ ॥১৪৬॥
স্থিত্বা বিষ্টভ্য চরণৌ ভীমেন শিনিপুঙ্গবঃ।
নিগৃহীতঃ পদে ষষ্ঠে বলেন বলিনাং বরঃ ॥১৪৭॥

ভারতকৌমুদী

তদিতি। প্রণিধায় সংস্থাপ্য ॥১৪২॥
তত ইতি। অভিপত্য বথাৎ, পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম, সংরম্ভেণ ক্রোধেন ॥১৪৩॥
তমিতি। অমর্ষিণমসহিষ্ণুম্। অন্তকায় যমরূপায়। চোদিতঃ প্রণোদিতঃ ॥১৪৪—১৪৫॥
দ্রবেতি। দ্রবমাণো দ্রুতং গচ্ছন্। পাণ্ডবং ভীমম্। প্রস্কন্দমানং নিরুন্ধানম্ ॥১৪৬॥
স্থিত্বেতি। বিষ্টভ্য চরণেনৈবাশ্রিত্য। শিনিপুঙ্গবঃ সাত্যকিঃ। নিগৃহীতো নিরুদ্ধঃ ॥১৪৭॥

সাত্যকি সেই সকল কথা শুনিয়া, ক্রোধে আরক্তনয়ন হইয়া, সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিয়া, রথে ধনু রাখিয়া গদা ধারণ করিলেন ॥১৪২॥

তাহার পর তিনি রথ হইতে লাফাইয়া পড়িয়া ক্রোধে ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—'আমি আর তোকে নিষ্ঠুর কথা বলিব না, বধযোগ্য তোকে বধই করিব' ॥১৪৩॥

মহাবল, অসহিষ্ণু, অত্যন্তক্রুদ্ধ ও যমের তুল্য সাত্যকি বেগে যমস্বরূপ ধৃষ্টদ্যুম্নের দিকে আসিতে লাগিলে, কৃষ্ণের সঙ্কেত অনুসারে মহাবল ভীমসেন বেগে রথ হইতে অবতীর্ণ হইয়া যাইয়া বাহুযুগলদ্বারা সাত্যকিকে বারণ করিলেন ॥১৪৪—১৪৫॥

বলবান্ ভীমসেন নিরুদ্ধ করিলেও, দ্রুতগামী ও ক্রুদ্ধ বলবান্ সাত্যকি বলপূর্ব্বক তাহাকে লইয়া কিছু দূর গমন করিলেন ॥১৪৬॥

(১৪৬) দ্রবমাণং তথা ক্রুদ্ধং সাত্যকিং পাণ্ডবো বলী। প্রস্পন্দমানমাদায় · বা নি।

অবরুহ্য রথাত্তূর্ণং ধ্রিয়মাণং বলীয়সা।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা সহদেবো বিশাংপতে! ॥১৪৮॥
অস্মাকং পুরুষব্যাঘ্র! মিত্রমন্যন্ন বিদ্যতে।
নাশক, প্রজাপতি, অনাকুল, ভূতপতি, অবিনাশী, জটাজূটধারী, বৃষবাহন, ধর্ম্মপরায়ণ, বৃষধ্বজ, বৃষের তুল্যদর্পশালী, ধর্ম্মপালক, বৃষশৃঙ্গহস্ত, ধার্ম্মিকশ্রেষ্ঠ, বৃষাঙ্ক, বৃষের তুল্য মহান্, বৃষভস্বরূপ, বৃষভনয়ন, শ্রেষ্ঠশস্ত্রধারী, শ্রেষ্ঠশরযুক্ত, সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ, মহেশ্বর, মহোদর, মহাদেহ, ব্যাঘ্রচর্ম্মপরিধায়ী, জগদীশ্বর, বরদাতা, মুণ্ডমালাধারী, বেদের হিতৈষী, ব্রাহ্মণপ্রিয়, ত্রিশূলহস্ত, বরদাতা, খড়্গ ও চর্ম্মধারী, প্রভাবশালী, পিনাকী, খণ্ডপরশু, জগৎপতি ও ঈশ্বরের শরণাপন্ন হও। আমিও সেই শরণাগতরক্ষক ও কৌপীনধারী মহাদেবের শরণাপন্ন হইতেছি ॥৩২—৩৭॥

(৩৬) লোকেশং বরদং পুণ্যম্···নি। (৩৭) পিনাকিনং খড়্গধরম্···বা নি।

নমস্তস্মৈ সুরেশায় যস্য বৈশ্রবণঃ সখা।
সুবাসসে নমো নিত্যং সুব্রতায় সুধন্বিনে ॥৩৮॥
ধনুর্দ্ধরায় দেবায় প্রিয়ধন্বায় ধন্বিনে।
ধন্বন্তরায় ধনুষে ধন্বাচার্য্যায় তে নমঃ ॥৩৯॥
উগ্রায়ুধায় দেবায় নমঃ সুরবরায় চ।
নমোঽস্তু বহুরূপায় নমোঽস্তু বহুধন্বিনে ॥৪০॥
নমোঽস্তু স্থাণবে নিত্যং নমস্তস্মৈ সুধন্বিনে।
নমোঽস্তু ত্রিপুরঘ্নায় ভগঘ্নায় চ বৈ নমঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ইদানীং সপ্তভির্মুক্তকেন চতুর্থং স্তোত্রমাহ নম ইতি। বৈশ্রবণঃ কুবেরঃ ॥৩৮॥

ধনুরিতি। প্রিয়ং ধনুর্যস্য তস্মৈ। ধনুঃ কার্ম্মুকমন্তরে চিত্তে যস্য তস্মৈ। উকারান্তো ধনুশব্দঃ পুংসি ধনুষি। ধনুষে সংহারকর্ত্রা ধনুঃস্বরূপায়, পরশুরামাদীনাং ধন্বাচার্য্যায় ধনুঃশিক্ষকায় ॥৩৯॥

উগ্রেতি। উগ্রায়ুধায় ভীষণাস্ত্রায়। বহূনি ধনূংষি অস্য সন্তীতি তস্মৈ ॥৪০॥

নম ইতি। স্থাণবে চিরস্থিরায়। ভগং নাম দেববিশেষং দক্ষযজ্ঞে হন্তীতি তস্মৈ ॥৪১॥

ভারতভাবদীপঃ

॥৩৫—৩৭॥ সুধন্বিনে শোভনা ধন্বিনো ধনুর্দ্ধরাঃ পার্ষদা অস্য সন্তি তস্মৈ ॥৩৮॥ স্বয়মপি ধনুর্দ্ধরায় অতএব প্রিয়ধন্বায় ধনুঃপ্রিয়ায়, ধন্ব ধনুঃ প্রেরকত্বেনাস্যাস্তীতি তস্মৈ বাণায়। ধন্বন্তরায় ধনুষি অন্তরে মনোঽস্তীতি ধন্বন্তরঃ মৌর্ব্বী তদ্রূপায় সন্ধিরামঃ। ধনুষে ধনুঃস্বরূপায়

কুবের যাঁহার সখা, সেই দেবেশ্বরকে নমস্কার এবং সুবসন, সুব্রত ও সুন্দরকার্ম্মুককে নমস্কার ॥৩৮॥

মহাদেব! আপনি ধনুর্দ্ধর, ধনু আপনার প্রিয়, আপনার উত্তম ধনু রহিয়াছে, আপনি ধনুর চিন্তা করেন, আপনি ধনুস্বরূপ এবং আপনি ধনুর শিক্ষক; সুতরাং আপনাকে নমস্কার ॥৩৯॥

দেব! আপনার অস্ত্র সকল ভীষণ, আপনি দেবশ্রেষ্ঠ, আপনার বহু রূপ ও বহু ধনু আছে; আপনাকে নমস্কার ॥৪০॥

আপনি চিরস্থির, আপনাকে নমস্কার; আপনার সুন্দর ধনু আছে, আপনাকে নমস্কার; আপনি ত্রিপুরাসুরহন্তা, আপনাকে নমস্কার এবং আপনি ভগদেবতাকে বধ করিয়াছেন, আপনাকে নমস্কার ॥৪১॥

(৩৮)···সুরেশায় গণানাং পতয়ে নমঃ···নি। (৪১)···নিত্যং নমস্তস্মৈ তপস্বিনে···নি।

বনস্পতীনাং পতয়ে নরাণাং পতয়ে নমঃ ।
মাতৃণাং পতয়ে চৈব গণানাং পতয়ে নমঃ ॥৪২॥
গবাঞ্চ পতয়ে নিত্যং যজ্ঞানাং পতয়ে নমঃ ।
অপাঞ্চ পতয়ে নিত্যং দেবানাং পতয়ে নমঃ ॥৪৩॥
পূষ্ণো দন্তবিনাশায় ত্র্যক্ষায় বরদায় চ ।
নীলকণ্ঠায় পিঙ্গায় স্বর্ণকেশায় বৈ নমঃ ॥৪৪॥
কর্ম্মাণি যানি দিব্যানি মহাদেবস্য ধীমতঃ ।
তানি তে কীর্ত্তয়িষ্যামি যথাপ্রজ্ঞং যথাশ্রুতম্ ॥৪৫॥
ন সুরা নাসুরা লোকে ন গন্ধর্বা ন রাক্ষসাঃ ।
সুখমেধন্তি কুপিতে তস্মিন্নপি গুহাগতাঃ ॥৪৬॥
দক্ষস্য যজমানস্য বিধিবৎ সংভৃতং পুরা ।
বিব্যাধ কুপিতো যজ্ঞং নির্ভয়ঃ স ভবস্তদা ॥৪৭॥

ভারতকৌমুদী

বনেতি । মাতৃণাং শচ্যাদীনাম্ । গণানাং প্রমথসমূহানাম্ ।৪২॥

গবামিতি । গবাং পশূনাম্ । অপাং জলানাম্ ॥৪৩॥

পূষ্ণ ইতি । পূষ্ণঃ সূর্য্যস্য, দন্তবিনাশায় দক্ষযজ্ঞে, ত্র্যক্ষায় ত্রিলোচনায় । পিঙ্গায় পিঙ্গলবর্ণললাটনয়নায়, স্বর্ণকেশায় স্বর্ণতুল্যপিঙ্গলকেশায় । ইতি চতুর্থস্তোত্রম্ ॥৪৪॥

অস্য মাহাত্ম্যান্তরাণি বক্তু' প্রতিজানীতে কর্ম্মাণীতি । ধীমতো জ্ঞানিনঃ ॥৪৫॥

নেতি । এধন্তি এধন্তে বর্দ্ধন্তে । গুহাগতাঃ পর্বতকন্দরস্থিতা অপি ॥৪৬॥

বৃক্ষপতি ও নরপতিকে নমস্কার এবং মাতৃপতি ও প্রমথপতিকে নমস্কার ॥৪২॥

সর্ব্বদা পশুপতিকে নমস্কার, যজ্ঞপতিকে নমস্কার, জলপতিকে নমস্কার এবং দেবপতিকে নমস্কার ॥৪৩॥

দক্ষযজ্ঞে সূর্য্যের দন্তনাশকারী, ত্রিলোচন, বরদাতা, নীলকণ্ঠ, পিঙ্গলনয়ন ও পিঙ্গলকেশ মহাদেবকে নমস্কার ॥৪৪॥

অর্জ্জুন ! মহাজ্ঞানী মহাদেব যে সকল অলৌকিক কার্য্য করিয়াছিলেন, যথাজ্ঞান ও যথাশ্রুতভাবে সেগুলি তোমার নিকটে বলিব ॥৪৫॥

মহাদেব ক্রুদ্ধ হইলে জগতে দেবতা, অসুর, গন্ধর্ব্ব এবং রাক্ষসেরা পর্ব্বতের গুহার ভিতরে প্রবেশ করিয়াও সুখে থাকিতে পারেন না ॥৪৬॥

(৪৭)…নির্দ্দয়স্তুভবস্তদা—নি,…নির্দ্দয়ঃ সোঽভবত্তদা—বা ।

ধনুষা বাণমুৎসৃজ্য সুঘোষং বিননাদ হ।
তে ন শর্ম্ম কুতঃ শান্তিং লেভিরে স্ম সুরাস্তদা ॥৪৮॥
বিদ্রুতে সহসা যজ্ঞে কুপিতে চ মহেশ্বরে।
তেন জ্যাতলঘোষেণ সর্ব্বে লোকাঃ সমাকুলাঃ ॥৪৯॥
বভূবুর্বশগাঃ পার্থ! নিপেতুশ্চ সুরাসুরাঃ।
আপশ্চুক্ষুভিরে সর্ব্বাশ্চকম্পে চ বসুন্ধরা।
পর্ব্বতাশ্চ ব্যশীর্য্যন্ত দিশো নাগাশ্চ মোহিতাঃ ॥৫০॥
অন্ধেন তমসা লোকা ন প্রাকাশন্ত সংবৃতাঃ।
জঘ্নিবান্ সহ সূর্য্যেণ সর্ব্বেষাং জ্যোতিষাং প্রভাঃ ॥৫১॥

ভারতকৌমুদী

একাদশভিঃ শ্লোকৈর্দক্ষযজ্ঞধ্বংসমাহ দক্ষস্যেতি। সংভৃতমাযোজিতম্। ভবঃ শিবঃ ॥৪৭॥
ধনুষেতি। শর্ম্ম সুখম্। তত্র তস্য বর্জনাদীদৃশঃ কোপো যজ্ঞধ্বংসশ্চেত্যনুসন্ধেয়ম্ ॥৪৮॥
বিদ্রুত ইতি। বিদ্রুতে মৃগরূপেণ পলায়িতে। সমাকুলা অভবন্ ॥৪৯॥
বভূবুরিতি। তস্য চরণয়োর্নিপেতুঃ। আপো নদ্যাদীনাং জলানি, চুক্ষুভিরে উদ্বেলিতা বভূবুঃ। ব্যশীর্য্যন্ত ভগ্নাঃ, দিশো নাগা দিগ্‌দন্তিনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥
অন্ধেনেতি। অন্ধেন অন্ধঙ্করণেন। জঘ্নিবান্ নাশিতবান্ স তমোরাশিরেব ॥৫১॥

পূর্ব্বকালে দক্ষপ্রজাপতি যথাবিধানে একটী যজ্ঞের আয়োজন করিয়াছিলেন; (তাহাতে মহাদেবের নিমন্ত্রণ না করায়) তিনি তখন ক্রুদ্ধ হইয়া আসিয়া নির্ভয়চিত্তে সেই যজ্ঞ বিদ্ধ করেন ॥৪৭॥

তিনি ধনুদ্বারা বাণক্ষেপ করিয়া অতিগম্ভীর গর্জন করিয়াছিলেন; তাহাতে তখন তত্রত্য দেবতারা সুখ ও শান্তি লাভ করিতে পারেন নাই ॥৪৮॥

সেই যজ্ঞ মৃগরূপ ধারণ করিয়া পলায়ন করিলে এবং মহাদেব ক্রুদ্ধ হইলে, তাঁহার ধনুষ্টঙ্কারে তত্রত্য সমস্ত লোক ভয়ে বিহ্বল হইয়াছিল ॥৪৯॥

পৃথানন্দন! সুর ও অসুরেরা তখন তাঁহার বশীভূত ও চরণতলে নিপতিত হইলেন, সমস্ত জল উদ্বেলিত হইয়া উঠিল, পৃথিবী কাঁপিতে লাগিল, পর্ব্বত সকল বিশীর্ণ হইতে থাকিল এবং দিগ্‌গজগুলি মোহিত হইয়া পড়িল ॥৫০॥

লোক সকল গাঢ় অন্ধকারে আবৃত হইয়া দৃষ্টিগোচর হইল না এবং সেই অন্ধকার সূর্য্যের সহিত সমস্ত জ্যোতিষ্ক পদার্থের প্রভা নষ্ট করিল ॥৫১॥

(৪৮)···সঘোষং বিননাদ হ···বা নি। (৫১) অন্ধাশ্চ তমসা লোকাঃ···পি বর্দ্ধ।

চুক্রুশুর্ভয়ভীতাশ্চ শান্তিঞ্চক্রুস্তথৈব চ।
ঋষয়ঃ সর্বভূতানামাত্মনশ্চ সুখৈষিণঃ ॥৫২॥
পূষাণমভ্যদ্রবত শঙ্করঃ প্রহসন্নিব।
পুরোডাশং ভক্ষয়তো দশনান্ বৈ ব্যশাতয়ৎ ॥৫৩॥
ততো নিশ্চক্রমুর্দেবা বেপমানা ভয়ার্দ্দিতাঃ।
পুনশ্চ সন্দধে দীপ্তান্ দেবানাং নিশিতান্ শরান্।
সধূমান্ সস্ফুলিঙ্গাংশ্চ বিদ্যুত্তোয়দসন্নিভান্ ॥৫৪॥
তং দৃষ্ট্বা তু সুরাঃ সর্ব্বে প্রণিপত্য মহেশ্বরম্।
রুদ্রস্য যজ্ঞভাগঞ্চ বিশিষ্টং তেঽন্বকল্পয়ন্।
ভয়েন ত্রিদশা রাজন্! শরণঞ্চ প্রপেদিরে ॥৫৫॥

ভারতকৌমুদী

চক্রুশুরিতি। চুক্রুশুঃ হা হতাঃ স্ম ইত্যেবমুচ্চৈরুচুঃ। আত্মন ঋষিগণস্য ॥৫২॥

পূষাণমিতি। তদা শঙ্করঃ প্রহসন্নিব, পূষাণং সূর্য্যম্, অভ্যদ্রবত অভ্যধাবৎ, পুরোডাশং যজ্ঞীয়দ্রব্যবিশেষম্, ভক্ষয়তস্তস্য পূষ্ণঃ, দশনান্ দন্তান্, ব্যশাতয়ৎ ব্যনাশয়চ্চ ॥৫৩॥

তত ইতি। নিশ্চক্রমুঃ যজ্ঞস্থলান্নির্জগ্মুঃ। দেবানামুপরি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

তমিতি। হে রাজন্! ক্ষত্রিয়! অর্জ্জুন! প্রপেদিরে প্রাপ্তাঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

পঞ্চাচার্য্যায় ধনুর্ব্বেদগুরবে ॥৩৯—৪০॥ ভগঘ্নায় ভগনেত্রভিদে ॥৪১—৪৫॥ গুহাগতাঃ পাতালগতা অপীত্যর্থঃ ॥৪৬॥ ন সুখমেবস্থীত্যুক্তং তদেবাহ—দক্ষস্যেত্যাদিনা ॥৪৭—৫০॥ তমসা সংবৃতা ন প্রাকাশন্ত ন প্রাজ্ঞায়ন্ত ॥৫১॥ চক্রুঋষয় ইতি সম্বন্ধঃ ॥৫২॥ পূষাণং পূষণম্ ॥৫৩॥ ততো লীনাঃ সন্তো নিশ্চক্রমুর্যজ্ঞদেশাদপক্রান্তাঃ, দেবানাং লীনানামপি বধায়েতি শেষঃ ॥৫৪॥

তত্রত্য লোকেরা ভয়ে আকুল হইয়া 'হা মরিলাম' বলিয়া আর্ত্তনাদ করিতে লাগিল এবং ঋষিরা শান্তিকামী হইয়া সমস্ত প্রাণীর ও নিজেদের শান্তি করিতে থাকিলেন ॥৫২॥

এই সময়ে মহাদেব হাসিতে হাসিতেই যেন সূর্য্যের দিকে ধাবিত হইলেন; সূর্য্য তখন পুরোডাশ (যজ্ঞীয় দ্রব্যবিশেষ) ভক্ষণ করিতেছিলেন; সেই অবস্থায় মহাদেব তাঁহার দন্ত সকল বিনষ্ট করিলেন ॥৫৩॥

তখন দেবতারা ভয়ে কাঁপিতে থাকিয়া সে স্থান হইতে নির্গত হইতে লাগিলেন; তখন মহাদেব পুনরায় দেবগণের উপরে উজ্জ্বল, সুধার, ধূম ও স্ফুলিঙ্গযুক্ত এবং বিদ্যুৎসমন্বিত মেঘতুল্য বাণসমূহ সন্ধান করিলেন ॥৫৪॥

(৫২) চুক্রুশুর্ভয়ভীতাশ্চ···ব বা নি। (৫৫) ·তে হ্যকল্পয়ন্···বা,···তে কল্পয়ন্···নি।

তেন চৈবাতিকোপেন স যজ্ঞঃ সন্ধিতস্তদা।
ভগ্নাশ্চাপি সুরা আসন্ ভীতাশ্চাদ্যাপি তং প্রতি ॥৫৬॥
অসুরাণাং পুরাণ্যাসংস্ত্রীণি বীর্য্যবতাং দিবি।
আয়সং রাজতঞ্চৈব সৌবর্ণং পরমং মহৎ ॥৫৭॥
সৌবর্ণং কমলাক্ষস্য তারকাক্ষস্য রাজতম্।
তৃতীয়ন্তু পুরং তেষাং বিদ্যুন্মালিন আয়সম্।
ন শক্তস্তানি মঘবা ভেত্তুং সর্ব্বায়ুধৈরপি ॥৫৮॥
অথ সর্ব্বে সুরা রুদ্রং জগ্মুঃ শরণমর্দ্দিতাঃ।
তে তমূচুর্মহাত্মানং সর্ব্বে দেবাঃ সমাগতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তেনেতি। অতিকোপেন অতীতক্রোধেন। সন্ধিতস্তত্রৈব সংযোজিতঃ ॥৫৬॥

অথোনবিংশত্যা শ্লোকৈর্ভগবতস্ত্রিপুরসংহারমাহ অসুরাণামিতি। পুরাণি পুরবদ্বিশালানি বিমানানি। দিবি গগনে, আয়সং লৌহময়ম্। মহদিতি সর্ব্বত্রান্বেতি ॥৫৭॥

সৌবর্ণমিতি। কমলাক্ষ-তারকাক্ষ বিদ্যুন্মালীতি নামত্রয়ম্। মঘবা ইন্দ্রঃ। ষট্পাদঃ ॥৫৮॥

অথেতি। অর্দ্দিতাস্তৈরেব পীড়িতাঃ ॥৫৯॥

অর্জ্জুন! সেই সময়ে দেবতারা সকলে মহাদেবকে তদবস্থ দেখিয়া তাঁহার নিকট প্রণিপাত করিয়া তাঁহার জন্য বিশিষ্ট যজ্ঞভাগ কল্পনা করিলেন এবং ভয়ে তাঁহার শরণাপন্ন হইলেন ॥৫৫॥

দেবতারা বিশিষ্ট যজ্ঞভাগ কল্পনা করায় এবং শরণাগত হওয়ায় মহাদেবের ক্রোধ তিরোহিত হইল; তখন তিনি সেই যজ্ঞকে যথাস্থানে স্থাপিত করিলেন। কিন্তু দেবতারা তখন পরাভূত হইয়াছিলেন, এখনও মহাদেবের নিকটে ভীতই আছেন ॥৫৬॥

পূর্ব্বকালে বলবান্ তিন জন অসুরের নগরতুল্য অতিবিশাল তিনখানা বিমান আকাশে ঘুরিয়া বেড়াইত; তাহার একখানা লৌহময়, অপরখানা রৌপ্যময় এবং অন্যখানা স্বর্ণময় ছিল ॥৫৭॥

তাহাদের মধ্যে কমলাক্ষের স্বর্ণময়, তারকাক্ষের রৌপ্যময় এবং বিদ্যুন্মালীর লৌহময় বিমান ছিল; কিন্তু ইন্দ্র তাঁহার সমস্ত অস্ত্রদ্বারাও সে বিমানগুলি ভেদ করিতে পারেন নাই ॥৫৮॥

(৫৯)···সর্ব্বে দেবাঃ সবাসবাঃ—বা নি।

ব্রহ্মদত্তবরা হ্যেতে ঘোরাস্ত্রিপুরবাসিনঃ।
পীড়য়ন্ত্যখিলং লোকং যস্মাত্তে বরদর্পিতাঃ ॥৬০॥
ত্বদৃতে দেবদেবেশ ! নান্যঃ শক্তঃ কথঞ্চন।
হন্তুং দৈত্যান্ মহাদেব ! জহি তাংস্ত্বং সুরদ্বিষঃ ॥৬১॥
রুদ্র ! রৌদ্রা ভবিষ্যন্তি পশবঃ সর্ব্বকর্ম্মসু।
নিপাতয়িষ্যসে চৈতানসুরান্ ভুবনেশ্বর ! ॥৬২॥
স তথোক্তস্তথেত্যুক্ত্বা দেবানাং হিতকাম্যয়া।
গন্ধমাদনবিন্ধ্যৌ চ কৃত্বা বংশধ্বজৌ হরঃ ॥৬৩॥
পৃথ্বীং সসাগরবনাং রথং কৃত্বা তু শঙ্করঃ।
অক্ষং কৃত্বা তু নাগেন্দ্রং শেষং নাম ত্রিলোচনঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মণা দত্তা বরা যেভ্যস্তে, এতে ত্রয়ঃ অসুরাঃ ॥৬০॥
ত্বদিতি। ঋতে বিনা। সুরদ্বিষঃ অসুরান্ ॥৬১॥
রুদ্রেতি। রৌদ্রা রুদ্রসম্বন্ধিনস্তব ভাগভূতা ইত্যর্থঃ। যজ্ঞেতান্ নিপাতয়িষ্যসে ॥৬২॥
অথৈকাদশভিঃ শ্লোকৈঃ কুলকেন ত্রিপুরাসুরবধায় মহাদেবস্য রথাদিকল্পনং রথারোহণঞ্চাহ
স ইতি। ভক্ত্যাতিশয়েন হরস্য বিশেষণময়া বহুনি পদান্যুক্তবান্। বংশধ্বজৌ মহাধ্বজস্য

ভারতভাবদীপঃ

ত্বং শরান্ মুঞ্চস্বমিতি শেষঃ ॥৫৫॥ অতিকোপেন অতিক্রান্তকোপেন শান্তেনেত্যর্থঃ।
ত্বত্তঃ প্রভৃতি পূর্ব্বং ভয়াঃ সম্প্রত্যপি ভীতাঃ সম্ভীত্যর্থঃ ॥৫৬—৬২॥ বংশধ্বজৌ অন্যৌ ধ্বজৌ

পরে দেবতারা সকলে তাহাদের ব্যবহারে উৎপীড়িত হইয়া যাইয়া মহাদেবের শরণাপন্ন হইলেন এবং সমাগত দেবতারা সকলে সেই মহাত্মাকে বলিলেন—॥৫৯॥

'ভগবন্ ! ব্রহ্মা এই ত্রিপুরবাসী ভয়ঙ্কর অসুরদিগকে বর দিয়াছেন, সেই বরে দর্পিত হইয়া ইহারা সমগ্র জগতের উৎপীড়ন করিতেছে ॥৬০॥

হে দেবদেব ! ঈশ্বর ! মহাদেব ! আপনি ভিন্ন অন্য কোন লোকই কোন প্রকারে ইহাদিগকে বধ করিতে সমর্থ নহে। সুতরাং আপনি সেই অসুরদিগকে বধ করুন ॥৬১॥

রুদ্র ! জগদীশ্বর ! আপনি যদি এই অসুরগণকে নিপাত করেন, তবে সমস্ত যজ্ঞকার্য্যেই পশুরূপ রুদ্রভাগ নির্দ্দিষ্ট হইবে ॥৬২॥

দেবতারা সেইরূপ বলিলে, মহাদেব 'তাহাই হউক' এই কথা বলিয়া

(৬০)… পীড়য়ন্ত্যধিকং লোকম্…বা নি।

চক্রে কৃত্বা তু চন্দ্রার্কৌ দেবদেবঃ পিনাকধৃক্।
অণী কৃত্বৈলপত্রঞ্চ পুষ্পদন্তঞ্চ ত্র্যম্বকঃ ॥৬৫॥
যুগং কৃত্বা তু মলয়মবনাহঞ্চ তক্ষকম্।
যোক্ত্রাঙ্গানি চ সত্ত্বানি কৃত্বা সর্ব্বঃ প্রতাপবান্ ॥৬৬॥
বেদান্ কৃত্বাথ চতুরশ্চতুরোঽশ্বান্ মহেশ্বরঃ।
উপবেদান্ খলীনাংশ্চ কৃত্বা লোকত্রয়েশ্বরঃ ॥৬৭॥
গায়ত্রীং প্রগ্রহং কৃত্বা সাবিত্রীঞ্চ মহেশ্বরঃ।
কৃত্বোঙ্কারং প্রতোদঞ্চ ব্রহ্মাণঞ্চৈব সারথিম্ ॥৬৮॥
গাণ্ডীবং মন্দরং কৃত্বা গুণং কৃত্বা চ বাসুকিম্।
বিষ্ণুং শরোত্তমং কৃত্বা শল্যমগ্নিং তথৈব চ ॥৬৯॥
বায়ুং কৃত্বাথ বাজাভ্যাং পুঙ্খে বৈবস্বতং যমম্।
বিদ্যুৎ কৃত্বাথ নির্য্যাণং মেরুং কৃত্বাথ বৈ ধ্বজম্ ॥৭০॥

ভারতকৌমুদী

পার্শ্বয়োর্বংশদ্বয়ম্। অক্ষং তির্য্যগ্দীর্ঘকাষ্ঠম্। শেষমনন্তম্। অণী অক্ষস্তোভয়াগ্রং কীলদ্বয়ম্, এলপত্রং পুষ্পদন্তঞ্চ নাম নাগদ্বয়ম্। যুগং দীর্ঘলম্বিতকাষ্ঠম্, মলয়ং নাম গিরিম্, অবনাহং তদ্বন্ধনরজ্জুম্, তক্ষকং নাগম্। যোক্ত্রাঙ্গানি বন্ধনরজ্জুঃ, সত্ত্বানি সত্ত্বগুণান্। ব্যক্তিভেদাদ্বহুবচনম্। চতুরশ্চতুঃসংখ্যকান্। উপবেদান্ আয়ুর্বেদধনুর্বেদগন্ধর্ব্ববেদান্, খলীনান্ অশ্বমুখরজ্জুঃ। প্রগ্রহং রশ্মিম্, সাবিত্রীং বেদমাতরম্। ওঙ্কারং প্রণবম্, প্রতোদং কশাম্।

ভারতভাবদীপঃ

পার্শ্বদ্বয়স্থৌ মহাধ্বজস্তু মেরুরিতি বক্ষ্যতে ॥৬৩—৬৪॥ অণী যুগান্তবন্ধনে দ্বৌ নাগৌ ॥৬৫॥ যুগং যুগম্, অবনাহং ত্রিবেণুযুগবন্ধনরজ্জুম্। যোক্ত্রাণি অঙ্গানি চাকর্ষাদীনি সত্ত্বানি সরীসৃপপর্বতাদীনি চ ॥৬৬॥ উপবেদান্ আয়ুর্ব্বেদধনুর্বেদগান্ধর্ববেদপশ্চিমাম্নায়ান্, খলীনান্ কড়ীয়াঠ্ঠাতি প্রসিদ্ধান্ ॥৬৭॥ গায়ত্রীসাবিত্র্যৌ প্রগ্রহং রশ্মীন্ ॥৬৮—৬৯॥ বাজাভ্যাং পক্ষাভ্যাং

দেবগণের হিতকামনায় গন্ধমাদন ও বিন্ধ্যপর্ব্বতকে ধ্বজপার্শ্বের বংশদ্বয়, সমুদ্র ও বনের সহিত পৃথিবীকে রথ, নাগশ্রেষ্ঠ অনন্তকে অক্ষ (তেরচা লম্বা কাঠ), চন্দ্র ও সূর্য্যকে চক্রদ্বয়, এলপত্র ও পুষ্পদন্তনাগকে অণিদ্বয় (অক্ষাগ্রের পেরেক), মলয়পর্ব্বতকে যুগ, (দীর্ঘদিকের তেরচা কাঠ), তক্ষকনাগকে বন্ধন-রজ্জু, সত্ত্বগুণকে যোক্ত্র (জোৎ), চারিটী বেদকে চারিটী অশ্ব, উপবেদকে লাগাম, গায়ত্রী ও সাবিত্রীকে রশ্মি, প্রণবকে কশা (চাবুক), ব্রহ্মাকে সারথি, মন্দরপর্ব্বতকে ধনু, বাসুকিনাগকে গুণ, বিষ্ণুকে বাণ, অগ্নিকে বাণের ফলক,

(৬৭)···চতুরশ্বান্ মহেশ্বরঃ···বা নি। (৭০)·· বিদ্যুৎ কৃত্বাথ নিশ্রাণম্·· বা নি।

আরুহ্য স রথং দিব্যং সর্ব্বদেবময়ং শিবঃ।
ত্রিপুরস্য বধার্থায় স্থাণুঃ প্রহরতাং বরঃ ॥৭১॥
অসুরাণামন্তকরঃ শ্রীমানতুলবিক্রমঃ।
স্তূয়মানঃ সুরৈঃ পার্থ! ঋষিভিশ্চ তপোধনৈঃ ॥৭২॥
স্থানং মাহেশ্বরং কৃত্বা দিব্যমপ্রতিমং বিভুঃ।
অতিষ্ঠৎ স্থাণুভূতঃ স সহস্রং পরিবৎসরান্ ॥৭৩॥ (কুলকম্)
যদা ত্রীণি সমেতানি অন্তরীক্ষে পুরাণি চ।
ত্রিপর্ব্বণা ত্রিশল্যেন তদা তানি বিভেদ সঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

গাণ্ডীবং ধনুঃ। শল্যং বাণাগ্রস্থফলকম্। বাজাভ্যাং বাজয়োর্বাণস্য পক্ষয়োঃ, পুঙ্খে বাণস্য মূলদেশে, বৈবস্বতং সূর্য্যপুত্রম্। বিদ্যুং বিদ্যুতম্। দ্বিতীয়ালোপ আর্ষঃ। নির্য্যাণং নির্গমনম্। ধ্বজং মহাকেতুম্। দিব্যমলৌকিকম্। শ্রীমান্ বীরশোভাবান্। মহেশ্বরস্যেদং মাহেশ্বরং কৈলাসাচলম্। স্থাণুভূতঃ স্থাণুতুল্যঃ স্থিরতরঃ সন্। পরিবৎসরান্ বৎসরানেব ॥৬৩—৭৩॥

যদেতি। সমেতানি উপর্য্যধোভাবেন সম্মিলিতানি। ত্রীণি পর্ব্বাণি অগ্রাণি যস্য তেন, অত এব ত্রীণি শল্যানি ফলকানি যস্য তেন বিক্রমযেন বাণেন। বিভেদ বিদারয়ামাস ॥৭৪॥

ভারতভাবদীপঃ

পক্ষয়োরিত্যর্থঃ। বিদ্যুং বিদ্যুতম্, নিশ্রাণং নিশিতম্ ॥৭০—৭২॥ স্থানং স্থীয়তেঽস্মিন্নিতি যোগাদ্বৃহম্। স্থাণুবচলঃ ॥৭৩॥ সমেতানি সমসূত্রগতানি। ত্রিপর্বণা ত্রীণি বিষ্ণ্বগ্নিবৈবস্বতাখ্যানি শরপক্ষপুঙ্খরূপাণি পর্বাণি যস্য তেন, ত্রিশল্যেন গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহব-

বায়ুকে বাণের দুই পার্শ্বের পাখা, সূর্য্যপুত্র যমকে বাণের মূলদেশ, বিদ্যুৎকে নির্য্যাণ (নির্গমন) এবং সুমেরুপর্ব্বতকে ধ্বজ করিয়া সর্বদেবময় সেই দিব্যরথে আরোহণপূর্বক ত্রিপুরাসুরবধের জন্য সহস্রবৎসরপর্য্যন্ত কৈলাসপর্ব্বতে স্থির হইয়া রহিলেন। অর্জ্জুন! তৎকালে দেবতারা ও তপোধন ঋষিরা সেই অসুরহন্তা, বীরশোভান্বিত ও অতুলবিক্রম মহাদেবের স্তব করিতে লাগিলেন ॥৬৩—৭৩॥

যখন আকাশে সেই তিনখানা বিমান (উপর্য্যধোভাবে) মিলিত হইল, তখন মহাদেব ত্রিপর্ব ও ত্রিফলকযুক্ত সেই বাণদ্বারা সেই তিনখানা বিমানকেই বিদারণ করিলেন ॥৭৪॥

(৭৩) স্থানং মহেশ্বরং কৃত্বা··· বর্দ্ধ।

পুরাণি ন চ তং শেকুর্দানবাঃ প্রতিবীক্ষিতুম্।
শরং কালাগ্নিসংযুক্তং বিষ্ণুসোমসমাযুতম্ ॥৭৫॥
পুরাণি দগ্ধবন্তং তং দেবী যাতা প্রবীক্ষিতুম্।
বালমঙ্কগতং কৃত্বা স্বয়ং পঞ্চশিখং পুনঃ।
উমা জিজ্ঞাসমানা বৈ কোঽয়মিত্যব্রবীৎ সুরান্ ॥৭৬॥
অসূয়তশ্চ শক্রস্য বজ্রেণ প্রহরিষ্যতঃ।
বাহুং সবজ্রং তং তস্য ক্রুদ্ধস্যাস্তম্ভয়ৎ প্রভুঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

পুরাণীতি। পুরাণি অধিতিষ্ঠন্ত ইতি শেষঃ। বিষ্ণোঃ সোমেন শক্ত্যা সমাযুতম্ ॥৭৫॥

পুরাণীতি। তং মহাদেবম্। পঞ্চ শিখা যস্য তম্। জিজ্ঞাসমানা দেবানাং মনোভাবং জ্ঞাতুমিচ্ছন্তী। অয়ং বালকঃ কঃ। কৌতুকার্থমিদম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

অসূয়ত ইতি। অসূয়তঃ বালস্যাকৃতিদর্শনেন ভাবিশক্তিসম্ভাবনয়া অসূয়াং কুর্বতঃ। অতএব তং প্রহরিষ্যতঃ। অস্তম্ভয়ৎ স্বমহিম্না নিস্পন্দমকরোৎ, প্রভুঃ শিবঃ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

নীথরূপাগ্নিত্রয়শল্যেন ॥৭৪ ৭৫॥ পুরাণীত্যাদিসার্দ্ধঃ। পূর্বং দক্ষযজ্ঞবিধ্বংসনমুক্তং তস্য তাৎপর্য্যমীশ্বরেঽনর্পিতো যজ্ঞো বিধ্বংসতে, ততশ্চ যজ্ঞকর্ত্তা ঋত্বিজশ্চ নশ্যন্তীত্যুক্তম্, তেনেশ্বরপ্রীত্যর্থং কর্ম্মাণি কার্য্যাণীতি দর্শিতম্। তত্ত্রিপুরবধ উক্তস্তস্য তাৎপর্য্যং স্থূলসূক্ষ্মকারণানি ত্রীণি শরীরাণি পুরাণি ক্রমাদহন্ত্রীত্যল্পত্বখকরত্বাভ্যাং মোহময়ত্বেন চ সৌবর্ণরাজতায়সানি, কামাদয়োঽসুরাঃ, শমাদয়ো দেবাস্তেষাং প্রীতিকরো রুদ্র আত্মা শরীরং পৃথিব্যাখ্যং রথমাস্থায় তস্য চালকে চন্দ্রসূর্য্যাক্ষে মনশ্চক্ষুষী চক্রে, বেদাশ্চ গম্যস্থানপ্রাপকত্বেন হয়াঃ। শরো বিষ্ণ্বধিষ্ঠিতা সূক্ষ্মবুদ্ধিস্তদৈকাগ্র্যেণ শরীরত্রয়ভেদে ভূয়ো ব্রহ্মণি সাক্ষাৎকৃতে সতি কামাদয়ো নশ্যন্তি ফলভূতাশ্চ শমাদয়ো বর্দ্ধন্তে। তেষু চ বর্দ্ধমানেষু রুদ্রো বালবদ্রাগদ্বেষশূন্যো ব্রহ্মবিদ্যাপরনাম্ন্যা উমায়া বশগো ভবতীত্যেতদত্র প্রদর্শ্যতে ॥৭৬॥ অসূয়তশ্চ

কিন্তু সেই বিমানস্থিত দানবেরা কালাগ্নি ও বিষ্ণুশক্তিযুক্ত সেই বাণটাকে দর্শন করিতেও সমর্থ হইল না ॥৭৫॥

মহাদেব সেই তিনখানা বিমানই দগ্ধ করিলে, উমাদেবী পঞ্চশিখাযুক্ত একটী বালককে ক্রোড়ে করিয়া মহাদেবকে দেখিবার জন্য সেখানে গমন করিলেন এবং দেবগণের মনের ভাব জানিবার ইচ্ছা করিয়া দেবগণকে বলিলেন—'বলুন দেখি—এ বালকটী কে?' ॥৭৬॥

(৭৭) ইতঃ পরম্ অষ্টৌ শ্লোকা অধিকাঃ, অধিকপুস্তকেষু বঙ্গীয়েতরেষ্বসত্ত্বাৎ। তে চ যথা পি বঙ্গ বর্দ্ধ—

প্রহস্য ভগবাংস্তূর্ণং সর্বলোকেশ্বরো বিভুঃ। ততঃ স স্তম্ভিতভুজঃ শক্রো দেবগণৈর্বৃতঃ ॥১॥

স এষ ভগবান্ দেবঃ সর্ব্বলোকেশ্বরঃ প্রভুঃ।
ন সংবুবুধিরে চৈব দেবাস্তং ভুবনেশ্বরম্।
সপ্রজাপতয়ঃ সর্ব্বে বালার্কসদৃশপ্রভম্ ॥৭৮॥
অথাভ্যেত্য ততো ব্রহ্মা দৃষ্ট্বা চ স মহেশ্বরম্।
অয়ং শ্রেষ্ঠ ইতি জ্ঞাত্বা ববন্দে তং পিতামহঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

স ইতি। ন সংবুবুধিরে ভুবনেশ্বরত্বেনেত্যর্থঃ। প্রজাপতিভিঃ সহেতি তে। ষট্‌পাদঃ ॥৭৮॥
অথেতি। অয়ং শ্রেষ্ঠস্তথৈব প্রভাবদর্শনাদিত্যাশয়ঃ ॥৭৯॥

তখন সেই বালকটীর উপরে ইন্দ্রের অসূয়া জন্মিল; তাই তিনি ক্রুদ্ধ হইয়া বজ্রদ্বারা তাহাকে প্রহার করিবার উপক্রম করিলেন; সেই সময়ে মহাপ্রভাবশালী মহাদেব বজ্রযুক্ত ইন্দ্রের সেই বাহু স্তম্ভিত করিয়া ফেলিলেন ॥৭৭॥

ইনি সেই ভগবান্ মহাদেব, সমগ্র জগতের অধীশ্বর ও প্রভাবশালী। প্রজাপতিগণের সহিত দেবতারা সকলে নবোদিত সূর্য্যের ন্যায় তেজস্বী ও জগদীশ্বর সেই মহাদেবকে চিনিতে পারেন নাই ॥৭৮॥

তাহার পর পিতামহ ব্রহ্মা স্বস্থান হইতে নিকটে যাইয়া মহেশ্বরকে দেখিয়া ইনিই জগতের শ্রেষ্ঠ ইহা বুঝিয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥৭৯॥

জগাম সহবস্তূর্ণং ব্রহ্মাণং প্রভুমব্যয়ম্। তে তং প্রণম্য শিরসা প্রোচুঃ প্রাঞ্জলয়স্তদা ॥২॥
কিমপাঙ্কগতং ব্রহ্মন্! পার্বত্যা ভূতমদ্ভুতম্। বালরূপধরং দৃষ্ট্বা নাস্মাভিস্তচ্চ লক্ষিতম্ ॥৩॥
ত্বত্তস্তৎ প্রষ্টুমিচ্ছামো নির্জিতা যেন বৈ বয়ম্। অযুধ্যতা হি বালেন লীলয়া সপুরন্দরাঃ ॥৪॥
তেষাং তদ্বচনং শ্রুত্বা ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ। ধ্যাত্বা স্বয়ম্ভূর্ভগবান্ বালকামিততেজসম্ ॥৫॥
উবাচ ভগবান্ ব্রহ্মা শক্রাদীংশ্চ সুরোত্তমান্। চরাচরস্য জগতঃ প্রভুঃ স ভগবান্ হরঃ ॥৬॥
তস্মাৎ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি মহেশ্বরাৎ। যো দৃষ্টো হ্যময়া সার্দ্ধং যুস্মাভিরমিতদ্যুতিঃ ॥
স পার্ব্বত্যাঃ কৃতে সর্ব্বৈঃ কৃতবান্ বালরূপতাম্। তে ময়া সহিতা যূয়ং প্রপদ্যধ্বং তমেব হি ॥

(৭৮)···বালার্কসদৃশং প্রভুম্—বর্দ্ধ। (৭৯) ইতঃ পরং ত্রয়ঃ শ্লোকা অধিকাঃ। তে চ যথা বঙ্গ—

ব্রহ্মোবাচ।

ত্বং যজ্ঞো ভুবনস্যাস্য ত্বং গতিস্ত্বং পরায়ণম্। ত্বং ভবস্ত্বং মহাদেবস্ত্বং ধামং পরমং পদম্ ॥১॥
ত্বয়া সর্বমিদং ব্যাপ্তং জগৎস্থাবরজঙ্গমম্। ভগবন্ ভূতভব্যেশ লোকনাথ জগৎপতে। প্রসাদং কুরু শক্রস্য ত্বয়া ক্রোধার্দ্দিতস্য বৈ ॥২॥

ব্যাস উবাচ।

পদ্মযোনিবচঃ শ্রুত্বা ততঃ প্রীতো মহেশ্বরঃ। প্রসাদাভিমুখো ভূত্বা অট্টহাসমথাকরোৎ ॥৩॥

ততঃ প্রসাদয়ামাসুরুমাং রুদ্রঞ্চ তে সুরাঃ।
অভবচ্চ পুনর্বাহুর্যথাপ্রকৃতি বজ্রিণঃ ॥৮০॥
তেষাং প্রসন্নো ভগবান্ সপত্নীকো বৃষধ্বজঃ।
দেবানাং ত্রিদশশ্রেষ্ঠো দক্ষযজ্ঞবিনাশনঃ ॥৮১॥
স বৈ রুদ্রঃ স চ শিবঃ সোঽগ্নিঃ সর্ব্বঃ স সর্ব্ববিৎ।
স চেন্দ্রশ্চৈব বায়ুশ্চ সোঽশ্বিনৌ চ স বিদ্যুতঃ ॥৮২॥
স ভবঃ স চ পর্জন্যো মহাদেবঃ সনাতনঃ।
স চন্দ্রমাঃ স চেশানঃ স সূর্য্যো বরুণশ্চ সঃ ॥৮৩॥
স কালঃ সোঽন্তকো মৃত্যুঃ স যমো রাত্র্যহানি তু।
মাসার্দ্ধমাসা ঋতবঃ সন্ধ্যে সংবৎসরশ্চ সঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রকৃতিং স্বভাবমনতিক্রম্যেতি যথাপ্রকৃতি স্থিত ইতি শেষঃ ॥৮০॥

তেষামিতি। প্রসন্নঃ অভবৎ, পত্ন্যা পার্বত্যা সহেতি সপত্নীকঃ ॥৮১॥

স ইতি। সর্ব্বঃ সর্বময়ঃ, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥৮২॥

স ইতি। ভবত্যস্মাদিতি ভব উৎপত্তিকারণম্, পর্জন্যো মেঘঃ ।৮৩॥

স ইতি। কাল ইত্যাদিবিভিন্ননামা সংহারক ইত্যর্থঃ। সন্ধ্যে সন্ধ্যাদ্বয়ম্ ।৮৪॥

ভারতভাবদীপঃ

শক্রস্যেত্যাদিতাৎপর্য্যম্—ব্রহ্মভূতং দ্বিষন্তঃ কর্ম্মঠাস্তেন যোগমহিম্না নির্জিতাঃ সন্তস্তমেব শরণং গচ্ছন্তীতি ॥৭৭—৮১। (পাঠান্তরে) গতিঃ পালকঃ, পরায়ণং লয়স্থানম্, ভব উৎপত্তিকারণম্, ঈশঃ শিক্ষকঃ, নাথো নায়কঃ, পতিঃ পালকঃ॥ স বৈ রুদ্র ইত্যাদিনা পুনরেব

তদনন্তর সেই দেবতারা উমাদেবী ও মহাদেবকে প্রসন্ন করিলেন। পরে ইন্দ্রের সেই বাহু পুনরায় প্রকৃতিস্থ হইল ॥৮০॥

দেবশ্রেষ্ঠ ও দক্ষযজ্ঞবিনাশক ভগবান্ মহাদেব পত্নীর সহিতই সেই দেবগণের উপরে প্রসন্ন হইয়াছিলেন ॥৮১॥

তিনি রুদ্র, তিনি শিব, তিনি অগ্নি, তিনি সর্ব্ব, তিনি সর্ব্বজ্ঞ, তিনি ইন্দ্র, তিনি বায়ু, তিনি অশ্বিনীকুমারদ্বয় এবং তিনিই বিদ্যুৎ ॥৮২॥

তিনি ভব, তিনি মেঘ, তিনি মহাদেব, তিনি সনাতন, তিনি চন্দ্র, তিনি ঈশান, তিনি সূর্য্য ও তিনি বরুণ ॥৮৩॥

তিনি কাল, তিনি অন্তক, তিনি মৃত্যু, তিনি যম, তিনি রাত্রি ও দিন এবং তিনি মাস, পক্ষ, ঋতু, সন্ধ্যা ও সংবৎসর ॥৮৪॥

ধাতা চ স বিধাতা চ বিশ্বাত্মা বিশ্বকর্ম্মকৃৎ।
সর্ব্বাসাং দেবতানাঞ্চ ধারয়ত্যবপুর্বপুঃ ॥৮৫॥
সর্বৈর্দেবৈঃ স্তুতো দেবঃ সৈকধা বহুধা চ সঃ।
শতধা সহস্রধা চৈব ভূয়ঃ শতসহস্রধা ॥৮৬॥
দ্বে তনূ তস্য দেবস্য বেদজ্ঞা ব্রাহ্মণা বিদুঃ।
ঘোরা চান্যা শিবা চান্যা তে তনূ বহুধা পুনঃ ॥৮৭॥
ঘোরা তু যা তনুস্তস্য সোঽগ্নির্বিষ্ণুঃ স ভাস্করঃ।
সৌম্যা তু পুনরেবাস্য আপো জ্যোতীংষি চন্দ্রমাঃ ॥৮৮॥
বেদাঃ সাঙ্গোপনিষদঃ পুরাণাধ্যাত্মনিশ্চয়াঃ।
যদত্র পরমং গুহ্যং স বৈ দেবো মহেশ্বরঃ ॥৮৯॥

ভারতকৌমুদী

ধাতেতি। বিশ্বাত্মা, "একো বশী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ। অবপুঃ, "অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্" ইতি শ্রুতেঃ, ধারয়তি কর্ম্মভেদাৎ, "একং রূপং বহুধা যঃ করোতি" ইতি শ্রুতেঃ ॥৮৫॥

সর্বৈরিতি। স একধা পরমাত্মরূপেণ, বহুধাদির্জীবতয়া। সন্ধিরার্ষঃ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৮৬॥

দ্বে ইতি। শিবা সৌম্যা, বহুধা দেবমানুষাদিভেদেন ॥৮৭॥

ঘোরেতি। বিষ্ণুর্নৃসিংহাদিরূপঃ, ভাস্করো গ্রীষ্মে মধ্যাহ্নকালীনঃ। আপো জলম্ ॥৮৮॥

বেদা ইতি। অধ্যাত্মনিশ্চয়া মীমাংসাদয়ঃ। গুহ্যং গায়ত্রীপুরুষসূক্তাদি ॥৮৯॥

তিনি ধাতা, বিধাতা, সকলের আত্মা ও সমস্তকার্য্যকারী এবং তিনি নিরাকার হইয়াও সমস্ত দেবতার আকার ধারণ করেন ॥৮৫॥

সকল দেবতা তাঁহার স্তব করেন এবং সেই মহাদেব একরূপ, বহুরূপ, শতরূপ, সহস্ররূপ, আবার শতসহস্ররূপও হইয়া থাকেন ॥৮৬॥

বেদজ্ঞ ব্রাহ্মণেরা জানেন যে, সেই মহাদেবের দুইটী মূর্ত্তি আছে; তাহার একটী ভীষণ এবং অপরটী সৌম্য। সেই দুইটী মূর্ত্তি আবার বহুপ্রকারও হইয়া থাকে ॥৮৭॥

তাঁহার যেটী ভীষণ মূর্ত্তি, তাহা অগ্নি, নৃসিংহাদিরূপ বিষ্ণু এবং গ্রীষ্মসময়ের মধ্যাহ্নকালীন সূর্য্য; আবার যেটী সৌম্য মূর্ত্তি, তাহা জল, নক্ষত্র ও চন্দ্র ॥৮৮॥

(৮৬) সর্ব্বদেবৈঃ স্তুতো দেবঃ · নি,···সবথা বহুধা চ সঃ ··পি বঙ্গ বৰ্দ্ধ। (৮৮) ঘোরা তু যা তুরানস্য···নি। (৮৯) বেদাঙ্গাঃ সোপনিষদঃ···পি বৰ্দ্ধ।

ঈদৃশঃ স মহাদেবো ভূয়শ্চ ভগবানজঃ।
নহি সর্ব্বে ময়া শক্যা বক্তুং ভগবতো গুণাঃ।
অপি বর্ষসহস্রেণ সততং পাণ্ডুনন্দন ! ॥৯০॥
সর্ব্বগ্রহৈর্গৃহীতান্ বৈ সর্বপাপসমন্বিতান্।
স মোচয়তি সুপ্রীতঃ শরণ্যঃ শরণাগতান্ ॥৯১॥
আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং বিত্তং কামাংশ্চ পুষ্কলান্।
স দদাতি মনুষ্যেভ্যঃ স চৈবাক্ষিপতে পুনঃ ॥৯২॥
সেন্দ্রাদিষু চ দেবেষু তস্য চৈশ্বর্য্যমুচ্যতে।
স চৈব ব্যাপৃতো লোকে মনুষ্যাণাং শুভাশুভে ॥৯৩॥

ভারতকৌমুদী

ঈদৃশ ইতি। অজো জন্মরহিতঃ। ভগবতঃ প্রকৃষ্টৈশ্বর্য্যবতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯০॥

সর্ব্বেতি। সর্বগ্রহৈঃ সর্ব্বগ্রহসূচিতৈরনিষ্টৈঃ, গৃহীতানাক্রান্তান্। সুপ্রীতঃ স্তবাদিনা ॥৯১॥

আয়ুরিতি। পুষ্কলান্ প্রচুরান্। আক্ষিপতে আকৃষ্য হরতি। কর্ম্মফলদাতেতি ভাবঃ ॥৯২॥

সেন্দ্রেতি। ঐশ্বর্য্যং প্রভুত্বম্। ব্যাপৃতঃ প্রবৃত্তঃ। শুভাশুভে বিধাতুমিতি শেষঃ ॥৯৩॥

ব্যাকরণাদি অঙ্গশাস্ত্র ও উপনিষদের সহিত সমস্ত বেদ এবং পুরাণ ও অধ্যাত্মশাস্ত্র, এই গুলির মধ্যে যাহা অত্যন্তগোপনীয়, তাহাই মহেশ্বর মহাদেব ॥৮৯॥

পাণ্ডুনন্দন ! সেই মহাদেব এইরূপ, আবার তিনি সর্বপ্রধান ঐশ্বর্য্যশালী এবং জন্মরহিত। আমি সহস্র বৎসরপর্য্যন্ত সর্বদা বলিয়াও সেই ভগবানের সমস্ত গুণ বলিতে সমর্থ নহি ॥৯০॥

মানুষ সমস্ত দুষ্ট গ্রহে আক্রান্ত এবং সমস্তপাপসমন্বিত হইয়াও যদি তাঁহার শরণাপন্ন হয়, তবে তিনি বিশেষ সন্তুষ্ট হইয়া সেই শরণাগতদিগকে বিপদ্ হইতে মুক্ত করেন ॥৯১॥

তিনি মনুষ্যদিগকে আয়ু, আরোগ্য, ঐশ্বর্য্য, ধন ও প্রচুর অভীষ্ট বস্তু দিয়া থাকেন ; আবার তিনিই তাহা হরণ করেন ॥৯২॥

মহর্ষিরা বলেন—'ইন্দ্রপ্রভৃতি দেবতার উপরেও তাঁহার প্রভুত্ব রহিয়াছে এবং তিনি জগতে মানুষের মঙ্গল ও অমঙ্গল বিধান করিতে ব্যাপৃত আছেন ॥৯৩॥

(৯৩)·· স চৈবাপ্যাদৃতো লোকে···পি,···স চৈব বেত্তি লোকেষু···নি।

ঐশ্বর্য্যাচ্চৈব কামানামীশ্বরশ্চ স উচ্যতে।
মহেশ্বরশ্চ ভূতানাং মহতামীশ্বরশ্চ সঃ।
বহুভির্বহুধা রূপৈর্বিশ্বং ব্যাপ্নোতি বৈ জগৎ ॥৯৪॥
তস্য দেবস্য যদ্বক্ত্রং সমুদ্রে তদতিষ্ঠত।
বড়বামুখেতি বিখ্যাতং পিবত্তোয়ময়ং হবিঃ ॥৯৫॥
এষ চৈব শ্মশানেষু দেবো বসতি নিত্যশঃ।
যজন্ত্যেনং জনাস্তত্র বীরস্থান ইতীশ্বরম্ ॥৯৬॥

ভারতকৌমুদী

ঐশ্বর্য্যাদিতি। ঐশ্বর্য্যাৎ দানসামর্থ্যাৎ। মহতাং ভূতানাং দেবাদীনামপীশ্বর ইতি স মহেশ্বর উচ্যতে। অত্রার্থে বৈয়ধিকরণ্যান্মহতশুকারস্যাকার আগঃ। বহুভিরাকাশাদিভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৪॥

তস্যেতি। তৎ তোয়ময়ং হবিঃ পিবৎ বড়বামুখেতি বিখ্যাতমিতি সম্বন্ধঃ ॥৯৫॥

ভারতভাবদীপঃ

সাবাস্থামুচ্যতে ॥৮২—৮৬॥ দ্বে তনূ ইত্যুক্তে। তনূ পুনর্ব্যাখ্যাতি তস্য দেবস্যেতি। বড়বামুখাখ্যা ঘোরা তনুঃ ॥৮৭—৯৫॥ এষ চৈবেতি। অঘোরা শ্মশানাখ্যা কাশী। "যা তে রুদ্র শিবা তনূরঘোরাপাপকাশিনী"তি লিঙ্গাদপাপস্য ব্রহ্মণঃ প্রকাশকত্বাৎ। এতচ্চান্য-ত্রাপ্যবিমুক্তাখ্যাং তামেব প্রকৃত্যাম্নাতম্। অত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতি। তস্মাদবিমুক্তমেব নিষেবেতাবিমুক্তং ন বিমুঞ্চেদিতি। তত্র শ্মশানে কাশ্যাম্ এনং রুদ্রং জনা উপাসকা যজন্তি আরাধয়ন্তি, এতদপি তত্রৈব শ্রুতম্—"য এষোঽনন্তোঽব্যক্ত আত্মা সোঽবিমুক্ত উপাস্যঃ সোঽবিমুক্তে প্রতিষ্ঠিত" ইতি। বীরস্থানে বীরাণাং ষড়্বর্গজয়িনাং সন্ন্যাসিনাং স্থানে অবিমুক্তে। যথোক্তং যতীন্ প্রকৃত্য স্মৃতৌ—"অষ্টৌ মাসান্ বিহারঃ স্যাদ্বার্ষিকাংশ্চতুরো বসেৎ। অবিমুক্তে প্রবিষ্টানাং বিহারো নৈব বিদ্যতে ॥" ইতি। ন চাত্র শ্মশানশব্দার্থো লোকপ্রসিদ্ধো গ্রহীতুং যুক্তঃ তস্যাশুচিত্বেন যাগভূমিত্বাসম্ভবেন যজন্ত্যেনং জনাস্তত্রেতি বাক্যশেষবিশেষবিরোধাৎ। ন চ বীরস্থানে ইত্যুক্তেরসুরাণাং নিন্দ্যমার্গজুষাং তদপি যজনস্থানমিতি বাচ্যম্। অনুশাসনিকে উমামহেশ্বর-সংবাদে শ্মশানসদৃশং পবিত্রং স্থানং ত্রৈলোক্যে নাস্তীতি মহেশ্বরবচসৈব স্থাপিতত্বাৎ।

তিনি অভীষ্ট দান করিতে ঈশ্বর অর্থাৎ সমর্থ বলিয়া তাঁহাকে ঈশ্বর বলা হয় এবং তিনি মহাভূতগণের ঈশ্বর বলিয়া মহেশ্বর, আর তিনি আকাশপ্রভৃতি বহুরূপে সমগ্র জগৎ বহুপ্রকারে ব্যাপ্ত করিয়া রহিয়াছেন ॥৯৪॥

সেই মহাদেবের যে মুখ সমুদ্রে গিয়াছিল, তাহা জলময় হবি পান করিতে থাকিয়া 'বড়বামুখ' এই নামে বিখ্যাত হইয়াছে ॥৯৫॥

(৯৫)⋯ সমুদ্রে উদতিষ্ঠত⋯ পি,⋯সমুদ্রে তদধিষ্ঠিতম্⋯বা নি।

অস্য দীপ্তানি রূপাণি ঘোরাণি চ বহূনি চ।
লোকে যান্যস্য পূজ্যন্তে মনুষ্যাঃ প্রবদন্তি চ ॥৯৭॥
নামধেয়ানি লোকেষু বহূন্যস্য যথার্থবৎ।
নিরুচ্যন্তে মহত্ত্বাচ্চ বিভুত্বাৎ কর্ম্মভিস্তথা ॥৯৮॥
বেদে চাস্য সমাম্নাতং শতরুদ্রিয়মুত্তমম্।
নাম্না চানন্তরুদ্রেতি হ্যুপস্থানং মহাত্মনঃ ॥৯৯॥
স কামানাং প্রভুর্দেবো যে দিব্যা যে চ মানুষাঃ।
স বিভুঃ স প্রভুর্দেবো বিশ্বং ব্যাপ্নোতি বৈ মহৎ ॥১০০॥

ভারতকৌমুদী

এষ ইতি। বীরাণাং বীরাচারিণাং স্থানে তত্র শ্মশানে ॥৯৬॥

অস্যেতি। দীপ্তানি তেজসা জলিতানি, রূপাণি রুদ্রমহাকালাদীনি ॥৯৭॥

নামেতি। নামধেয়ানি মহাদেবাদীনি নামানি। যথার্থবৎ অন্বর্থানি ॥৯৮॥

বেদ ইতি। বেদে যজুষি, সমাম্নাতং "নমস্তে রুদ্র মন্যব" ইত্যাদিনা। উপস্থা[illegible] উপাস্যতে অনেনেতি উপস্থানং মন্ত্রং, মহাত্মনো রুদ্রস্য ॥৯৯॥

স ইতি। প্রভুর্দানসমর্থঃ। দিব্যাঃ স্বর্গীয়াঃ। বিভুর্ব্যাপক, প্রভুর্নিয়ন্তা ॥১০০॥

ভারতভাবদীপঃ

তস্মান্মহাশ্মশানমিতি লোকপ্রসিদ্ধেঃ পবিত্রং দেবযজনস্থানং শ্মশানাখ্যং বারাণস্যেব। [illegible] সংবর্ত্তাদীনামজ্ঞাতবাসো জাবালাদৌ শ্রূয়মাণো দানধর্ম্মেষু মৈত্রেয়ভিক্ষায়ামশ্বমেধীয়ে [illegible] মরুত্তীয়ে চোপবৃংহিত ইতি সর্ব্বমনবদ্যম্ ॥৯৬॥ অস্যেতি চাদঘোরাণি ॥৯৭॥ নিরুচ্যন্তে "ঐশ্বর্য্যাচ্চৈব কামানামীশ্বরশ্চ স উচ্যতে। মহেশ্বরশ্চ মহতাং ভূতানামীশ্বরশ্চ স [illegible]" ইত্যেবংজাতীয়কৈঃ শ্লোকৈর্ব্যাখ্যায়ন্তে ॥৯৮॥ শতরুদ্রিয়ং "নমস্তে রুদ্র মন্যব" ইতি [illegible] প্রপাঠকঃ। উপস্থানং রুদ্রোপস্থানমন্ত্রভূতম্ ॥৯৯॥ কামানাং দিব্যানাং মানুষানাঞ্চ স প্রভুর্দাতা, বিভুর্ব্যাপকঃ, বিশ্বং ব্যাপ্নোতি কনককুণ্ডলবৎ ন ত্বাকাশবদ্বিভুমাত্রঃ নাপি

এই মহাদেব সর্ব্বদা শ্মশানে বাস করেন। সেই জন্য মানুষ সেই বীরস্থানে এই মহাদেবের পূজা করিয়া থাকে ॥৯৬॥

ইহার উজ্জ্বল ও ভয়ঙ্কর বহুতর রূপ আছে, জগতে মানুষেরা যেগুলির পূজা ও বর্ণনা করিয়া থাকে ॥৯৭॥

মহত্ত্ব, প্রভুত্ব ও কর্ম্মনিবন্ধন ইহার বহুতর অন্বর্থ নাম জগতে প্রচারিত হইয়াছে ॥৯৮॥

যজুর্বেদে ইহার উত্তম শতরুদ্রিয় প্রকরণ বলা হইয়াছে এবং এই মহাত্মার 'অনন্তরুদ্র' এই নামে উপাসনার মন্ত্রও কথিত আছে ॥৯৯॥

(৯৮)···কর্ম্মণস্তথা—বা নি।

জ্যেষ্ঠভূতং বদন্ত্যেনং ব্রাহ্মণা মুনয়স্তথা।
প্রথমো হ্যেষ দেবানাং মুখাদস্যানলোঽভবৎ ॥১০১॥
সর্ব্বথা যৎ পশূন্ পাতি তৈশ্চ যদ্রমতে পুনঃ।
তেষামধিপতির্যচ্চ তস্মাৎ পশুপতিঃ স্মৃতঃ ॥১০২॥
নিত্যেন ব্রহ্মচর্য্যেণ লিঙ্গমস্য যদা স্থিতম্।
মহয়ত্যেষ লোকাংশ্চ মহেশ্বর ইতি স্মৃতঃ ॥১০৩॥
ঋষয়শ্চৈব দেবাশ্চ গন্ধর্ব্বাপ্সরসস্তথা।
লিঙ্গমস্যার্চ্চয়ন্তি স্ম তচ্চাপ্যূর্দ্ধ্বং সমাস্থিতম্ ॥১০৪॥

ভারতকৌমুদী

জ্যেষ্ঠেতি। জ্যেষ্ঠভূতং ব্রহ্মাদিভ্যঃ। হি যস্মাৎ ॥১০১॥
সর্ব্বথেতি। পাতি রক্ষতি। রমত ইতি রক্ষণং প্রতি হেতুঃ ॥১০২॥
নিত্যেনেতি। মহযতি লোকঃ পূজয়তি, এষ চ লোকান্ মহয়তি মান্যান্ করোতি ॥১০৩॥

ভারতভাবদীপঃ

[illegible] ॥১০০॥ মহঃ প্রভুরীশ্বরশ্চেতন ইতি যাবৎ, জ্যেষ্ঠং প্রশস্ততমং ত্রিবিধ-পরিচ্ছেদশূন্যম, ভূতং নিত্যসিদ্ধম, এষ এব প্রথমঃ প্রজাপতিঃ ॥১০১॥ পশূন্ জীবান্ অত্র পাতি [illegible] পিবতি সাদরং পশ্যতি শোষয়তি চেত্যর্থানভিপ্রেত্য উত্তাস্তস্য পাতেঃ পতিশব্দ উৎপন্নস্তেন পশুপতিশব্দস্যাপ্যর্থত্রয়মিত্যগ্রে বিজ্ঞেয়ম্ ॥১০২॥ ব্রহ্মচর্য্যেণ দিব্যত্বাৎ যথাস্থিত-[illegible] লিঙ্গমিত্যপাস্য নাম আলিঙ্গয়ত্যয়ং প্রপঞ্চং সত্তাস্ফূর্ত্তিপ্রদানেনালিঙ্গত্যেনং প্রপঞ্চঃ [illegible] ইতি হেতোরয়ং লিঙ্গপদবাচ্যঃ। দিব্যত্বাদসঙ্গত্বাদ্‌যথাস্থিতত্বাৎ কূটস্থত্বাচ্চ [illegible]মিত্যর্থঃ। মহয়ন্ পূজয়ন্ স চাসৌ ঈশ্বরশ্চেতি মহেশ্বরঃ ॥১০৩॥ লিঙ্গমিতি

স্বর্গে ও মনুষ্যলোকে যে যে কাম্য বস্তু আছে, সে সমস্তই তিনি দান করিতে পারেন এবং তিনি ব্যাপক, নিয়ন্তা ও মহাবিশ্ব ব্যাপ্ত করিয়া রহিয়াছেন ॥১০০॥

ব্রহ্মজ্ঞেরা ও মুনিরা ইহাকে সর্ব্বজ্যেষ্ঠ বলিয়া থাকেন। যেহেতু ইনি দেবতাদের মধ্যে প্রথম এবং ইহার মুখ হইতে অগ্নি জন্মিয়াছেন ॥১০১॥

যে হেতু ইনি সর্ব্বপ্রকারে পশুদিগকে রক্ষা করেন, পশুগণদ্বারা আনন্দ অনুভব করেন এবং তাহাদের অধিপতি, সেই জন্য ইনি 'পশুপতি' ॥১০২॥

মানুষেরা নিত্য ব্রহ্মচর্য্যদ্বারা ইহার লিঙ্গ পূজা করে এবং ইনিও মানুষ-দিগকে সম্মানী করেন, এই জন্য ইনি 'মহেশ্বর' ॥১০৩॥

(১০১) জ্যেষ্ঠং ভূতম্.. বা নি,.. মুখাদস্যানিলোঽভবৎ.. পি বর্দ্ধ। (১০৩) দিব্যঞ্চ ব্রহ্মচর্য্যে...নি।

পূজ্যমানে ততস্তস্মিন্ মোদতে স মহেশ্বরঃ।
সুখী প্রীতশ্চ ভবতি প্রহৃষ্টশ্চৈব শঙ্করঃ ॥১০৫॥
যদস্য বহুধা রূপং ভূতভব্যভবস্থিতম্।
স্থাবরং জঙ্গমঞ্চৈব বহুরূপস্ততঃ স্মৃতঃ ॥১০৬॥
একাক্ষো জাজ্বলন্নাস্তে সর্ব্বতোঽক্ষিময়োঽপি বা।
ক্রোধাদ্‌যচ্চাবিশল্লোকাংস্তস্মাৎ সর্ব্ব ইতি স্মৃতঃ ॥১০৭॥
ধূম্ররূপঞ্চ যত্তস্য ধূর্জটিস্তেন চোচ্যতে।
বিশ্বে দেবাশ্চ যত্তস্মিন্ বিশ্বরূপস্ততঃ স্মৃতঃ ॥১০৮॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। স্মেতি পাদপূরণে। ঊর্দ্ধং সর্ব্বোপরি ॥১০৪॥
পূজ্যেতি। তস্মিন্ লিঙ্গে। প্রীতঃ পূজকং প্রতি প্রীতিমান্ ॥১০৫॥
যদিতি। ভূতে অতীতে ভব্যে ভাবিনি ভবে বর্ত্তমানে চ কালে স্থিতম্ ॥১০৬॥
একাক্ষ ইতি। জাজ্বলন্ অতিশয়েন জ্বলন্। আবিশৎ সর্বসংহারায় ॥১০৭॥
ধূম্রেতি। অত্রার্থে ধূর্জটিশব্দঃ পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। বিশ্বে লোকা দেবাশ্চ ॥১০৮॥

ভারতভাবদীপঃ

সর্ব্বান্ কামান্ গময়তি অতঃ সর্ব্বোৎকৃষ্টত্বাদূর্দ্ধং ঊর্দ্ধত্বাচ্চ ঋষ্যাদীনামর্চ্চ্যং লিঙ্গমিতি ভক্ত-সমর্পিতং পত্রপুষ্পাদি গচ্ছতি প্রাপ্নোতীত্যনেন হেতুনা লিঙ্গমিত্যুত্তরশ্লোকার্থঃ ॥১০৪—১০৫॥ ভবং বর্ত্তমানম্ ॥১০৬॥ একমক্ষ্যস্য বহ্নিময়ং জাজ্বলদত্যন্তং দীপ্যমানস্তে যত্র প্রবিষ্টং সর্ব্বং তত্তাদাত্ম্যং প্রাপ্নোতীত্যনেন সরত্যেনান্ ভূতানীতি বা সরত্যয়ং সর্বাণি ভূতান্যনশ্বরলোচনত্বা-দিতি বা সর্ব্বঃ। জাজ্বলন্নিত্যস্যৈব বিবরণং ক্রোধাদিতি। শর্ব ইতি তালব্যাদিপাঠেঽপি শৃণোতি হিনস্তীতি শর্ব্ব ইতি নির্বচনম্ ॥১০৭॥ ধূম্রা ক্রোধবতী জটিঃ স্বরূপমস্যেতি বিগ্রহে বর্ণলোপাদ্‌ধূর্জটিরিত্যাহ—ধূম্রেতি। রূপশব্দো দেববাচীত্যভিপ্রেত্যাহ—বিশ্বে ইতি ॥১০৮॥

ঋষিগণ, দেবগণ, গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ ইহার লিঙ্গ পূজা করেন। কারণ, সে লিঙ্গও সকলের উপরে রহিয়াছে ॥১০৪॥

তা'র পর সেই লিঙ্গ পূজা করিলে, সেই মঙ্গলকারী মহেশ্বর আমোদিত, সুখী, প্রীত ও প্রহৃষ্ট হইয়া থাকেন ॥১০৫॥

যেহেতু ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কালে ইহার স্থাবর ও জঙ্গম বহু রূপ বিদ্যমান থাকে, সেই জন্য ইনি 'বহুরূপ' ॥১০৬॥

মহাদেব কখনও একনয়ন কখনও বা সর্ব্বদিকে নয়নযুক্ত হইয়া অতিশয় উজ্জ্বল অবস্থায় থাকেন এবং প্রলয়কালে ক্রোধে সর্ব্বসংহার করিবার জন্য যে হেতু সর্ব্বজগতে প্রবেশ করিয়াছিলেন, সেই জন্য তিনি 'সর্ব্ব' ॥১০৭॥

(১০৭)·· ক্রোধাদ্‌যশ্চাবিশৎ···বা নি।

তিস্রো দেব্যো যদা চৈনং ভজন্তে ভুবনেশ্বরম্।
দ্যৌরাপঃ পৃথিবী চৈব ত্র্যম্বকস্তু ততঃ স্মৃতঃ ॥১০৯॥
সমেধয়তি যন্নিত্যং সর্ব্বার্থান্ সর্ব্বকর্ম্মসু।
শিবমিচ্ছন্ মনুষ্যাণাং তস্মাদেব শিবঃ স্মৃতঃ ॥১১০॥
সহস্রাক্ষোঽযুতাক্ষো বা সর্বতোঽক্ষিময়োঽপি বা।
যচ্চ বিশ্বং মহৎ পাতি মহাদেবস্ততঃ স্মৃতঃ ॥১১১॥
দহত্যূর্দ্ধস্থিতো যচ্চ প্রাণোৎপত্তিস্থিতশ্চ যৎ।
স্থিতলিঙ্গশ্চ যন্নিত্যং তস্মাৎ স্থাণুরিতি স্মৃতঃ ॥১১২॥

ভারতকৌমুদী

তিস্র ইতি। অস্মিন্নর্থে তিস্রঃ অম্বা যত্র স ত্র্যম্বস্ততঃ স্বার্থে কঃ ॥১০৯॥
সমিতি। সমেধয়তি সম্যগ্‌বর্দ্ধয়তি। শিবং মঙ্গলম্ ॥১১০॥
সহস্রেতি। পাতি রক্ষতি। মহত্ত্বাং দ্যোতনাচ্চ মহাদেব ইতি ভাবঃ ॥১১১॥

ভারতভাবদীপঃ

ত্রৈলোক্যং ভজতে পালয়তীতি ত্র্যম্বক ইত্যাহ—তিস্র ইতি ॥১০৯॥ সমেধয়তীতি সম্পাদনাদিবর্দ্ধনেন লোকানাং শিবঙ্করত্বাচ্ছিব ইত্যর্থঃ ॥১১০॥ মহান্তি পুরুষভেদেন বহুশাখিত্বাদ্বা ব্যাপকাখ্যানি দেবশব্দিতানীন্দ্রিয়াণ্যস্যেতি বা মহত্ত্বে। বিশ্বস্য দেবো রাজা বা মহাদেব ইত্যভিপ্রেত্যাহ—সহস্রেতি ॥১১১॥ "স ঈক্ষাঞ্চক্রে ... স প্রাণমসৃজৎ প্রাণাচ্ছ্রদ্ধা"-মিত্যাদিনা শ্রুতৌ ঈক্ষণং ... মহানুক্তঃ প্রাণো জীবোপাধিত্বেন জীব উক্তঃ, শ্রদ্ধান্বিত-মিন্দ্রিয়শরীরং চরমং কার্য্যং তত্র মহত ঈশাং প্রাগুপাদানাং রূপেণ তত উপহিতেন সাক্ষি-রূপেণ তদুপাধ্যভিমানিনা কর্ত্রাদিরূপেণ চাস্থিতোঽপি স্থিতলিঙ্গঃ অবিক্রিয়স্বরূপতয়া তিষ্ঠতীতি যোগাং স্থাণুরিত্যুচ্যত ইত্যাহ—মহদিতি ॥১১২—১১৮॥ (পাঠান্তরে) সূর্য্যাচন্দ্র-

যে হেতু তাঁহার রূপ ধূম্রবর্ণ, সেই জন্য তাঁহাকে 'ধূর্জটি' বলে এবং যে হেতু সমস্ত লোক ও দেবতা তাঁহাতে থাকেন, সেই জন্য তিনি 'বিশ্বরূপ' ॥১০৮॥

যে হেতু আকাশ, জল ও পৃথিবী এই তিন দেবী এই জগদীশ্বরের সেবা করেন, সেই জন্য ইনি 'ত্র্যম্বক' ॥১০৯॥

যে হেতু তিনি সর্ব্বদা মানুষের 'শিব' অর্থাৎ মঙ্গল কামনা করিয়া সমস্ত কার্য্যে সমস্ত বিষয় বর্দ্ধিত করেন, সেই জন্য তাঁহাকে 'শিব' বলা হয় ॥১১০॥

যে হেতু তিনি সহস্রনয়ন, দশসহস্রনয়ন, কিংবা সর্বদিকে নয়নযুক্ত হইয়া এই বিশাল জগৎ রক্ষা করেন, সেই জন্য তিনি 'মহাদেব' ॥১১১॥

(১০৯) তিস্রো দেবীর্যদা চৈব ভজতে ভুবনেশ্বরঃ। দ্যামপঃ পৃথিবীঞ্চৈব···বা নি।
(১১২) এষ বা নি নাস্তি। অত্রাদর্শপুস্তকেষু পাঠবিপ্লবা এব লক্ষ্যন্তে। ইতঃ পরমেকাদশ শ্লোকাঃ কেবলবঙ্গদেশীয়পুস্তকেষ্বেব দৃশ্যন্তে। তে চ যথা পি বঙ্গ বর্দ্ধ—

উন্মীলিতাভ্যাং নেত্রাভ্যাং বলাদ্দেবো মহেশ্বরঃ।
ললাটে নেত্রমসৃজত্তেন ত্র্যক্ষ ইতি স্মৃতঃ ॥১১৩॥

ভারতকৌমুদী

দহতীতি। দহতি সূর্য্যরূপেণ। সর্বেষামেব প্রাণোৎপত্তৌ স্থিত আদিমত্ত্বাৎ ॥১১২॥
উদিতি। বলাৎ প্রভাবাৎ। ত্রীণি অক্ষীণি নয়নানি যস্য সঃ ॥১১৩॥

ভারতভাবদীপঃ

মসোরিত্যগ্নেরপ্যুপলক্ষণম্, রুচো দীপ্তয়ঃ, ত্র্যক্ষে সূর্য্যচন্দ্রাগ্নিনেত্রে, ব্যোম্নি কেশা রশ্ময়ো যস্যেতি বিগ্রহঃ ॥১—৫॥ শরীরেষু বিষমৈর্দশবিধৈ রূপৈস্তিষ্ঠতীতি বিষমস্থঃ প্রাণিনাং দেহাভিমানিনাং সর্বেষাং সমঃ প্রিয়ত্বাৎ ন হ্যাত্মনি কদাচিদপ্যপ্রিয়ত্বং কস্যাপি দৃষ্টম্। স এব শিবং প্রাপ্নোতি অনেন হেতুনেতি লিঙ্গম্ ॥৬—৭॥ উরুভ্যামিত্যাদিশ্লোকত্রয়েণ পুনস্তদুদ্বয়ং বিভজতে—উরুভ্যামিতি। তত্রাদ্যশ্লোকেঽগ্নিরিতি ভোক্তা সোম ইতি চ ভোগ্যমুচ্যতে। অত্র উরুশব্দেন তদারভ্যাবস্তনঃ প্রদেশ উচ্যতে। তত্রার্দ্ধমাগ্নেয়ং পরিশেষাদর্দ্ধং সোমং, বৈশ্যো ভোক্তা শূদ্রো ভোজ্য ইত্যর্থঃ। আত্মনো রুদ্রস্য। তথা চ উরুভ্যামুপর্য্যর্দ্ধিশিরোভাগো ব্রাহ্মণোঽগ্নির্ভোক্তা পরিশেষাদর্দ্ধং বাহুভাগঃ ক্ষত্রিয়ঃ সোমো ভোজ্যম্। তথা পুনরপ্যেতদুচ্যতে—অর্দ্ধমাগ্নেয়মর্দ্ধং সোম ইতি। তেন ব্রহ্মক্ষত্রে ভোক্তারৌ বৈশ্যশূদ্রৌ ভোজ্যৌ, তথা চ ভোক্ত্রা ভোজ্যং রক্ষ্যং ভোজ্যেন চ ভোক্তা বর্দ্ধনীয় ইতি। তথা চ চাতুর্বর্ণ্যং ত্রৈলোক্যস্থিতিহেতুত্বাদাত্মনো রুদ্রস্য শিবা তনুরিত্যর্থঃ ॥৮—৯॥ ব্রহ্মচর্য্যমিতি। এষ

যেহেতু তিনি সূর্য্যরূপে ঊর্দ্ধে থাকিয়া সন্তপ্ত করেন, যেহেতু সকলের প্রাণোৎপত্তির সময়ে থাকেন, এবং যে হেতু তাঁহার লিঙ্গ সর্ব্বদা রহিয়াছে, সেই জন্য তিনি 'স্থাণু' ॥১১২॥

মহাদেব উন্মীলিত নয়নযুগলদ্বারা আপন প্রভাবে আপনার ললাটে একটী নয়ন সৃষ্টি করিয়াছিলেন, সেই জন্য তাঁহার নাম—'ত্রিলোচন' ॥১১৩॥

সূর্য্যাচন্দ্রমসোর্লোকে প্রকাশন্তে রুচশ্চ যাঃ। তাঃ কেশসংজ্ঞিতাস্ত্র্যক্ষে ব্যোমকেশস্ততঃ স্মৃতঃ ॥
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ সর্বং জগদশেষতঃ। ভব এব ততো যস্মাদ্ভূতভব্যভবোদ্ভবঃ ॥২॥
কপিশ্রেষ্ঠ ইতি প্রোক্তো ধর্মশ্চ বৃষ উচ্যতে। স দেবদেবো ভগবান্ কীর্ত্ত্যতেঽতো বৃষাকপিঃ ॥
ব্রহ্মাণমিন্দ্রং বরুণং যমং ধনদমেব চ। নিগৃহ্য হরতে যস্মাত্তস্মাদ্ধর ইতি স্মৃতঃ ॥৪॥
নিমীলিতাভ্যাং নেত্রাভ্যাং বলাদ্দেবো মহেশ্বরঃ। ললাটে নেত্রমসৃজত্তেন ত্র্যক্ষঃ স উচ্যতে ॥
বিষমস্থঃ শরীরেষু সমশ্চ প্রাণিনামিহ। স বায়ুর্বিষমস্থেষু প্রাণোঽপানঃ শরীরিষু ॥৬॥
পূজয়েদ্বিগ্রহং যস্য লিঙ্গঞ্চাপি মহাত্মনঃ। লিঙ্গং পূজয়িতা নিত্যং মহতীং শ্রিয়মশ্নুতে ॥৭॥
উরুভ্যামর্দ্ধমাগ্নেয়ং সোমোঽর্দ্ধঞ্চ শিবা তনুঃ। আত্মনোঽর্দ্ধং তথা চাগ্নিঃ সোমোঽর্দ্ধং পুনরুচ্যতে ॥৮॥
তৈজসী মহতী দীপ্তা দেবেভ্যোঽস্য শিবা তনুঃ। ভাস্বতী মানুষেষস্য তনুর্ঘোরাগ্নিরুচ্যতে ॥৯॥
ব্রহ্মচর্য্যং চরত্যেষ শিবা যাস্য তনুস্তথা। যস্য ঘোরতমা মূর্ত্তিঃ সর্ব্বানত্তি তয়েশ্বরঃ ॥১০॥
যন্নির্দহতি যত্তীক্ষ্ণো যদুগ্রো যৎ প্রতাপবান্। মাংসশোণিতমজ্জাদো যত্ততো রুদ্র উচ্যতে ॥

এষ দেবো মহাদেবো যোঽসৌ পার্থ! তবাগ্রতঃ।
সংগ্রামে শাত্রবান্ নিঘ্নংস্ত্বয়া দৃষ্টঃ পিনাকধৃক্ ॥১১৪॥
সিন্ধুরাজবধার্থায় প্রতিজ্ঞায় ত্বয়ানঘ!।
কৃষ্ণেন দর্শিতঃ স্বপ্নে যস্তু শৈলেন্দ্রমূর্দ্ধনি ॥১১৫॥
এষ বৈ ভগবান্ দেবঃ সংগ্রামে যাতি তেঽগ্রতঃ।
যেন দত্তানি তেঽস্ত্রাণি যৈস্ত্বয়া দানবা হতাঃ ॥১১৬॥
ধন্যং যশস্যমায়ুষ্যং পুণ্যং বেদৈশ্চ সম্মিতম্।
দেবদেবস্য তে পার্থ! ব্যাখ্যাতং শতরুদ্রিয়ম্ ॥১১৭॥
সর্ব্বার্থসাধনং পুণ্যং সর্ব্বকিল্বিষনাশনম্।
সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বদুঃখভয়াপহম্ ॥১১৮॥
চতুর্বিধমিদং স্তোত্রং যঃ শৃণোতি নরঃ সদা।
বিজিত্য শত্রূন্ সর্ব্বান্ স রুদ্রলোকে মহীয়তে ॥১১৯॥

ভারতকৌমুদী

অর্জ্জুনজিজ্ঞাসিতমর্থমাহ এষ ইতি। সংগ্রামে এতস্মিন্ যুদ্ধে ॥১১৪॥
সম্প্রত্যর্জ্জুনস্বপ্নদৃষ্টমর্থমাহ সিন্ধুরাজেতি। অনঘত্বাদেব দৃষ্ট ইত্যাশয়ঃ ॥১১৫॥
এষ ইতি। অস্ত্রাণি পাশুপতাদীনি। দানবা নিবাতকবচাদয়ঃ ॥১১৬॥
উপসংহরন্নেতৎপাঠশ্রবণফলমাহ ধন্যমিতি। ধন্যং শ্লাঘ্যম্, যশস্যং যশস্করম্, আয়ুষ্যমায়ুর্জনকম্। ব্যাখ্যাতং বিশেষেণোক্তম্, শতরুদ্রিয়ং তদাখ্যং বহুবিধরুদ্রমাহাত্ম্যম্ ॥১১৭॥
সর্ব্বেতি। জ্ঞানাজ্ঞানকৃতত্বভেদেন পাপস্য দ্বৈবিধ্যাদ্দ্বিবিধোক্তিঃ ॥১১৮॥

পৃথানন্দন! তুমি যুদ্ধে তোমার সম্মুখে যাঁহাকে শত্রুসংহার করিতে দেখিয়াছ, তিনিই এই পিনাকধারী দ্যোতমান মহাদেব ॥১১৪॥

নিষ্পাপ অর্জ্জুন! তুমি জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিলে পর, কৃষ্ণ তোমাকে স্বপ্নে পর্ব্বতশৃঙ্গে যাঁহাকে দেখাইয়াছিলেন ॥১১৫॥

অর্জ্জুন! তুমি যে সকল অস্ত্রদ্বারা দানবগণকে বধ করিয়াছিলে, সেই অস্ত্রগুলি তোমাকে যিনি দিয়াছিলেন, সেই ভগবান্ মহাদেবই এই যুদ্ধে তোমার সম্মুখে গমন করেন ॥১১৬॥

পৃথানন্দন! ধন্য, যশ ও আয়ুর জনক এবং বেদের তুল্য পবিত্র এই দেবদেব মহাদেবের মাহাত্ম্যস্বরূপ শতরুদ্রিয় তোমার নিকট বলিলাম ॥১১৭॥

ইহা সর্বকার্য্য সাধন করে, পুণ্য উৎপাদন করে এবং জ্ঞানকৃত সর্বপাপ ও অজ্ঞানকৃত সকল পাপ, আর সমস্ত দুঃখ ও ভয় নষ্ট করে ॥১১৮॥

(১১৫)…প্রতিজ্ঞাতে ত্বয়ানঘ!…নি।

চরিতং মহাত্মনো দিব্যং সাংগ্রামিকমিদং শুভম্ ।
পঠন্ বৈ শতরুদ্রীয়ং শৃণ্বংশ্চ সততোত্থিতঃ ॥১২০॥
ভক্তো বিশ্বেশ্বরং দেবং মানুষেষু তু যঃ সদা ।
বরান্ কামান্ স লভতে প্রসন্নে ত্র্যম্বকে নরঃ ॥১২১॥
গচ্ছ যুধ্যস্ব কৌন্তেয় ! ন তবাস্তি পরাজয়ঃ ।
যস্য মন্ত্রা চ গোপ্তা চ পার্শ্বতস্তে জনার্দ্দনঃ ॥১২২॥

ভারতকৌমুদী

চতুরিতি। তাশ্চতস্রো বিধাঃ প্রকারাস্তু প্রাগেব দর্শিতাঃ ॥১১৯॥

চরিতমিতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। পঠন্ শৃণ্বংশ্চ জনঃ 'রুদ্রলোকে মহীয়তে' ইত্যনুবৃত্তিঃ ॥১২০॥

ভক্ত ইতি। বিশ্বেশ্বরং দেবং প্রতি ভক্তঃ স্যাদিত্যর্থঃ। ত্র্যম্বকে শিবে ॥১২১॥

গচ্ছেতি। কথং পরাজয়ো নাস্তীত্যাহ যস্যেতি। গোপ্তা রক্ষিতা ॥১২২॥

ভারতভাবদীপঃ

মানুষস্তয়া তন্বা ব্রহ্মচর্য্যং চরতি যাস্য শিবা তনুর্দৈবী সম্পচ্ছমদমাদিরূপা। সর্ব্বানর্থনিদানং ঘোরতরা কামক্রোধাদিরূপা যাস্য শিবস্য মূর্ত্তিস্তয়া স সর্ব্বানত্তি ক্রোধাত্যাবিষ্টো হি পিত্রাদীনপি হিনস্তীতি প্রসিদ্ধম্ ॥১০॥ এবমস্যৈব কারয়িতৃত্বাদয়মেবারাধ্যোঽস্মাদ্ ভেতব্যমিত্যাশয়েনাহ—যন্নির্দ্দহতীতি। নির্দ্দহত্যগ্নিবৎ তীক্ষ্ণঃ শস্ত্রবৎ উগ্রো যমবৎ প্রতাপবান্ কালবচ্চ ভূত্বা সর্বান্ বোদয়তি রুণদ্ধি বা সর্ব্বগ্রাসিত্বাদ্রুদ্র ইত্যুচ্যতে। অয়মেব ভয়কৃদ্ভয়নাশনশ্চেত্যারাধনীয়ো ন তু হেলনীয় ইতি ভাবঃ ॥১১॥ চতুর্ব্বিধং শুদ্ধশবলসূত্রবিরাড়্ভেদেন ভগবদ্রূপস্য চাতুর্বিধ্যাৎ স্তোত্রমপ্যস্য চতুর্বিধম্ ॥১১৯—১২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্দ্ধরীণবংশাবতংসগোবিন্দসূরিসূনুশ্রীনীলকণ্ঠবিরচিতে ভারতভাবদীপে দ্রোণপর্ব্বার্থপ্রকাশে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭০॥

যে লোক সর্বদা এই চতুর্বিধ স্তব শ্রবণ করে, সে লোক সমস্ত শত্রু জয় করিয়া রুদ্রলোকে গমন করিয়া থাকে ॥১১৯॥

এবং মানুষ সর্ব্বদা উদ্‌যোগী হইয়া মহাত্মা মহাদেবের এই যুদ্ধসংক্রান্ত অলৌকিক মাঙ্গলিক চরিত্র ও শতরুদ্রীয় পাঠ ও শ্রবণ করিয়া রুদ্রলোকে গমন করে ॥১২০॥

মনুষ্যমধ্যে যে মানুষ সর্বদা বিশ্বেশ্বর দেবের প্রতি ভক্ত হয়, সেই বিশ্বেশ্বর দেব প্রসন্ন হওয়ায় সে মানুষ উত্তম অভীষ্ট সকল লাভ করে ॥১২১॥

কুন্তীনন্দন ! যাও, যুদ্ধ কর, তোমার পরাজয় হইবে না। কারণ, স্বয়ং জনার্দ্দন যে তোমার মন্ত্রী ও রক্ষক হইয়া পার্শ্বেই রহিয়াছেন' ॥১২২॥

(১২২)···পার্শ্বস্থো হি জনার্দ্দনঃ—নি।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনং সংখ্যে পরাশরসুতস্তদা।
জগাম ভরতশ্রেষ্ঠ! যথাগতমরিন্দম! ॥১২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি নারায়ণাস্ত্রমোক্ষে ব্যাসার্জ্জুনসংবাদে শতরুদ্রিয়ে সপ্তত্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদং দ্রোণপর্ব্ব ॥০॥

ভারতকৌমুদী

এবমিতি। সংখ্যে রণস্থল এব, পরাশরসুতো বেদব্যাসঃ ॥১২৩॥

ব্যোমর্ত্তুবহ্নিন্দুমিতে শকাব্দে একাদশে শ্রাবণিকেঽহ্নি সৌরে।
দ্রোণাশ্রিতা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদাদিযুতা সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধর-শর্ম্ম-সূনুঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নন্তু তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি নারায়ণাস্ত্রমোক্ষে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদং দ্রোণপর্ব্ব ॥০॥

সঞ্জয় বলিলেন—'শত্রুদমনকারী ভরতশ্রেষ্ঠ! তখন বেদব্যাস রণস্থলেই অর্জ্জুনকে এইরূপ বলিয়া—যে স্থান হইতে আসিয়াছিলেন, সেই স্থানেই গমন করিলেন' ॥১২৩॥

দ্রোণপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

(১২৩) ইতঃ পরং 'সঞ্জয় উবাচ। যুদ্ধং কৃত্বা মহাঘোরম্ ...' ইত্যাদয় এতৎ পর্ব্বপাঠফল-বোধকাশ্চত্বারঃ শ্লোকা অধিকাঃ সর্ব্বত্রাসত্ত্বাৎ সঞ্জয়ধৃতরাষ্ট্রসংবাদকালে মহাভারতস্যৈবানুৎপত্তেঃ সঞ্জয়স্য দ্রোণপর্ব্বপাঠফলোক্তেরনুপপত্তেঃ। তে চ যথা বঙ্গ বর্দ্ধ—

সঞ্জয় উবাচ।

যুদ্ধং কৃত্বা মহাঘোরং পঞ্চাহানি মহাবলঃ। ব্রাহ্মণো নিহতো রাজন্! ব্রহ্মলোকমবাপ্তবান্ ॥১॥
বেদাধীতে যৎ ফলং বেদে তদস্মিন্নপি পর্ব্বণি। ক্ষত্রিয়াণামভীরূণামুক্তমত্র মহদ্যশঃ ॥২॥
য ইদং পঠতে পর্ব্ব শৃণুয়াদ্বাপি নিত্যশঃ। স মুচ্যতে মহাপাপৈঃ কৃতৈর্ঘোরৈশ্চ কর্ম্মভিঃ ॥৩॥
যজ্ঞাবাপ্তির্ব্রাহ্মণস্যেহ নিত্যং ঘোরে যুদ্ধে ক্ষত্রিয়াণাং জয়শ্চ।
শেষৌ বর্ণৌ কামমিষ্টং লভেতে পুত্রান্ পৌত্রান্ নিত্যমিষ্টাংস্তথৈব ॥৪॥

* '...দ্বিশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '...একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '...ত্র্যধিক-দ্বিশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

——— ৹ ———

দ্রোণপর্ব্ব

——— ৹ ———

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

——— ৹ ———

কলিকাতা ৪১ সংখ্যকস্থরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৫ বঙ্গাব্দে

নিবেদন

ভগবানের অনুগ্রহে মহাভারতের দ্রোণপর্ব্ব প্রকাশিত হইল। এই পর্বে সানৎসুজাত ও ভগবদ্‌গীতাপ্রভৃতির ন্যায় কোন দুরূহ অংশ না থাকায় এই পর্ব পরিমাণে বৃহৎ হইলেও অপেক্ষাকৃত সরল। সম্ভবতঃ এই জন্যই দর্শনাচার্য্য নীলকণ্ঠ প্রথমের দিকে মোটেই টীকা করেন নাই, শেষের দিকে দুই একটী শ্লোকের একটু একটু টীকা করিয়া গিয়াছেন। ইহাতে হয় ত কেহ বলিতে পারেন যে, এই পর্ব্ব বস্তুতই যদি সরল হইল, তবে আর ইহার প্রত্যেক শ্লোকের বঙ্গানুবাদ ও টীকা করিয়া গ্রন্থকলেবর বৃদ্ধি করা হইল কেন? ইহার উত্তরে বক্তব্য এই যে, সংস্কৃতভাষায় অনভিজ্ঞ অনেক পাঠক ও পাঠিকা যথানিয়মে এই গ্রন্থ পড়িয়া থাকেন, তাঁহাদের পড়িবার বিষয় একমাত্র বঙ্গানুবাদ। সুতরাং সেই বঙ্গানুবাদই না থাকিলে তাঁহারা পড়িবেন কি, বিশেষতঃ সরল শ্লোকগুলিরও বঙ্গানুবাদ না থাকিলে বঙ্গানুবাদগ্রন্থখানি অসম্পূর্ণ থাকিয়া যায়। এই জন্যই প্রত্যেক শ্লোকের বঙ্গানুবাদ করা হইয়াছে। তা'র পর এই পর্বেও দুরূহ শ্লোক অনেক আছে; তথাপি নীলকণ্ঠ সরল শ্লোকগুলির সঙ্গে সঙ্গে দুরূহ শ্লোকগুলিকেও পরিত্যাগ করিয়া গিয়াছেন; তাহাতে একপক্ষে যেমন নীলকণ্ঠের পরিশ্রমের লাঘব হইয়াছে, পক্ষান্তরে প্রক্ষিপ্তবাদীরাও বিশেষ সুবিধা পাইয়াছেন। কেন না, অনেক প্রক্ষিপ্তবাদীই তাঁহাদের অমনোনীত শ্লোকগুলিকে প্রক্ষিপ্ত বলিয়া থাকেন এবং তাহার অনুকূলে একথাও বলেন যে, এ স্থান যদি প্রক্ষিপ্তই না হইবে, তবে অবশ্যই নীলকণ্ঠ ইহার টীকা করিয়া যাইতেন। সুতরাং আমি মহাভারতের প্রত্যেক শ্লোকই ধরিয়া তাহার কিছু না কিছু ব্যাখ্যা করিয়াছি। তাহাতে ভবিষ্যতে অবশ্যই সমালোচকেরা এইরূপ মনে করিবেন যে, অন্ততঃ আমি (ভারতকৌমুদীটীকাকার) সেই সেই শ্লোক প্রক্ষিপ্ত বলিয়া ধারণা করি নাই, মৌলিক বলিয়াই মনে করিয়াছি। আর এক কথা—শঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী, মধুসূদনসরস্বতী ও নীলকণ্ঠপ্রভৃতির সময়ে যে সকল মতবাদের আবির্ভাবই হয় নাই, বর্ত্তমান সময়ে পাশ্চাত্যশিক্ষার প্রভাবে সেই সকল মতবাদের পূর্ণ বিকাস হইয়াছে। যথা—উদ্‌যোগপর্বে হস্তিনারাজসভায় সন্ধিস্থাপনপ্রসঙ্গে কৃষ্ণের বিশ্বরূপপ্রদর্শন (১) এবং ভীষ্মপর্বে ভগবদ্‌গীতা প্রক্ষিপ্ত ইত্যাদি, (২) অর্জ্জুন বিধবা উলূপীকে বিবাহ করিয়াছিলেন বলিয়া পূর্বকালে সমাজে বিধবাবিবাহ প্রচলিত ছিল, (৩) মহাভারতরচনার পরে রামায়ণরচনা, (৪) কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে অর্জ্জুনের বয়স ৪২ বা ৪৮ বৎসর, (৫) স্বকার্য্যসাধনের জন্য রামের বালিবধ অসঙ্গত হয় নাই এই

(১) উদ্‌যোগপর্ব্ব ১২২ অধ্যায় ৪—৫ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১০৯০ পৃষ্ঠে।

(২) ভীষ্মপর্ব্ব ২৫ অধ্যায় প্রথমে ভারতকৌমুদী টীকা ১৯৫ পৃষ্ঠে।

(৩) ভীষ্মপর্ব্ব ৮৭ অধ্যায় ৯ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১১৫৭ পৃষ্ঠে।

(৪) দ্রোণপর্ব্ব ১২৪ অধ্যায় ৪৯ শ্লোকের ভারতকৌমুদী টীকা ১১৯৩ পৃষ্ঠে।

(৫) দ্রোণপর্ব্ব ১৬৭ অধ্যায় ৪৪ শ্লোক ভারতকৌমুদী টীকা ১৭৫৮ পৃষ্ঠে—

মত পূর্বেও ছিল (৬) ইত্যাদি। এই সকল মতবাদের প্রতিবাদ আমি ভারতকৌমুদী-টীকায় করিয়াছি। কিন্তু সরল বলিয়া সেই সকল শ্লোক ছাড়িয়া গেলে সে প্রতিবাদ-গুলির সম্ভাবনাই থাকিত না। সুতরাং বাধ্য হইয়াই আমার সরল ও কঠিন সকল শ্লোকেরই টীকা করিতে হইয়াছে।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিমহাশয়লিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বৰ্দ্ধ—বর্দ্ধমানরাজমুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।

রা—রামশাস্ত্রিসংশোধিত মুদ্রিত দাক্ষিণাত্যপুস্তক।

নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণপ্রকাশিত পুস্তক।

বিশেষ বিশেষ স্থানে অন্যান্য পুস্তকও আদর্শরূপে ব্যবহৃত হইয়াছে। ইতি—

কলিকাতা ৪১ নং সুরিলেন,
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৫ সাল ১২ শ্রাবণ

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

"যদা গতং বয়ো ভূয়ঃ শিষ্টমল্পতরঞ্চ নঃ। তস্মেদানীং বিকারোঽয়মধর্ম্মোঽয়ং কৃতো মহান্॥"

অর্জ্জুনের এই স্পষ্টোক্তিবশতঃ কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে তাঁহার বয়স ৭০ বৎসরের কম হইতেই পারে না।

দ্রোণপর্ব্ব ১৩৬ অধ্যায় ৮৬ শ্লোক ১৩৩৯ পৃষ্ঠে—

"তমযস্ময়বর্ম্মাণং দ্রৌণির্ভীমাত্মজাত্মজম্। জঘানাঞ্জনপর্ব্বাণং মহেশ্বর ইবান্ধকম্॥"

ভীমের পুত্র ঘটোৎকচ, ঘটোৎকচের পুত্র মহাযোদ্ধা অঞ্জনপর্ব্বা অশ্বত্থামার হস্তে নিহত হইয়াছিল। সুতরাং যাঁহার পৌত্র মহাযোদ্ধা, সেই ভীমের বয়স ৭১ বৎসর হওয়া সম্পূর্ণ সম্ভবপর। অতএব ভীম হইতে অল্প কনিষ্ঠ অর্জ্জুনের ৭০ বৎসর হওয়াই একান্ত সম্ভব।

দ্রোণপর্ব্ব ১০৯ অধ্যায় ৩৯ শ্লোক ১০০৯ পৃষ্ঠে—

"নিহতে চেদিরাজে তু তৎ খণ্ডং পিত্র্যমাবিশৎ। অমর্ষবশমাপন্নঃ পুত্রোঽস্য পরমাস্ত্রবিৎ॥"

শিশুপাল কৃষ্ণ অপেক্ষা অনেক বয়ঃকনিষ্ঠ ছিলেন, শিশুপালের পুত্র ধৃষ্টকেতু এবং ধৃষ্টকেতুর পুত্রকে 'পরমাস্ত্রবিৎ' বলা হইল। সুতরাং সেই কৃষ্ণের প্রায় সমবয়স্ক অর্জ্জুনের বয়স ৭০ বৎসরের কম হইতেই পারে না; তবে অনেক স্থানে অর্জ্জুনপ্রভৃতিকে যুবা বলা হইয়াছে, তাহার কারণ—তৎকালে সত্তরবৎসরপর্য্যন্ত যৌবন থাকিত, কিংবা সত্তরবৎসরের লোক যৌবনোচিত কার্য্য করিতে পারিত। এরূপ যুবা মহাভারতে অন্যকেও বলা হইয়াছে। যথা—দ্রোণপর্ব্ব ১৩৬ অধ্যায় ২২ শ্লোক ১৩২৬ পৃষ্ঠে—

"পুত্রপৌত্রৈঃ পরিবৃতো ভ্রাতৃভিশ্চেন্দ্রবিক্রমৈঃ। শ্যালস্তব মহাবাহুর্বজ্রসংহননো যুবা॥"

এস্থানে যুদ্ধযোগ্য পুত্র ও যুদ্ধযোগ্য পৌত্রসমন্বিত শকুনিকে যুবা বলা হইল। সুতরাং সত্তরবৎসরবয়স্ক অর্জ্জুনকে যুবা বলা অসঙ্গত হয় নাই।

(৬) দ্রোণপর্ব্ব ১৬৭ অধ্যায় ৩৫ শ্লোক ১৭৫৬ পৃষ্ঠে—

"চিরং স্থাস্যতি চাকীর্ত্তিস্ত্রৈলোক্যে সচরাচরে। রামে বালিবধাদ্যদ্বত্তদ্বদ্দ্রোণে নিপাতিতে॥"

এস্থানে অর্জ্জুন রামের বালিবধকে অসঙ্গত বলিলেন। সুতরাং তৎকালেও বালিবধের অন্যায্যতার মতই প্রচলিত ছিল।

উদ্ধৃত শ্লোকগুলি মহাভারতের সকল সংস্করণেই আছে, তবে বিভিন্ন সংস্করণে অধ্যায় ও শ্লোকসংখ্যায় বৈষম্য দেখা যাইতে পারে।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

——— ˚❋˚ ———

দ্রোণপর্ব্ব।

——— ˚❋˚ ———

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

পাঠক্রমে দ্রোণপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

দ্রোণপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

মহর্ষি মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন—

"অত্রাধ্যায়শতং প্রোক্তং তথাধ্যায়াশ্চ সপ্ততিঃ ॥২৬৯॥
অষ্টৌ শ্লোকসহস্রাণি তথা নব শতানি চ।
শ্লোকা নব তথৈবাত্র সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা ॥২৭০॥"

অর্থাৎ এই দ্রোণপর্ব্বে ১৭০ অধ্যায় এবং ৮৯০৯ শ্লোক আছে। নিম্নলিখিত তালিকাটী দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা
১	...	৪৯	৩১	...	৪২	৬১	...	৩২
২	...	৩৭	৩২	...	২৯	৬২	...	২৩
৩	...	৪১	৩৩	...	৪৫	৬৩	...	২৬
৪	...	৪৩	৩৪	...	৩৬	৬৪	...	৮৭
৫	...	৪৩	৩৫	...	৫৫	৬৫	...	৪৫
৬	...	৩৬	৩৬	...	৩৭	৬৬	...	৩৪
৭	...	৪৩	৩৭	...	২৬	৬৭	...	৫৮
৮	...	৭৪	৩৮	...	২২	৬৮	...	২৬
৯	...	৫১	৩৯	...	১৯	৬৯	...	৪৩
১০	...	৩১	৪০	...	৫১	৭০	...	৪৩
১১	...	২৮	৪১	...	২৬	৭১	...	৮৮
১২	...	৮৭	৪২	...	৬৪	৭২	...	৩৪
১৩	...	৩৭	৪৩	...	৫৩	৭৩	...	৬৩
১৪	...	৫৩	৪৪	...	২১	৭৪	...	৫২
১৫	...	৪৯	৪৫	...	৬৮	৭৫	...	৫৬
১৬	...	৩১	৪৬	...	৫৭	৭৬	...	৬১
১৭	...	৩৯	৪৭	...	৪৮	৭৭	...	৩৫
১৮	...	৬৪	৪৮	...	১১	৭৮	...	৪৪
১৯	...	৬১	৪৯	...	১১	৭৯	...	৭৪
২০	...	৩০	৫০	...	১৪	৮০	...	৭০
২১	...	৮৪	৫১	...	২৪	৮১	...	৭৪
২২	...	২০	৫২	...	১৩	৮২	...	৫১
২৩	...	৬২	৫৩	...	৮	৮৩	...	৩১
২৪	...	৬০	৫৪	...	১৮	৮৪	...	৩৫
২৫	...	৩১	৫৫	...	১০	৮৫	...	৫৫
২৬	...	২৯	৫৬	...	১৬	৮৬	...	৫৮
২৭	...	৪৫	৫৭	...	১১	৮৭	...	৩৯
২৮	...	৪১	৫৮	...	২০	৮৮	...	১২৭
২৯	...	২৯	৫৯	...	২০	৮৯	...	৩৩
৩০	...	৭৯	৬০	...	১৬	৯০	...	৩৮
		১৪০৭			৮৯১			১৫৩৫

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যাসংখ্যা	শ্লোকসংখ্যা
৯১	৪৬	১১৮	৪৮	১৪৫	৭৩
৯২	৮১	১১৯	২৮	১৪৬	৪৩
৯৩	৩৫	১২০	১১০	১৪৭	৬৮
৯৪	১০৩	১২১	২৪	১৪৮	৫৩
৯৫	৫০	১২২	৩৬	১৪৯	৩৯
৯৬	৭৯	১২৩	৭০	১৫০	৬৩
৯৭	৬৫	১২৪	৫৩	১৫১	১১৬
৯৮	১০১	১২৫	২৮	১৫২	২১
৯৯	৫৬	১২৬	৯৩	১৫৩	৮৮
১০০	৪৪	১২৭	৯১	১৫৪	৬৩
১০১	৩৬	১২৮	৯০	১৫৫	৬৪
১০২	১৮	১২৯	৪১	১৫৬	৪৭
১০৩	৫১	১৩০	৩০	১৫৭	৫১
১০৪	৪৭	১৩১	৭৫	১৫৮	৫৫
১০৫	৫৭	১৩২	৩৪	১৫৯	৩৭
১০৬	৬৬	১৩৩	৪০	১৬০	৫৭
১০৭	৩৩	১৩৪	৩৭	১৬১	১০২
১০৮	৪৪	১৩৫	৪৫	১৬২	৬৩
১০৯	৭৬	১৩৬	১৮২	১৬৩	৬০
১১০	১১৫	১৩৭	৪৩	১৬৪	১০৬
১১১	৫১	১৩৮	৬৬	১৬৫	৩৯
১১২	৩৫	১৩৯	৯৪	১৬৬	৪৭
১১৩	৪০	১৪০	৫৫	১৬৭	১৬৩
১১৪	৫৭	১৪১	৭২	১৬৮	১৩৪
১১৫	৪১	১৪২	৩৩	১৬৯	৬৮
১১৬	৭৪	১৪৩	৩৪	১৭০	১২৩
১১৭	৭৭	১৪৪	১০৪		
	১৫৭৭		১৬৫৬		১৮৪৩

একুন—১৪০৭+৮৯১+১৫৩৫+১৫৭৭+১৬৫৬+১৮৪৩=৮৯০৯

দ্রোণপর্ব্বের উপপর্ব্ব।